দেশকালবিধানজ্ঞান্ ভর্তৃকার্য্যহিতৈষিণঃ ॥৮॥

ভারতকৌমুদী

প্রসন্নমিতি। অনুপালিতং প্রীতিপাত্রতয়া তৎপূর্ব্বোক্তং মিত্রমেব, প্রসন্নং স্বং প্রতি সন্তুষ্টম্, অপ্রসন্নং বা পীড়িতং বা হতমেব বা রাজানং ভূয়িষ্ঠম্ অধিকং যথা স্যাত্তথা আবর্ত্তয়তি আবৃত্ত্যা পৌনঃপুন্যেনানুসরতি স এব সুহৃদ্ভবেদিত্যর্থঃ ॥৫॥

কুলীনা ইতি। দেশজা উত্তমস্থানজাতাঃ। পরিচ্ছদাঃ পরিজনাঃ ॥৬॥

নন্থ দুষ্কুলজাতাদীনাং পরিচ্ছদত্বকরণে কো দোষ ইত্যাহ দৌষ্কুলেয়া ইতি। নিরপত্রপা নির্লজ্জাঃ, আর্দ্রকাস্ত্বত্তো ধনগ্রহণেন স্নিগ্ধাঃ পাণয়ো যেষাং তে। ত্বত্তো ধনলাভাভাবে তু ত্বামেতে ত্যজেয়ুরিতি ভাবঃ ॥৭॥

ভারতভাবদীপঃ

অমাত্যান্বিত্যং সন্নিহিতান্ শূরাঃ পুরোহিতাদয়শ্চ সহায়া ইত্যর্থঃ ॥৩॥ সুহৃদমাহ সার্দ্ধেন—কুলীন ইতি ॥৪—৬॥ যাবদার্দ্রকপাণয়ঃ শুষ্কহস্তাস্ত্ব সদ্যো বিক্রিয়ন্তে ইত্যর্থঃ ॥৭॥ ইঙ্গিতজ্ঞান্নেত্রবক্ত্রাদি-

ও কার্য্যমাত্রে মহোৎসাহশালী লোকদিগকে তুমি সমস্ত বিপদে সহায় লাভ করিবার ইচ্ছা করিও। কারণ, সৎকুলোৎপন্ন ও নিত্যসম্মানিত ব্যক্তি কখনও কার্য্যকালে আপন শক্তি গোপন করেন না ॥৩—৪॥

যে মিত্রকে প্রীতির পাত্র বলিয়া রাখিলে সে কখনও পরিত্যাগ করে না, অর্থাৎ রাজা প্রসন্ন বা অপ্রসন্ন কিংবা পীড়িত অথবা নিহতই হউন, যে লোক অধিক পরিমাণে বার বার অনুসরণ করে, সেই লোকই যেন তোমার সুহৃদ্ হয় ॥৫॥

যাঁহারা সৎকুলোৎপন্ন, উত্তমদেশজাত, রূপবান্, বহুশাস্ত্রজ্ঞ, চতুর ও অনুরক্ত হইবেন, তাঁহারাই তোমার পরিজন হইবেন ॥৬॥

বৎস যুধিষ্ঠির! আর যাহারা দুষ্কুলজাত, লুব্ধ, নৃশংস ও নির্লজ্জ—তাহারা যে পর্য্যন্ত তোমার নিকট কিছু কিছু লাভ করিবে, সেই পর্য্যন্তই তোমার সেবা করিবে ॥৭॥

নিত্যমর্থেষু সর্ব্বেষু রাজা কুর্ব্বীত মন্ত্রিণঃ।
অর্থমানার্ঘসৎকারৈর্ভোগৈরুচ্চাবচৈঃ প্রিয়ান্।
যানর্থভাজো মন্যেথাস্তে তে স্যুঃ সুখভাগিনঃ ॥৯॥ (যুগ্মকম্)
অভিন্নবৃত্তা বিদ্বাংসঃ সদ্‌বৃত্তাশ্চরিতব্রতাঃ।
ন ত্বাং নিত্যার্থিনো জহ্যুরক্ষুদ্রাঃ সত্যবাদিনঃ ॥১০॥
অনার্য্যা যে ন জানন্তি সময়ং মন্দচেতসঃ।
তেভ্যঃ পরিজুগুপ্সেথা যে চাপি সময়চ্যুতাঃ ॥১১॥
নৈকমিচ্ছেদ্‌গণং হিত্বা স্যাচ্চেদন্যতরগ্রহঃ।
যস্ত্বেকো বহুভিঃ শ্রেয়ান্ কামং তেন গণং ত্যজেৎ ॥১২॥

ভারতকৌমুদী

কুলীনানিতি। দেশে কালে চ যদ্‌বিধানমুচিতং তজ্জ্ঞান্। অর্থো বস্ত্রাদ্যুপহারঃ। উচ্চাবচৈর্নানাবিধৈঃ, অর্থভাজঃ স্বার্থভাগিনঃ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৮—৯॥

অভিন্নেতি। অভিন্নবৃত্তা একবিধস্বভাবাঃ। নিত্যার্থিনঃ সর্ব্বদা ধনগ্রাহিণঃ ॥১০॥

অনার্য্যা ইতি। অনার্য্যা অসজ্জনাঃ, সময়ং ন্যায্যান্যায্যনিয়মম্। পরিজুগুপ্সেথা আত্মানং রক্ষেঃ। সময়চ্যুতাঃ প্রতিজ্ঞাভ্রষ্টাঃ ॥১১॥

নেতি। চেদ্‌যদি, অন্যতরস্য বহুলোকমধ্যে একতমস্য লোকস্য, গ্রহো গ্রহণং কর্ত্তব্যঃ, স্যাত্তদা,

ভারতভাবদীপঃ

চেষ্টিতজ্ঞান্ ॥৮॥ অর্থো ধনং মান উচ্চস্থানে নিবেশাদিঃ অর্ঘো দিব্যবস্ত্রতাম্বূলাদিদানং সৎকার আদরঃ, যান্ প্রিয়ান্মন্যেথাস্তেঽর্থভাজঃ সুখভাগিনশ্চ স্যুঃ ॥৯॥ ত এবাপৎস্বভিন্নবৃত্তাঃ স্বামিনা সহানর্থভাজো দুঃখভাজশ্চ স্যুঃ। নিত্যমাপৎস্বনাপদি চার্থয়ন্ত ইতি নিত্যার্থিনঃ ॥১০॥ সময়ং

যাঁহারা সৎকুলজাত, সৎস্বভাবসম্পন্ন, ইঙ্গিতজ্ঞ, কোমলস্বভাব, দেশ ও কাল অনুসারে কার্য্য করিতে নিপুণ এবং স্বামীর হিতৈষী—তাঁহাদিগকেই রাজা সমস্ত বিষয়ে মন্ত্রী করিবেন। ধন, মান, উপহার, আদর ও নানাবিধ ভোগ্যবস্তু দানদ্বারা তোমার প্রীতিকর ও প্রয়োজন সাধক বলিয়া যাঁহাদিগকে তুমি মনে করিবে, তাঁহারাই যেন তোমার সহিত সুখভোগী হন ॥৮—৯॥

একবিধস্বভাবসম্পন্ন, বিদ্বান্, সদ্‌ব্যবসায়ী, ব্রতচারী, বেতনভোগী, উদারচেতা ও সত্যবাদী লোকেরা কখনও তোমাকে পরিত্যাগ করিবেন না ॥১০॥

যুধিষ্ঠির! নিকৃষ্টচিত্ত যে সকল অসজ্জন ন্যায্য ও অন্যায্য বোঝে না এবং যাহারা প্রতিজ্ঞা ভ্রষ্ট হয়, তুমি তাহাদের নিকটে আত্মরক্ষা করিয়া চলিবে ॥১১॥

---

(৯)···উচ্চাবচৈঃ প্রিয়ৈঃ···নি।

শ্রেয়সো লক্ষণং চৈতদ্বিক্রমো যস্য দৃশ্যতে।
কীর্ত্তিপ্রধানো যশ্চ স্যাৎ সময়ে যশ্চ তিষ্ঠতি ॥১৩॥
সমর্থান্ পূজয়েদ্‌যশ্চ নাস্পর্দ্ধ্যৈঃ স্পর্দ্ধতে চ যঃ।
ন চ কামাদ্ভয়াৎ ক্রোধাল্লোভাদ্বা ধর্ম্মমুৎসৃজেৎ ॥১৪॥
অমানী সত্যবাক্ ক্ষান্তো জিতাত্মা মানসংযুতঃ।
স তে মন্ত্রসহায়ঃ স্যাৎ সর্ব্বাবস্থাপরীক্ষিতঃ ॥১৫॥
কুলীনঃ সত্ত্বসম্পন্নস্তিতিক্ষুর্দক্ষ আত্মবান্।
শূরঃ কৃতজ্ঞঃ সত্যশ্চ শ্রেয়সঃ পার্থ! লক্ষণম্ ॥১৬॥

ভারতকৌমুদী

গণং বহূন্ লোকান্ হিত্বা, একং লোকং ন গ্রহীতুমিচ্ছেৎ। একো যস্ত বহুভির্বহুষু লোকেষু মধ্যে শ্রেয়ান্, কামং যথেষ্টম্, তেন শ্রেয়সো গ্রহণেন, গণং বহূন্ লোকান্, ত্যজেৎ ॥১২॥

অথ কো নাম শ্রেয়ানিত্যাহ দ্বাভ্যাং শ্রেয়স ইতি। সময়ে শপথে আচারে বা ॥১৩॥

সমর্থানিতি। অস্পর্দ্ধ্যৈঃ স্পর্দ্ধায়া অযোগ্যৈঃ সহ ॥১৪॥

অমানীতি। অমানী অনহঙ্কারী, ক্ষান্তঃ ক্ষমাশীলঃ, জিতাত্মা সংযতচিত্তঃ, মানসংযুত উন্নতচিত্তঃ। সর্ব্বাস্ববস্থাসু পরীক্ষিতঃ স্বানুরক্ততয়া বিশেষেণাবগতঃ ॥১৫॥

ভারতভাবদীপঃ

ধর্ম্মাধর্ম্মমর্য্যাদাং জুগুপ্সেথা রক্ষস্ব ॥১১॥ অন্যতরগ্রহো গণৈকয়োরেকতরস্য গ্রহণপ্রসঙ্গঃ একশ্চেদ্‌গুণী তদা গণং ত্যক্ত্বা স এব গ্রাহ্যঃ, অন্যথা গণ এব গ্রাহ্য ইতি ॥১২॥ শ্রেয়সঃ সাধোঃ ॥১৩—১৫॥

যে স্থলে একজাতীয়ই বহু লোক, সে স্থলে একজনকে লওয়া সঙ্গত হইলেও সে বহু লোক পরিত্যাগ করিয়া একজনকে লইবে না; কিন্তু সেই বহু লোকের মধ্যে যদি একজন শ্রেষ্ঠ থাকে তাহা হইলে, সেই শ্রেষ্ঠ একজনকেই লইবে এবং অপর বহু লোককে ত্যাগ করিবে ॥১২॥

শ্রেষ্ঠের লক্ষণ ইহাই—যাঁহার বিক্রম দেখা যায়, যাঁহার কীর্ত্তি অসাধারণ এবং যিনি আপন প্রতিজ্ঞা রক্ষা করিতে সমর্থ হন ॥১৩॥

যিনি শক্তিশালী লোকদিগকে সম্মান করেন, যিনি স্পর্দ্ধার অযোগ্য লোকদিগের সহিত স্পর্দ্ধা করেন না এবং যিনি কাম, ক্রোধ, ভয় বা লোভবশতঃ ধর্ম্ম পরিত্যাগ করেন না ॥১৪॥

যুধিষ্ঠির! যিনি অহঙ্কার করেন না, সত্যবাক্য বলেন এবং ক্ষমাশীল, সংযতচিত্ত ও উন্নতহৃদয় হন, তুমি সমস্ত অবস্থাতেই পরীক্ষা করিয়া তাঁহাকে মন্ত্রণার সহায় করিবে ॥১৫॥

(১৬) কুলীনঃ কুলসম্পন্নঃ···বঙ্গ বর্দ্ধ নি।

তস্যৈবং বর্ত্তমানস্য পুরুষস্য বিজানতঃ।
অমিত্রাঃ সম্প্রসীদন্তি তথা মিত্রীভবন্ত্যপি ॥১৭॥
অত ঊর্দ্ধমমাত্যানাং পরীক্ষেত গুণাগুণম্।
সংযতাত্মা কৃতপ্রজ্ঞো ভূতিকামশ্চ ভূমিপঃ ॥১৮॥
সম্বন্ধিপুরুষৈরাপ্তৈরভিজাতৈঃ স্বদেশজৈঃ।
অহার্য্যৈরব্যভীচারৈঃ সর্ব্বশঃ সুপরীক্ষিতৈঃ ॥১৯॥ (যুগ্মকম্)
যৌনাঃ শ্রৌতাস্তথা মৌলাস্তথৈবাপ্যনহঙ্কৃতাঃ।
কর্ত্তব্যা ভূতিকামেন পুরুষেণ বুভূষতা ॥২০॥

ভারতকৌমুদী

স্মরন্ পুনরপি শ্রেয়সো লক্ষণমাহ কুলীন ইতি। সত্ত্বসম্পন্নঃ অধ্যবসায়যুক্তঃ, তিতিক্ষুঃ সহিষ্ণুঃ, দক্ষঃ কার্য্যনিপুণঃ, আত্মবান্ প্রশস্তচিত্তঃ, সত্যঃ সত্যবাদী ॥১৬॥

তস্যেতি। এবং মন্ত্রিপ্রভৃতিভিঃ সহ, বিজানতঃ সর্ব্বং বিষয়মেব বুধ্যমানস্য। অমিত্রাঃ শত্রবঃ, সম্প্রসীদন্তি বিদ্বেষশূন্যা ভবন্তি ॥১৭॥

অত ইতি। অত ঊর্দ্ধম্ ঈদৃশামাত্যাদিনিয়োগাৎ পরম্, কৃতপ্রজ্ঞঃ শিক্ষিতবুদ্ধিঃ, ভূতিকামঃ সম্পদভিলাষী। সম্বন্ধিপুরুষৈঃ শ্যালত্বাদিযৎকিঞ্চিৎসম্পর্কযুক্তজনৈঃ, আপ্তৈর্বিশ্বস্তৈঃ, অভিজাতৈ-রুচ্চবংশসম্ভূতৈঃ, অহার্য্যৈঃ শত্রুভিরুৎকোচদানাদিনা নেতুমশক্যৈঃ, অব্যভীচারৈঃ বিরুদ্ধাচরণরূপ-ব্যতিক্রমশূন্যৈঃ, পরীক্ষেতেতি সম্বন্ধঃ ॥১৮—১৯॥

যৌনা ইতি। ভূতিকামেন সম্পদিচ্ছুনা, অতএব বুভূষতা উন্নতীভবিতুমিচ্ছতা পুরুষেণ রাজ্ঞা,

ভারতভাবদীপঃ

সত্যঃ সত্যবান্ ॥১৬—১৭॥ ভূমিপঃ পরীক্ষেতেতি যোজনা ॥১৮॥ অভিজাতৈঃ কুলীনৈঃ, অহার্য্যৈ-র্লক্ষাদিনা বশীকর্ত্তুমশক্যৈঃ, সম্বন্ধিপুরুষৈর্যেষাং সম্বন্ধোঽস্তি তাদৃশৈঃ ॥১৯॥ যৌনা উত্তমযোনয়ঃ,

পৃথানন্দন! সৎকুলসম্ভূত, অধ্যবসায়যুক্ত, সহিষ্ণু, কার্য্যনিপুণ, প্রশস্তচিত্ত, বীর, কৃতজ্ঞ ও সত্যবাদী—এইগুলি শ্রেষ্ঠের লক্ষণ ॥১৬॥

রাজা বিশেষভাবে সকল দিক্ পর্য্যবেক্ষণ করিতে থাকিয়া এইরূপ মন্ত্রিপ্রভৃতি লইয়া রাজ্যশাসন করিতে প্রবৃত্ত থাকিলে, তাঁহার শত্রুরা প্রসন্ন হয়, এমন কি একেবারে মিত্র হইয়াই পড়ে ॥১৭॥

সংযতচিত্ত, শিক্ষিতবুদ্ধি ও ঐশ্বর্য্যকামী রাজা উক্তবিধ কর্ম্মচারিনিয়োগের পর সম্পর্কযুক্ত, বিশ্বস্ত, উচ্চবংশসম্ভূত, স্বদেশজাত, স্থিরপ্রকৃতি, ব্যতিক্রমশূন্য এবং সর্ব্ব প্রকারে সুপরীক্ষিত পুরুষগণদ্বারা সেই কর্ম্মচারিগণের দোষগুণের পরীক্ষা করিবেন ॥১৮—১৯॥

যেষাং বৈনয়িকী বুদ্ধিঃ প্রকৃতিশ্চৈব শোভনা।
তেজো ধৈর্য্যং ক্ষমা শৌচমনুরাগঃ স্থিতির্ধৃতিঃ ॥২১॥
পরীক্ষ্য চ গুণান্নিত্যং প্রৌঢ়ভাবান্ ধুরন্ধরান্।
পঞ্চোপধাব্যতীতাংশ্চ কুর্য্যাদ্রাজার্থকারিণঃ ॥২২॥ (যুগ্মকম্)
পর্য্যাপ্তবচনান্ বীরান্ প্রতিপত্তিবিশারদান্।
কুলীনান্ সত্যসম্পন্নানিঙ্গিতজ্ঞাননিষ্ঠুরান্ ॥২৩॥
দেশকালবিধানজ্ঞান্ ভর্ত্তৃকার্য্যহিতৈষিণঃ।
নিত্যমর্থেষু সর্ব্বেষু রাজন্! কুর্ব্বীত মন্ত্রিণঃ ॥২৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

যৌনা যোনিসম্পৃক্তা মাতুলপুত্রাদয়ঃ, শ্রৌতাঃ শাস্ত্রজ্ঞাঃ, মৌলা বংশপরম্পরাগতাঃ, তথৈব অনহংকৃতাশ্চ জনা অমাত্যাদয়ঃ কর্ত্তব্যাঃ ॥২০॥

যেষামিতি। বৈনয়িকী বিনয়যুক্তা, প্রকৃতিঃ স্বভাবঃ। স্থিতির্মর্য্যাদায়ামবস্থানম্, ধৃতির্মেধা বিদ্যতে। প্রৌঢ়ভাবান্ দৃঢ়সঙ্কল্পান্, ধুরন্ধরান্ স্বকার্য্যভারধারণসমর্থান্। উপধাব্যতীতান্ ছলরহিতান্, পঞ্চ অর্থকারিণঃ মন্ত্রণাদিকার্য্যকারকান্, মন্ত্রিণঃ কুর্য্যাৎ ॥২১—২২॥

পর্য্যাপ্তেতি। পর্য্যাপ্তবচনান্ প্রচুরবাক্যান্ বাক্পটূনিত্যর্থঃ, প্রতিপত্তিবিশারদান্ দুর্জ্ঞেয়বিষয়বোধদক্ষান্। দেশেত্যাদিকন্তু পূর্ব্বং বিবৃতম্। প্রসঙ্গভেদান্ন পুনরুক্তিদোষঃ ॥২৩—২৪॥

ভারতভাবদীপঃ

শ্রৌতা বেদপথগাঃ, মৌলাঃ পরম্পরাগতাঃ, অনহঙ্কৃতা অগর্ব্বাঃ, কর্ত্তব্যা মন্ত্রিণ ইতি শেষঃ ॥২০॥ প্রকৃতিঃ পূর্ব্বকর্ম্মজঃ সংস্কারঃ। শোভনা সত্যার্জ্জবাদিমতী, তেজঃ পরাভিভবসামর্থ্যম্। ধৈর্য্যং মহত্যামপ্যাপদি চিত্তস্যানবসাদঃ। ক্ষমা মহত্যপ্যপকারে সহিষ্ণুত্বম্। শৌচং বাহ্যমান্তরঞ্চ নিষ্কাপট্যম্। অনুরাগঃ স্বামিনি প্রীতিঃ। স্থিতিরব্যভিচারিতা। ধৃতির্ধারণসামর্থ্যম্ ॥২১॥ পঞ্চ

ঐশ্বর্য্যকামী ও উন্নতিলিপ্সু রাজা যোনিসম্বন্ধযুক্ত, শাস্ত্রজ্ঞানসম্পন্ন, পুরুষ-পরম্পরাগত ও অহঙ্কারশূন্য লোকদিগকেই মন্ত্রিপ্রভৃতিপদে নিযুক্ত করিবেন ॥২০॥

যাহাদের বুদ্ধি বিনয়সম্পন্ন ও স্বভাবটী সুন্দর হয় এবং তেজ, ধৈর্য্য, ক্ষমা, পবিত্রতা, অনুরাগ, পদমর্য্যাদানুরূপ কার্য্যকলাপ ও মেধা থাকে, রাজা সেই গুণগুলিকে পরীক্ষা করিয়া সর্ব্বদা দৃঢ়সঙ্কল্প, কার্য্যভারবহনক্ষম ও কপটতাশূন্য পাঁচজন মন্ত্রী করিবেন ॥২১—২২॥

বাক্পটু, সূক্ষ্মবুদ্ধি, সৎকুলোৎপন্ন, সত্যপরায়ণ, ইঙ্গিতজ্ঞ, কোমলপ্রকৃতি, দেশ ও কাল অনুসারে কার্য্যকারী এবং রাজার হিতৈষী লোকদিগকেই রাজা সমস্ত কার্য্যে মন্ত্রী করিবেন ॥২৩—২৪॥

(২৩)···কুলীনান্ সত্ত্বসম্পন্নান্···বঙ্গ নি।

হীনতেজোঽভিসৃষ্টো বৈ নৈব জাতু ব্যবস্যতি।
অবশ্যং জনয়ত্যেব সর্ব্বকর্ম্মসু সংশয়ম্ ॥২৫॥
এবমল্পশ্রুতো মন্ত্রী কল্যাণাভিজনোঽপ্যুত।
ধর্ম্মার্থকামসংযুক্তো নালং মন্ত্রং পরীক্ষিতুম্ ॥২৬॥
তথৈবানভিজাতোঽপি কামমস্তু বহুশ্রুতঃ।
অনায়ক ইবাচক্ষুর্মুহ্যত্যণুষু কর্ম্মসু ॥২৭॥
যো বাপ্যস্থিরসঙ্কল্পো বুদ্ধিমানাগতাগমঃ।
উপায়জ্ঞোঽপি নালং স কর্ম্ম প্রাপয়িতুং চিরম্ ॥২৮॥

ভারতকৌমুদী

দোষিনিয়োগে দোষমাহ শ্লোকজাতেন হীনেতি। হীনতেজসা মন্ত্রিণা অভিসৃষ্টঃ সম্পৃক্তো রাজা জাতু কদাচিদপি নৈব ব্যবস্যতি কর্ত্তব্যং নিশ্চেতুং নহি শক্নোতি। কথমিত্যাহ অবশ্যমিতি। জনয়তি হীনতেজা মন্ত্রীতি শেষঃ ॥২৫॥

এবমিতি। অল্পশ্রুতঃ অল্পজ্ঞঃ, কল্যাণাভিজনঃ সংকুলঃ। নালং সমর্থো ন ভবতি ॥২৬॥

তথেতি। অনভিজাতঃ অনুচ্চকুলোৎপন্নঃ, কামং যথেষ্টম্। অনায়কঃ পরিচালকশূন্যঃ। মুহ্যতি নির্ণয়াক্ষমো ভবতি। অণুষু অল্পেষপি ॥২৭॥

য ইতি। আগতাগমো জ্ঞাতশাস্ত্রঃ। প্রাপয়িতুং সাধয়িতুম্ ॥২৮॥

ভারতভাবদীপঃ

মন্ত্রিণ ইতি তৃতীয়েনান্বয়ঃ। উপধাচ্ছলং তদ্বতীতান্ ॥২২॥ পর্য্যাপ্তং কৃৎস্নস্য বিবিৎসিতস্যার্থস্য নির্ব্বাহকং বচনং যেষাং তান্ ॥২৩—২৪॥ বর্জ্জ্যানাহ—হীনেত্যাদিনা। হীনতেজসা মিত্রেণাভিসংসৃষ্টঃ সম্বদ্ধঃ ন ব্যবস্যতি ন কর্ত্তব্যাকর্ত্তব্যে নিশ্চিনোতি ॥২৫॥ বহুগুণযুক্তোঽপি কিঞ্চিদ্দোষযুক্ত-

রাজা যদি কোন তেজোহীন মন্ত্রীর সহিত মিলিত হইয়া কার্য্য করিতে প্রবৃত্ত হন, তবে তিনি কখনও কোন কর্ত্তব্যনিশ্চয় করিতে সমর্থ হন না। কারণ, তেজোহীন মন্ত্রী অবশ্যই সমস্ত কার্য্যে সন্দেহ জন্মাইয়া থাকেন ॥২৫॥

মন্ত্রী উচ্চকুলজাত এবং ধর্ম্মার্থকামবুদ্ধিসম্পন্ন হইয়াও যদি অল্পজ্ঞ হন, তবে তিনি মন্ত্রণার বিষয় পর্য্যালোচনা করিতে সমর্থ হন না ॥২৬॥

মন্ত্রী বহুশাস্ত্রজ্ঞ হউন, তথাপি তিনি যদি উচ্চবংশসম্ভূত না হন, তবে তিনি নায়কহীনের ন্যায় এবং অন্ধের ন্যায় অত্যল্প কার্য্য করিবার সময়েও কর্ত্তব্যজ্ঞানশূন্য হইয়া পড়েন ॥২৭॥

যে মন্ত্রী বুদ্ধিমান্, শাস্ত্রজ্ঞ ও উপায়বিৎ বটেন, কিন্তু স্থিরসঙ্কল্প নহেন; তিনি দীর্ঘকাল কার্য্যসাধন করিতে সমর্থ হন না ॥২৮॥

(২৫)···হীনতেজোঽভিসংসৃষ্টো···বঙ্গ নি। (২৭)···মুহ্যত্যল্পেষু কর্ম্মসু···নি।

কেবলাৎ পুনরাদানাৎ কর্ম্মণো নোপপদ্যতে।
পরামর্শো বিশেষাণামশ্রুতস্যেহ দুর্ম্মতেঃ ॥২৯॥
মন্ত্রিণ্যননুরক্তে তু বিশ্বাসো নোপপদ্যতে।
তস্মাদননুরক্তায় নৈব মন্ত্রং প্রকাশয়েৎ ॥৩০॥
ব্যথয়েদ্ধি স রাজানং মন্ত্রিভিঃ সহিতোঽনৃজুঃ।
মারুতোপহিতচ্ছিদ্রৈঃ প্রবিশ্যাগ্নিরিব দ্রুমম্ ॥৩১॥
সংক্রুদ্ধশ্চৈকদা স্বামী স্থানাচ্চৈবাপকর্ষতি।
বাচা ক্ষিপতি সংরব্ধঃ পুনঃ পশ্চাৎ প্রসীদতি ॥৩২॥

ভারতকৌমুদী

কেবলাদিতি। ইহ জগতি অশ্রুতস্য শাস্ত্রজ্ঞানশূন্যস্য, অতএব দুর্ম্মতেঃ অশুদ্ধবুদ্ধের্মন্ত্রিণঃ, কেবলাৎ কর্ম্মণো মন্ত্রিকার্য্যস্য, আদানাৎ গ্রহণাৎ পুনঃ, বিশেষাণাং দুরূহাণাং বিষয়াণাম্, পরামর্শ আলোচনা, নোপপদ্যতে ন সম্ভবতি ॥২৯॥

মন্ত্রিণীতি। নোপপদ্যতে ন সংগচ্ছতে। মন্ত্রং গুপ্তমন্ত্রণাম্ ॥৩০॥

উক্তার্থে হেতুমাহ ব্যথয়েদিতি। হি যস্মাৎ, অনৃজুঃ অননুরক্তত্বাদেব কুটিলঃ, স মন্ত্রী, অপরৈর্মন্ত্রিভিঃ সহিতো মিলিতঃ সন্, অগ্নিঃ, মারুতোপহিতচ্ছিদ্রৈঃ ক্রমশৈব বায়ুবিশিষ্টরন্ধ্রৈঃ প্রবিশ্য, দ্রুমং বৃক্ষমিব, রাজানং ব্যথয়েৎ অনিষ্টাচরণেন পীড়য়েৎ ॥৩১॥

মন্ত্রিসম্বন্ধে রাজ্ঞশ্চরিত্রবৈচিত্র্যমাহ সংক্রুদ্ধ ইতি। স্বামী রাজা চ, একদা সংক্রুদ্ধঃ সন্ স্থানান্মন্ত্রিপদাচ্চ, অপকর্ষতি মন্ত্রিণমবরোপয়তি ; একদা চ সংরব্ধঃ ক্রুদ্ধঃ সন্ বাচা ক্ষিপতি মন্ত্রিণং নিন্দতি, পশ্চাৎ পুনস্তস্মিন্ প্রসীদতি ॥৩২॥

ভারতভাবদীপঃ

ত্যাজ্য ইত্যাহ—এবমিতি ॥২৬॥ অনুষু সূক্ষ্মেষু ॥২৭॥ প্রাপয়িতুং সমাপয়িতুম্ ॥২৮॥ কেবলাদিতি। আরম্ভশূরোঽপি মূর্খঃ কর্ম্মণঃ ফলবিশেষান্ জ্ঞাতুং ন শক্নোতীত্যর্থঃ ॥২৯—৩১॥ অনুরক্তলক্ষণমাহ

এই জগতে শাস্ত্রজ্ঞানশূন্য ও দুষ্টবুদ্ধি মন্ত্রী কেবল মন্ত্রীর কার্য্যভার গ্রহণ করেন বলিয়াই, বিশেষ কার্য্যে তাঁহার পরামর্শ যুক্তিযুক্ত হইতে পারে না ॥২৯॥

অননুরক্ত মন্ত্রীর উপরে রাজার বিশ্বাস করা উচিত নহে। অতএব রাজা অননুরক্ত মন্ত্রীর নিকটে গুপ্তমন্ত্রণা প্রকাশ করিবেন না ॥৩০॥

অগ্নি যেমন বায়ুযুক্ত রন্ধ্রদ্বারা প্রবেশ করিয়া বৃক্ষকে ব্যথিত করে, সেইরূপ কুটিলমন্ত্রী অন্য মন্ত্রীদের সহিত মিলিত হইয়া রাজাকে ব্যথিত করিয়া থাকেন ॥৩১॥

ওদিকে রাজাও কোন সময়ে ক্রুদ্ধ হইয়া কোন মন্ত্রীকে মন্ত্রিপদ হইতে নামাইয়া দেন, কোন সময়ে ক্রুদ্ধ হইয়া মুখে নিন্দা করেন, আবার পরে প্রসন্ন হন ॥৩২॥

---

(৩১)···মারুতোঽপি হি তচ্ছিদ্রৈঃ···বর্দ্ধ।

তানি তান্যনুরক্তেন শক্যানি হি তিতিক্ষিতুম্।
মন্ত্রিণাঞ্চ ভবেৎ ক্রোধো বিস্ফূর্জ্জিতমিবাশনেঃ ॥৩৩॥
যস্তু সংহরতে তানি ভর্ত্তুঃ প্রিয়চিকীর্ষয়া।
সমানসুখদুঃখং তং পৃচ্ছেদর্থেষু মানবম্ ॥৩৪॥
অনৃজুস্ত্বনুরক্তোঽপি সম্পন্নশ্চেতরৈর্গুণৈঃ।
রাজ্ঞঃ প্রজ্ঞানযুক্তোঽপি ন মন্ত্রং শ্রোতুমর্হতি ॥৩৫॥
যোঽমিত্রৈঃ সহ সম্বদ্ধো ন পৌরান্ বহু মন্যতে।
অসুহৃত্তাদৃশো জ্ঞেয়ো ন মন্ত্রং শ্রোতুমর্হতি ॥৩৬॥

ভারতকৌমুদী

তত্র স্বনুরক্তস্য মন্ত্রিণঃ স্বভাবমাহ তানীতি। অনুরক্তেন মন্ত্রিণা, তানি তানি পূর্ব্বোক্তানি স্বামিব্যবহৃতানি, তিতিক্ষিতুং সোঢ়ুং শক্যানি ভবন্তি। অননুরক্তানাঞ্চ মন্ত্রিণাম্, অশনের্বজ্রস্য বিস্ফূর্জ্জিতং তীব্রো নিপাত ইব ক্রোধো ভবেৎ ॥৩৩॥

য ইতি। যস্তু মন্ত্রী ভর্ত্তুঃ প্রিয়চিকীর্ষয়া তানি ভর্ত্তৃব্যবহৃতানি সংহরতে সহতে, সমানসুখদুঃখং তং মানবং মন্ত্রিণম্, অর্থেষু কর্ত্তব্যবিষয়েষু রাজা পৃচ্ছেৎ ॥৩৪॥

অনৃজুরিতি। অনৃজুঃ কুটিলো মন্ত্রী। ইতরৈর্দয়াদাক্ষিণ্যাদিভিঃ ॥৩৫॥

য ইতি। অমিত্রৈঃ শত্রুভিঃ। বহুমন্যতে আদ্রিয়তে ॥৩৬॥

ভারতভাবদীপঃ

ত্রিভিঃ—সংক্রুদ্ধ ইতি। সংক্রুদ্ধঃ স্বামী কদাচিদাশ্বাসিতমপ্যধিকারচ্যুতং করোতি কদাচিৎ পরুষমুক্ত্বাপ্যনুগৃহ্লাতি তচ্চানুরক্তেনাপি মন্ত্রিণা সোঢ়ুমশক্যং মন্ত্রিকোপশ্চ বজ্রাপাততুল্যোঽতো নিত্যং

তখন অনুরক্ত মন্ত্রী রাজার সেই সকল ব্যবহার সহ্য করিতে সমর্থ হন, আর অননুরক্তমন্ত্রীদের তীব্র বজ্রপাতের ন্যায় ক্রোধ উপস্থিত হয় ॥৩৩॥

যে মন্ত্রী রাজার প্রিয়কার্য্য করিবার ইচ্ছায় তাঁহার সেই সকল ব্যবহার সহ্য করেন, সেই মন্ত্রী রাজার সুখদুঃখের সমানভাগী বলিয়া গণ্য হন; সুতরাং রাজা কর্ত্তব্য বিষয়ে সেই মন্ত্রীর নিকটেই প্রশ্ন করিবেন ॥৩৪॥

মন্ত্রী রাজার অনুরক্ত, অন্যান্য গুণসম্পন্ন এবং বিশেষ জ্ঞানবান্ হইয়াও যদি কুটিল হন, তবে তিনি রাজার গুপ্তমন্ত্রণা শুনিবার যোগ্য হন না ॥৩৫॥

যিনি শত্রুপক্ষের সহিত সংসৃষ্ট হইয়া পুরোবাসিগণের আদর করেন না; সেইরূপ মন্ত্রীকে রাজা শত্রু বলিয়া জানিবেন; সুতরাং তাদৃশ মন্ত্রী গুপ্তমন্ত্রণা শুনিবার যোগ্য নহেন ॥৩৬॥

---

(৩৬)…ন পরান্ বহুমন্যতে… নি।

অবিদ্বানশুচিঃ স্তব্ধঃ শত্রুসেবী বিকত্থনঃ।
অসুহৃৎ ক্রোধনো লুব্ধো ন মন্ত্রং শ্রোতুমর্হতি ॥৩৭॥
আগন্তুশ্চানুরক্তোঽপি কামমস্তু বহুশ্রুতঃ।
সৎকৃতঃ সংবিভক্তো বা ন মন্ত্রং শ্রোতুমর্হতি ॥৩৮॥
বিধর্ম্মতো বিপ্রকৃতঃ পিতা যস্যাভবৎ পুরা।
সৎকৃতঃ স্থাপিতঃ সোঽপি ন মন্ত্রং শ্রোতুমর্হতি ॥৩৯॥
যঃ স্বল্পেনাপি কার্য্যেণ সুহৃদাক্ষারিতো ভবেৎ।
পুনরন্যৈর্গুণৈর্যুক্তো ন মন্ত্রং শ্রোতুমর্হতি ॥৪০॥
কৃতপ্রজ্ঞশ্চ মেধাবী বুধো জানপদঃ শুচিঃ।
সর্ব্বকর্ম্মসু যঃ শুদ্ধঃ স মন্ত্রং শ্রোতুমর্হতি ॥৪১॥

ভারতকৌমুদী

অবিদ্বানিতি। অশুচিঃ ঈর্ষ্যাবিদ্বেষাদিনা কলুষিতচিত্তঃ, স্তব্ধঃ অলসঃ, বিকত্থন আত্মশ্লাঘাকারী ॥৩৭॥

আগন্তুরিতি। আগন্তুঃ সদ্য আগতঃ। সংবিভক্তঃ রাজ্ঞা বিভজ্য মন্ত্রিপদে স্থাপিতঃ ॥৩৮॥

বিধর্ম্মত ইতি। বিধর্ম্মতো ধর্ম্মবিরুদ্ধাচরণাৎ, বিপ্রকৃতো রাজ্ঞা প্রধানপুরুষান্তরেণ বা, স্বপদাৎ প্রচ্যাবিতঃ, পিতৃগুণস্য পুত্রে সংক্রান্তিসম্ভবাদিতি ভাবঃ ॥৩৯॥

য ইতি। কার্য্যেণ দুষ্কর্ম্মণা, আক্ষারিতঃ কেনাপি রাজ্ঞা দণ্ডিতঃ ॥৪০॥

কৃতেতি। জানপদঃ স্বদেশবাসী। শুদ্ধঃ পবিত্রঃ ॥৪১॥

ভারতভাবদীপঃ

রাজহিতার্থী যস্তানি সোঢ়ুং শক্নুয়াৎ স এবানুরক্তস্তমেব রাজা পৃচ্ছেদিত্যর্থঃ ॥৩২—৩৭॥ আগন্তুর্নূতনঃ, সোঽপ্যবিশ্বাস্য ইত্যর্থঃ ॥৩৮॥ বিধর্ম্মতোঽন্যায়েন ॥৩৯॥ আক্ষারিতো ধনগ্রহণেন রিক্তঃ

বিদ্যাশূন্য, অপবিত্র, অলস, শত্রুসেবী, আত্মশ্লাঘাকারী, অসুহৃৎ, ক্রোধী ও লোভী মানুষ গুপ্তমন্ত্রণা শুনিবার যোগ্য নহে ॥৩৭॥

মানুষ যথেষ্ট অনুরক্ত, বহুশাস্ত্রজ্ঞ, সকলের আদৃত এবং বিভাগপূর্ব্বক মন্ত্রিপদে স্থাপিত হউন, তথাপি তিনি যদি নূতন আসিয়া থাকেন, তাহা হইলে তিনিও গুপ্তমন্ত্রণা শুনিবার যোগ্য হইতে পারেন না ॥৩৮॥

যাঁহার পিতা ধর্ম্মবিরুদ্ধ আচরণ করায় কোথাও দণ্ডিত হইয়াছিলেন, তিনি সকলের আদৃত ও মন্ত্রিপদে স্থাপিত হইলেও গুপ্তমন্ত্রণা শুনিবার যোগ্য নহেন ॥৩৯॥

যিনি অল্প দুষ্কার্য্য করিয়াও রাজদণ্ডে দণ্ডিত হইয়াছেন, তিনি সুহৃদ্ বা অন্যান্য গুণযুক্ত হইলেও গুপ্তমন্ত্রণা শুনিবার যোগ্য নহেন ॥৪০॥

জ্ঞানবিজ্ঞানসম্পন্নঃ প্রকৃতিজ্ঞঃ পরাত্মনোঃ।
সুহৃদাত্মসমো রাজ্ঞঃ স মন্ত্রং শ্রোতুমর্হতি ॥৪২॥
সত্যবাক্ শীলসম্পন্নো গম্ভীরঃ সত্রপো মৃদুঃ।
পিতৃপৈতামহো যঃ স্যাৎ স মন্ত্রং শ্রোতুমর্হতি ॥৪৩॥
সন্তুষ্টঃ সম্মতঃ সত্যঃ শৌটীরো দ্বেষ্যপাপকঃ।
মন্ত্রবিৎ কালবিচ্ছূরঃ স মন্ত্রং শ্রোতুমর্হতি ॥৪৪॥
সর্ব্বলোকমিমং শক্তঃ সান্ত্বেন কুরুতে বশে।
তস্মৈ মন্ত্রঃ প্রয়োক্তব্যো দণ্ডমাধিৎসতা নৃপ! ॥৪৫॥

ভারতকৌমুদী

জ্ঞানেতি। "মোক্ষে ধীর্জ্ঞানমন্যত্র বিজ্ঞানং শিল্পশাস্ত্রয়োঃ" ইত্যমরঃ। পরাত্মনোঃ পরস্য আত্মীয়স্য চ, প্রকৃতিজ্ঞঃ স্বভাববিৎ। আত্মসমঃ সুহৃচ্চ ॥৪২॥

সত্যেতি। গম্ভীরো দুরবগাহস্বভাবঃ, সত্রপো লজ্জাশীলঃ, পিতৃপৈতামহঃ পূর্ব্বপুরুষ-ক্রমেণাগতঃ ॥৪৩॥

সন্তুষ্ট ইতি। সম্মতঃ সর্ব্বজনপ্রিয়ঃ, সত্যঃ সত্যপরায়ণঃ, শৌটীরশ্চতুরঃ, দ্বেষ্যং পাপং যস্য সঃ ॥৪৪॥

সর্ব্ব ইতি। যঃ শক্তঃ শক্তিমান্ জনঃ, সান্ত্বেন মধুরবাক্যেন ইমং সর্ব্বলোকং বশে কুরুতে। আধিৎসতা কর্ত্তুমিচ্ছতা রাজ্ঞা ॥৪৫॥

ভারতভাবদীপঃ

কৃতঃ ॥৪০॥ উপাদেয়ানাহ—সর্ব্বেতি। জানপদঃ স্বদেশজঃ ॥৪১॥ পরস্য শত্রোঃ আত্মনশ্চ প্রকৃতীঃ স্বামামাত্যাদিকা জানাতীতি প্রকৃতিজ্ঞঃ ॥৪২॥ গম্ভীরো মন্ত্রগোপনসমর্থঃ ॥৪৩॥ শৌটীরঃ

যিনি শিক্ষিত বুদ্ধি, মেধাবী, বিদ্বান্, স্বদেশজাত, পবিত্রচিত্ত এবং সমস্ত কার্য্যেই নির্দ্দোষ—তিনি গুপ্তমন্ত্রণা শুনিবার যোগ্য ॥৪১॥

যিনি জ্ঞানবিজ্ঞানযুক্ত, পরের বা আত্মীয়ের স্বভাববিৎ এবং নিজের তুল্য সুহৃৎ, তিনি রাজার গুপ্তমন্ত্রণা শুনিবার যোগ্য ॥৪২॥

যিনি সত্যবাদী, সচ্চরিত্র, গম্ভীরপ্রকৃতি, লজ্জাশীল, কোমলস্বভাব এবং পিতৃ-পিতামহক্রমে আগত; তিনি গুপ্তমন্ত্রণা শুনিবার যোগ্য ॥৪৩॥

যিনি সর্ব্বদা সন্তুষ্ট, সকলের প্রিয়, সত্যপরায়ণ, চতুর, পাপদ্বেষী, মন্ত্রজ্ঞ, কালজ্ঞ ও বীর হইবেন, তিনি গুপ্তমন্ত্রণা শুনিবার যোগ্য হইবেন ॥৪৪॥

রাজা! যে শক্তিমান্ পুরুষ মধুরবাক্যদ্বারা সমস্ত লোককে বশীভূত করিতে পারেন, দণ্ডদানাভিলাষী রাজা তাঁহার নিকটেই গুপ্তমন্ত্রণা বলিবেন ॥৪৫॥

(৪৪)···শৌণ্ডীরো দ্বেষপাপকঃ···বর্দ্ধ। (৪৫)···কুরুতে বশম্···নি।

পৌরজানপদা যস্মিন্ বিশ্বাসং ধর্ম্মতো গতাঃ।
যোদ্ধা নয়বিপশ্চিচ্চ স মন্ত্রং শ্রোতুমর্হতি ॥৪৬॥
তস্মাৎ সর্ব্বৈগুণৈরেতৈরুপপন্নাঃ সুপূজিতাঃ।
মন্ত্রিণঃ প্রকৃতিজ্ঞাঃ স্যুস্ত্র্যবরা মহদীপ্সবঃ ॥৪৭॥
স্বাসু প্রকৃতিষু চ্ছিদ্রং লক্ষয়েরন্ পরস্য চ।
মন্ত্রিণাং মন্ত্রমূলং হি রাজ্ঞো রাষ্ট্রং বিবর্দ্ধতে ॥৪৮॥
নাস্য চ্ছিদ্রং পরঃ পশ্যেচ্ছিদ্রেষু পরমন্বিয়াৎ।
গূহেৎ কূর্ম্ম ইবাঙ্গানি রক্ষেদ্বিবরমাত্মনঃ ॥৪৯॥
মন্ত্রগূঢ়া হি রাজ্যস্য মন্ত্রিণো যে মনীষিণঃ।
মন্ত্রসংহননো রাজা মন্ত্রাঙ্গানীতরে জনাঃ ॥৫০॥

ভারতকৌমুদী

পৌরেতি। ধর্ম্মতো ন্যায়তঃ, গতাঃ প্রাপ্তাঃ। নয়বিপশ্চিৎ নীতিবিশারদঃ ॥৪৬॥

তস্মাদিতি। ত্রয়ঃ অবরা ন্যূনা যেষাং তে, মহতামভ্যুদয়ানামীপ্সবো লিপ্সবঃ ॥৪৭॥

স্বাস্বিতি। প্রকৃতিষু প্রজাসু, পরস্য রাজ্ঞশ্চ প্রকৃতিষ্বিতি সম্বন্ধঃ ॥৪৮॥

নেতি। অন্বিয়াদাক্রামেৎ, গূহেৎ সংবৃণুয়াৎ, অঙ্গানি স্বাম্যমাত্যাদীনি হস্তপদাদীনি চ, রক্ষেৎ গোপয়েৎ ॥৪৯॥

মন্ত্রেতি। মন্ত্রা গূঢ়া গুপ্তা যৈস্তে। মন্ত্র এব সংহননং বর্ম্ম যস্য সঃ, ইতরে সদস্যাদয়শ্চ জনাঃ, মন্ত্রস্য অঙ্গানি সম্পাদকাঃ ॥৫০॥

ভারতভাবদীপঃ

প্রগল্‌ভঃ, দ্বেষ্যবদ্ধ্যোয়ং পাপং যস্য স দ্বেষ্যপাপকঃ ॥৪৪॥ আধিৎসতা আধাতুমিচ্ছতা ॥৪৫—৪৬॥ পঞ্চানামভাবে ত্র্যবরাস্ত্রিভ্যো ন্যূনা ন কার্য্যাঃ ॥৪৭॥ প্রকৃতিষু স্বাম্যমাত্যাদিষু মন্ত্রিণাং ছিদ্রমযথোক্ত-

ন্যায় অনুসারে চলেন বলিয়া যে মন্ত্রীর উপরে পুরোবাসিগণ ও দেশবাসিগণ বিশ্বাস করে; যোদ্ধা ও নীতিনিপুণ সেই মন্ত্রীই গুপ্তমন্ত্রণা শুনিবার যোগ্য ॥৪৬॥

অতএব এই সকল গুণসম্পন্ন, সকলের সম্মানভাজন, রাজার সমৃদ্ধিকামী ও লোকচরিত্রাভিজ্ঞ এইরূপ অন্ততঃ তিনজন মন্ত্রী হইবেন ॥৪৭॥

সেই মন্ত্রীরা আপন প্রজাদের ও অন্য রাজার প্রজাদের ছিদ্রের প্রতি লক্ষ্য করিবেন, আর রাজার রাজ্য যে সমৃদ্ধিসম্পন্ন হয়, মন্ত্রিগণের মন্ত্রণাই তাহার মূল ॥৪৮॥

ইঁহার ছিদ্র অন্যে দেখিবে না; কিন্তু ইনি পরের ছিদ্র পাইয়াই আক্রমণ করিবেন; কূর্ম্ম যেমন তাহার অঙ্গ সকল সংবৃত করে, রাজাও তেমন তাঁহার রাজ্যাঙ্গ সকল সংবৃত করিবেন এবং নিজের ছিদ্র গুপ্ত রাখিবেন ॥৪৯॥

(৫০) মন্ত্রগ্রাহা হি রাজ্যস্য···নি।

রাজ্যং প্রণিধিমূলং হি মন্ত্রসারং প্রচক্ষতে।
স্বামিনং ত্বনুবর্ত্তন্তে বৃত্ত্যর্থমিহ মন্ত্রিণঃ ॥৫১॥
সংবিনীয় মদক্রোধৌ মানমীর্ষ্যাঞ্চ নির্ব্বৃতাঃ।
নিত্যং পঞ্চোপধাতীতৈর্মন্ত্রয়েৎ সহ মন্ত্রিভিঃ ॥৫২॥
তেষাং ত্রয়াণাং বিবিধং বিমর্ষং বিবুধ্য চিত্তং বিনিবেশ্য তত্র।
স্বনিশ্চয়ং তৎপরনিশ্চয়ঞ্চ নিবেদয়েদুত্তরমন্ত্রকালে ॥৫৩॥

ভারতকৌমুদী

রাজ্যমিতি। প্রণিধয়শ্চরা এব মূলানি কারণানি যস্য তৎ, মন্ত্রা এব সারাঃ কর্ত্তব্যোযুত্তমা যত্র তৎ। অথ প্রধানকার্য্যকর্ত্তৃত্বাৎ মন্ত্রিণ এব কথং মূলানি সারাশ্চ ন স্যুরিত্যাহ স্বামিনমিতি। মন্ত্রিণঃ বৃত্ত্যর্থং বেতনলাভার্থমেব স্বামিনমনুবর্ত্তন্তে, ন তু রাজ্যরক্ষার্থমিতি ভাবঃ ॥৫১॥

সমিতি। যে মন্ত্রিণঃ মদক্রোধৌ মানমহঙ্কারম্ ঈর্ষ্যাঞ্চ, সংবিনীয় সম্যগপনীয়, নির্ব্বৃতাঃ সুস্থচিত্তা ভবিতুমর্হন্তি, তৈঃ, পঞ্চ মনো-বাক্-কায়-কর্ম্ম-সঙ্কেত নিষ্পাদ্যা যা উপধাশ্ছলানি তা অতীতৈঃ তদ্রহিতৈর্মন্ত্রিভিঃ সহ, রাজা মন্ত্রয়েৎ ॥৫২॥

ভারতভাবদীপঃ

কারিত্বাভাবেন পরস্যাবসরদানম্ ॥৪৮॥ রন্ধ্রেদ্‌গোপয়েৎ পিদধ্যাৎ বিবরং ছিদ্রম্ ॥৭৯॥ মন্ত্রো গূঢ়ো যেষাং তে মন্ত্রসংহননো মন্ত্রকবচঃ ইতরে শূরজনাদয়ঃ ॥৫০॥ স্বামিনো মন্ত্রিণশ্চ মদাদিরহিতাঃ সন্তো যত্রান্যোন্যমনুবর্ত্তন্তে তর্হি নির্ব্বৃতাঃ সুখিনো ভবন্তীত্যর্থঃ ॥৫১॥ নিত্যমিত্যর্থঃ। উপধাশ্ছলানি তানি পঞ্চ, তেষু কেবলং বাচিকী দ্রোণবধে হতোঽশ্বত্থামা কুঞ্জর ইত্যুক্তির্যুধিষ্ঠিরস্য মনসি চ্ছলাভাবাৎ। ভীমস্য তু তত্রৈব কায়িকী বাচিকী চ, কেবলং মানসিকী পাণ্ডবেষু ধৃতরাষ্ট্রস্য বাচিক্যা অভাবাৎ তত্রৈব ধার্ত্তরাষ্ট্রাণাং কায়বাঙ্মনোভাবা জতুগৃহে। সৌপ্তিকেঽশ্বত্থাম্নঃ কায়িকীতি পঞ্চবিধা উপধা

যাঁহারা বিচক্ষণ মন্ত্রী হইবেন, তাঁহারা মন্ত্রণা গুপ্ত রাখিবেন। মন্ত্রণাই রাজার বর্ম্ম এবং অন্যান্য লোক সেই মন্ত্রণার সম্পাদক ॥৫০॥

বিচক্ষণ লোকেরা বলেন—রাজত্বের মূল গুপ্তচর এবং তাহাতে মন্ত্রণাই সার। কিন্তু মন্ত্রীরা বেতন লাভের জন্যই রাজার অনুসরণ করেন; (সুতরাং তাঁহাদিগকে রাজ্যের মূল বা সার বলা যায় না) ॥৫১॥

যাঁহারা মত্ততা, ক্রোধ, অভিমান ও ঈর্ষ্যা পরিত্যাগ করিয়া সুস্থচিত্ত হইতে পারেন এবং যাঁহারা কায়িক, বাচনিক, মানসিক, কর্ম্মকৃত ও সঙ্কেতজনিত এই পঞ্চবিধ ছল অতিক্রম করিতে সমর্থ হন, সেইরূপ মন্ত্রিগণের সহিতই রাজা মন্ত্রণা করিবেন ॥৫২॥

---

(৫১)…স্বামিনস্ত্বনুবর্ত্তন্তে…বঙ্গ বর্দ্ধ। (৫৩)…তৎপ্রতিনিশ্চয়ঞ্চম্…বঙ্গ। তং পরনিশ্চয়ঞ্চ নিদর্শয়েৎ…নি।

ধর্ম্মার্থকামজ্ঞমুপেত্য পৃচ্ছেদ্‌যুক্তো গুরুং ব্রাহ্মণমুত্তরার্থম্ ।
নিষ্ঠা কৃতা তেন যদা সহঃ স্যাৎ তং মন্ত্রমার্গং প্রণয়েদসক্তঃ ॥৫৪॥
এবং সদা মন্ত্রয়িতব্যমাহুর্যে মন্ত্রতত্ত্বার্থবিনিশ্চয়জ্ঞাঃ ।
তস্মাত্তমেবং প্রণয়েৎ সদৈব মন্ত্রং প্রজা সংগ্রহণে সমর্থম্ ॥৫৫॥
ন বামনাঃ কুব্জকৃশা ন খঞ্জা নান্ধো জড়ঃ স্ত্রী চ নপুংসকঞ্চ ।
ন চাত্র তির্য্যক্ চ পুরো ন পশ্চান্নোর্দ্ধং ন চাধঃ প্রচরেৎ কথঞ্চিৎ ॥৫৬॥

ভারতকৌমুদী

তেষামিতি। রাজা তেষাং মন্ত্রিণাং মধ্যে ত্রয়াণাং মন্ত্রিণাং বিবিধং বিমর্ষং বিবেচনম্, বিবুধ্য বিশেষেণাবগত্য, তত্র বিষয়ে স্বং চিত্তং বিনিবেশ্য, স্বেষাং তন্মন্ত্রিত্রয়স্য আত্মনশ্চেতি চতুর্ণাং নিশ্চয়ম্, তেভ্যো মন্ত্রিত্রয়াত্মভ্যঃ পরেষামন্যেষাং নিশ্চয়ঞ্চ, উত্তরমন্ত্রকালে গুরুং নিবেদয়েৎ ॥৫৩॥

অথ কোঽসৌ গুরুরিত্যাহ ধর্ম্মেতি। যুক্তঃ কৃতমনোযোগো রাজা, ধর্ম্মার্থকামজ্ঞং ব্রাহ্মণং গুরুমুপেত্য, উত্তরার্থং তদুত্তরলাভার্থম্, তং মন্ত্রং পৃচ্ছেৎ। যদা তু তেন গুরুণাপি নিষ্ঠা তত্রৈব নিষ্পত্তিঃ কৃতা, তদৈব স মন্ত্রঃ সহঃ কার্য্যোপযোগী স্যাৎ ; তত্র চ অশক্তঃ কামাদিনানাকৃষ্টচিত্তঃ সন্, স রাজা তং মন্ত্রমার্গং মন্ত্রণাবিষয়ম্, প্রণয়েৎ প্রযোজয়েৎ তদনুসারেণ কার্য্যমারভেতেত্যর্থঃ ॥৫৪॥

এবমিতি। প্রণয়েৎ প্রযোজয়েৎ। প্রজানাং সংগ্রহণে বশীকরণে ॥৫৫॥

নেতি। বামনাঃ খর্ব্বাঃ। অত্র মন্ত্রণাস্থানে, তির্য্যক্ পার্শ্বে, পুরঃ সম্মুখে ॥৫৬॥

ভারতভাবদীপঃ

তামতিতৈঃ ॥৫২॥ তেষামিতি। ত্রয়াণাং ত্রীণি মতানি স্বনিশ্চয়ং চাবধার্য্য নিশ্চয়জ্ঞং গুরুং প্রতি তন্মতচতুষ্টয়ং নিবেদয়েদিতি দ্বয়োঃ সম্বন্ধঃ ॥৫৩॥ তেন গুরুণাপি চতুর্ভিঃ সহ উহাপোহপূর্ব্বকং যদা নিষ্ঠা সিদ্ধান্তঃ কৃতো ভবেৎ সোঽপি যদা সহঃ স্যাৎ সর্ব্বেষামৈকমত্যেন স্যাত্তদা তং মন্ত্রং প্রণয়েৎ

রাজা সেই মন্ত্রিগণের মধ্যে তিনজন মন্ত্রীর নানাবিধ বিবেচনার বিষয় বুঝিয়া এবং সে বিষয়ে মনোনিবেশ করিয়া পরবর্ত্তী মন্ত্রণার সময়ে নিজেদের নিশ্চয় এবং তদ্‌ভিন্ন লোকের নিশ্চয় গুরুদেবের নিকট জানাইবেন ॥৫৩॥

রাজা যাইয়া মনোযোগী হইয়া ধর্ম্ম, অর্থ ও কামে অভিজ্ঞ সেই ব্রাহ্মণ গুরুদেবের নিকটে তাঁহার উত্তরের জন্য জিজ্ঞাসা করিবেন। যখন তিনি কোন নিষ্পত্তি করিয়া দিবেন, তখন সেই মন্ত্রণা যদি কার্য্যোপযোগী হয়, তবে রাজা অন্য বিষয়ে অনাসক্ত হইয়া, সেই মন্ত্রণা অনুসারে কার্য্য আরম্ভ করিবেন ॥৫৪॥

যাঁহারা মন্ত্রতত্ত্বজ্ঞ তাঁহারা বলেন—'সর্ব্বদাই এইভাবে মন্ত্রণা করিতে হইবে'। অতএব প্রজাগণকে বশীভূত করিতে সমর্থ মন্ত্রণাকে সর্ব্বদাই এইভাবে প্রয়োগ করিতে হইবে ॥৫৫॥

মন্ত্রণাস্থানে বামন, কুব্জ, কৃশ, খঞ্জ, অন্ধ, জড়, স্ত্রী ও নপুংসক পার্শ্বে, সম্মুখে, পিছনে, উপরে কিংবা নীচে কোন প্রকারেই বিচরণ করিতে পারিবে না ॥৫৬॥

আরুহ্য নাবস্তু তথৈব শূন্যং স্থলং প্রকাশং কুশকাশহীনম্।
বাগঙ্গদোষান্ পরিহৃত্য সর্ব্বান্ সংমন্ত্রয়েৎ কার্য্যমহীনকালম্ ॥৫৭॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি
রাজধর্ম্মে সভাসদাদিকথনে একাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ।

—:*:—

ভীষ্ম উবাচ।

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
বৃহস্পতেশ্চ সংবাদং শক্রস্য চ যুধিষ্ঠির! ॥১॥

ভারতকৌমুদী

আরুহ্যেতি। পরিহৃত্য বিহায়। অহীনকালং যথাকালম্ ॥৫৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে একাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:০:—

অত্রেতি। অত্রাপি এতৎপ্রজ্ঞাসংগ্রহণবিষয়েঽপি। সংবাদমালাপরূপম্ ॥১॥

ভারতভাবদীপঃ

কার্য্যে নিযোজয়েৎ ॥৫৪—৫৫॥ অত্র মন্ত্রস্থানে ॥৫৬॥ বাগ্‌দোষ উচ্চৈর্ভাষণাদিঃ, অঙ্গদোষো নেত্রবক্ত্রবিকারাদিঃ তেনান্যং নাধিক্ষিপেদিত্যর্থঃ ॥৫৭॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একাশীতিতমোঽধ্যায়ঃ ॥৮১॥

রাজা যথাকালে নৌকায় উঠিয়া কিংবা কুশকাশবিহীন কোন প্রকাশ্য শূন্য স্থানে যাইয়া সমস্ত বাক্যদোষ ও অঙ্গদোষ পরিত্যাগ করিয়া কর্ত্তব্য সম্বন্ধে মন্ত্রণা করিবেন' ॥৫৭॥

—:০:—

ভীষ্ম বলিলেন—'যুধিষ্ঠির! এই বিষয়েও মনস্বীরা ইন্দ্র ও বৃহস্পতির সংবাদরূপ প্রাচীন বৃত্তান্তের উল্লেখ করিয়া থাকেন' ॥১॥

---

(৫৭)···আরুহ্য বা বেশ্ম···নি···কুশকাশলীনম্···বঙ্গ। * '···ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ নি।

শক্র উবাচ।

কিংস্বিদেকপদং ব্রহ্মন্! পুরুষঃ সম্যগাচরন্।
প্রমাণং সর্ব্বভূতানাং যশশ্চৈবাপ্নুয়াম্মহৎ ॥২॥

বৃহস্পতিরুবাচ।

সান্ত্বমেকপদং শক্র! পুরুষঃ সম্যগাচরন্।
প্রমাণং সর্ব্বভূতানাং যশশ্চৈবাপ্নুয়াম্মহৎ ॥৩॥
এতদেকপদং শক্র! সর্ব্বলোকসুখাবহম্।
আচরন্ সর্ব্বভূতেষু প্রিয়ো ভবতি সর্ব্বদা ॥৪॥
যো হি নাভাষতে কিঞ্চিৎ সর্ব্বদা ভ্রূকুটীমুখঃ।
দ্বেষ্যো ভবতি ভূতানাং স সান্ত্বমিহ নাচরন্ ॥৫॥
যস্তু সর্ব্বমভিপ্রেক্ষ্য পূর্ব্বমেবাভিভাষতে।
স্মিতপূর্ব্বাভিভাষী চ তস্য লোকঃ প্রসীদতি ॥৬॥

ভারতকৌমুদী

কিমিতি। একমেব পদং বস্তু, হে ব্রহ্মন্! ব্রাহ্মণ! প্রমাণং স্থিরপ্রিয়ত্বম্ ॥২॥
সান্ত্বমিতি। সান্ত্বং মধুরবাক্যম্, তদ্রূপমেকপদম্ একং বস্তু ॥৩॥
এতদিতি। সর্ব্বভূতেষু সকলপ্রাণিষু ॥৪॥
য ইতি। নাভাষতে নালপতি। কিঞ্চিদ্ভূতম্। স সান্ত্বং নাচরন্ ভূতানাং দ্বেষ্যো ভবতি ॥৫॥

ভারতভাবদীপঃ

অত্রেতি। অত্র মন্ত্রমূলভূতে প্রজ্ঞাসংগ্রহণে বিষয়ে ॥১॥ একপদং যত্র সর্ব্বে গুণা অন্তর্ভবন্তি তদেব কর্ত্তব্যং বস্তু প্রমাণং সম্মতম্ ॥২॥ সান্ত্বং নিষ্কপটং প্রিয়বচনম্ ॥৩—৪॥ নাভাষতে তূষ্ণীমাস্তে নাচরন্-

ইন্দ্র বলিলেন—'ব্রাহ্মণ! মানুষ কোন্ একটী বস্তুমাত্র সম্যক্ আচরণ করিয়া সকলের প্রিয় হয় এবং বিশাল যশ লাভ করে?' ॥২॥

বৃহস্পতি বলিলেন—'ইন্দ্র! মানুষ একমাত্র মধুরবাক্য বলিয়া সকল প্রাণীর প্রীতির পাত্র হইতে পারে এবং বিশাল যশ লাভ করিতে সমর্থ হয় ॥৩॥

ইন্দ্র! মানুষ সমস্ত লোকের সুখজনক এই একটী মাত্র বস্তু আচরণ করিতে থাকিয়া, সর্ব্বদা সকল লোকেরই প্রিয় হইয়া থাকে ॥৪॥

আর যে লোক সর্ব্বদা ভ্রূকুটীকুটিলমুখ হইয়া কাহারও সহিত আলাপ করে না, সেই লোক একমাত্র মধুরবাক্য না বলার জন্যই, সকল লোকের বিদ্বেষের পাত্র হইয়া থাকে ॥৫॥

দানমেব হি সর্ব্বত্র সান্ত্বেনানভিজল্পিতম্।
ন প্রীণয়তি ভূতানি নির্ব্যঞ্জনমিবাশনম্ ॥৭॥
আদানাদপি ভূতানাং মধুরামীরয়ন্ গিরম্।
সর্ব্বলোকমিমং শক্র! সান্ত্বেন কুরুতে বশে ॥৮॥
তস্মাৎ সান্ত্বং প্রয়োক্তব্যং দণ্ডমাধিৎসতাপি হি।
ফলঞ্চ জনয়ত্যেবং ন চাস্যোদ্বিজতে জনঃ ॥৯॥
সুকৃতেন হি সান্ত্বস্য শ্লক্ষ্ণস্য মধুরস্য চ।
সম্যগাসেব্যমানস্য তুল্যং জাতু ন বিদ্যতে ॥১০॥

ভারতকৌমুদী

য ইতি। অভিপ্রেক্ষ্য অবলোক্য। স্মিতপূর্ব্বং মন্দহাস্যপূর্ব্বকম্ অভিভাষত ইতি সঃ ॥৬॥

দানমিতি। সান্ত্বেন মধুরবাক্যেন, অনভিজল্পিতম্ অনভিভাষিতম্, দানমেব দানমপি হি, নির্ব্যঞ্জনং নিরুপকরণম্, অশনং ভোজনমিব কর্ত্তৃ ভূতানি মানুষান্ ন প্রীণয়তি ॥৭॥

আদানাদিতি। মধুরাং গিরম্, ঈরয়ন্ ব্রুবন্, আদানাদপি কিঞ্চিদ্গ্রহণাদপি, ভূতানাং জনানাম্ অপ্রিয়ো ন ভবতীতি শেষঃ। উক্তার্থে হেতুমাহ সর্ব্বেতি ॥৮॥

তস্মাদিতি। আধিৎসতা দাতুমিচ্ছতাপি জনেন ॥৯॥

সুকৃতেনেতি। শোভনং কৃতং ক্রিয়া যস্য তেন, সম্যগাসেব্যমানস্য আশ্রীয়মাণস্য, শ্লক্ষ্ণস্য কোমলস্য, মধুরস্য চ, সান্ত্বস্য বাক্যস্য তুল্যং বশীকারকং বস্তু, জাতু কদাচিদপি জগতাং ন বিদ্যতে ॥১০॥

আর যে লোক মন্দহাস্যপূর্ব্বক কথা বলে এবং সকলকে দেখিয়াই প্রথমে আলাপ করে, তাহার উপরে সমস্ত লোকই প্রসন্ন হয় ॥৬॥

উপকরণশূন্য ভোজন যেমন মানুষকে সন্তুষ্ট করিতে পারে না, তেমন মধুর বাক্য না বলিয়া দান করিলেও তাহা মানুষকে সন্তুষ্ট করিতে সমর্থ হয় না ॥৭॥

মানুষ মধুর বাক্য বলিয়া কাহারও কিছু গ্রহণ করিলেও সে তাহাতে অসন্তুষ্ট হয় না। কারণ, ইন্দ্র! মানুষ একমাত্র মধুর বাক্যদ্বারাই এই সমগ্র লোককে বশীভূত করিতে পারে ॥৮॥

অতএব মানুষ কাহারও দণ্ড দান করিবার ইচ্ছা করিয়াও মধুর বাক্যই প্রয়োগ করিবে। এইরূপ করিলে তাহার ফলও উৎপন্ন হইবে এবং কোন লোক উদ্বিগ্নও হইবে না ॥৯॥

সুষ্ঠুভাবে কার্য্যকারী মানুষ কোমল ও মধুর বাক্য প্রয়োগ করিলে, তাহার তুল্য উপকারক কোন বস্তুই এই জগতে কখনও হইতে পারে না' ॥১০॥

ভীষ্ম উবাচ।

ইত্যুক্তঃ কৃতবান্ সর্ব্বং যথা শক্রঃ পুরোধসা।
তথা ত্বমপি কৌন্তেয়! সম্যগেতৎ সমাচর ॥১১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে ইন্দ্রবৃহস্পতিসংবাদে দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ।

———:০:———

যুধিষ্ঠির উবাচ।

কথংস্বিদিহ রাজেন্দ্র! পালয়ন্ পার্থিবঃ প্রজাঃ।
প্রীতিং ধর্ম্মবিশেষেণ কীর্ত্তিমাপ্নোতি শাশ্বতীম্ ॥১॥

ভারতকৌমুদী

ইতীতি। সর্ব্বং সান্ত্ববাদম্, পুরোধসা পুরোহিতেন বৃহস্পতিনা ॥১১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

———:*:———

কথমিতি। হে রাজেন্দ্র! ক্ষত্রিয়শ্রেষ্ঠ! ধর্ম্মবিশেষেণ পালয়ন্নিতি সম্বন্ধঃ ॥১॥

ভারতভাবদীপঃ

নাচরন্ ॥৫॥ যো রাজা পূর্ব্বং স্বদুঃখনিবেদনাৎ প্রাগেব কিমর্থমাগতোঽসীত্যাদি ভাষতে ॥৬॥ দানমেব দানমপি সান্ত্বহীনং ন প্রীণয়তীত্যর্থঃ ॥৭॥ সর্ব্বস্বং গৃহীত্বাপি সান্ত্বং প্রযুঞ্জতো বশে লোকো ভবতীত্যাহ—আদানাদপীতি ॥৮—১১॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ ॥৮২॥

———:০:———

ভীষ্ম বলিলেন—'পুরোহিত বৃহস্পতি এইরূপ বলিলে, দেবরাজ ইন্দ্র যেমন তদবধি সর্ব্বত্রই মধুর বাক্য বলিতে আরম্ভ করিলেন, তেমন কুন্তীনন্দন! তুমিও সর্ব্বত্রই সমীচীন ভাবে এইরূপ আচরণ করিতে থাক' ॥১১॥

———:*:———

* '...চতুরশীতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ নি। (১)...প্রৈতি ধর্ম্মং বিশেষেণ...নি।

ভীষ্ম উবাচ।

ব্যবহারেণ শুদ্ধেন প্রজাপালনতৎপরঃ।
প্রাপ্য ধর্ম্মঞ্চ কীর্ত্তিঞ্চ লোকাবাপ্নোত্যুভৌ শুচিঃ ॥২॥

যুধিষ্ঠির উবাচ।

কীদৃশৈর্ব্যবহারৈস্তু কৈশ্চ ব্যবহরেন্নৃপঃ।
এতৎ পৃষ্টো মহাপ্রাজ্ঞ! যথাবদ্‌বক্তুমর্হসি ॥৩॥
যে চৈব পূর্ব্বকথিতা গুণাস্তে পুরুষং প্রতি।
নৈকস্মিন্ পুরুষে হ্যেতে বিদ্যন্ত ইতি মে মতিঃ ॥৪॥

ভীষ্ম উবাচ।

এবমেতন্মহাপ্রাজ্ঞ! যথা বদসি বুদ্ধিমন্!।
দুর্লভঃ পুরুষঃ কশ্চিদেভির্যুক্তো গুণৈঃ শুভৈঃ ॥৫॥

ভারতকৌমুদী

ব্যবেতি। লোকৌ বিদ্যমানলোকপরলোকৌ ॥২॥
কীদৃশৈরিতি। কৈঃ কীদৃশৈর্জনৈঃ সহ ॥৩॥
য ইতি। যে অনুরাগাদয়ঃ। পুরুষং প্রতি পুরুষবিষয়ে ॥৪॥
এবমিতি। এবমেতৎ ত্বয়োক্তং সত্যমেবেত্যর্থঃ ॥৫॥

ভারতভাবদীপঃ

কথমিতি। প্রীতিং স্বর্গম্ ॥১॥ ব্যবহারেণৈকস্মিন্ গৃহক্ষেত্রাদৌ বিষয়ে মমেদং মমেদমিতি দ্বয়োর্ব্বিবদতোর্মধ্যেঽয়ং সত্যোঽয়মনৃত ইতি বিবেকো ব্যবহারঃ তেন, শুদ্ধেন পক্ষপাতহীনেন ॥২॥

যুধিষ্ঠির বলিলেন—'ক্ষত্রিয়শ্রেষ্ঠ! রাজা বিশেষ ধর্ম্ম অনুসারে প্রজাপালন করিতে থাকিয়া কি প্রকারে চিরস্থায়িনী প্রীতি ও কীর্ত্তি লাভ করিতে পারেন?' ॥১॥

ভীষ্ম বলিলেন—'রাজা পবিত্রচিত্তে প্রজাপালনে ব্যাপৃত থাকিয়া পক্ষপাতশূন্য বাদবিচারদ্বারা ধর্ম্ম ও কীর্ত্তি লাভ করিয়া, ইহলোকে ও পরলোকে সুখ লাভ করিতে পারেন' ॥২॥

যুধিষ্ঠির বলিলেন—'মহাপ্রাজ্ঞ! রাজা কীদৃশ লোকদের সহিত কীদৃশ ব্যবহার করিবেন, ইহা আমি জিজ্ঞাসা করিতেছি, আপনি যথাযথভাবে বলুন ॥৩॥

পিতামহ! আপনি পূর্ব্বে পুরুষের যে সকল গুণের কথা বলিয়াছেন, সে সমস্ত গুণই একজন পুরুষে থাকিতে পারে না, ইহা আমার ধারণা' ॥৪॥

ভীষ্ম বলিলেন—'বুদ্ধি ও মহাবৈচক্ষণ্যশালী যুধিষ্ঠির! তুমি যাহা বলিলে, তাহা সত্য। কারণ, এই সকল শুভগুণসম্পন্ন কোন পুরুষকে পাওয়া দুষ্কর ॥৫॥

---

(২)…লোকানাপ্নোত্যসৌ শুচিঃ…নি। (৫)…বুদ্ধিমান্…বর্দ্ধ।

কিন্তু সংক্ষেপতঃ শীলং প্রযত্নেনেহ দুর্লভম্ ।
বক্ষ্যামি তু যথামাত্যান্ যাদৃশাংশ্চ করিষ্যসি ॥৬॥
চতুরো ব্রাহ্মণান্ বৈদ্যান্ প্রগল্‌ভান্ স্নাতকান্ শুচীন্ ।
ক্ষত্রিয়াংশ্চ তথা চাষ্টৌ বলিনঃ শস্ত্রপাণিনঃ ॥৭॥
বৈশ্যান্ বিত্তেন সম্পন্নানেকবিংশতিসংখ্যয়া ।
ত্রীংশ্চ শূদ্রান্ বিনীতাংশ্চ শুচীন্ কর্ম্মণি পূর্ব্বকে ॥৮॥
অষ্টাভিশ্চ গুণৈর্যুক্তং সূতং পৌরাণিকং তথা ।
পঞ্চাশদ্বর্ষবয়সং প্রগল্‌ভমনসূয়কম্ ॥৯॥
শ্রুতিস্মৃতিসমাযুক্তং বিনীতং সমদর্শিনম্ ।
কার্য্যে বিবদমানানাং শক্তমর্থেষ্বলোলুপম্ ॥১০॥

ভারতকৌমুদী

কিন্ত্বিতি। শীলং সৎস্বভাবঃ। সংক্ষেপতো বক্ষ্যামীতি সম্বন্ধঃ ॥৬॥

চতুর ইতি। বৈদ্যান্ বিদ্যাবতঃ, স্নাতকান্ গৃহমেধিনঃ। শস্ত্রৈঃ পণিতুং ব্যবহর্ত্তুং শীলং যেষাং তান্ শস্ত্রপাণিনঃ। বিনীতান্ শিক্ষিতান্, পূর্ব্বকে পূর্ব্বোক্তে কর্ম্মণি দ্বিজশুশ্রূষাদৌ ব্যাপৃতানিতি শেষঃ। অষ্টাভিঃ অনুরাগসারল্যশৌর্য্যদয়াদাক্ষিণ্যধর্ম্মবুদ্ধিচাতুর্য্যরূপৈঃ, সূতং সূতজাতীয়ম্। কার্য্যে নির্ণয়ব্যাপারে শক্তম্, সপ্তভির্মৃগয়া-দ্যূত-স্ত্রী-পান-দণ্ডপাতন-বাক্‌পারুষ্যার্থদূষণরূপৈর্নীলকণ্ঠোক্তৈঃ,

ভারতভাবদীপঃ

কীদৃশৈঃ কিংস্বরূপৈঃ কৈর্ব্যবহারনির্ণায়কৈঃ ব্যবহরেন্নির্ণয়ং কুর্য্যাৎ ॥৩—৭॥ পূর্ব্বকে নিত্যে ॥৮॥ অষ্টাভির্গুণৈঃ শুশ্রূষা শ্রবণং গ্রহণং ধারণমূহনমপোহনং বিজ্ঞানং তত্ত্বজ্ঞানঞ্চেতি তৈঃ, পঞ্চাশদ্বর্ষবয়স-

যুধিষ্ঠির! এই জগতে বিশেষযত্নপূর্ব্বকও সৎস্বভাব পাওয়া দুষ্কর; তথাপি তুমি যে ভাবে যাদৃশ অমাত্য করিবে, তাহা আমি সংক্ষেপে বলিতেছি ॥৬॥

বিদ্বান্, চতুর, গৃহস্থ ও পবিত্র চারিজন ব্রাহ্মণ, বলবান্ ও অস্ত্রব্যবসায়ী আটজন ক্ষত্রিয়, ধনবান্ একুশ জন বৈশ্য, পূর্ব্বোক্ত দ্বিজশুশ্রূষাদিকার্য্যে ব্যাপৃত ও শিক্ষিত তিনজন শূদ্র, অনুরাগাদি অষ্টগুণযুক্ত একজন সূত ও একজন পৌরাণিক এই আটত্রিশ জন লোককে রাজা মন্ত্রী করিবেন। ইঁহাদের মধ্যে প্রত্যেকেরই বয়স পঞ্চাশৎ বৎসরের ন্যূন হইবে না। প্রত্যেকেই চতুর, অসূয়াশূন্য, শাস্ত্রজ্ঞ, বিনয়ী, সমদর্শী ও পরস্পর বিবদমানদিগের বিচার কার্য্যে সমর্থ হইবেন, কিন্তু কেহই অর্থলোভী হইবেন না, আর উঁহাদের কাহারই সপ্তবিধ ব্যসন থাকিবে না, এই আটত্রিশ জন

(৭)…ক্ষত্রিয়ান্ দশ চাষ্টৌ চ…নি।

বর্জ্জিতশ্চৈব ব্যসনৈঃ সুঘোরৈঃ সপ্তভির্ভৃশম্।
অষ্টানাং মন্ত্রিণাং মধ্যে মন্ত্রং রাজোপধারয়েৎ ॥১১॥ (কুলকম্)
ততঃ সংপ্রেষয়েদ্রাষ্ট্রে রাষ্ট্রীয়ায় চ দর্শয়েৎ।
অনেন ব্যবহারেণ দ্রষ্টব্যাস্তে প্রজাঃ সদা ॥১২॥
ন চাপি গূঢ়ং দ্রব্যং তে গ্রাহ্যং কার্য্যোপঘাতকম্।
কার্য্যে খলু বিপন্নে ত্বাং সোঽধর্ম্মস্তাংশ্চ পীড়য়েৎ ॥১৩॥
বিদ্রবেচ্চৈব রাষ্ট্রং তে শ্যেনাৎ পক্ষিগণা ইব।
পরিস্রবেচ্চ সততং নৌর্বিশীর্ণেব সাগরে ॥১৪॥

ভারতকৌমুদী

মন্ত্রিণো মন্ত্রিণঞ্চ কুর্য্যাদিতি শেষঃ। এতেষামষ্টত্রিংশৎসংখ্যকানাং মন্ত্রিণাং মধ্যে রাজা মন্ত্রম্ উপধারয়েৎ উপস্থাপয়েৎ ॥৭—১১॥

তত ইতি। ততো রাজা রাষ্ট্রে রাজ্যমধ্যে, সংপ্রেষয়েৎ তন্মন্ত্রসিদ্ধং বিষয়ং প্রচারয়েৎ; রাষ্ট্রীয়ায় প্রধানশাসকায় চ, দর্শয়েৎ তং বিষয়ং জ্ঞাপয়েৎ। ব্যবহারেণ সর্ব্বব্যবহর্ত্তব্যনিয়মেন ॥১২॥

নেতি। গূঢ়ং গুপ্তম্, দ্রব্যং ধনম্, কার্য্যস্য ন্যায়বিচারস্য উপঘাতকং যথা স্যাৎ তথা, তে ত্বয়া ন চাপি গ্রাহ্যম্। তদগ্রহণে হেতুমাহ কার্য্য ইতি। কার্য্যে ন্যায়বিচারে, বিপন্নে বিনষ্টে সতি, সঃ অন্যায়বিচারজন্যঃ অধর্ম্মঃ, ত্বাং তান্ প্রাড়্‌বিবাকাদীংশ্চ পীড়য়েৎ ॥১৩॥

ভারতভাবদীপঃ

মিত্যেকৈকস্য বিশেষণম্ ॥৯—১০॥ সপ্তভির্ম্মৃগয়াক্ষাঃ স্ত্রিয়ঃ পানমিতি চতুর্ভিঃ কামজৈর্দ্দণ্ডপাতনং বাক্যপারুষ্যমর্থদূষণমিতি ত্রিভিঃ ক্রোধজৈরিতি সপ্তভিঃ, অষ্টানাং ব্রাহ্মণচতুষ্টয়ং শূদ্রত্রয়ং সূতশ্চেতি তেষাম্ ॥১১॥ তে ত্বয়া দ্রষ্টব্যাঃ ॥১২॥ গূঢ়ং ন্যাসাপহারাদিকং তে ত্বয়া ন গ্রাহ্যম্। অন্যোন্যং বিবদমানৌ দ্রব্যে পরস্পরসম্বন্ধং দূষয়তস্তথা চোভয়োরসম্বন্ধাদ্রাজকীয়মিদমিতি বুদ্ধিং ন কারয়ে-

---

মন্ত্রীর মধ্যে আটজন উপস্থিত হইলেই রাজা তাঁহাদের নিকট মন্ত্রণার প্রস্তাব করিবেন ॥৭—১১॥ (অষ্টবিধ গুণ ও সপ্তবিধ ব্যসন টীকায় দ্রষ্টব্য)।

তাহার পর রাজা সেই মন্ত্রণানিরূপিত বিষয় রাজ্যমধ্যে প্রচার করিবেন এবং প্রধান শাসনকর্ত্তাকে জানাইয়া দিবেন। যুধিষ্ঠির! তুমি এই নিয়মে প্রজাগণকে সর্ব্বদা পর্য্যবেক্ষণ করিবে ॥১২॥

কুন্তীনন্দন! তুমি কাহারও কোন গুপ্তধন গ্রহণ করিবে না। কেন না, তাহা হইলে তোমার ন্যায় বিচার বিনষ্ট হইবে। ন্যায় বিচার বিনষ্ট হইলে, সেই অধর্ম্ম তোমাকে ও তোমার বিচারকদিগকে পীড়ন করিবে ॥১৩॥

---

(১৩)···গূঢ়ং কার্য্যম্···বর্দ্ধ।

প্রজাঃ পালয়তোঽসম্যগধর্ম্মেণেহ ভূপতেঃ ।
হার্দ্দং ভয়ং সম্ভবতি স্বর্গশ্চাস্য বিরুধ্যতে ॥১৫॥
অথ যোঽধর্ম্মতঃ পাতি রাজামাত্যোঽথবাত্মজঃ ।
ধর্ম্মাসনে সন্নিযুক্তো ধর্ম্মমূলে নরর্ষভ ! ॥১৬॥
কার্য্যেম্বধিকৃতাঃ সম্যগকুর্ব্বন্তো নৃপানুগাঃ ।
আত্মানং পুরতঃ কৃত্বা যান্ত্যধঃ সহ পার্থিবাঃ ॥১৭॥ (যুগ্মকম্)
বলাৎ কৃতানাং বলিভিঃ কৃপণং বহু জল্পতাম্ ।
নাথো বৈ ভূমিপো নিত্যমনাথানাং নৃণাং ভবেৎ ॥১৮॥
ততঃ সাক্ষিবলং সাধু দ্বৈধবাদকৃতং ভবেৎ ।
অসাক্ষিকমনাথং বা পরীক্ষ্যং তদ্বিশেষতঃ ॥১৯॥

ভারতকৌমুদী

তদন্যায়বিচারস্য ফলান্তরমাহ বিদ্রবেদিতি। তে তব রাষ্ট্রং কর্ত্তৃ, শ্যেনাৎ পক্ষিগণা ইব বিদ্রবেৎ অপসরেৎ; কিঞ্চ সাগরে বিশীর্ণা বিদীর্ণা নৌরিব, পরিস্রবেৎ মগ্না ভবেৎ ॥১৪॥

প্রজা ইতি। হৃদ ইদং হার্দ্দং ভয়ম্, বিরুধ্যতে পাপেন বিশেষেণ নিবার্য্যতে ॥১৫॥

অথেতি। পাতি প্রজা রক্ষতি। আত্মজো রাজ্ঞঃ পুত্রঃ, সন্নিযুক্তঃ সমুপবিষ্টঃ। অধিকৃতা রাজ্ঞা নিযুক্তাঃ। অধো নরকম্ ॥১৬—১৭॥

বলাদিতি। কৃতানাং কৃতপীড়ানাম্, কৃপণং দীনং যথা স্যাত্তথা। নাথো রক্ষকঃ ॥১৮॥

আর শ্যেনপক্ষীর নিকট হইতে অন্য পক্ষিগণ যেমন অপসৃত হয়, সেইরূপ তোমার রাজ্যও তোমার নিকট হইতে অপসৃত হইবে এবং বিদীর্ণ নৌকা যেমন সমুদ্রে মগ্ন হয়, তেমন তোমার রাজ্যও সর্ব্বদাই মগ্ন হইতে থাকিবে ॥১৪॥

এই জগতে যে রাজা অন্যায়ভাবে ও অধর্ম্ম অনুসারে প্রজাপালন করেন; তাঁহার মনে ভয় হইতে থাকে এবং পাপে উঁহার স্বর্গ রুদ্ধ হইয়া যায় ॥১৫॥

নরশ্রেষ্ঠ ! যে রাজা মন্ত্রী, রাজপুত্র, বিচারকপদে নিযুক্ত লোক, কিংবা রাজার অনুচর ধর্ম্মমূলক ধর্ম্মাসনে বসিয়া অধর্ম্ম অনুসারে প্রজাপালন করেন, কিংবা সম্যক্ বিচার না করেন, তাঁহারা আপনাকে অগ্রবর্ত্তী করিয়া রাজার সহিতই নরকে গমন করেন ॥১৬—১৭॥

প্রবল লোকেরা বলপূর্ব্বক যদি দুর্ব্বল লোকদিগের পীড়ন করে এবং তাহাতে সেই দুর্ব্বল লোকেরা যদি কাতরভাবে বহু কথা বলে, তাহা হইলে রাজা সেই দুর্ব্বল লোকদিগের রক্ষক হইবেন ॥১৮॥

---

(১৯)···দৈবপক্ষাত্তথা কৃতম্···বঙ্গ।

অপরাধানুরূপঞ্চ দণ্ডং পাপেষু ধারয়েৎ।
বিযোজয়েদ্ধনৈঋ্ঝদ্ধানধনানথ বন্ধনৈঃ ॥২০॥
বিনয়েচ্চাপি দুর্ব্বৃত্তান্ প্রহারৈরপি পার্থিবঃ।
সান্ত্বেনোপপ্রদানেন শিষ্টাংশ্চ পরিপালয়েৎ ॥২১॥

ভারতকৌমুদী

তত ইতি। ততো বাদিপ্রতিবাদিনোরুপস্থিত্যনন্তরম্, দ্বৈধবাদেন মম ধনমনেন গৃহীতমিতি বাদিনোক্তে ময়াস্য ধনং ন গৃহীতমিতি প্রতিবাদিনা চ কথিতে সতি দ্বৈধবাদো ভবতি তেন কৃতং প্রযুক্তম্, উভয়পক্ষস্য সাক্ষিবলং রাজ্ঞা গৃহীতং ভবেৎ। তৎ বিবাদাস্পদং বস্তু, যদসাক্ষিকম্ উভয়পক্ষস্যৈব সাক্ষিশূন্যম্, একতরপক্ষস্য সাক্ষিশূন্যং বা অনাথম্ উভয়োরেব পক্ষয়োঃ একতরস্মিন্ বা পক্ষে যোগ্যপরিচালকহীনং বা ভবেৎ, তদা রাজ্ঞা বিশেষতঃ পরীক্ষ্যং যুক্ত্যনুমানাদিনা আলোচনীয়ম্ ॥১৯॥

অপেতি। পাপেষু অপরাধিষু, ধারয়েৎ রাজা দদ্যাৎ, ঋদ্ধান্ ধনাঢ্যান্, ধনৈর্বিযোজয়েৎ তেষ্বর্থ-দণ্ডং কুর্য্যাদিত্যর্থঃ। অধনান্ দরিদ্রান্ বন্ধনৈঃ কারাগারে বন্ধৈঃ, দণ্ডয়েদিতি শেষঃ ॥২০॥

বিনয়েদিতি। বিনয়েৎ শিক্ষয়েৎ, সান্ত্বেন মধুরবাক্যেন উপপ্রদানেন উপহারার্পণেন বা ॥২১॥

ভারতভাবদীপঃ

দিত্যর্থঃ। সার্দ্ধঃ ॥১৩॥ পরিস্রবেন্মন্দং মন্দমন্যত্র গচ্ছেৎ ॥১৪—১৫॥ অধর্মত ইতি চ্ছেদঃ। ধর্মমূলে রাজ্যে ॥১৬—১৮॥ ততঃ সাক্ষীতি। যতোঽপরীক্ষায়াং সামাত্যস্য রাজ্ঞোঽধোগতিস্ততো হেতোস্তদ্ব্যবহারজাতং পরীক্ষ্যম্। তথাহি—অর্থিনা মমায়ং শতং সুবর্ণান্ ধারয়তীতি পক্ষে উপন্যস্তে যদি প্রত্যর্থী ধারয়ামীতি বদেত্তদা ন সাক্ষ্যাদিপ্রয়োজনমস্তি, যদি ত্বসৌ ন ধারয়ামীতি বদতি তদা দ্বৈধবাদকৃতমন্যোন্যং বিরুদ্ধো য উভয়োর্ব্বাদস্তত্র কৃতং সাক্ষিবলং সাধু ভবেৎ নির্ণায়কমিতি শেষঃ। তত্রার্থিনা প্রত্যর্থিনি স্বার্থসাধনায় সাক্ষিপত্রং শপথো বা আস্থেয়ঃ। ক্ষেত্রাদিবিষয়ে বিবাদশ্চেদ্-ভোগোঽপি প্রদর্শনীয়ঃ। যদা তু প্রত্যর্থী বদতি সত্যমস্য ময়া গৃহীতং পরন্তু প্রত্যর্পিতমিতি বা, অস্মিন্নর্থে পূর্ব্বমেবায়ং ময়া পরাজিতোঽস্তি পুনর্নির্লজ্জত্বাদুপাগত ইতি বা বদতি তদা প্রত্যর্পণকালীনা অর্থিপরাজয়কালীনা বা সাক্ষ্যাদয়ঃ প্রদর্শনীয়াঃ। যত্বর্থিনঃ প্রত্যর্থিনো বা সাক্ষ্যাদিকং নাস্তি শপথং বা পরো নানুমন্যতে তদা তদ্বিবাদাস্পদং দ্রব্যমসাক্ষিকত্বাদনাথং নিঃস্বামিকং ভবতি অর্থী চ তন্ন মুঞ্চতি তদা বিশেষতস্তদ্গুপ্তপরগুপ্তগ্রহণাদিনা তৎ পরীক্ষ্যমিতি ॥১৯॥ পরীক্ষোত্তরমপি কিং কার্য্যমত

বাদী ও প্রতিবাদী উপস্থিত হইয়া দুই প্রকার কথা বলিলে, রাজা তাহাদের সাক্ষী আনয়ন করিবেন; কিন্তু তাহাদের সাক্ষী বা বিবাদপরিচালক উপযুক্ত লোক না থাকিলে, রাজা নিজেই বিশেষ পর্য্যালোচনা করিয়া বিচার করিবেন ॥১৯॥

রাজা অপরাধিগণের অপরাধের অনুরূপ দণ্ড দান করিবেন; তাহাতে ধনিগণের অর্থদণ্ড এবং দরিদ্রগণের কারাদণ্ড বিধান করিবেন ॥২০॥

রাজ্ঞো বধং চিকীর্ষেদ্‌যস্তস্য চিত্রো ভবেদ্বধঃ।
আদীপকস্য স্তেনস্য বর্ণসঙ্করিকস্য চ ॥২২॥
সম্যক্ প্রণয়তো দণ্ডং ভূমিপস্য বিশাংপতে।।
যুক্তস্য বা নাস্ত্যধর্ম্মো ধর্ম্ম এব হি শাশ্বতঃ ॥২৩॥
কামকারেণ দণ্ডন্তু যঃ কুর্য্যাদবিচক্ষণঃ।
স ইহাকীর্ত্তিসংযুক্তো মৃতো নরকমৃচ্ছতি ॥২৪॥
ন পরস্য প্রবাদেন পরেষাং দণ্ডমর্পয়েৎ।
আগমানুগমং কৃত্বা বধ্নীয়ান্মোক্ষয়ীত বা ॥২৫॥

ভারতকৌমুদী

রাজ্ঞ ইতি। চিকীর্ষেৎ কর্ত্তুমিচ্ছেৎ, চিত্রঃ কুক্কুরভক্ষণাদিকৃতরূপঃ। আদীপকস্য পরগৃহদাহকস্য, স্তেনস্য প্রচুরপরস্বহারকস্য, বর্ণসঙ্করিকস্য বর্ণসঙ্করজনকস্য ॥২২॥

অথ প্রাণদণ্ডেন মহানধর্ম্মো ভবিতুমর্হতীত্যাহ সম্যগিতি। প্রণয়তঃ কুর্ব্বতঃ, যুক্তস্য বিচারে অবহিতস্য। শাশ্বতো নিত্যঃ ॥২৩॥

সম্যগিত্যস্য ব্যাবৃত্তিমাহ কামেতি। কামকারেণ ইচ্ছয়া ॥২৪॥

নেতি। প্রবাদেন কেনাপি অপরাধপ্রকাশেন, আগমানুগমম্ "অপরাধী ভবেদ্দণ্ড্যঃ" ইতি শাস্ত্রানুসরণং কৃত্বা, বধ্নীয়াৎ কারায়াম্, মোক্ষয়ীত মুঞ্চেৎ ॥২৫॥

ভারতভাবদীপঃ

আহ—অপরাধেতি ॥২০—২১॥ চিত্রোঽনেকধা, আদীপকস্য গৃহাদিদাহকস্য, চিত্র ইতি সর্ব্বত্রানুকৃষ্যতে ॥২২॥ যুক্তস্য যথাশাস্ত্রমবহিতস্য চিত্রবধং কুর্ব্বতোঽপি রাজ্ঞো দোষো নাস্তি প্রত্যুত ধর্ম্ম এবাস্তীত্যর্থঃ ॥২৩—২৪॥ নেতি। পিতুরপরাধে পুত্রো ন দণ্ড্যোঽপি আগমানুগমঃ কার্য্যঃ ত্বং

রাজা বেত্রপ্রহারাদিদ্বারাও দুর্ব্বৃত্তগণকে শিক্ষা দিবেন এবং মধুর বাক্যপ্রয়োগ ও উপহার দানদ্বারা সজ্জনদিগকে পালন করিবেন ॥২১॥

যে লোক রাজাকেই বধ করিবার চেষ্টা করে, কিংবা পরের গৃহ দগ্ধ করে, অথবা প্রচুর পরিমাণে পরের ধন হরণ করে, বা বর্ণসঙ্কর উৎপাদন করে, বিচিত্র ভাবে বধ করাই তাহার উপযুক্ত দণ্ড ॥২২॥

নরনাথ! যে রাজা অবহিত হইয়া সমীচীন ভাবে দণ্ডবিধান করেন, তাঁহার অধর্ম্ম ত হয়ই না; বরং চিরস্থায়ী ধর্ম্মই হইয়া থাকে ॥২৩॥

কিন্তু যে মূর্খ রাজা ইচ্ছানুসারে দণ্ডবিধান করেন, তিনি ইহলোকে নিন্দার পাত্র হন এবং মৃত্যুর পরে নরকে গমন করেন ॥২৪॥

রাজা পরের দোষে পরের দণ্ড বিধান করিবেন না; কিন্তু শাস্ত্রের অনুসরণ করিয়া দণ্ড দান করিবেন, কিংবা মুক্ত করিয়া দিবেন ॥২৫॥

ন তু হন্যান্নৃপো জাতু দূতং কস্যাঞ্চিদাপদি।
দূতস্য হন্তা নিরয়মাবিশেৎ সচিবৈঃ সহ ॥২৬॥
যথোক্তবাদিনং দূতং ক্ষত্রধর্ম্মরতো নৃপঃ।
যো হন্যাৎ পিতরস্তস্য ভ্রূণহত্যামবাপ্নুয়ুঃ ॥২৭॥
কুলীনঃ শীলসম্পন্নো বাগ্মী দক্ষঃ প্রিয়ংবদঃ।
যথোক্তবাদী স্মৃতিমান্ দূতঃ স্যাৎ সপ্তভির্গুণৈঃ ॥২৮॥
এতৈরেব গুণৈর্যুক্তঃ প্রতীহারোঽস্য রক্ষিতা।
শিরোরক্ষশ্চ ভবতি গুণৈরেতৈঃ সমন্বিতঃ ॥২৯॥
ধর্ম্মশাস্ত্রার্থতত্ত্বজ্ঞঃ সান্ধিবিগ্রহিকো ভবেৎ।
মতিমান্ ধৃতিমান্ হ্রীমান্ রহস্যবিনিগূহিতা ॥৩০॥

ভারতকৌমুদী

নেতি। জাতু কদাচিৎ। দূতস্য বার্ত্তামাত্রবহত্বেনাপরাধাভাবাদিতি ভাবঃ ॥২৬॥

দূতহননে দোষান্তরমপ্যাহ যথেতি। ভ্রূণহত্যাং তৎপাপতুল্যপাপম্ ॥২৭॥

দূতাহননে যুক্তিমপ্যাহ কুলীন ইতি। সপ্তভিঃ কুলীনত্বাদিভিঃ ॥২৮॥

এতৈরিতি। এতৈঃ কুলীনত্বাদিভিঃ, প্রতীহারো দ্বারপালঃ, অস্য রাজভবনস্য। শিরোরক্ষঃ শিরঃপ্রভৃতিদেহরক্ষকঃ ॥২৯॥

ধর্ম্মেতি। সান্ধিবিগ্রহিকঃ সন্ধিবিগ্রহাভিজ্ঞঃ। ধৃতিমান্ ধৈর্য্যবান্, হ্রীমান্ লজ্জাশীলঃ,

ভারতভাবদীপঃ

স্বপিতরং পত্রাদিদ্বারা আনীয়োপস্থাপয়েতি তদুপরি পিত্রাগমনস্য পর্য্যনুযোগঃ কার্য্যঃ, তাবৎ পর্য্যন্তং পুত্রং বধ্নীয়াৎ; যদি তু স বদ্ধেঽপি পুত্রে নায়াতি তদা পুত্রমপি মোক্ষয়েৎ। পিতূ রাষ্ট্রান্নির্ব্বাসনরূপস্য দণ্ডস্য তেন স্বত এব সম্পাদিতত্বাদিতি ভাবঃ ॥২৫—২৮॥ প্রতীহারো দ্বারপালঃ, শিরোরক্ষঃ

রাজা কোন সময়ে কোন বিপদেই দূতকে বধ করিবেন না। কেন না, দূতহন্তা রাজা মন্ত্রিগণের সহিত নরকে প্রবেশ করিয়া থাকেন ॥২৬॥

তা'র পর, ক্ষত্রিয়ধর্ম্মে নিরত যে রাজা যথোক্তবাদী দূতকে বধ করেন, তাঁহার পিতৃলোকেরা ভ্রূণহত্যার পাপভাগী হন ॥২৭॥

সৎকুলোৎপন্ন, সৎস্বভাবসম্পন্ন, বাক্‌পটু, কার্য্যনিপুণ, প্রিয়ভাষী, যথোক্তবাদী ও মেধাবী এই সাতটী গুণে দূত হইয়া থাকে ॥২৮॥

রাজভবনরক্ষক দ্বারপালও এই সমস্ত গুণসম্পন্ন হইবে এবং রাজার দেহরক্ষকগণও এই সকল গুণসমন্বিত হইবে ॥২৯॥

ধর্ম্মশাস্ত্রার্থতত্ত্বজ্ঞ, বুদ্ধিমান্, ধৈর্য্যশালী, লজ্জাশীল, গোপ্যবিষয় গোপনকারী,

কুলীনঃ সত্ত্বসম্পন্নঃ শুক্লোঽমাত্যঃ প্রশস্যতে।
এতৈরেব গুণৈর্যুক্তস্তথা সেনাপতির্ভবেৎ ॥৩১॥
ব্যূহযন্ত্রায়ুধানাঞ্চ তত্ত্বজ্ঞো বিক্রমান্বিতঃ।
বর্ষশীতোষ্ণবাতানাং সহিষ্ণুঃ পররন্ধ্রবিৎ ॥৩২॥ (বিশেষকম্)
বিশ্বাসয়েৎ পরাংশ্চৈব বিশ্বসেচ্চ ন কস্যচিৎ।
পুত্রেষ্বপি হি রাজেন্দ্র! বিশ্বাসো ন প্রশস্যতে ॥৩৩॥
এতচ্ছাস্ত্রার্থতত্ত্বন্তু ময়া খ্যাতং তবানঘ!।
অবিশ্বাসো নরেন্দ্রাণাং গুহ্যং পরমমুচ্যতে ॥৩৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি
রাজধর্ম্মে অমাত্যবিভাগে ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

---:*:---

ভারতকৌমুদী

রহস্যবিনিগূহিতা গোপ্যবিষয়গোপনকর্ত্তা। সত্ত্বসম্পন্নো বলবান্, শুক্লো রাগদ্বেষাদিশূন্যচিত্তঃ, অমাত্যঃ সমরসচিবঃ। এতৈরেব কুলীনত্বাদিভিরেব। ব্যূহঃ সৈন্যসন্নিবেশঃ, যন্ত্রাণি গুলিকা-ক্ষেপকাদীনি, আয়ুধানি বাণাদীনি চ তেষাম্ ॥৩০—৩২॥

বিশ্বাসয়েদিতি। বিশ্বাসয়েদাত্মনীতি শেষঃ ॥৩৩॥

ভারতভাবদীপঃ

শিরাংসীব শিরাংসি দুর্গনগরাদীনি প্রধানস্থানানি তদ্রক্ষণকর্ত্তা ॥২৯—৩০॥ এতৈর্ধর্ম্মেত্যাদিভিরমাত্য-গুণৈঃ ॥৩১॥ সেনাপতের্বিশেষগুণানাহ—ব্যূহেতি। ব্যূহঃ সেনায়া নিবেশনপ্রকারবিশেষঃ। যন্ত্রাণি ধনুরাদীনি। আয়ুধানি খড়্গাদীনি ॥৩২—৩৪॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ ॥৮৩॥

---:*:---

সৎকুলোৎপন্ন, বলবান্, নির্দ্দোষ চিত্ত এবং সন্ধিবিগ্রহাভিজ্ঞ লোকই রাজার সমরসচিব হওয়া প্রশস্ত। আর রাজার সেনাপতিও এই সকল গুণসম্পন্নই হইবেন; বিশেষতঃ তিনি ব্যূহ, যন্ত্র (কামানপ্রভৃতি) ও সমস্ত অস্ত্রের তত্ত্বজ্ঞ এবং বিক্রমশালী হইবেন, আর তিনি বর্ষা, শীত, গ্রীষ্ম ও বায়ু সহ্য করিতে পারিবেন এবং তিনি পরচ্ছিদ্র বুঝিতে সক্ষম হইবেন ॥৩০—৩২॥

রাজশ্রেষ্ঠ! রাজা নিজের উপরে অন্যান্যের বিশ্বাস জন্মাইবেন, কিন্তু নিজে কাহারও উপরে বিশ্বাস করিবেন না; এমন কি পুত্রদের উপরেও বিশ্বাস করা প্রশস্ত নহে ॥৩৩॥

* '...পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ নি।

চতুরশীতিতমোঽধ্যায়ঃ।

——:০:——

যুধিষ্ঠির উবাচ।

কথংবিধং পুরাং রাজা স্বয়মাবস্তুমর্হতি।
কৃতং বা কারয়িত্বা বা তন্মে ব্রূহি পিতামহ! ॥১॥

ভীষ্ম উবাচ।

বস্তব্যং যত্র কৌন্তেয়! সপুত্রজ্ঞাতিবন্ধুনা।
ন্যায্যং তত্র পরিপ্রষ্টুং বৃত্তিং গুপ্তিঞ্চ ভারত! ॥২॥
তস্মাত্তে বর্ত্তয়িষ্যামি দুর্গকর্ম্ম বিশেষতঃ।
শ্রুত্বা তথা বিধাতব্যমনুষ্ঠেয়ঞ্চ যত্নতঃ ॥৩॥

ভারতকৌমুদী

এতদিতি। তব সমীপে। গুহ্যং গোপনীয়বিষয়ঃ ॥৩৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

কথমিতি। আবস্তুমধিষ্ঠাতুম্। কৃতমন্যেন, কারয়িত্বা স্বয়ম্ ॥১॥

বস্তব্যমিতি। পুত্রেণ জ্ঞাতিভির্বন্ধুভিশ্চ সহেতি তেন রাজ্ঞা। বৃত্তিং ব্যবহারম্। গুপ্তিং রক্ষাম্ ॥২॥

তস্মাদিতি। বর্ত্তয়িষ্যামি উপস্থাপয়িষ্যামি বক্ষ্যামীত্যর্থঃ। বিধাতব্যং কর্ত্তব্যম্, অনুষ্ঠেয়ঞ্চ তত্রত্যং কর্ম্ম ॥৩॥

নিষ্পাপ যুধিষ্ঠির! এই আমি তোমার নিকট সমস্ত শাস্ত্রের তত্ত্ব বলিলাম; এখন বলিতেছি যে, সর্ব্বত্র অবিশ্বাস করাই রাজাদের পরম গুহ্যবিষয়' ॥৩৪॥

——:*:——

যুধিষ্ঠির বলিলেন—'পিতামহ! রাজা অন্যকৃত কিংবা নিজে করাইয়া কোন্ প্রকার পুরে বাস করিবেন, তাহা আপনি আমার নিকট বলুন' ॥১॥

ভীষ্ম বলিলেন—'ভরতনন্দন কুন্তীপুত্র! রাজা পুত্র, জ্ঞাতি ও বন্ধুবর্গের সহিত যে পুরে বাস করিবেন, সেই পুরের বিষয়ে ব্যবহার ও রক্ষাসম্বন্ধে প্রশ্ন করা তোমার উচিতই হইয়াছে ॥২॥

ষড়্বিধং দুর্গমাস্থায় পুরাণ্যথ নিবেশয়েৎ।
সর্ব্বসম্পৎপ্রধানং যদ্‌বাহুল্যঞ্চাপি সম্ভবেৎ ॥৪॥
ধন্বদুর্গং মহীদুর্গং গিরিদুর্গং তথৈব চ।
মনুষ্যদুর্গং মৃদ্দুর্গং বনদুর্গঞ্চ তানি ষট্ ॥৫॥
যৎপুরং দুর্গসম্পন্নং ধান্যায়ুধসমন্বিতম্।
দৃঢ়প্রাকারপরিখং হস্ত্যশ্বরথসঙ্কুলম্ ॥৬॥
বিদ্বাংসঃ শিল্পিনো যত্র নিচয়াশ্চ সুসঞ্চিতাঃ।
ধার্ম্মিকশ্চ জনো যত্র দাক্ষ্যমুত্তমমাস্থিতঃ ॥৭॥

ভারতকৌমুদী

ষড়িতি। দুর্গং দুর্গমস্থানম্। নিবেশয়েৎ স্থাপয়েৎ। সর্ব্বাভিঃ সম্পদ্ভিঃ প্রধানম্, বাহুল্যং বিশালত্বম্ ॥৪॥

ষড়্বিধত্বমাহ ধন্বেতি। ধন্বদুর্গং মরুভূমিবশাৎ দুর্গমং স্থানম্, "সমানৌ মরুধন্বানৌ" ইত্যমরঃ ॥৫॥

যদিতি। দৃঢ়ঃ প্রাকারঃ প্রাচীরং পরিখা চ যস্য তৎ, হস্ত্যশ্বরথৈন সঙ্কুলং ব্যাপ্তম্। নিচয়া বিবিধশস্ত্ররাশয়ঃ। দাক্ষ্যং সর্ব্বকার্য্যনৈপুণ্যম্ ঊর্জ্জস্বিনো বলবন্তঃ নরা নাগা গজা অশ্বাশ্চ যত্র তৎ, চত্বরৈরঙ্গনৈঃ, আপণৈঃ ক্রয়বিক্রয়গৃহৈশ্চ শোভিতম্। প্রসিদ্ধা ব্যবহারা বিবাদবিচারা যত্র তৎ,

ভারতভাবদীপঃ

কথংবিধমিতি ॥১—৩॥ অথ দুর্গাণামাশ্রয়েণ পুরাণি মহানগরাণি নিবেশয়েৎ ॥৪॥ ধন্বা নির্জ্জলদেশস্তদেব পরিতশ্চ দুর্গং ধন্বদুর্গম্। মহীদুর্গং কোটঃ ॥৫॥ দুর্গেণ মহীদুর্গেণ সম্পন্নম্

অতএব আমি তোমার নিকটে বিশেষভাবে সেই দুর্গকর্ম্ম বলিতেছি। তুমি শ্রবণ করিয়া সেইরূপ বিধান করিবে এবং যত্নপূর্ব্বক তত্রত্য কার্য্যের অনুষ্ঠান করিবে ॥৩॥

যে স্থানটী সর্ব্বপ্রকার সম্পদে প্রধান ও বিস্তৃত হইবে, সেই প্রকার ষড়্বিধ দুর্গ অবলম্বন করিয়া রাজা নগর স্থাপন করিবেন ॥৪॥

সেই দুর্গ ছয় প্রকার—মরুদুর্গ, ভূমিদুর্গ, গিরিদুর্গ, মনুষ্যদুর্গ, মৃত্তিকাদুর্গ ও বনদুর্গ ॥৫॥

যে নগরটী উক্তবিধ কোন দুর্গযুক্ত হইবে, যাহার বাহিরে দৃঢ় প্রাচীর ও গভীর পরিখা থাকিবে এবং মধ্যে ধান্য, অস্ত্র, হস্তী, অশ্ব ও রথ রহিবে; যে নগরে বিদ্বান্, শিল্পী, ধার্ম্মিক ও সর্ব্বকার্য্যনিপুণ লোক সকল অবস্থান করিবেন এবং নানাবিধ শস্য সঞ্চিত থাকিবে; যে নগরে বলবান্ মানুষ, হস্তী ও অশ্ব বিচরণ করিবে, বহুতর

(৫)···ধন্বদুর্গম্···বর্দ্ধ।

ঊর্জ্জস্বিনরনাগাশ্বং চত্বরাপণশোভিতম্।
প্রসিদ্ধব্যবহারঞ্চ প্রশান্তমকুতোভয়ম্ ॥৮॥
সুপ্রভং সানুনাদঞ্চ সুপ্রশস্তনিবেশনম্।
শূরাঢ্যজনসম্পন্নং ব্রহ্মঘোষানুনাদিতম্ ॥৯॥
সমাজোৎসবসম্পন্নং সদাপূজিতদৈবতম্।
বশ্যামাত্যবলো রাজা তৎপুরং স্বয়মাবিশেৎ ॥১০॥ (কুলকম্)
তত্র কোশং বলং মিত্রং ব্যবহারঞ্চ বর্দ্ধয়েৎ।
পুরে জনপদে চৈব সর্ব্বদোষান্নিবর্ত্তয়েৎ ॥১১॥
ভাণ্ডাগারায়ুধাগারং প্রযত্নেনাভিবর্দ্ধয়েৎ।
নিচয়ান্ বর্দ্ধয়েৎ সর্ব্বাংস্তথা যন্ত্রায়ুধালয়ান্ ॥১২॥

ভারতকৌমুদী

প্রশান্তং নিরুপদ্রবম্। সুপ্রভমত্যুজ্জ্বলম্, অনুনাদৈর্গীনাদিধ্বনিভিঃ সহেতি তৎ, সুপ্রশস্তানি নিবেশনানি গৃহাণি যত্র তৎ, শূরৈর্বীরৈঃ আঢ্যজনৈর্ধনিজনৈশ্চ সম্পন্নম্, ব্রহ্মঘোষৈর্বেদধ্বনিভিরনুনাদিতম্। সমাজেষু লোকসভাসু যে উৎসবা যাত্রাস্তৈঃ সম্পন্নম্, পূজিতানি দৈবতানি দেবা যত্র তৎ, দেবালয়যুক্তমিত্যর্থঃ। বশ্যানি রাজ্ঞ এবাধীনানি অমাত্যাঃ সচিবা বলানি সৈন্যানি চ যস্য সঃ ॥৬—১০॥

তত্রেতি। ব্যবহারং ক্রয়বিক্রয়াচরণম্। সর্ব্বদোষান্ জ্বররোগকারণাদীন্ ॥১১॥

ভাণ্ডেতি। ভাণ্ডাগারং কোশগৃহম্। নিচয়ান্ শস্যাদিরাশীন্ ॥১২॥

চত্বর (পার্ক) ও নানাবিধ দ্রব্যের দোকান সাজান থাকিবে, সর্ব্বপ্রকার বিবাদের বিচারালয় রহিবে এবং কোন প্রকার উপদ্রব বা ভয় থাকিবে না, যে নগরে গৃহ সকল সুন্দর ও উজ্জ্বল হইবে, গীত, বাদ্য ও বেদধ্বনি চলিতে থাকিবে এবং বীরজন ও ধনিজন বিচরণ করিবেন, আর যে নগরে ভিন্ন ভিন্ন জনসমাজে নানাবিধ উৎসব হইতে থাকিবে এবং সর্ব্বদাই দেবালয়সমূহে দেবগণ পূজিত হইতে থাকিবেন, সেইরূপ নগরে রাজা নিজে বাস করিবেন এবং সেই নগরেই মন্ত্রিপ্রভৃতি রাজকর্ম্মচারিগণ রাজার বশীভূত হইয়া অবস্থান করিবেন, সৈন্যগণও রাজার আজ্ঞাবহ হইয়া সেই নগরেই বাস করিবে ॥৬—১০॥

রাজা সেই নগরে কোশ, সৈন্য, মিত্র ও বাণিজ্য বর্দ্ধিত করিবেন এবং সেই নগরের ও দেশের সমস্ত দোষ (ম্যালেরিয়াপ্রভৃতি) নিবারিত করিবেন ॥১১॥

ধনাগার ও অস্ত্রাগার সকল যত্নপূর্ব্বক বর্দ্ধিত করিবেন এবং সমস্ত শস্যরাশি ও যন্ত্রালয় (কামানপ্রভৃতি নির্ম্মাণ গৃহ) বৃদ্ধি করিবেন ॥১২॥

(৯)···শূরাঢ্যং প্রাজ্ঞসম্পূর্ণম্···নি। (১২)···তথা যন্ত্রকটং কটান্···নি।

কাষ্ঠলোহতুষাঙ্গারদারুশৃঙ্গাস্থিবৈণবান্ ।
মজ্জাস্নেহবসাক্ষৌদ্রমৌষধগ্রামমেব চ ॥১৩॥
শণং সর্জ্জরসং ধান্যমায়ুধানি শরাংস্তথা ।
চর্ম্ম স্নায়ুং তথা বেত্রং মুঞ্জবল্বজবন্ধনান্ ॥১৪॥ (যুগ্মকম)
আশয়াশ্চোদপানাশ্চ প্রভূতসলিলাকরাঃ ।
নিরোদ্ধব্যাঃ সদা রাজ্ঞা ক্ষীরিণশ্চ মহীরুহাঃ ॥১৫॥
সৎকৃতাশ্চ প্রযত্নেন আচার্য্যর্ত্বিক্‌পুরোহিতাঃ ।
মহেম্বাসাঃ স্থপতয়ঃ সাংবৎসরচিকিৎসকাঃ ॥১৬॥
প্রাজ্ঞা মেধাবিনো দান্তা দক্ষাঃ শূরা বহুশ্রুতাঃ ।
কুলীনাঃ সত্ত্বসম্পন্না যুক্তাঃ সর্ব্বেষু কর্ম্মসু ॥১৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

কাষ্ঠেতি। বৈণবো বংশঃ, স্নেহো ঘৃতাদিঃ, ক্ষৌদ্রং মধু, ঔষধানাং গ্রামং সমূহম্। সর্জ্জরসং ধূপম্। আয়ুধানি শূলাদীনি। মুঞ্জাদয়স্তৃণবিশেষাস্তান্ সংগৃহ্লীয়াদিতি শেষঃ। এতেষান্তু ভিন্ন-ভিন্নপ্রয়োজনসাধনায় সংগ্রহ ইতি বোধ্যম্ ॥১৩—১৪॥

আশয়া ইতি। আশয়া জলাধারাঃ, উদপানাঃ কূপাঃ, প্রভূতসলিলাকরাঃ প্রচুরখাতানি, নিরোদ্ধব্যা রক্ষণীয়াঃ ॥১৫॥

রাষ্ট্র ইতি। অনুজীবন্তি স্বস্ববৃত্তিমেবাশ্রিত্য জীবিকাং নির্ব্বাহয়ন্তি। সর্ব্বেষামমাত্যানাঞ্চ, সর্ব্বশঃ সর্ব্বেষাম্, মধ্যস্থানামুদাসীনানাঞ্চ মধ্যে, যে জনাঃ, ত্বা ত্বাম্। সুপরিণীতান্ সদ্ব্যবহারেণ সৎকৃতান্ ॥১৭—১৮॥

একান্তেনেতি। সর্ব্বেষাং ন শক্যং কিন্তু কিয়তাং শক্যমেবেত্যর্থঃ ॥১৯॥

গত দিবসে আমার যে কার্য্য হইয়া গিয়াছে, লোকে তাহার প্রশংসা করে কি না? ইহা অভিমত গুপ্তচরদ্বারা রাজা রাজ্যমধ্যে অনুসন্ধান করিবেন ॥১৫॥

প্রজারা যদি আমার বৃত্তান্ত জানে, তবে তাহারা তাঁহার প্রশংসা করে কি না? এবং আমার যশ দেশবাসী ও রাজ্যবাসী ধর্ম্মজ্ঞ ও ধৈর্য্যশীল বীরগণের অভিপ্রেত হইতেছে কি না? (গুপ্তচরদ্বারা রাজা ইহারও অনুসন্ধান লইবেন) ॥১৬॥

যুধিষ্ঠির! তোমার রাজ্যমধ্যে যাহারা আপন আপন বৃত্তি অবলম্বন করিয়া জীবিকা নির্ব্বাহ করিতেছে, যাহারা রাজার অনুগ্রহে জীবন ধারণ করিতেছে এবং সমস্ত অমাত্য ও সকল উদাসীনের মধ্যে যাহারা তোমার প্রশংসা বা নিন্দা করে, তুমি তাঁহাদের সকলকেই আদর করিবে ॥১৭—১৮॥

ভরতনন্দন বৎস! মিত্র, অমিত্র ও মধ্যবর্ত্তী এই সকল লোকের মধ্যে সকলেরই অত্যন্ত প্রিয় হওয়া যায় না' ॥১৯॥

---

(১৬) জানীত যদি মে বৃত্তম্...নি।

যুধিষ্ঠির উবাচ।

তুল্যবাহুবলানাঞ্চ তুল্যানাঞ্চ গুণৈরপি।
কথং স্যাদধিকঃ কশ্চিৎ স চ ভুঞ্জীত মানবান্ ॥২০॥

ভীষ্ম উবাচ।

যচ্চরা হ্যচরানদ্যুরদংষ্ট্রান্ দংষ্ট্রিণস্তথা।
আশীবিষা ইব ক্রুদ্ধা ভুজগান্ ভুজগা ইব ॥২১॥
এতেভ্যশ্চাপ্রমত্তঃ স্যাৎ সদা শত্রোর্যুধিষ্ঠির!।
ভারুণ্ডসদৃশা হ্যেতে নিপতন্তি প্রমাদ্যতঃ ॥২২॥
কচ্চিত্তে বণিজো রাষ্ট্রে নোদ্বিজন্তি করাদ্দিতাঃ।
ক্রীণন্তো বহুনাল্পেন কান্তারকৃতবিশ্রমাঃ ॥২৩॥

ভারতকৌমুদী

তুল্যেতি। উভয়ত্রাপি নির্দ্ধারণে ষষ্ঠী। ভুঞ্জীত আয়ত্তীকুর্ব্বীত ॥২০॥

যদিতি। চরা জঙ্গমা ব্যাঘ্রাদয়ঃ, অচরান্ স্থাবরান্ বৃহৎসর্পাদীনিব, দংষ্ট্রিণো দন্তশালিনঃ কুম্ভীরাদয়ঃ, অদংষ্ট্রান্ দন্তহীনান্ মৎস্যাদীনিব, ক্রুদ্ধা আশীবিষাস্তীক্ষ্ণবিষা ভুজগাঃ, ভুজগান্ অতীক্ষ্ণবিষান্ সর্পানিব, যৎ অদ্যুঃ দুর্ব্বলান্ ভক্ষয়েয়ুঃ, তৎ তুল্যবাহুবলানাং গুণৈস্তুল্যানাঞ্চ মধ্যে, কশ্চিৎ কিঞ্চিদ্বিশেষাদধিকঃ স্যাদিতি ভাবঃ ॥২১॥

এতেভ্য ইতি। হে যুধিষ্ঠির! শত্রোরিব এতেভ্যঃ হিংস্রচরাদিভ্যঃ, সদৈব মানুষঃ অপ্রমত্তঃ সাবধানঃ স্যাৎ। অন্যথা এতে ভারুণ্ডসদৃশাঃ শ্যেনতুল্যাঃ সন্তঃ, প্রমাদ্যতঃ অনবধানস্য জনস্যোপরি, নিপতন্তি ॥২২॥

যুধিষ্ঠির বলিলেন—'যাহাদের বাহুবল সমান এবং যাহারা গুণেও তুল্য, তাহাদের মধ্যে কোন লোক কি করিয়া শ্রেষ্ঠ হইয়া যায়? এবং কি করিয়াই বা সে অন্যান্য লোককে আপন বশে রাখে' ॥২০॥

ভীষ্ম বলিলেন—'যুধিষ্ঠির! জঙ্গম প্রাণীরা যেমন স্থাবর প্রাণিগণকে, দন্তশালী প্রাণিগণ যেমন দন্তহীন প্রাণিগণকে এবং ক্রুদ্ধ তীক্ষ্ণবিষ সর্পগণ যেমন বিষহীন সর্পগণকে ভক্ষণ করে, তেমন সমান বাহুবল ও সমান গুণশালী ব্যক্তিগণের মধ্যে কোন ব্যক্তি কিঞ্চিৎ বিশেষ কারণবশতই অধিক হইয়া থাকে ॥২১॥

যুধিষ্ঠির! মানুষ শত্রুর ন্যায় এই দংষ্ট্রিপ্রভৃতির নিকটে সর্ব্বদাই সাবধান হইয়া থাকিবে। না হইলে এই দংষ্ট্রিপ্রভৃতি প্রাণীরা শ্যেনপক্ষীর ন্যায় অসাবধান লোকের উপরে যাইয়া পতিত হয় ॥২২॥

---

(২২)···নিপতন্তি প্রমাদতঃ···বঙ্গ বর্দ্ধ নি।

কচ্চিৎ কৃষিকরা রাষ্ট্রং ন জহত্যতিপীড়িতাঃ।
যে বহন্তি ধুরং রাজ্ঞাং তে ভরন্তীতরানপি ॥২৪॥
ইতো দত্তেন জীবন্তি দেবাঃ পিতৃগণাস্তথা।
মানুষোরগরক্ষাংসি বয়াংসি পশবস্তথা ॥২৫॥
এষা তে রাষ্ট্রবৃত্তিশ্চ রাষ্ট্রগুপ্তিশ্চ ভারত।
এতমেবার্থমাশ্রিত্য ভূয়ো বক্ষ্যামি পাণ্ডব! ॥২৬॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি
রাজধর্ম্মে রাষ্ট্রগুপ্তৌ সপ্তাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:০:———

ভারতকৌমুদী

কচ্চিদিতি। বহুনা অল্পেন চ মূল্যেন, বহুদূরে দ্রব্যাণি ক্রীণন্তঃ। অতএব আগমনকালে, কান্তারেষু মহারণ্যেষু, কৃতবিশ্রমাঃ। এতেন বণিজামায়াসবাহুল্যং দর্শিতম্ ॥২৩॥

কচ্চিদিতি। জহতি ত্যজন্তি, অতিপীড়িতাঃ করভারেণ। ধুরং ভারম্, ভরন্তি নানাবিধশস্যৈঃ পুষ্ণন্তি। উপকারিণঃ পীড়নমতীবান্যায্যমিতি ভাবঃ ॥২৪॥

ইত ইতি। ইতঃ অস্মিন্ মর্ত্ত্যলোকে, দত্তেন হবিরন্নাদিনা। বয়াংসি পক্ষিণঃ ॥২৫॥

এষেতি। রাষ্ট্রস্য বৃত্তিরবস্থা, গুপ্তিঃ পালনম্। অর্থং বিষয়ম্ ॥২৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে সপ্তাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

ইত্যর্থঃ ॥১২॥ বিদ্বষো বিদ্বাংসঃ ॥১৩॥ সঙ্গো ব্যসনস্তেতি শেষঃ ॥১৪—১৮॥ সুপরিণীতান্ সৎকৃতান্ ॥১৯॥ তুল্যেষু কথমিতর ইতরং ভুঞ্জীতেতি প্রশ্নঃ। বলবানেব দুর্ব্বলং ভুঞ্জীত তুল্যস্ত্বাত্মানং রক্ষেচ্ছলেন চ তং ভুঞ্জীতেত্যুত্তরমাহ—তুল্যেতি ত্রিভিঃ ॥২০—২১॥ ভারুণ্ডো গৃধ্রঃ ॥২২—২৬॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তাশীতিতমোঽধ্যায়ঃ ॥৮৭॥

পাণ্ডুনন্দন! যাহারা দূরদেশে যাইয়া বহুমূল্যে বা অল্পমূল্যে দ্রব্য ক্রয় করিয়া মহাবন মধ্যে আসিয়া বিশ্রাম করে, সেই বণিকেরা তোমার রাজ্যে করভারে পীড়িত হইয়া উদ্বিগ্নচিত্তে বাস করে না ত? ॥২৩॥

যুধিষ্ঠির! যে কৃষকেরা রাজাদের ভার বহন করে, তাহারা অন্যান্য লোকদিগেরও ভরণপোষণ করিয়া থাকে। এহেন কৃষকেরা করভারে অত্যন্ত পীড়িত হইয়া তোমার রাজ্য পরিত্যাগ করে না ত? ॥২৪॥

এই মর্ত্ত্যলোকে যে সকল হবি ও অন্নপ্রভৃতি দেওয়া হয়, তাহাতেই দেবগণ, পিতৃগণ, মনুষ্যগণ, নাগগণ, রাক্ষসগণ, পক্ষিগণ ও পশুগণ জীবন ধারণ করেন ॥২৫॥

(২৬)···প্রোক্তোদ্দিষ্টৈতমেবার্থম্···নি। * '···একোননবতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ নি।

অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ।

ভীষ্ম উবাচ।

যানঙ্গিরাঃ ক্ষত্রধর্ম্মানুতথ্যো ব্রহ্মবিত্তমঃ।
মান্ধাত্রে যৌবনাশ্বায় প্রীতিমানভ্যভাষত ॥১॥
স যথানুশশাসৈনমুতথ্যো ব্রহ্মবিত্তমঃ।
তত্তেঽহং সংপ্রবক্ষ্যামি নিখিলেন যুধিষ্ঠির। ॥২॥ (যুগ্মকম্)

উতথ্য উবাচ।

ধর্ম্মায় রাজা ভবতি ন কামকরণায় তু।
মান্ধাতরিতি জানীহি রাজা লোকস্য রক্ষিতা ॥৩॥
রাজা চরতি চেদ্ধর্ম্মং দেবত্বায়ৈব কল্পতে।
স চেদধর্ম্মং চরতি নরকায়ৈব গচ্ছতি ॥৪॥

ভারতকৌমুদী

যানিতি। অঙ্গিরা অঙ্গিরসঃ পুত্রঃ, উতথ্যো নাম, ব্রহ্মবিত্তমঃ বেদজ্ঞশ্রেষ্ঠঃ। যৌবনাশ্বায় যুবনাশ্বপুত্রায়। অনুশশাস উপদিদেশ, এনং মান্ধাতারম্। নিখিলেন সাকল্যেন ॥১—২॥

ধর্ম্মায়েতি। ধর্ম্মায় ধর্ম্মসংস্থাপনায়। কামকরণায় অভিলাষপূরণায় ॥৩॥

রাজেতি। কল্পতে প্রভবতি দেবত্বমেব লভত ইত্যর্থঃ ॥৪॥

ভরতনন্দন! এই আমি তোমার নিকটে রাজ্যের অবস্থা ও রাজাদের রক্ষার উপায় বলিলাম; পাণ্ডুনন্দন! এই বিষয় লইয়াই আরও আমি বলিতেছি' ॥২৬॥

ভীষ্ম বলিলেন—'যুধিষ্ঠির! অঙ্গিরার পুত্র বেদজ্ঞশ্রেষ্ঠ উতথ্য সন্তুষ্টচিত্তে যুবনাশ্বের পুত্র মান্ধাতার নিকটে যে ক্ষত্রিয়ধর্ম্মের কথা বলিয়াছিলেন এবং সেই বেদজ্ঞশ্রেষ্ঠ উতথ্য যে ভাবে মান্ধাতাকে উপদেশ দিয়াছিলেন, সেই সমস্ত বিষয় আমি তোমার নিকট বলিতেছি' ॥১—২॥

উতথ্য বলিলেন—'মান্ধাতা! তুমি জানিয়া রাখ যে, রাজা ধর্ম্ম স্থাপনের জন্যই জন্মিয়া থাকেন, কিন্তু অভিলাষ পূরণের জন্য নহে এবং রাজাই জগতের রক্ষক ॥৩॥

(২)···তত্তেসর্ব্বং প্রবক্ষ্যামি···বঙ্গ বর্দ্ধ। ···তত্তে চ সংপ্রবক্ষ্যামি···পি।

ধর্ম্মে তিষ্ঠন্তি ভূতানি ধর্ম্মো রাজনি তিষ্ঠতি।
তং রাজা সাধু যঃ শাস্তি স রাজা পৃথিবীপতিঃ ॥৫॥
রাজা পরমধর্ম্মাত্মা লক্ষ্মীবান্ ধর্ম্ম উচ্যতে।
দেবাশ্চ গর্হাং গচ্ছন্তি ধর্ম্মো নাস্তীতি চোচ্যতে ॥৬॥
স্বধর্ম্মে বর্ত্তমানানামর্থসিদ্ধিঃ প্রদৃশ্যতে।
তদেব মঙ্গলং লোকঃ সর্ব্বঃ সমনুবর্ত্ততে ॥৭॥
উচ্ছিদ্যতে ধর্ম্মবৃত্তমধর্ম্মো বর্ত্ততে মহান্।
ভয়মাহুর্দিবারাত্রং যদা পাপো ন বার্য্যতে ॥৮॥

ভারতকৌমুদী

ধর্ম্ম ইতি। ধর্ম্মে তিষ্ঠতি। ধরতীতি ধর্ম্ম ইতি ব্যুৎপত্তেরিতি ভাবঃ ॥৫॥

রাজেতি। লক্ষ্মীবানিতি মোপধত্বাৎ বত্বঃ। ধর্ম্মাভাবে কিং স্যাদিত্যাহ দেবাশ্চেতি। গর্হাং নিন্দাম্ অমঙ্গলনিবারণাসামর্থ্যাদিত্যাশয়ঃ। ধর্ম্মো নাস্তীতি চোচ্যতে, তেন চ লোকা অধর্ম্মমাচরন্তীতি ভাবঃ ॥৬॥

স্বেতি। অর্থসিদ্ধিঃ কার্য্যনিষ্পত্তিঃ। মঙ্গলং মঙ্গলজনকম্ ॥৭॥

উদিতি। ধর্ম্মবৃত্তং ধর্ম্মব্যবহারঃ। ন বার্য্যতে কেনাপীতি শেষঃ ॥৮॥

ভারতভাবদীপঃ

এবং স্বাম্যাদিপ্রকৃতিষট্কং নিরূপ্য প্রকীর্ণকান্ ধর্ম্মান্ বক্তুমুতথ্যমান্ধাতৃসংবাদং বামদেবগীতাঞ্চারভতে—যানঙ্গিরা ইত্যাদিনাধ্যায়পঞ্চকেন। অঙ্গিরাঃ আঙ্গিরসঃ ॥১—৫॥ দেবা ইতি।

রাজা যদি ধর্ম্মাচরণ করেন, তাহা হইলে তিনি দেবত্ব লাভ করিতে পারেন; আর তিনি যদি অধর্ম্মাচরণ করেন, তাহা হইলে তিনি নরকেই গমন করেন ॥৪॥

সমস্ত ভূত ধর্ম্মে অবস্থান করে, সেই ধর্ম্ম আবার রাজাতে থাকে; সুতরাং যে রাজা সমীচীনভাবে সেই ধর্ম্ম রক্ষা করেন, তিনিই পৃথিবীর অধিপতি হইতে পারেন ॥৫॥

লোকে পরমধর্ম্মাত্মা ও রাজলক্ষ্মীসম্পন্ন রাজাকেই ধর্ম্ম বলে। সেই ধর্ম্ম না থাকিলে দেবতারা নিন্দার পাত্র হন এবং মানুষও 'ধর্ম্ম নাই' এই কথা বলিতে থাকে ॥৬॥

যাহারা স্বধর্ম্মে থাকে, তাহাদেরই কার্য্যসিদ্ধি হইতে দেখা যায়; সুতরাং সেই ধর্ম্মই মঙ্গল এবং সমস্ত লোক তাহারই অনুসরণ করে ॥৭॥

যখন রাজা বা অন্য কোন মহাপুরুষ পাপের নিবৃত্তি না করেন, তখন ধর্ম্মব্যবহার

(৬) রাজাপরাধামান্ধাতর্লক্ষ্মীবান্ পাপ উচ্যতে···নি, দেবাশ্চ গেহাদ্গচ্ছন্তি···বৰ্দ্ধ।

মমেদমিতি নৈবৈতৎ সাধূনাং তাত ! ধর্ম্মতঃ।
ন বৈ ব্যবস্থা ভবতি যদা পাপো ন বার্য্যতে ॥৯॥
নৈব ভার্য্যা ন পশবো ন ক্ষেত্রং ন নিবেশনম্।
সংদৃশ্যেত মনুষ্যাণাং যদা পাপবলং ভবেৎ ॥১০॥
দেবাঃ পূজাং ন জানন্তি ন স্বধাং পিতরস্তদা।
ন পূজ্যন্তে হ্যতিথয়ো যদা পাপো ন বার্য্যতে ॥১১॥
ন বেদানধিগচ্ছন্তি ব্রতবন্তো দ্বিজাতয়ঃ।
ন যজ্ঞাংস্তন্বতে বিপ্রা যদা পাপো ন বার্য্যতে ॥১২॥
বৃদ্ধানামিব সত্ত্বানাং মনো ভবতি বিহ্বলম্।
মনুষ্যাণাং মহারাজ ! যদা পাপো ন বার্য্যতে ॥১৩॥

ভারতকৌমুদী

মমেতি। ইদং দ্রব্যং মমেত্যেতৎ, সাধূনামপি ধর্ম্মত আচরণং ন ভবিতুমর্হতি, ন বা ইদমস্যেতি ব্যবস্থা চ ভবতি, উভয়ত্রাপি প্রবলৈরন্যথাকরণাদিত্যাশয়ঃ ॥৯॥

নেতি। নিবেশনং গৃহম্। সর্ব্বত্রৈব বলবদ্ভির্গ্রহণাদিত্যভিপ্রায়ঃ ॥১০॥

দেবা ইতি। স্বধাং পিতৃভ্যো দেয়মন্নম্, "স্বধা বৈ পিতৃণামন্নম্" ইতি স্মার্ত্তধৃতশ্রুতেঃ ॥১১॥

নেতি। ব্রতবন্তো ব্রহ্মচর্য্যবন্তঃ। তন্বতে বিস্তারেণানুতিষ্ঠন্তি ॥১২॥

বৃদ্ধানামিতি। সত্ত্বানাং যূনামপি প্রাণিনাম্, বিহ্বলং দুর্ব্বলত্বাদাকুলম্ ॥১৩॥

লুপ্ত হইয়া যায়, গুরুতর অধর্ম্ম চলিতে থাকে এবং মানুষের দিবারাত্রই নানাবিধ ভয় উৎপন্ন হয় ॥৮॥

বৎস ! যখন কেহই পাপের নিবৃত্তি করে না, তখন ধর্ম্মানুসারে সাধুজনেরও 'ইহা আমার' এইরূপ ব্যবহার হয় না, কিংবা কোন ব্যবস্থাই থাকে না ॥৯॥

যখন মনুষ্যদের মধ্যে প্রবল পাপ চলিতে থাকে, তখন ভার্য্যা, পশু, ক্ষেত্র ও গৃহপ্রভৃতি বস্তু সকল কোন নির্দ্দিষ্ট ব্যক্তিরই স্থির থাকিতে দেখা যায় না ॥১০॥

যখন কেহ পাপের নিবৃত্তি করে না, তখন দেবতারা পূজার বৃত্তান্ত জানেন না, পিতৃলোকেরা শ্রাদ্ধের সংবাদ রাখেন না এবং অতিথিরাও সমাদৃত হন না ॥১১॥

যখন কেহ পাপের নিবারণ করে না, তখন দ্বিজাতিরা ব্রহ্মচারী হইয়া বেদাধ্যয়ন করেন না এবং ব্রাহ্মণেরাও বিস্তারক্রমে যজ্ঞের অনুষ্ঠান করেন না ॥১২॥

মহারাজ ! যখন মনুষ্যদের মধ্যে কেহই পাপের নিবৃত্তি করে না, তখন বৃদ্ধদের ন্যায় যুবকদেরও মন দুর্ব্বল হইয়া যায় ॥১৩॥

---

(৯)···ইদং মম ইদং নেতি···নি। (১৩) বধ্যানামিব সত্ত্বানাম্···নি।

উভৌ লোকাবভিপ্রেক্ষ্য রাজানমৃষয়ঃ স্বয়ম্।
অসৃজন্ সুমহদ্ভূতময়ং ধর্ম্মো ভবিষ্যতি ॥১৪॥
যস্মিন্ ধর্ম্মো বিরাজেত তং রাজানং প্রচক্ষতে।
যস্মিন্ বিলীয়তে ধর্ম্মস্তং দেবা বৃষলং বিদুঃ ॥১৫॥
বৃষো হি ভগবান্ ধর্ম্মো যস্তস্য কুরুতে হ্যলম্।
বৃষলং তং বিদুর্দেবাস্তস্মাদ্ধর্ম্মং বিবর্দ্ধয়েৎ ॥১৬॥
ধর্ম্মে বর্দ্ধতি বর্দ্ধন্তি সর্ব্বভূতানি সর্ব্বদা।
তস্মিন্ হ্রসতি হীয়ন্তে তস্মাদ্ধর্ম্মং ন লোপয়েৎ ॥১৭॥

ভারতকৌমুদী

উভাবিতি। ভূতং প্রাণিনম্, ধর্ম্মো ধর্ম্মরক্ষকঃ ॥১৭॥

যস্মিন্নিতি। রাজতে অস্মিন্নিতি রাজা, বৃষো লীয়তে অস্মিন্নিতি বৃষলঃ। উভয়মপি পৃষোদরাদিত্বাৎ সাধু ॥১৫॥

বৃষলশব্দস্য যোগাহৃয়মাহ বৃষ ইতি। বর্ষতি মঙ্গলমিতি বৃষঃ। "স্যাদ্ধর্ম্মমস্ত্রিয়াং পুণ্যশ্রেয়সী সুকৃতং বৃষঃ" ইত্যমরঃ। অলং বারণম্। "অলং ভূষণপর্য্যাপ্তিশক্তিবারণবাচকম্" ইত্যমরঃ। অত্রার্থেঽপি পৃষোদরাদিত্বাদলংশব্দস্যাকারলোপঃ ॥১৬॥

ধর্ম্ম ইতি। বর্দ্ধতি বর্দ্ধমানে। হীয়ন্তে সর্ব্বভূতানীতি সম্বন্ধঃ ॥১৭॥

ভারতভাবদীপঃ

যদা পাপো ন বার্য্যতে তদা দৈবতনিন্দাদয়ো দোষাঃ প্রবর্ত্তন্ত ইতি সাৰ্দ্ধত্রয়ম্ ॥৬—১২॥ বৃদ্ধানাং শস্ত্রেণ ছিন্নদেহানাম্ ॥১৩॥ ধর্ম্মো ধর্ম্মপালঃ ॥১৪—১৫॥ অলং বারণং ছেদনমিতি যাবৎ। তেন বৃষং লুনাতি ছিনত্তীতি বৃষল ইতি যোগো দর্শিতঃ ॥১৬—১৭॥ ধর্ম্মপদস্য দ্বেধা ব্যুৎপত্তিমাহ—

পূর্ব্বকালে স্বয়ং ঋষিরাই ইহলোক ও পরলোকের দিকে দৃষ্টি রাখিয়া 'এবং ইনিই ধর্ম্মের রক্ষক হইবেন' ইহা মনে করিয়া অতি মহাভূতস্বরূপ রাজাকে সৃষ্টি করিয়াছিলেন ॥১৪॥

যাহাতে ধর্ম্ম বিরাজমান থাকে, মনস্বীরা তাঁহাকেই রাজা বলেন এবং যাহাতে ধর্ম্ম লয় পায়, দেবতারা তাহাকেই বৃষল (শূদ্র) মনে করেন ॥১৫॥

অথবা বৃষশব্দের অর্থ—ভগবান্ ধর্ম্ম; যে ব্যক্তি সেই ধর্ম্মের নিবারণ করে, মনস্বীরা তাহাকেই বৃষল বলিয়া জানেন; অতএব মানুষ ধর্ম্মের বৃদ্ধিই করিবে ॥১৬॥

কারণ, ধর্ম্ম বৃদ্ধি পাইলে সর্ব্বভূতই সর্ব্বদা বৃদ্ধি পায় এবং ধর্ম্ম হ্রাস পাইতে থাকিলে সর্ব্বভূতই হ্রাস পাইতে থাকে; অতএব কেহই সেই ধর্ম্মের লোপ করিবে না ॥১৭॥

---

(১৪)···মুনয়োঽথ মহদ্ভূতম্·· নি। (১৬) কুরুতে লয়ম্ নি।

ধনাৎ স্রবতি ধর্ম্মো হি ধারণাদ্বেতি নিশ্চয়ঃ।
অকার্য্যাণাং মনুষ্যেন্দ্র! স সীমান্তকরঃ স্মৃতঃ ॥১৮॥
প্রভবার্থং হি ভূতানাং ধর্ম্মঃ সৃষ্টঃ স্বয়ম্ভুবা।
তস্মাৎ প্রবর্ত্তয়েদ্ধর্ম্মং প্রজানুগ্রহকারণাৎ ॥১৯॥
তস্মাদ্ধি রাজশার্দ্দূল! ধর্ম্মঃ শ্রেষ্ঠতরঃ স্মৃতঃ।
স রাজা যঃ প্রজাঃ শাস্তি সাধুকৃৎ পুরুষর্ষভ! ॥২০॥
কামক্রোধবনাদৃত্য ধর্ম্মমেবানুপালয়।
ধর্ম্মঃ শ্রেয়স্করতমো রাজ্ঞাং ভরতসত্তম! ॥২১॥
ধর্ম্মস্য ব্রাহ্মণো যোনিস্তস্মাত্তান্ পূজয়েৎ সদা।
ব্রাহ্মণানাঞ্চ মান্ধাতঃ! কুর্য্যাৎ কামানমৎসরী ॥২২॥

ভারতকৌমুদী

ধনাদিতি। যো ধনাৎ ধনমুদ্দিশ্য, স্রবতি সমাজে ক্ষরতি, স ধর্ম্মঃ, লোকস্য ধারণাদ্বা ধর্ম্মঃ, উভয়ত্রাপি পৃষোদরাদিত্বান্নিপাতঃ। হে মনুষ্যেন্দ্র! স চ ধর্ম্মঃ অকার্য্যাণাম্ অকার্য্যফলানাং দুঃখানাং সীমান্তকরঃ শেষকারী, স্মৃতঃ ॥১৮॥

প্রেতি। প্রভবার্থং লোকানাং মঙ্গলোৎপত্ত্যর্থম্ ॥১৯॥

তস্মাদিতি। সাধুকৃৎ সৎকর্ম্মকারী ॥২০॥

কামেতি। অনাদৃত্য নিবার্য্য। শ্রেয়স্করতমঃ অতীবমঙ্গলকরঃ ॥২১॥

ভারতভাবদীপঃ

ধনাদিতি। ধনবাচী নান্তো ধনশব্দঃ অর্ত্তের্গত্যর্থান্মক্প্রত্যয়ে ততো নলোপগুণৌ ধনাদি স্রবতীতি ধর্ম্ম ইত্যর্থঃ। ধনাদিতি পঞ্চমী তু ধনং প্রাপয়িতুং স্রবতি দ্রবতি কৃপায়ত ইতি ল্যব্লোপে জ্ঞেয়া। ধারণাদ্বা ধর্ম্মঃ ধৃঞো মন্প্রত্যয়ঃ। সীমান্তকরঃ যাবৎ পাপং তাবদ্যাতনাকর ইত্যর্থঃ ॥১৮—২২॥

যে, মনুষ্যসমাজের ধন লক্ষ্য করিয়া প্রবৃত্ত হয়, কিংবা যে ধারণ করে, তাহাই ধর্ম্ম ইহা নিশ্চয়। তা'র পর, মনুষ্যশ্রেষ্ঠ! সেই ধর্ম্মই অকার্য্যের ফল দুঃখ বিনষ্ট করে ॥১৮॥

ব্রহ্মা প্রাণিগণের মঙ্গলের জন্যই ধর্ম্মকে সৃষ্টি করিয়াছেন; অতএব রাজা প্রজাবর্গের প্রতি অনুগ্রহ করিবার নিমিত্তই প্রজাসমাজে ধর্ম্ম প্রবর্ত্তিত করিবেন ॥১৯॥

অতএব রাজশ্রেষ্ঠ! ধর্ম্মই সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ বস্তু এবং পুরুষশ্রেষ্ঠ! যিনি সৎকার্য্য করেন ও প্রজা শাসন করেন, তিনিই রাজা ॥২০॥

ভরতশ্রেষ্ঠ! কাম ও ক্রোধ পরিত্যাগ করিয়া ধর্ম্মই রক্ষা কর। কারণ, রাজাদের পক্ষে ধর্ম্মই সর্ব্বাপেক্ষা অধিক মঙ্গলকর ॥২১॥

---

(১৮) ধনানি স্রোতি···নি।

তেষাং হ্যকামকরণাদ্রাজ্ঞঃ সঞ্জায়তে ভয়ম্ ।
মিত্রাণি ন চ বর্দ্ধন্তে তথামিত্রীভবন্ত্যপি ॥২৩॥
ব্রাহ্মণানাং সদাসূয়াদ্বাল্যাদ্বৈরোচনো বলিঃ ।
অথাস্মাচ্ছ্রীরপাক্রামদ্‌যস্মিন্নাসীৎ প্রতাপিনী ॥২৪॥
ততস্তস্মাদপাক্রম্য সাগচ্ছৎ পাকশাসনম্ ।
অথ সোঽন্বতপৎ পশ্চাচ্ছ্রিয়ং দৃষ্ট্বা পুরন্দরে ॥২৫॥
এতৎ ফলমসূয়ায়া অভিমানস্য বা বিভো ! ।
তস্মাদ্‌বুধ্যস্ব মান্ধাতর্মা ত্বাং জহ্যাৎ প্রতাপিনী ॥২৬॥
দর্পো নাম শ্রিয়ঃ পুত্রো জজ্ঞেঽধর্ম্মাদিতি শ্রুতিঃ ।
তেন দেবাসুরা রাজন্নীতাঃ সুবহবো ব্যয়ম্ ॥২৭॥

ভারতকৌমুদী

ধর্ম্মস্যেতি। যোনিঃ তপস্যাদিনা কারণম্। অমৎসরী বিদ্বেষশূন্যঃ ॥২২॥

তেষামিতি। অকামকরণাৎ অভীষ্টাপূরণাৎ। অমিত্রীভবন্তি শত্রবো জায়ন্তে ॥২৩॥

ব্রাহ্মণানামিতি। অসূয়াৎ অসূয়ামকরোৎ। বৈরোচনো বিরোচনপুত্রঃ, অস্মাৎ বলেঃ, শ্রীঃ রাজলক্ষ্মীঃ, অপাক্রামৎ অপাসরৎ, প্রতাপিনী বিপক্ষসন্তাপিনী ॥২৪॥

তত ইতি। পাকশাসনমিন্দ্রম্। স বলিঃ ॥২৫॥

এতদিতি। এতৎ শ্রীহানম্। জহ্যাৎ ত্যজেৎ, প্রতাপিনী বিপক্ষসন্তাপিনী রাজলক্ষ্মীঃ ॥২৬॥

মান্ধাতা! ব্রাহ্মণ সেই ধর্ম্মের কারণ; অতএব সর্ব্বদাই সেই ব্রাহ্মণদের পূজা করিবে এবং বিদ্বেষশূন্য হইয়া তাঁহাদের অভীষ্ট পূরণ করিবে ॥২২॥

ব্রাহ্মণদের অভীষ্ট পূরণ না করিলে রাজার ভয় উৎপন্ন হয়, মিত্রেরা বৃদ্ধি পায় না এবং নূতন নূতন শত্রু জন্মিতে থাকে ॥২৩॥

বিরোচনের পুত্র বলি বাল্যকাল হইতেই ব্রাহ্মণগণের উপরে দোষারোপ করিতেন, সেই জন্যই তাঁহার শত্রুসন্তাপিনী রাজলক্ষ্মী তাঁহা হইতে অপসৃত হইয়া ছিলেন ॥২৪॥

পরে সেই রাজলক্ষ্মী বলির নিকট হইতে অপসৃত হইয়া ইন্দ্রকে আশ্রয় করিয়া ছিলেন। তৎপরে বলি আপন রাজলক্ষ্মীকে ইন্দ্রগতা দেখিয়া অনুতাপ করিয়া ছিলেন ॥২৫॥

প্রভু মান্ধাতা! অসূয়া ও অভিমানের এই ফল জানিয়া রাখ; অতএব সেই অসূয়া ও অভিমানের ফলে বিপক্ষসন্তাপিনী রাজলক্ষ্মী যেন তোমাকে পরিত্যাগ করেন না ॥২৬॥

(২৪)···বৈরোচনির্বলিঃ···নি।

রাজর্ষয়শ্চ বহবস্তথা বুধ্যস্ব পার্থিব ! ।
রাজা ভবতি তং জিত্বা দাসস্তেন পরাজিতঃ ॥২৮॥ (যুগ্মকম্)
স যথা দর্পসহিতমধর্ম্মং নানুসেবতে ।
তথা বর্ত্তস্ব মান্ধাতশ্চিরঞ্চেৎ স্থাতুমিচ্ছসি ॥২৯॥
মত্তাৎ প্রমত্তাৎ পোগণ্ডাদুন্মত্তাচ্চ বিশেষতঃ ।
তদভ্যাসাদুপাবর্ত্ত সংহিতানাঞ্চ সেবনাৎ ॥৩০॥
নিগৃহীতাদমাত্যাচ্চ স্ত্রীভ্যশ্চৈব বিশেষতঃ ।
পর্ব্বতাদ্বিষমাদ্দুর্গাদ্ধস্তিনোঽশ্বাৎ সরীসৃপাৎ ॥৩১॥

ভারতকৌমুদী

দর্প ইতি। জজ্ঞে জাতঃ। তেন দর্পেণ, সুবহবো দেবাসুরা বহবো রাজর্ষয়শ্চ ব্যয়ং শ্রীভ্রংশম্, নীতাঃ প্রাপিতাঃ। তং দর্পম্, তেন দর্পেণ ॥২৭—২৮॥

স ইতি। স তে মনোভাবঃ। স্থাতুং রাজরূপেণ ॥২৯॥

মত্তাদিতি। মত্তাৎ মদ্যপানাদিনা, প্রমত্তাৎ অনবহিতাৎ, পোগণ্ডাৎ বালকাৎ। তেষাং মত্তাদীনামভ্যাসাৎ সমীপাচ্চ, সংহিতানাং মিলিতানাঞ্চ তেষাং মত্তাদীনাং সেবনাচ্চ, উপাবর্ত্ত নিবর্ত্তস্ব। আত্মনি তত্তদ্দোষসঙ্কারসম্ভবাদিতি ভাবঃ ॥৩০॥

ভারতভাবদীপঃ

অমিত্রা ভবন্তি বর্দ্ধন্তে ॥২৩॥ অসূয়াৎ অসূয়াতঃ, লিঙ্গব্যত্যয় আর্ষঃ। অসূয়য়া অততি সততং বর্ত্তত ইতি বা অসূয়াৎ ॥২৪—২৬॥ অধর্ম্মাদিতি চ্ছেদঃ ॥২৭—২৯॥ পোগণ্ডাদ্বালকাদজ্ঞাদিত্যর্থঃ। পাষণ্ডাদিতি মুখ্যঃ পাঠঃ। মত্তাদিভ্য উপাবর্ত্ত পরাবৃত্তিং ভজ তদভ্যাসাত্তৈঃ সহ পরিচয়াৎ

রাজা ! আমাদের শুনা আছে যে, অধর্ম্ম হইতে 'দর্প'নামে শ্রীর একটী পুত্র জন্মগ্রহণ করে, সেই দর্প কালক্রমে বহুতর দেবতা, অসুর ও রাজর্ষিকে শ্রীভ্রষ্ট করিয়াছিল; অতএব রাজা ! তুমি বুঝিয়া রাখ যে, মানুষ সেই দর্পকে জয় করিয়া রাজা হয়; আবার তাহার নিকট পরাজিত হইয়া দাস হইয়া থাকে ॥২৭-২৮॥

মান্ধাতা ! তুমি যদি চিরকাল রাজা থাকিতে ইচ্ছা কর তাহা হইলে, তোমার মনের বৃত্তি যাহাতে সেই দর্পের সহিত অধর্ম্মের সেবা না করে, সেই ভাবে চলিতে থাক ॥২৯॥

রাজা ! তুমি মত্ত, অসাবধান, উন্মত্ত ও বালকের সংসর্গ হইতে নিবৃত্ত থাক এবং বিশেষভাবে সেই সমষ্টির সেবা বা তাহাদের সন্নিধি হইতে নিবৃত্ত থাকিও ॥৩০॥

(৩০)···নিন্দিতাচ্চাসদাচারাদ্দুর্হৃদাং চাপি সেবনাৎ···নি।

এতেভ্যো নিত্যমুক্তঃ স্যান্নক্তং চর্য্যাঞ্চ বর্জ্জয়েৎ।
অত্যাগঞ্চাভিমানঞ্চ দম্ভং ক্রোধঞ্চ বর্জ্জয়েৎ ॥৩২॥ (যুগ্মকম্)
অবিজ্ঞাতাসু চ স্ত্রীষু ক্লীবাসু স্বৈরিণীষু চ।
পরভার্য্যাসু কন্যাসু নাচরেন্মৈথুনং নৃপ। ॥৩৩॥
কুলেষু পাপরক্ষাংসি জায়ন্তে বর্ণসঙ্করাৎ।
অপুমাংসোঽঙ্গহীনাশ্চ স্থূলজিহ্বা বিচেতসঃ ॥৩৪॥
এতে চান্যে চ জায়ন্তে যদা রাজা প্রমাদ্যতি।
তস্মাদ্রাজ্ঞা বিশেষেণ বর্ত্তিতব্যং প্রজাহিতে ॥৩৫॥
ক্ষত্রিয়স্য প্রমত্তস্য দোষঃ সংজায়তে মহান্।
অধর্ম্মাঃ সংপ্রবর্দ্ধন্তে প্রজাসঙ্করকারকাঃ ॥৩৬॥

ভারতকৌমুদী

নীতি। নিগৃহীতাৎ দণ্ডিতাৎ। বিষমাৎ প্রস্তরাদিসঙ্কটস্থানাৎ, সরীসৃপাৎ সর্পাৎ। নিত্যমুক্তঃ সর্ব্বদা সংসর্গরহিতঃ, নক্তং রাত্রৌ, চর্য্যাং বিচরণম্। অত্যাগং ধর্ম্মকার্য্যাদৌ ব্যয়াভাবম্ ॥৩১—৩২॥

অবীতি। ক্লীবাসু স্ত্রীনপুংসকেষু, স্বৈরিণীষু স্বেচ্ছাচারিণীষু ॥৩৩॥

কুলেষ্বিতি। বর্ণসঙ্করাৎ মৈথুনে বর্ণমিশ্রণাৎ, অপুমাংসঃ ক্লীবাঃ, স্থূলজিহ্বা মূকাঃ, বিচেতসো জড়াঃ ॥৩৪॥

এত ইতি। অন্যে অন্ধবধিরাদয়ঃ। প্রমাদ্যতি শাসনে অনবহিতো ভবতি ॥৩৫॥

ক্ষত্রিয়স্যেতি। ক্ষত্রিয়স্য রাজ্ঞঃ, প্রমত্তস্য শাসনে অনবহিতস্য ॥৩৬॥

দণ্ডিত অমাত্য, বিশেষতঃ স্ত্রী, পর্ব্বত, বিষম স্থান, দুর্গম স্থান, হস্তী, অশ্ব ও সর্প এইগুলি হইতে মানুষ সর্ব্বদাই দূরে থাকিবে। রাত্রিতে বিচরণ করিবে না, ব্যয় করিবে এবং অভিমান, দম্ভ ও ক্রোধ পরিত্যাগ করিবে ॥৩১—৩২॥

রাজা! অপরিচিত স্ত্রী, স্ত্রী-নপুংসক, স্বেচ্ছাচারিণী স্ত্রী, পরস্ত্রী ও কন্যা ইহাদের সহিত মৈথুন করিবে না ॥৩৩॥

বিভিন্ন বর্ণের স্ত্রী-পুরুষের মৈথুন হইলে বংশে পাপরাক্ষস, নপুংসক, অঙ্গহীন, মূক ও জড় উৎপন্ন হয় ॥৩৪॥

রাজা যখন প্রজা শাসনে অসাবধান হন, তখন এই পাপরাক্ষসপ্রভৃতি ও অন্ধ-বধিরপ্রভৃতি জন্মিতে থাকে; অতএব রাজা বিশেষভাবে প্রজাদের হিতসাধনে প্রবৃত্ত থাকিবেন ॥৩৫॥

রাজা প্রজা শাসনে অনবহিত হইলে, তাঁহার গুরুতর দোষ জন্মে এবং বর্ণসঙ্কর-কারক অধর্ম্ম বৃদ্ধি পাইতে থাকে ॥৩৬॥

(৩২) এতেভ্যো নিত্যযুক্তঃ স্যাৎ···বঙ্গ বর্দ্ধ নি, অত্যাশাঞ্চাভিমানঞ্চ···নি।

অশীতে বিদ্যতে শীতং শীতে শীতং ন বিদ্যতে।
অবৃষ্টিরতিবৃষ্টিশ্চ ব্যাধিশ্চাপ্যাবিশেৎ প্রজাঃ ॥৩৭॥
নক্ষত্রাণ্যুপতিষ্ঠন্তি গ্রহা ঘোরাস্তথাগতে।
উৎপাতাশ্চাত্র দৃশ্যন্তে বহবো রাজনাশনাঃ ॥৩৮॥
অরক্ষিতাত্মা যো রাজা প্রজাশ্চাপি ন রক্ষতি।
প্রজাশ্চ তস্য ক্ষীয়ন্তে ততঃ সোঽনুবিনশ্যতি ॥৩৯॥
দ্বাবাদদাতে হ্যেকস্য দ্বয়োঃ সুবহবোঽপরে।
কুমার্য্যঃ সংপ্রলুপ্যন্তে তদাহুর্নৃপদূষণম্ ॥৪০॥

ভারতকৌমুদী

অশীত ইতি। অশীতে অশীতকালে। আবিশেৎ প্রাপ্নুয়াৎ ॥৩৭॥

নক্ষত্রাণীতি। নক্ষত্রাণি ধূমকেতুপ্রভৃতীনি, উপতিষ্ঠন্তি আবির্ভবন্তি। তথাগতে রাজ্ঞঃ প্রমাদে সতি ॥৩৮॥

অরক্ষিতেতি। ততঃ প্রজাক্ষয়ানন্তরম্। স রাজা ॥৩৯॥

দ্বাবিতি। দ্বৌ জনৌ একস্য জনস্য দ্রব্যম্ আদদাতে বলেন গৃহ্নীতঃ। দ্বয়োর্দ্রব্যং গৃহ্নন্তীতি শেষঃ। সংপ্রলুপ্যন্তে মৈথুনাৎ ॥৪০॥

ভারতভাবদীপঃ

সংহিতানাং মিলিতানাঞ্চ তেষাং সেবনাচ্চ সুতরামুপাবর্ত্তেত্যর্থঃ ॥৩০—৩১॥ অত্যাগং বদ্ধমুষ্টিতাম্ ॥৩২—৩৩॥ অপুমাংসঃ ক্লীবাঃ, স্থূলজিহ্বা মূকাঃ ॥৩৪—৩৭॥ নক্ষত্রাণি ধূমকেত্বাদয়ঃ ॥৩৮—৩৯॥ একস্য ধনং দ্বাবাদদাতে আচ্ছিদ্য গৃহ্নীতঃ ॥৪০—৪১॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ ॥৮৮॥

———:*:———

আর অশীত কালে শীত উপস্থিত হয়, শীতকালে শীত পড়ে না এবং অতিবৃষ্টি, অনাবৃষ্টি ও প্রজাদের মধ্যে নানাপ্রকার ব্যাধি উপস্থিত হইতে থাকে ॥৩৭॥

সেইরূপ হইলে ধূমকেতুপ্রভৃতির আবির্ভাব হয়, ভয়ঙ্কর গ্রহ সকল আকাশে প্রকাশ পাইতে থাকে এবং রাজার বিনাশসূচক বহুতর উৎপাত দেখিতে পাওয়া যায় ॥৩৮॥

যে রাজা আত্মরক্ষা করেন না, প্রজাদিগকেও পালন করেন না, তাঁহার প্রথমে প্রজা ক্ষয় পায়, পরে তিনিও বিনষ্ট হন ॥৩৯॥

দুই জনে যে এক জনের দ্রব্য হরণ করে, কিংবা বহু লোকে বলপূর্ব্বক দুই জনের দ্রব্য যে লুটিয়া লয়, অথবা কুমারী যে একেবারে থাকে না, এ সমস্তই রাজার দোষ ॥৪০॥

মমেদমিতি নৈকস্য মনুষ্যেষ্বৰতিষ্ঠতি।
ত্যক্ত্বা ধর্ম্মং যদা রাজা প্রমাদমনুতিষ্ঠতি ॥৪১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে উতথ্যগীতায়ামষ্টাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

উননবতিতমোঽধ্যায়ঃ।

উতথ্য উবাচ।

কালবর্ষী চ পর্জ্জন্যো ধর্ম্মচারী চ পার্থিবঃ।
সম্পদৃবদৈষা ভবতি সা বিভর্ত্তি সুখং প্রজাঃ ॥১॥
যো ন জানাতি নির্হর্ত্তুং বস্ত্রাণাং রজকো মলম্।
রক্তানাং বা শোধয়িতুং যথা নাস্তি তথৈব সঃ ॥২॥

ভারতকৌমুদী

মমেতি। ইদং দ্রব্যং মম ইতি ব্যবহারঃ মনুষ্যেষু মধ্যে একস্যাপি অবতিষ্ঠতি ॥৪১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

কালেতি। কালে যথাসময়ে বর্ষতীতি সঃ, পর্জ্জন্যো মেঘঃ ॥১॥

য ইতি। নির্হর্ত্তুং দূরীকর্ত্তুম্, বস্ত্রাণাং শুভ্রাণাম্, রক্তানাং বা বস্ত্রাণাম্, মলং শোধয়িতুং ন জানাতীতি সম্বন্ধঃ। যথা নাস্তি তথৈব স সন্নপ্যসত্তুল্য এবেত্যর্থঃ ॥২॥

রাজা যখন ধর্ম্ম ত্যাগ করিয়া রাজ্য শাসনে অনবহিত হন, তখন মনুষ্যসমাজের একটী লোকেরও 'ইহা আমার' এইরূপ ব্যবহার থাকে না' ॥৪১॥

উতথ্য বলিলেন—'মেঘ যথাসময়ে বর্ষা করে এবং রাজা ধর্ম্মাচরণ করেন; এইরূপ সম্পদ্ যখন হয়, তখন সেই সম্পদই সুখে প্রজাবর্গের ভরণপোষণ করে ॥১॥

---

(৪১) মমৈতদিতি নৈতচ্চ···নি। *'· নবতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ নি। (২)···রত্নানি বা শোধয়িতুম্··নি।

এবমেতদ্দ্বিজেন্দ্রাণাং ক্ষত্রিয়াণাং বিশাং তথা।
শূদ্রশ্চতুর্থো বর্ণানাং নানাকর্ম্মস্ববস্থিতঃ ॥৩॥
কর্ম্ম শূদ্রে কৃষির্বৈশ্যে দণ্ডনীতিশ্চ রাজনি।
ব্রহ্মচর্য্যং তপো মন্ত্রাঃ সত্যং চাপি দ্বিজাতিষু ॥৪॥
তেষাং যঃ ক্ষত্রিয়ো বেদ বস্ত্রাণামিব শোধনম্।
শীলদোষান্ বিনির্হর্ত্তুং স পিতা স প্রজাপতিঃ ॥৫॥
কৃতং ত্রেতা দ্বাপরঞ্চ কলিশ্চ ভরতর্ষভ!।
রাজবৃত্তানি সর্ব্বাণি রাজৈব যুগমুচ্যতে ॥৬॥

ভারতকৌমুদী

এবমিতি। এবমেতৎ সম্প্যসংকল্প ইতি তাৎপর্য্যম্। দ্বিজেন্দ্রাণাং ব্রাহ্মণানাম্, বিশাং বৈশ্যানাম্, মধ্যে যঃ কশ্চিদিতি শেষঃ। নানাকর্ম্মস্ববস্থিত অতএব স্বকর্ম্ম ন জানাতীতি ভাবঃ ॥৩॥

কর্ম্মেতি। কর্ম্ম দ্বিজাতিসেবা। রাজনি ক্ষত্রিয়ে ॥৪॥

তেষামিতি। শীলদোষান্ কামাদীন্, বিনির্হর্ত্তুং দূরীকর্ত্তুম্ ॥৫॥

কৃতমিতি। কৃতং সত্যম্, রাজ্ঞো বৃত্তানি জাতানি। যুগং যুগকারণম্, তত্তদ্বিধধর্ম্মপ্রবর্ত্তনাদিত্যাশয়ঃ ॥৬॥

ভারতভাবদীপঃ

কালেতি ॥১॥ বস্ত্রাণাং শুক্লানাম্, শোধয়িতুং রঙ্গমবিচাল্য মলমাত্রং দূরীকর্ত্তুম্ ॥২॥ দ্বিজানাং মধ্যে যঃ কশ্চিচ্ছূদ্রো বা নানাকর্ম্মস্ববস্থিতঃ স্বকর্ম্মচ্যুতো মূঢ়ঃ রজকতুল্য ইত্যর্থঃ ॥৩—৭॥ অগ্নিত্রেতা

যে রজক শুক্লবস্ত্রের মল দূর করিতে জানে না, কিংবা রক্তবস্ত্রের মল শোধন করিতে পারে না, সে রজক থাকিয়াও না থাকারই তুল্য ॥২॥

এইরূপ ব্রাহ্মণ, ক্ষত্রিয় বা বৈশ্যের মধ্যে যে কোন ব্যক্তি এবং চতুর্থ বর্ণ যে শূদ্র নানা কর্ম্মে লিপ্ত থাকিয়া আপন আপন কর্ম্ম জানে না, তাহারাও থাকিয়া না থাকার মত ॥৩॥

শূদ্রে দ্বিজাতি সেবা, বৈশ্যে কৃষি, ক্ষত্রিয়ে দণ্ডনীতি এবং ব্রাহ্মণে ব্রহ্মচর্য্য, তপস্যা, মন্ত্র ও সত্য আপন কর্ম্ম বলিয়া নির্দ্দিষ্ট আছে ॥৪॥

তাঁহাদের মধ্যে যে ক্ষত্রিয় রজককর্ত্তৃক বস্ত্রের মল দূরীকরণের ন্যায় চরিত্রদোষ দূর করিতে জানেন, তিনিই প্রজাদের পিতা এবং প্রজাদের অধিপতি হইতে পারেন ॥৫॥

ভরতশ্রেষ্ঠ! সত্য, ত্রেতা, দ্বাপর ও কলি এই সমস্ত যুগই এক রাজা হইতে উৎপন্ন হয়; সুতরাং রাজাকেই যুগের কারণ বলা হইয়া থাকে ॥৬॥

(৫)···পাত্রাণামিব শোধনম্···নি।

চাতুর্ব্বর্ণ্যং তথা বেদাশ্চাতুরাশ্রম্যমেব চ।
সর্ব্বং প্রমুহ্যতে হ্যেতদ্‌যদা রাজা প্রমাদ্যতি ॥৭॥
অগ্নিস্ত্রেতা ত্রয়ী বিদ্যা যজ্ঞাশ্চ সহদক্ষিণাঃ।
সর্ব্ব এব প্রমাদ্যন্তি যদা রাজা প্রমাদ্যতি ॥৮॥
রাজৈব কর্ত্তা ভূতানাং রাজৈব চ বিনাশকঃ।
ধর্ম্মাত্মা যঃ স কর্ত্তা স্যাদধর্ম্মাত্মা বিনাশকঃ ॥৯॥
রাজ্ঞো ভার্য্যাশ্চ পুত্রাশ্চ বান্ধবাঃ সুহৃদস্তথা।
সমেত্য সর্ব্বে শোচন্তি যদা রাজা প্রমাদ্যতি ॥১০॥
হস্তিনোঽশ্বাশ্চ গাবশ্চাপ্যুষ্ট্রাশ্বতরগর্দ্দভাঃ।
অধর্ম্মভূতে নৃপতৌ সর্ব্বে সীদন্তি জন্তবঃ ॥১১॥

ভারতকৌমুদী

চাতুরিতি। প্রমুহ্যতে স্বস্বক্রিয়াহীনং ভবতি। প্রমাদ্যতি শাসনে অনবহিতস্তিষ্ঠতি ॥৭॥

অগ্নীতি। অগ্নিস্ত্রেতা দক্ষিণাগ্নিগার্হপত্যাহবনীয়াখ্যমগ্নিত্রয়ম্। ত্রয়ী ঋক্‌সামযজুরাখ্যং বেদত্রয়ম্ ॥৮॥

রাজেতি। কর্ত্তা প্রজানামুন্নতিকৃৎ। কদা কর্ত্তা কদা চ বিনাশক ইত্যাহ ধর্ম্মেতি ॥৯॥

রাজ্ঞ ইতি। সমেত্য মিলিত্বা, শোচন্তি নানাদুরবস্থাপাতাদিতি ভাবঃ ॥১০॥

হস্তিন ইতি। অশ্বতরঃ অশ্বায়াং গর্দ্দভাজ্জাতঃ। অধর্ম্মং ভূতে প্রাপ্তে, সীদন্তি অবসন্না ভবন্তি ॥১১॥

রাজা যখন প্রজা শাসনে মনোযোগী হন না, তখন ব্রাহ্মণ, ক্ষত্রিয় বৈশ্য ও শূদ্র এই চারিটী বর্ণ; সাম, ঋক্, যজুঃ ও অথর্ব্ব এই চারিটী বেদ এবং ব্রহ্মচারী, গৃহস্থ, বানপ্রস্থ ও ভিক্ষু এই চারিটী আশ্রম; এই সমস্তই আপন আপন ক্রিয়াবিহীন হইয়া যায় ॥৭॥

রাজা যখন প্রজা শাসনে প্রণিধান করেন না, তখন দক্ষিণাগ্নি, গার্হপত্য ও আহবনীয় এই তিনটী অগ্নি; ঋক্, সাম ও যজুঃ এই তিনটী বেদ; অন্যান্য বিদ্যা এবং দক্ষিণাযুক্ত যজ্ঞ এই সকলই বিকল হইয়া পড়ে ॥৮॥

রাজাই প্রজাদের উন্নতি করেন, আবার রাজাই প্রজাদের বিনাশ করিয়া থাকেন। ধার্ম্মিক রাজা উন্নতির কারণ, আর অধার্ম্মিক রাজা বিনাশের হেতু হইয়া থাকেন ॥৯॥

যখন রাজা প্রজা শাসনে মনোযোগ করেন না, তখন (অন্যের কথা দূরে থাকুক) রাজারই ভার্য্যা, পুত্র, বন্ধু ও সুহৃদ্ ইঁহারা সকলেও শোক করিতে থাকেন ॥১০॥

(৭) · সর্ব্বমেতৎ প্রমুহ্যেত···নি। (১১)···অধর্ম্মবৃত্তে···নি।

দুর্ব্বলার্থং বলং সৃষ্টং ধাত্রা মান্ধাতরুচ্যতে।
অবলন্তু মহদ্ভূতং যস্মিন্ সর্ব্বং প্রতিষ্ঠিতম্ ॥১২॥
যচ্চ ভূতং সংভজতে যে চ ভূতাস্তদন্বয়াঃ।
অধর্ম্মস্থে হি নৃপতৌ সর্ব্বে শোচন্তি পার্থিব! ॥১৩॥
দুর্ব্বলস্য চ যচ্চক্ষুর্মুনেরাশীবিষস্য চ।
অবিষহ্যতমং মন্যে মা স্ম দুর্ব্বলমাসদঃ ॥১৪॥
দুর্ব্বলাংস্তাত! বুধ্যেথা নিত্যমেবাবিমানিতান্।
মা ত্বাং দুর্ব্বলচক্ষুংষি প্রদহেয়ুঃ সবান্ধবম্ ॥১৫॥

ভারতকৌমুদী

দুর্ব্বলেতি। দুর্ব্বলার্থং দুর্ব্বলরক্ষার্থম্, যস্মিন্ বলে, মহদবলং ভূতম্, সর্ব্বং প্রতিষ্ঠিতম্ ॥১২॥

যদিতি। যৎ ভূতং প্রাণী মানুষ ইত্যর্থঃ, সংভজতে রাজানং সেবতে; যে চ ভূতা মানুষাঃ স এব অন্বয়ো বংশো যেষাং তে, রাজবংশজাত ইতি তাৎপর্য্যম্ ॥১৩॥

দুর্ব্বলস্যেতি। আশীবিষস্য তীক্ষ্ণবিষস্য সর্পস্য। আসদঃ অবসাদয়, তথাত্বে তস্য রোষকষায়িত-চক্ষুষস্ত্বয়ি পাতসম্ভবাদিতি ভাবঃ ॥১৪॥

দুর্ব্বলানিতি। অবিমানিতান্ দুর্ব্বলতয়াপি অনবমানিতান্, মনুষ্যত্বাবিশেষাদিত্যাশয়ঃ ॥১৫॥

ভারতভাবদীপঃ

গার্হপত্যদক্ষিণাগ্ন্যাহবনীয়াখ্যং বহ্নিত্রয়ম্, ত্রয়ী ঋগ্‌যজুঃসামবেদাঃ ॥৮—১১॥ অবলমিতি। অবলস্য পালনান্মহৎ পুণ্যমপালনাচ্চ মহৎ পাপমিত্যর্থঃ ॥১২॥ ভূতং দুর্ব্বলং সংভজতেঽন্নাদিনা সেবতে,

রাজা অধার্ম্মিক হইলে হস্তী, অশ্ব, গো, উষ্ট্র, অশ্বতর ও গর্দ্দভপ্রভৃতি সমস্ত জন্তুই অবসন্ন হইয়া থাকে ॥১১॥

মান্ধাতা! বিধাতা দুর্ব্বলদিগকে রক্ষা করিবার জন্যই বলবান্‌কে সৃষ্টি করিয়াছেন, যে বলবানের উপরে অতিশয় দুর্ব্বলেরা সকলেই প্রতিষ্ঠিত থাকে ॥১২॥

নরনাথ! রাজা অধার্ম্মিক হইলে যে মানুষ রাজার আশ্রিত এবং যাহারা রাজার বংশে জন্মিয়াছে, তাহারা সকলেই শোক অনুভব করিয়া থাকে ॥১৩॥

মান্ধাতা! দুর্ব্বলের চক্ষু, মুনির চক্ষু ও তীক্ষ্ণবিষ সর্পের চক্ষুকে আমি অত্যন্ত অসহ্য বলিয়া মনে করি; অতএব তুমি দুর্ব্বলের উপরে পীড়ন করিও না ॥১৪॥

বৎস মান্ধাতা! তুমি দুর্ব্বলদিগকে সর্ব্বদাই অপমানিত বলিয়া মনে করিও না। দুর্ব্বলের চক্ষু যেন বন্ধুবর্গের সহিত তোমাকে দগ্ধ করে না ॥১৫॥

(১৫)··তাত! মন্যেথাঃ···নি।

ন হি দুর্ব্বলদগ্ধস্য কুলে কিঞ্চিৎ প্ররোহতি।
আমূলং নির্দ্দহত্যেব মা স্ম দুর্ব্বলমাসদঃ ॥১৬॥
অবলং বৈ বলাচ্ছ্রেয়ো যচ্চাতিবলবদ্বলম্।
বলস্যাবলদগ্ধস্য ন কিঞ্চিদবশিষ্যতে ॥১৭॥
বিমানিতো হতঃ ক্রুষ্টস্ত্রাতারঞ্চেন্ন বিন্দতি।
অমানুষকৃতস্তত্র দণ্ডো হন্তি নরাধিপম্ ॥১৮॥
মা স্ম তাত! রণে স্থিত্বা ভুঞ্জীথা দুর্ব্বলং জনম্।
মা ত্বাং দুর্ব্বলচক্ষূংষি দহন্ত্বগ্নিরিবাশয়ম্ ॥১৯॥

ভারতকৌমুদী

নেতি। কিঞ্চিদপত্যম্, প্ররোহতি উৎপদ্যতে; দাবদগ্ধে বনে লতাঙ্কুর ইবেতি ভাবঃ ॥১৬॥

অবলমিতি। অবলং বস্তু দুর্ব্বলো জনঃ, বলাৎ বলবতো জনাৎ যচ্চ অতিবলবৎ বলং সৈন্যম্, তস্মাদপি শ্রেয় ইতি সম্বন্ধঃ। কুত ইত্যাহ বলস্যেতি। বলস্য বলবতো জনস্য, অবলেন দুর্ব্বলেন চক্ষুষা দগ্ধস্য, কিঞ্চিদপি নাবশিষ্যতে, দুর্ব্বলেন মনস্তাপাতিশয়াৎ সাকল্যেন দাহসম্ভবাৎ, প্রবলস্য তু মনস্তাপাভাবেন দুর্ব্বলদাহাসম্ভবাদিত্যাশয়ঃ ॥১৭॥

উক্তার্থে যুক্তিমাহ বীতি। হতস্তাড়িতঃ, ক্রুষ্টস্তিরস্কৃতশ্চ। অমানুষকৃতো দৈববিহিতঃ ॥১৮॥

মা স্মেতি। ভুঞ্জীথা দাসীকরণেন ভোগকারণীকৃথাঃ। আশেরতে অবতিষ্ঠন্তে বৃক্ষা অস্মিন্নিত্যাশয়ং বনম্ ॥১৯॥

মান্ধাতা! যে লোক দুর্ব্বল লোকের শাপানলে দগ্ধ হয়, তাহার বংশে আর কোন সন্তান উৎপন্ন হয় না। কারণ, দুর্ব্বল লোক শাপানলে আমূল দগ্ধ করিয়া থাকে; অতএব তুমি দুর্ব্বলের উপরে পীড়ন করিও না ॥১৬॥

দেখ, যে সাধারণ বলবান্ কিংবা যে অত্যন্ত বলশালী সেই উভয় হইতেই দুর্ব্বল লোক শ্রেষ্ঠ। কেন না, দুর্ব্বল লোক শাপানলে দগ্ধ করিলে প্রবলের আর কিছুই অবশিষ্ট থাকে না ॥১৭॥

প্রবল লোক দুর্ব্বল লোকের অপমান, তাড়ন ও তিরস্কার করিলে, সে দুর্ব্বল লোক যদি কাহাকেও রক্ষক না পায় তাহা হইলে, সে ক্ষেত্রে দৈবকৃত দণ্ডই প্রবলকে বিনষ্ট করে ॥১৮॥

বৎস মান্ধাতা! তুমি সমরাঙ্গনে থাকিয়া দুর্ব্বল লোককে একেবারে ভোগের উপযোগী করিও না। অগ্নি যেমন বন দগ্ধ করে, তেমন দুর্ব্বলের চক্ষু যেন তোমাকে দগ্ধ করে না ॥১৯॥

(১৬)…নির্দহত্যেব…বঙ্গ নি। (১৮)…হতঃ ক্লিষ্টঃ…নি। (১৯) মা স্ম তাত! বলস্থস্ত্বম্… নি।

দুর্ব্বলার্থং বলং সৃষ্টং ধাত্রা মান্ধাতরুচ্যতে।
অবলন্তু মহদ্ভূতং যস্মিন্ সর্ব্বং প্রতিষ্ঠিতম্ ॥১২॥
যচ্চ ভূতং সংভজতে যে চ ভূতাস্তদন্বয়াঃ।
অধর্ম্মস্থে হি নৃপতৌ সর্ব্বে শোচন্তি পার্থিব! ॥১৩॥
দুর্ব্বলস্য চ যচ্চক্ষুর্ম্মুনেরাশীবিষস্য চ।
অবিষহ্যতমং মন্যে মা স্ম দুর্ব্বলমাসদঃ ॥১৪॥
দুর্ব্বলাংস্তাত! বুধ্যেথা নিত্যমেবাবিমানিতান্।
মা ত্বাং দুর্ব্বলচক্ষুংষি প্রদহেয়ুঃ সবান্ধবম্ ॥১৫॥

ভারতকৌমুদী

দুর্ব্বলেতি। দুর্ব্বলার্থং দুর্ব্বলরক্ষার্থম্, যস্মিন্ বলে, মহদবলং ভূতম্, সর্ব্বং প্রতিষ্ঠিতম্ ॥১২॥

যদিতি। যৎ ভূতং প্রাণী মানুষ ইত্যর্থঃ, সংভজতে রাজানং সেবতে; যে চ ভূতা মানুষাঃ স এব অন্বয়ো বংশো যেষাং তে, রাজবংশজাত ইতি তাৎপর্য্যম্ ॥১৩॥

দুর্ব্বলস্যেতি। আশীবিষস্য তীক্ষ্ণবিষস্য সর্পস্য। আসদঃ অবসাদয়, তথাত্বে তস্য রোষকষায়িত-চক্ষুষস্ত্বয়ি পাতসম্ভবাদিতি ভাবঃ ॥১৪॥

দুর্ব্বলানিতি। অবিমানিতান্ দুর্ব্বলতয়াপি অনবমানিতান্, মনুষ্যত্বাবিশেষাদিত্যাশয়ঃ ॥১৫॥

ভারতভাবদীপঃ

গার্হপত্যদক্ষিণাগ্ন্যাহবনীয়াখ্যং বহ্নিত্রয়ম্, ত্রয়ী ঋগ্‌যজুঃসামবেদাঃ ॥৮—১১॥ অবলমিতি। অবলস্য পালনান্মহৎ পুণ্যমপালনাচ্চ মহৎ পাপমিত্যর্থঃ ॥১২॥ ভূতং দুর্ব্বলং সংভজতেঽন্নাদিনা সেবতে,

রাজা অধার্ম্মিক হইলে হস্তী, অশ্ব, গো, উষ্ট্র, অশ্বতর ও গর্দ্দভপ্রভৃতি সমস্ত জন্তুই অবসন্ন হইয়া থাকে ॥১১॥

মান্ধাতা! বিধাতা দুর্ব্বলদিগকে রক্ষা করিবার জন্যই বলবান্‌কে সৃষ্টি করিয়াছেন, যে বলবানের উপরে অতিশয় দুর্ব্বলেরা সকলেই প্রতিষ্ঠিত থাকে ॥১২॥

নরনাথ! রাজা অধার্ম্মিক হইলে যে মানুষ রাজার আশ্রিত এবং যাহারা রাজার বংশে জন্মিয়াছে, তাহারা সকলেই শোক অনুভব করিয়া থাকে ॥১৩॥

মান্ধাতা! দুর্ব্বলের চক্ষু, মুনির চক্ষু ও তীক্ষ্ণবিষ সর্পের চক্ষুকে আমি অত্যন্ত অসহ্য বলিয়া মনে করি; অতএব তুমি দুর্ব্বলের উপরে পীড়ন করিও না ॥১৪॥

বৎস মান্ধাতা! তুমি দুর্ব্বলদিগকে সর্ব্বদাই অপমানিত বলিয়া মনে করিও না। দুর্ব্বলের চক্ষু যেন বন্ধুবর্গের সহিত তোমাকে দগ্ধ করে না ॥১৫॥

(১৫)··তাত! মন্যেথাঃ···নি।

রাজ্ঞো যদা জনপদে বহবো রাজপূরুষাঃ।
অনয়েনোপবর্ত্তন্তে তদ্রাজ্ঞঃ কিল্বিষং মহৎ ॥২৪॥
যদা যুক্ত্যা নয়েদর্থান্ কামাদর্থবশেন বা।
কৃপণং যাচমানানাং তদ্রাজ্ঞো বৈশসং মহৎ ॥২৫॥
মহান্ বৃক্ষো জায়তে বর্দ্ধতে চ তঞ্চৈব ভূতানি সমাশ্রয়ন্তি।
যদা বৃক্ষশ্ছিদ্যতে দহ্যতে চ তদাশ্রয়া অনিকেতা ভবন্তি ॥২৬॥
যদা রাষ্ট্রে ধর্ম্মমগ্র্যং চরন্তি সংস্কারং বা রাজগুণং ব্রুবাণাঃ।
তৈশ্চাধর্ম্মশ্চরিতো ধর্ম্মমোহাত্তূর্ণং জহ্যাৎ সুকৃতং দুষ্কৃতঞ্চ ॥২৭॥

ভারতকৌমুদী

যুক্তা ইতি। যুক্তা মিলিতাঃ সন্তঃ, জানপদা দেশবাসিনঃ। অভীক্ষ্ণং পুনঃ পুনঃ ॥২৩॥

রাজ্ঞ ইতি। অনয়েন নীতিপরিহারেণ, উপবর্ত্তন্তে প্রজাসু ব্যবহরন্তি ॥২৪॥

যদেতি। যদা কৃপণং দীনং যথা স্যাত্তথা, যাচমানানাং হে প্রভো! রাজপুরুষ! অন্যায়েন মম ধনং ন নয় ইত্থং প্রার্থয়মানানাং প্রজানাম্, অর্থান্ ধনানি যুক্ত্যা অর্থহরণযুক্তিপ্রদর্শনেন, কামাৎ স্বেচ্ছাবশাৎ, অর্থবশেন রাজ্ঞঃ প্রয়োজনবিশেষবশেন বা নয়েৎ রাজপুরুষো হরেৎ। তত্তদা রাজ্ঞো মহদেব, বৈশসং প্রজাহিংসা ভবতি। অতো রাজ্ঞা তাদৃশব্যাপারাৎ স্বপুরুষা বারয়িতব্যা ইতি ভাবঃ ॥২৫॥

বৃক্ষসাম্যেন ধর্ম্মাবস্থামাহ দ্বাভ্যাং মহানিতি। ভূতানি পক্ষিপ্রভৃতয়ঃ প্রাণিনঃ। অনিকেতা নিরাশ্রয়াঃ ॥২৬॥

যখন দেশবাসী লোকেরা মিলিত হইয়া ভিক্ষুকরূপে ব্রাহ্মণদের ন্যায় বার বার ভিক্ষা করে, তখন সেইরূপ লোকেরাই রাজাকে বিনষ্ট করে ॥২৩॥

যখন রাজার দেশে বহুতর রাজপুরুষই প্রজাদের উপরে অন্যায় ব্যবহার করে, তখন রাজার গুরুতর পাপ হইতে থাকে ॥২৪॥

যখন রাজপুরুষেরা যুক্তি দেখাইয়া বা নিজেদের ইচ্ছায় অথবা রাজারই প্রজাদের নিকট হইতে কোন প্রয়োজন দেখাইয়া ধন লইবার উপক্রম করে, আর প্রজারা কাতরভাবে সে সমুদয় না লওয়ার প্রার্থনা করে, তখন রাজার গুরুতর প্রজাহিংসা করা হইতে থাকে ॥২৫॥

প্রথমে যখন বিশাল বৃক্ষ উৎপন্ন হয় এবং ক্রমে তাহা বৃদ্ধি পাইতে থাকে, তখন পক্ষিপ্রভৃতি যাইয়া সেই বৃক্ষকে আশ্রয় করে। আর মানুষ যখন সেই বৃক্ষকেই ছিন্ন বা দগ্ধ করে, তখন তদাশ্রিত প্রাণীরা নিরাশ্রয় হইয়া পড়ে ॥২৬॥

---

(২৭)···তৈরেবাধর্ম্মশ্চরিতঃ···বঙ্গ বন্ধ।

যত্র পাপা জ্ঞায়মানাশ্চরন্তি সতাং কলির্বিন্দতে তত্র রাজ্ঞঃ।
যদা রাজা শাস্তি নরানশিষ্টাংস্তদা রাজ্যং বর্দ্ধতে ভূমিপস্য ॥২৮॥
যশ্চামাত্যান্ মানয়িত্বা যথার্হং মন্ত্রে চ যুদ্ধে চ নৃপো নিযুঞ্জ্যাৎ।
বিবর্দ্ধতে তস্য রাষ্ট্রং নৃপস্য ভুঙ্‌ক্তে মহীং চাপ্যখিলাং চিরায় ॥২৯॥
যচ্চাপি সুকৃতং কর্ম্ম বাচঞ্চৈব সুভাষিতাম্।
সমীক্ষ্য পূজয়ন্ রাজা ধর্ম্মং প্রাপ্নোত্যনুত্তমম্ ॥৩০॥

ভারতকৌমুদী

যদেতি। অগ্র্যং শ্রেষ্ঠম্, চরন্তি জনাঃ। সংস্কারং খাতনির্ম্মাণাদিনা ভূমেরুৎকর্ষম্, রাজ্ঞো গুণং দয়াদাক্ষিণ্যাদিকম্। তদা তদ্রাজ্যং কর্তৃ, তূর্ণং দুষ্কৃতং পাপম্, জহ্যাৎ ত্যজেৎ। যদা তু তৈর্জনৈঃ ধর্ম্মস্য মোহাৎ ভ্রমাৎ, অধর্ম্মশ্চরিতো ভবতি। তদা তু তূর্ণং সুকৃতং পুণ্যং জহ্যাৎ তদ্রাজ্যং ত্যজেৎ ॥২৭॥

যত্রেতি। পাপাশ্চৌরাদয়ঃ, লোকৈর্জ্ঞায়মানা এব, সতাং মধ্যে চরন্তি; তত্র কলিঃ রাজ্ঞো রাজ্যং বিন্দতে লভতে। অশিষ্টান্ চৌরাদীন্ ॥২৮॥

য ইতি। যথার্হং যথাযোগ্যম্। ভুঙ্‌ক্তে নৃপ এব ॥২৯॥

যদিতি। সুকৃতম্ অমাত্যৈঃ সুষ্ঠু সম্পাদিতম্। পূজয়নমাত্যান্ ॥৩০॥

ভারতভাবদীপঃ

ফলতি ন তু সদ্যঃ ফলতীত্যর্থঃ ॥২১—২৪॥ নয়েদপহরেৎ ॥২৫—২৬॥ মহানিতি দৃষ্টান্তমুক্তা দার্ষ্টান্তিকমাহ—যদেতি। যদা ধর্ম্মং চরতি তদা রাজা বর্দ্ধত ইতি ভাবঃ। দুষ্কৃতং চাপযাতীত্যর্থঃ

যখন রাজ্যের লোকেরা রাজ্যের উৎকর্ষ ও রাজার গুণ বলিতে থাকিয়া শ্রেষ্ঠ ধর্ম্ম আচরণ করে, তখন সেই রাজ্য সত্বরই পাপ পরিত্যাগ করে, আর যখন সেই রাজ্যবাসী লোকেরাই ধর্ম্মভ্রমে অধর্ম্ম আচরণ করে, তখন সত্বরই সেই রাজ্য পুণ্য বিসর্জ্জন করিয়া থাকে ॥২৭॥

যখন পাপাত্মারা রাজ্যবাসীর জ্ঞাত হইয়া সজ্জনের মধ্যে বিচরণ করে, তখন কলি আসিয়া সেই রাজার রাজ্যকে আশ্রয় করে, আর রাজা যখন অশিষ্ট লোকদিগের শাসন করেন, তখন তাঁহার রাজ্য উন্নতি লাভ করিতে থাকে ॥২৮॥

যে রাজা যথাযোগ্যভাবে সম্মান করিয়া অমাত্যগণকে মন্ত্রণায় ও যুদ্ধে নিযুক্ত করেন, সেই রাজার রাজ্যই উন্নতি লাভ করে এবং সেই রাজাই চিরকাল সমগ্র পৃথিবী ভোগ করিতে পারেন ॥২৯॥

রাজকর্ম্মচারীরা সমীচীনভাবে রাজকার্য্য করিয়াছে এবং প্রীতিকর বাক্য সকল

(২৮)···সভাং কলির্বিন্দতে নরান্ন শক্যা ন তদ্রাজ্যম্···নি। (৩০) অত্রাপি সুকৃতম্···নি।

সংবিভজ্য যদা ভুঙ্‌ক্তে নামাত্যানবমন্যতে।
নিহন্তি বলিনং দৃপ্তং স রাজ্ঞো ধর্ম্ম উচ্যতে ॥৩১॥
ত্রায়তে হি যদা সর্ব্বং বাচা কায়েন কর্ম্মণা।
পুত্রস্যাপি ন মৃষ্যেচ্চ স রাজ্ঞো ধর্ম্ম উচ্যতে ॥৩২॥
সংবিভজ্য যদা ভুঙ্‌ক্তে নৃপতির্দুর্ব্বলান্নরান্।
তদা ভবন্তি বলিনঃ স রাজ্ঞো ধর্ম্ম উচ্যতে ॥৩৩॥
যদা রক্ষতি রাষ্ট্রাণি যদা দস্যূনপোহতি।
যদা জয়তি সংগ্রামে স রাজ্ঞো ধর্ম্ম উচ্যতে ॥৩৪॥
পাপমাচরতো যত্র কর্ম্মণা ব্যাহৃতেন বা।
প্রিয়স্যাপি ন মৃষ্যেত স রাজ্ঞো ধর্ম্ম উচ্যতে ॥৩৫॥

ভারতকৌমুদী

সমিতি। সংবিভজ্য সম্যগ্‌বিভাগেনামাত্যেভ্যোহন্নাদিকং দত্ত্বা। দৃপ্তং শত্রুম্ ॥৩১॥
ত্রায়ত ইতি। সর্ব্বং শরণাগতং শত্রুমপি। পুত্রস্যাপ্যপরাধমিতি শেষঃ ॥৩২॥
সমিতি। ভুঙ্‌ক্তে বশীকরোতি। বলিনো ভবন্তি দুর্ব্বলা এব ॥৩৩॥
যদেতি। সর্ব্বত্র যদা যদিত্যর্থঃ। অপোহতি নিরস্যতি ॥৩৪॥
পাপমিতি। ব্যাহৃতেন বাচা, প্রিয়স্যাপ্যপরাধম্, ন মৃষ্যেত ন সহেত ॥৩৫॥

বলিয়াছে, ইহা দেখিয়া যে রাজা তাহাদের সম্মান করেন, তিনি উত্তম ধর্ম্ম লাভ করিয়া থাকেন ॥৩০॥

রাজা যে উত্তম খাদ্য বস্তু সকল কর্ম্মচারীদিগকে বিভক্ত করিয়া দিয়া নিজে ভোজন করেন, কর্ম্মচারিগণের যে অবমাননা করেন না এবং বলবান্ ও গর্ব্বিত শত্রুকে যে দমন করেন, সেই সকলকে রাজার ধর্ম্ম বলা হয় ॥৩১॥

রাজা বাক্য বা দৈহিক কর্ম্মদ্বারা সর্বপ্রকার আশ্রিত লোককেই যে রক্ষা করেন এবং পুত্রের অপরাধও যে সহ্য করেন না, তাহাই রাজার ধর্ম্ম বলিয়া কথিত হয় ॥৩২॥

রাজা দুর্ব্বল লোকদিগকেও খাদ্য বস্তু বিভক্ত করিয়া দিয়া যখন নিজে ভোজন করেন, তখন সেই দুর্ব্বল লোকেরাই বলবান্ হইয়া থাকে এবং সেইটাই রাজার ধর্ম্ম বলিয়া কথিত হয় ॥৩৩॥

রাজা রাজ্য যে রক্ষা করেন, দস্যুদিগকে যে তাড়াইয়া দেন এবং যুদ্ধে যে জয় লাভ করেন, সেইগুলিই রাজধর্ম্ম বলিয়া কথিত হইয়া থাকে ॥৩৪॥

(৩১)···ন চাত্মানবমন্যতে···নি।

যদা সারণিকান্ রাজা পুত্রবৎ পরিরক্ষতি।
ভিনত্তি চ ন মর্য্যাদাং স রাজ্ঞো ধর্ম্ম উচ্যতে ॥৩৬॥
যদাপ্তদক্ষিণৈর্যজ্ঞৈর্যজতে শ্রদ্ধয়ান্বিতঃ।
কামদ্বেষাবনাদৃত্য স রাজ্ঞো ধর্ম্ম উচ্যতে ॥৩৭॥
কৃপণানাথবৃদ্ধানাং যদাশ্রু পরিমার্ষ্টি।
হর্ষং সংজনয়ন্ নৃণাং স রাজ্ঞো ধর্ম্ম উচ্যতে ॥৩৮॥
বিবর্দ্ধয়তি মিত্রাণি তথারীংশ্চাপকর্ষতি।
সংপূজয়তি সাধূংশ্চ স রাজ্ঞো ধর্ম্ম উচ্যতে ॥৩৯॥
সত্যং পালয়তি প্রীত্যা নিত্যং ভূমিং প্রযচ্ছতি।
পূজয়েদতিথীন্ ভৃত্যান্ স রাজ্ঞো ধর্ম্ম উচ্যতে ॥৪০॥

ভারতকৌমুদী

যদেতি। সরণ্যা পথা সংসৃষ্টা ইতি সারণিকা বণিজস্তান্। "সরণিঃ পদ্ধতিঃ পন্থা" ইত্যমরঃ। মর্য্যাদাং গৌরবম্ ॥৩৬॥

যদিতি। আপ্তা প্রচুরা দক্ষিণা যেষু তৈঃ। অনাদৃত্য বিহায় ॥৩৭॥

কৃপণেতি। কৃপণা দীনাঃ। সংজনয়ন্ দানমানাদরৈঃ ॥৩৮॥

বীতি। বিবর্দ্ধয়তি সদ্ব্যবহারাদিভিঃ। কর্ষতি দময়তি ॥৩৯॥

সত্যমিতি। প্রযচ্ছতি সৎপাত্রেভ্যো দদাতি ॥৪০॥

রাজা কর্ম্ম বা বাক্যদ্বারা প্রিয় ব্যক্তিরও পাপাচরণ যে সহ্য করেন না, তাহাই তাঁহার ধর্ম্ম বলিয়া কথিত হয় ॥৩৫॥

রাজা বণিক্‌দিগকে পুত্রের ন্যায় যে রক্ষা করেন এবং কাহারও যে গৌরব নষ্ট করেন না, তাহাই রাজার ধর্ম্ম বলিয়া কথিত হইয়া থাকে ॥৩৬॥

রাজা শ্রদ্ধান্বিত হইয়া এবং কামদ্বেষ পরিত্যাগ করিয়া যে প্রচুরদক্ষিণাযুক্ত যজ্ঞ করেন, তাহাই রাজার ধর্ম্ম বলিয়া কথিত হয় ॥৩৭॥

রাজা দান, মান ও আদরদ্বারা আনন্দ উৎপাদন করিতে থাকিয়া দীন, অনাথ ও বৃদ্ধদিগের যে অশ্রু মোচন করেন, তাহাই রাজার ধর্ম্ম বলিয়া কথিত হয় ॥৩৮॥

রাজা মিত্রগণের বৃদ্ধি, শত্রুগণের দমন ও সাধুগণের যে সম্মান করেন, তাহাই রাজার ধর্ম্ম ॥৩৯॥

রাজা যে সত্য রক্ষা, প্রীতিসহকারে প্রত্যহ যে ভূমি দান এবং অতিথি ও ভৃত্যগণের যে সম্মান করেন, তাহাই রাজার ধর্ম্ম ॥৪০॥

(৩৯)…তথারীংশ্চাপি কর্ষতি…বঙ্গ।

নিগ্রহানুগ্রহৌ চোভৌ যত্র স্যাতাং প্রতিষ্ঠিতৌ।
অস্মিল্লোঁকে পরে চৈব রাজা স প্রাপ্নুতে ফলম্ ॥৪১॥
যমো রাজা ধার্ম্মিকাণাং মান্ধাতঃ। পরমেশ্বরঃ।
সংযচ্ছন্ ভবতি প্রাণানসংযচ্ছংস্তু পাতুকঃ ॥৪২॥
ঋত্বিক্পুরো হিতাচার্য্যান্ সৎকৃত্যানবমন্য চ।
যদা সম্যক্ প্রগৃহ্লাতি স রাজ্ঞো ধর্ম্ম উচ্যতে ॥৪৩॥
যমো যচ্ছতি ভূতানি সর্ব্বাণ্যেবাবিশেষতঃ।
তথা রাজ্ঞানুকর্ত্তব্যং যন্তব্যা বিধিবৎ প্রজাঃ ॥৪৪॥
সহস্রাক্ষেণ রাজা হি সর্ব্বথৈবোপমীয়তে।
স পশ্যতি চ যং ধর্ম্মং স ধর্ম্মঃ পুরুষর্ষভ! ॥৪৫॥

ভারতকৌমুদী

নিগ্রহেতি। নিগ্রহো দুষ্টানাং দমনম্, অনুগ্রহশ্চ শিষ্টেষু প্রসাদস্তৌ। পরে লোকে ॥৪ ॥

যম ইতি। হে মান্ধাতঃ! ধার্ম্মিকাণাং পরমেশ্বরো রাজা, প্রাণান্ ইন্দ্রিয়াণি, সংযচ্ছন্ দময়ন্, যমঃ সাক্ষাৎ ধর্ম্মরাজো ভবতি। অসংযচ্ছংস্তু তানেব প্রাণান্ ইন্দ্রিয়াণি অদময়ংস্তু পাতুকঃ পতনশীলো ভবতি ॥৪২॥

ঋত্বিগিতি। বৈদিককর্ম্মপ্রতিনিধিঃ ঋত্বিক্, বৈদিকতান্ত্রিকস্মার্ত্তপৌরাণিকসাধারণকর্ম্মপ্রতিনিধিঃ পুরোহিতঃ, আচার্য্যঃ অধ্যাপকশ্চ তান্। প্রগৃহ্লাতি তত্তৎকর্ম্মসু বৃণোতি ॥৪৩॥

যম ইতি। যমো ধর্ম্মরাজঃ, অবিশেষতঃ সামান্যেনৈব সর্ব্বাণ্যেব ভূতানি প্রাণিনঃ, যচ্ছতি অন্তিমে কালে বধ্নাতি। রাজ্ঞা তথা তৎ যমাচরণমনুকর্ত্তব্যম্। কিন্তদনুকরণমিত্যাহ যন্তব্যা ইতি। বিধিবৎ যথাশাস্ত্রম, প্রজা যন্তব্যা নিয়মে বদ্ধব্যাঃ ॥৪৪॥

নিগ্রহ ও অনুগ্রহ এই দুইটীই যাঁহাব উপরে সর্ব্বদা প্রতিষ্ঠিত থাকে, সেই রাজা ইহলোকে ও পরলোকে সমান সুখময় ফল লাভ করেন ॥৪১॥

মান্ধাতা! ধার্ম্মিকগণের পরমেশ্বরস্বরূপ রাজা ইন্দ্রিয়দমন করিতে থাকিয়া সাক্ষাৎ ধর্ম্মরাজস্বরূপ হন, আর ইন্দ্রিয়দমন না করিতে পারিলে, অধঃপাতে যাইতে থাকেন ॥৪২॥

রাজা ঋত্বিক্, পুরোহিত ও আচার্য্যকে অবমাননা না করিয়া আদরপূর্ব্বক সেই সেই কার্য্যে যে সম্যক্ বরণ করেন, তাহাই রাজার ধর্ম্ম বলিয়া কথিত হয় ॥৪৩॥

যম অন্তিমকালে নির্ব্বিশেষে সমস্ত প্রাণীকেই বন্ধন করেন; রাজা সেই যমের অনুকরণ করিবেন; অর্থাৎ রাজা যথাবিধানে প্রজাগণকে শাস্ত্রীয় নিয়মে বদ্ধ রাখিবেন ॥৪৪॥

---

(৪২) সংযচ্ছন্ যমবৎ প্রাণানসংযচ্ছংস্তু পাবকঃ···নি।

অপ্রমাদেন শিক্ষেথাঃ ক্ষমাং বুদ্ধিং ধৃতিং মতিম্ ।
ভূতানাং সত্ত্বজিজ্ঞাসাং সাধ্বসাধু চ সর্ব্বদা ॥৪৬॥
সংগ্রহঃ সর্ব্বভূতানাং দানঞ্চ মধুরং বচঃ ।
পৌরজানপদাশ্চৈব গোপ্তব্যাস্তে যথাসুখম্ ॥৪৭॥
ন জাত্বদক্ষো নৃপতিঃ প্রজাঃ শক্নোতি রক্ষিতুম্ ।
ভারো হি সুমহাংস্তাত ! রাজ্যং নাম সুদুষ্করম্ ॥৪৮॥
তদ্দণ্ডবিন্নৃপঃ প্রাজ্ঞঃ শূরঃ শক্নোতি রক্ষিতুম্ ।
ন হি শক্যমদণ্ডেন ক্লীবেনাবুদ্ধিনাপি বা ॥৪৯॥

ভারতকৌমুদী

সহস্রেতি। সহস্রাক্ষেণ ইন্দ্রেণ। স ইন্দ্রতুল্যো রাজা, যং ধর্ম্মং পশ্যতি ধর্ম্মতয়া যং মন্যতে ॥৪৫॥

অপ্রেতি। অপ্রমাদেন সাবধানতয়া, ধৃতিং ধৈর্য্যম্, মতিং স্মৃতিম্, ভূতানাং প্রাণিনাম্, সত্ত্বজিজ্ঞাসাং ব্যবসায়জ্ঞানম্, সাধ্বসাধু চ বস্তু ॥৪৬॥

সংগ্রহ ইতি। সংগ্রহ আয়ত্তীকরণম্, এতানি শিক্ষণীয়ানীতি শেষঃ। গোপ্তব্যা রক্ষিতব্যাঃ ॥৪৭॥

নেতি। জাতু কদাচিৎ, অদক্ষঃ অনিপুণঃ ॥৪৮॥

ভারতভাবদীপঃ

॥২৭॥ রাজ্ঞঃ নৃপান্ ॥২৮—৩৫॥ সারণিকান্ প্রসারিণীপ্রধানান্ বণিজঃ, শারণিকানিতি পাঠে শরণাগতান্ ॥৩৬—৪১॥ ধার্ম্মিকাণাং পরমেশ্বরোঽনুগ্রাহকোঽস্ত্যতঃ প্রাণানিন্দ্রিয়াণি নিযচ্ছন্ ভবতি

সর্ব্বপ্রকারেই রাজাকে ইন্দ্রের সমান বলা যায়; অতএব পুরুষশ্রেষ্ঠ ! তিনি যাহাকে ধর্ম্ম বলিয়া মনে করেন, সেইটাই ধর্ম্ম ॥৪৫॥

মান্ধাতা ! তুমি বিশেষ মনোযোগের সহিত সহিষ্ণুতা, সিদ্ধান্তবুদ্ধি, ধৈর্য্য, স্মৃতি, প্রাণিগণের চরিত্র এবং ভাল ও মন্দ সর্ব্বদা শিক্ষা করিবে ॥৪৬॥

সমস্ত প্রাণীকে বশ করিবার উপায়, দান এবং মধুর বাক্যপ্রয়োগও শিক্ষা করিবে; আর পুরবাসী ও দেশবাসিগণকে তুমি প্রসন্নচিত্তে পালন করিবে ॥৪৭॥

বৎস মান্ধাতা ! দক্ষতাবিহীন রাজা কখনও প্রজা পালন করিতে সমর্থ হন না। কারণ, রাজ্যটী অতিগুরুতর ভার; সুতরাং তাহা রক্ষা করাও অতি দুষ্কর ॥৪৮॥

অতএব দণ্ডনীতিজ্ঞ, প্রাজ্ঞ ও বীর রাজাই রাজ্য রক্ষা করিতে সমর্থ হন; কিন্তু অদণ্ডনীতিজ্ঞ, নিস্তেজা ও নির্ব্বোধ রাজা রাজ্য রক্ষা করিতে সমর্থ হন না ॥৪৯॥

(৪৬) ভূতানাং তত্ত্বজিজ্ঞাসা···নি···ভূতানাঞ্চৈব জিজ্ঞাসাম্···বঙ্গ। ভূতানাং সত্ত্বজিজ্ঞাসা··· পি। (৪৭)···গোপ্তব্যাঃ স্বপ্রজা যথা···নি।

অভিরূপৈঃ কুলে জাতৈর্দক্ষৈর্ভক্তৈর্বহুশ্রুতৈঃ।
সর্ব্বা বুদ্ধীঃ পরীক্ষেথাস্তাপসাশ্রমিণামপি ॥৫০॥
অতস্ত্বং সর্ব্বভূতানাং ধর্ম্মং বেৎস্যসি বৈ পরম্।
স্বদেশে পরদেশে বা ন তে ধর্ম্মো বিনঙ্ক্ষ্যতি ॥৫১॥
তস্মাদর্থাচ্চ কামাচ্চ ধর্ম্ম এবোত্তরোভবেৎ।
অস্মিংল্লোঁকে পরে চৈব ধর্ম্মাত্মা সুখমেধতে ॥৫২॥
ত্যজন্তি দারান্ পুত্রাংশ্চ মনুষ্যাঃ পরিপূজিতাঃ।
সংগ্রহশ্চৈব ভূতানাং দানঞ্চ মধুরা চ বাক্ ॥৫৩॥
অপ্রমাদশ্চ শৌচঞ্চ রাজ্ঞো ভূতিকরং মহৎ।
এতেভ্যশ্চৈব মান্ধাতঃ! সততং মা প্রমাদিথাঃ ॥৫৪॥

ভারতকৌমুদী

তদিতি। তৎ তস্মাৎ। অদণ্ডেন অদণ্ডবিদা, ক্লীবেন নিস্তেজসা ॥৪৯॥
অভীতি। অভিরূপৈর্বিচক্ষণৈঃ, ভক্তৈঃ সানুরক্তৈঃ, সর্ব্বা সর্ব্বজনস্থাঃ ॥৫০॥
অত ইতি। অতঃ পরীক্ষণাৎ। পরমুত্তমম্ ॥৫১॥
তস্মাদিতি। উত্তরঃ শ্রেষ্ঠঃ। সুখমনায়াসং যথা স্যাত্তথা এধতে বর্দ্ধতে ॥৫২॥
ত্যজন্তীতি। ত্যজন্তি ধর্ম্মার্থমিত্যাশয়ঃ। সংগ্রহো বশীকরণম্। যেষামস্তীতি শেষঃ ॥৫৩॥

ভারতভাবদীপঃ

ঐশ্বর্য্যং প্রাপ্নোতি অনিযচ্ছংস্তু পাতুকঃ পতয়ালুর্ভবতি ; পাবক ইতি পাঠে স্বাশ্রয়দাহী ভবতীত্যর্থঃ ॥৪২—৪৯॥ অভিরূপৈরমাত্যৈঃ সহেতি শেষঃ ॥৫০—৫১॥ ধর্ম্মোঽর্থাদ্বৎপন্নত ইতি তৎফলভূতত্বা-

মান্ধাতা! তুমি—বিচক্ষণ, সৎকুলজাত, কার্য্যদক্ষ, অনুরক্ত ও বহুশাস্ত্রজ্ঞ লোকগণদ্বারা সকলের বুদ্ধি, এমন কি তপস্বী ও আশ্রমবাসীদিগের বুদ্ধি পর্য্যন্ত পরীক্ষা করিবে ॥৫০॥

মান্ধাতা! তুমি এই পরীক্ষার গুণে সমস্ত প্রাণীর পরম ধর্ম্ম জানিতে পারিবে এবং স্বদেশে বা বিদেশে তোমার ধর্ম্ম নষ্ট হইবে না ॥৫১॥

সেই অর্থ ও কাম হইতে ধর্ম্মই শ্রেষ্ঠ ; সুতরাং ধার্ম্মিক ব্যক্তি ইহলোকে বা পরলোকে অনায়াসে উন্নতি লাভ করিতে পারে ॥৫২॥

যাঁহাদের প্রাণিগণকে বশ করিবার ক্ষমতা, দান শক্তি ও মধুর বাক্য থাকে, সেই সম্মানিত ব্যক্তিরা এই ধর্ম্মের জন্যই পুত্র-কলত্র পর্য্যন্ত ত্যাগ করিয়া থাকেন ॥৫৩॥

(৫০)···সর্ব্বং বুদ্ধ্যা পরীক্ষেথাঃ···নি। (৫২)···ধর্ম্মে চার্থে চ কামে চ···নি।

অপ্রমত্তো ভবেদ্রাজা ছিদ্রদর্শী পরাত্মনোঃ।
নাস্য ছিদ্রং পরঃ পশ্যেচ্ছিদ্রেষু পরমন্বিয়াৎ ॥৫৫॥
এতদ্বৃত্তং বাসবস্য যমস্য বরুণস্য চ।
রাজর্ষীণাঞ্চ সর্ব্বেষাং তত্ত্বমপ্যনুপালয় ॥৫৬॥
তৎ কুরুষ্ব মহারাজ! বৃত্তং রাজর্ষিসেবিতম্।
আতিষ্ঠ দিব্যং পন্থানমহ্নায় পুরুষর্ষভ! ॥৫৭॥
ধর্ম্মবৃত্তং হি রাজানং প্রেত্য চেহ চ ভারত!।
দেবর্ষিপিতৃগন্ধর্ব্বাঃ কীর্ত্তয়ন্তি মহৌজসঃ ॥৫৮॥

ভারতকৌমুদী

অপ্রেতি। অপ্রমাদঃ সাবধানতা, শৌচং পবিত্রতা, ভূতিকরমুন্নতিজনকম্। মা প্রমাদিথাঃ প্রমাদেন ন বিচ্যবস্ব ॥৫৪॥

অপ্রেতি। ছিদ্রদর্শী প্রবেশপথদর্শী। অন্বিয়াৎ আক্রমেৎ ॥৫৫॥

এতদিতি। এতদীদৃশম্, বৃত্তং ব্যবহারঃ, তৎ বৃত্তম্ ॥৫৬॥

তদিতি। আতিষ্ঠ আশ্রয়। দিব্যং স্বর্গীয়ম্, অহ্নায় দ্রুতম্ ॥৫৭॥

ধর্ম্মেতি। ধর্ম্মে বৃত্তং বর্ত্তমানম্, প্রেত্য পরলোকে ইহ লোকে চ ॥৫৮॥

ভারতভাবদীপঃ

স্তুত উত্তরঃ, এবং কামাদপি ধর্ম্ম এবোত্তরস্তন্ম্লত্বাৎ ॥৫২—৫৩॥ প্রমাদিথাঃ প্রমাদ্যেথাঃ ॥৫৪—৬০॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊননবতিতমোঽধ্যায়ঃ ॥৮৯॥

———:*:———

মান্ধাতা! সাবধানতা ও পবিত্রতা এই দুইটাই রাজার অত্যন্ত উন্নতিজনক; অতএব তুমি এই দুইটা হইতে কখনও বিচ্যুত হইও না ॥৫৪॥

রাজা! সর্ব্বদা সাবধান এবং নিজের ও পরের ছিদ্রদর্শী হইবেন; কিন্তু অন্য ব্যক্তি উঁহার ছিদ্র দেখিতে পাইবে না; আর তিনি ছিদ্র দেখিয়া অন্যকে আক্রমণ করিবেন ॥৫৫॥

মান্ধাতা! ইন্দ্র, যম, বরুণ এবং সমস্ত রাজর্ষিরই এইরূপ ব্যবহার চলিয়া আসিতেছে; অতএব তুমিও সেইরূপ ব্যবহারেরই অনুসরণ কর ॥৫৬॥

অতএব মহারাজ! তুমিও রাজর্ষিসেবিত ব্যবহারই করিতে থাক এবং ভরতশ্রেষ্ঠ! তুমি সত্বর স্বর্গীয় পথ অবলম্বন কর ॥৫৭॥

কারণ, ভরতনন্দন! মহাতেজা দেবগণ, ঋষিগণ, পিতৃগণ ও গন্ধর্ব্বগণ ইহলোকে ও পরলোকে ধার্ম্মিক রাজার যশ কীর্ত্তন করিয়া থাকেন ॥৫৮॥

ভীষ্ম উবাচ।

স এবমুক্তো মান্ধাতা তেনোতথ্যেন ভারত।।
কৃতবানবিশঙ্কশ্চ একঃ প্রাপ চ মেদিনীম্ ॥৫৯॥
ভবানপি তথা সম্যঙ্‌মান্ধাতেব মহীপতে।।
ধর্ম্মং কৃত্বা মহীং রক্ষ স্বর্গে স্থানমবাপ্স্যসি ॥৬০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে উতথ্যগীতায়ামূননবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:০:——

নবতিতমোঽধ্যায়ঃ।

——:*:——

যুধিষ্ঠির উবাচ।

কথং ধর্ম্মে স্থাতুমিচ্ছন্ রাজা বর্ত্তেত ধার্ম্মিকঃ।
পৃচ্ছামি ত্বাং কুরুশ্রেষ্ঠ! তন্মে ব্রূহি পিতামহ! ॥১॥

ভারতকৌমুদী

স ইতি। কৃতবান্ উতথ্যোক্তং ব্যবহারম্, অবিশঙ্কস্তদ্‌বাক্যে নিঃসন্দেহঃ ॥৫৯॥

ভবানিতি। হে মহীপতে! যুধিষ্ঠির! অবাপ্স্যসি তদ্ধর্ম্মবলাদেব ॥৬০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে ঊননবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

——:*:——

কথমিতি। কথং কেন প্রকারেণ, ধার্ম্মিকো বর্ত্তেত ভবেৎ ॥১॥

ভীষ্ম বলিলেন—'ভরতনন্দন যুধিষ্ঠির! উতথ্য এইরূপ বলিলে, মান্ধাতা নিঃশঙ্কচিত্তে সেইরূপ ব্যবহারই করিতে লাগিলেন এবং তিনি এককই সমগ্র পৃথিবী ভোগ করিতে থাকিলেন ॥৫৯॥

অতএব রাজা যুধিষ্ঠির! তুমিও মান্ধাতারই ন্যায় সমীচীনভাবে ধর্ম্ম পালন করিতে থাকিয়া পৃথিবী পালন করিতে থাক। তাহা হইলে, অন্তিমে স্বর্গেও স্থান পাইবে' ॥৬০॥

——:০:——

* '...একনবতিতমোঽধ্যায়' বঙ্গ বর্দ্ধ নি।

ভীষ্ম উবাচ।

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
গীতং দৃষ্টার্থতত্ত্বেন বামদেবেন ধীমতা ॥২॥
রাজা বসুমনা নাম জ্ঞানবান্ ধৃতিমান্ শুচিঃ।
মহর্ষিং পরিপপ্রচ্ছ বামদেবং তপস্বিনম্ ॥৩॥
ধর্ম্মার্থসহিতৈর্বাক্যৈর্ভগবন্নমুশাধি মাম্।
যেন বৃত্তেন বৈ তিষ্ঠন্ন হীয়েয়ং স্বধর্ম্মতঃ ॥৪॥
তমব্রবীদ্বামদেবস্তেজস্বী তপতাং বরঃ।
হেমবর্ণং সুখাসীনং যযাতিমিব নাহুষম্ ॥৫॥

বামদেব উবাচ।

ধর্ম্মমেবানুবর্ত্তস্ব ন ধর্ম্মাদ্বিদ্যতে পরম্।
ধর্ম্মে স্থিতা হি রাজানো জয়ন্তি পৃথিবীমিমাম্ ॥৬॥

ভারতকৌমুদী

অত্রেতি। দৃষ্টমবগতম্ অর্থতত্ত্বং সর্ব্ববিষয়যাথার্থ্যং যেন তেন ॥২॥
রাজেতি। বসুনি ধনে মনো যস্য সঃ। ধৃতিমান্ ধৈর্য্যবান্ ॥৩॥
ধর্ম্মেতি। অনুশাধি উপদিশ। হীয়েয়ং বিচ্যুতো ভবেয়ম্ ॥৪॥
তমিতি। তপতাং তপস্যাং কুর্ব্বতাম্। নাহুষং নহুষপুত্রম্ ॥৫॥

যুধিষ্ঠির বলিলেন—'পিতামহ! রাজা ধর্ম্মে থাকিতে ইচ্ছা করিয়া কিপ্রকারে ধার্ম্মিক হইতে পারেন, তাহাই আমি আপনার নিকট জিজ্ঞাসা করিতেছি; অতএব কৌরবশ্রেষ্ঠ! তাহাই আপনি আমার নিকট বলুন' ॥১॥

ভীষ্ম বলিলেন—'তত্ত্বজ্ঞানী এবং সমস্তবিষয়জ্ঞ মহর্ষি বামদেব রাজা বসুমনার নিকট যাহা বলিয়াছিলেন, সেই প্রাচীন বৃত্তান্ত মনস্বীরা এই বিষয়ে উল্লেখ করিয়া থাকেন ॥২॥

পূর্ব্বকালে জ্ঞানবান্, ধৈর্য্যশীল ও পবিত্রচিত্ত বসুমনা রাজা একদা মহর্ষি ও তপস্বী বামদেবের নিকট জিজ্ঞাসা করিয়াছিলেন—॥৩॥

'ভগবন্! আপনি ধর্ম্মার্থযুক্তবাক্যদ্বারা আমাকে উপদেশ দিন; যদনুরূপ ব্যবহারে থাকিয়া আমি স্বধর্ম্ম হইতে বিচ্যুত হইব না' ॥৪॥

তখন তেজস্বী ও তপস্বিশ্রেষ্ঠ বামদেব নহুষনন্দন যযাতির ন্যায় স্বর্ণবর্ণ ও সুখোপবিষ্ট বসুমনাকে বলিতে লাগিলেন ॥৫॥

(৩)…কৌশল্যো বলবান্ শুচিঃ…নি। (৪)…ন চ্যবেয়ং স্বধর্ম্মতঃ…নি।

অর্থসিদ্ধেঃ পরং ধর্ম্মং মন্যতে যো মহীপতিঃ।
বৃদ্ধ্যাঞ্চ কুরুতে বুদ্ধিং স ধর্ম্মেণ বিরাজতে ॥৭॥
অধর্ম্মদর্শী যো রাজা বলাদেব প্রবর্ত্ততে।
ক্ষিপ্রমেবাপযাতোঽস্মাদুভৌ প্রথমমধ্যমৌ ॥৮॥
অসৎপাপিষ্ঠসচিবো বধ্যো লোকস্য ধর্ম্মহা।
সহৈব পরিবারেণ ক্ষিপ্রমেবাবসীদতি ॥৯॥
অর্থানামননুষ্ঠাতা কামচারী বিকত্থনঃ।
অপি সর্ব্বাং মহীং লব্ধ্বা ক্ষিপ্রমেব বিনশ্যতি ॥১০॥

ভারতকৌমুদী

ধর্ম্মমিতি। অনুবর্ত্তস্ব সর্ব্বেষেব কার্য্যেষনুসর। পরমুৎকৃষ্টং বস্তু ॥৬॥

অর্থেতি। অর্থসিদ্ধের্ধনাগমনিষ্পত্তেঃ, পরং শ্রেষ্ঠম্। বৃদ্ধ্যামুন্নত্যাম্ ॥৭॥

অধর্ম্মেতি। অধর্ম্মমেব কর্ত্তব্যতয়া পশ্যতীতি অধর্ম্মদর্শী, প্রবর্ত্ততে রাজ্যশাসনে। অস্মাদধর্ম্ম-দর্শিত্বাদেব, ত্রিবর্গস্য প্রথমমধ্যমৌ ধর্ম্মার্থৌ, অপযাতঃ অতিক্রান্তো ভবতি ॥৮॥

অসদিতি। অসন্তঃ পাপিষ্ঠাশ্চ সচিবা যস্য সঃ, ধর্ম্মহা ধর্ম্মহন্তা, রাজা, লোকস্য বধ্যো ভবতি। তদ্বধাভাবে কিং স্যাদিত্যাহ সহেতি। পরিবারেণ পুত্রকলত্রাদিপরিজনেন, সহৈবাসৌ রাজা ক্ষিপ্রমেব অবসীদতি অধর্ম্মাদেব নশ্যতি ॥৯॥

অর্থানামিতি। অর্থানাম্ অর্থার্জ্জনানাম্, কামচারী স্বেচ্ছাচারী, বিকত্থন আত্মশ্লাঘাকারী ॥১০॥

ভারতভাবদীপঃ

ধর্ম্মস্যোৎকর্ষং শ্রুত্বা ধর্ম্মে স্থিতিপ্রকারং পৃচ্ছতি—কথমিতি ॥১—৪॥ তপতাং তপঃ কুর্ব্বতাম্ ॥৫—৬॥ অর্থাপেক্ষয়া ধর্ম্মং শ্রেষ্ঠং মত্বা ধর্ম্মবৃদ্ধৌ বুদ্ধিং কুর্য্যাদিত্যাহ—অর্থেতি ॥৭॥ উভৌ

বামদেব বলিলেন—'রাজা! আপনি সমস্ত কার্য্যে ধর্ম্মেরই অনুসরণ করুন। কারণ, ধর্ম্মাপেক্ষা উত্তম বস্তু আর নাই; সুতরাং ধার্ম্মিক রাজারা এই পৃথিবী জয় করিতে পারেন ॥৬॥

যে রাজা অর্থ অপেক্ষা ধর্ম্মকে শ্রেষ্ঠ মনে করেন এবং নিজের ও রাজ্যের উন্নতির দিকে মনোনিবেশ করেন, তিনি ধর্ম্মের গুণেই উজ্জ্বল হইয়া উঠেন ॥৭॥

আর যে রাজা অধর্ম্ম করিতে থাকিয়া বলপূর্ব্বকই রাজ্য শাসন করিতে প্রবৃত্ত হন, তিনি সেই অধর্ম্মের দোষে সত্বরই ধর্ম্ম ও অর্থ এই দুইটীকেই অতিক্রম করেন ॥৮॥

যাঁহার অমাত্যেরা অসৎ ও পাপিষ্ঠ হয় এবং যিনি নিজেও ধর্ম্মনাশই করেন, সেই রাজা লোকের বধ্য; আর তিনি পরিবারবর্গের সহিতই সত্বর বিনষ্ট হন ॥৯॥

অথাদদানঃ কল্যাণমনসূয়ুর্জিতেন্দ্রিয়ঃ।
বর্দ্ধতে মতিমান্ রাজা স্রোতোভিরিব সাগরঃ ॥১১॥
ন পূর্ণোঽস্মীতি মন্যেত ধর্ম্মতঃ কামতোঽর্থতঃ।
বুদ্ধিতো মিত্রতশ্চাপি সততং বসুধাধিপঃ ॥১২॥
এতেম্বেব হি সর্ব্বেষু লোকযাত্রা প্রতিষ্ঠিতা।
এতানি শৃণ্বন্ লভতে যশঃ কীর্ত্তিং শ্রিয়ঃ প্রজাঃ ॥১৩॥
এবং যো ধর্ম্মসংরম্ভী ধর্ম্মার্থপরিচিন্তকঃ।
অর্থান্ সমীক্ষ্যারভতে স ধ্রুবং মহদশ্নুতে ॥১৪॥

ভারতকৌমুদী

অথেতি। কল্যাণং সর্ব্ববিধং মঙ্গলম্, আদদানঃ সৎকার্য্যকরণেন গৃহ্নন্ ॥১১॥

নেতি। পূর্ণোঽস্মীতি ন মন্যেত, তথাত্বে পূরণান্তরেচ্ছায়া অসম্ভবেনাধিকোন্নত্যসম্ভব এবেতি ভাবঃ। অতএবোক্তং মাঘেনাপি—"সম্পদা সুস্থিরম্মন্যো ভবতি স্বল্পয়াপি যঃ। কৃতকৃত্যো বিধির্মন্যে ন বৰ্দ্ধয়তি তস্য তাম্॥" ॥১২॥

এতেম্বিতি। এতেষু ধর্ম্মার্থকামেষু, লোকযাত্রা সাংসারিকব্যাপারঃ ॥১৩॥

এবমিতি। ধর্ম্মসংরম্ভী ধর্ম্মার্জ্জনোদ্যমী, সমীক্ষ্য বিশেষেণালোচ্য, আরভতে কার্য্যম্। মহৎ ফলমুন্নতিমিত্যর্থঃ ॥১৪॥

যে রাজা অর্থাগমের চেষ্টা করেন না এবং স্বেচ্ছাচারী ও আত্মশ্লাঘাকারী হন, তিনি সমগ্র পৃথিবী লাভ করিয়াও সত্বরই বিনষ্ট হন ॥১০॥

পক্ষান্তরে বুদ্ধিমান্ রাজা অসূয়াশূন্য ও জিতেন্দ্রিয় হইয়া সৎকার্য্যের গুণে সর্ব্বপ্রকার মঙ্গল লাভ করিতে থাকিয়া, জলপ্রবাহের গুণে সমুদ্রের ন্যায় বৃদ্ধি পাইতে থাকেন ॥১১॥

রাজা এরূপ কখনও মনে করিবেন না যে, আমি ধর্ম্ম, অর্থ, কাম, বুদ্ধি ও মিত্রে পরিপূর্ণ হইয়া গিয়াছি ॥১২॥

মানুষের সাংসারিক ব্যাপার ধর্ম্ম, অর্থ ও কাম এই তিনটীর উপরেই প্রতিষ্ঠিত রহিয়াছে; সুতরাং রাজা এই তিনটীর বিষয় শুনিয়া এবং তদনুসারে চলিতে থাকিয়া যশ, কীর্ত্তি, সম্পদ্ ও প্রজা লাভ করেন ॥১৩॥

যে রাজা এই ভাবে ধর্ম্মার্জ্জনে উদ্যমী হইয়া ধর্ম্ম ও অর্থের চিন্তা এবং বিশেষভাবে অর্থের বিষয় পর্য্যালোচনা করিয়া কার্য্য করেন, তিনি নিশ্চয়ই বিশেষ ফল লাভ করেন ॥১৪॥

---

(১২)···বুদ্ধিতো মন্ত্রতশ্চাপি···নি। বসুধাধিপ!···বঙ্গ নি। (১৪) সমীক্ষ্য ভজতে···বঙ্গ। অর্থান্ পরীক্ষ্যারভতে···নি।

অদাতা হ্যনতিস্নেহো দণ্ডেনাবর্ত্তয়ন্ প্রজাঃ।
সাহসপ্রকৃতী রাজা ক্ষিপ্রমেব বিনশ্যতি ॥১৫॥
অথ পাপকৃতং বুদ্ধ্যা ন চ পশ্যত্যবুদ্ধিমান্।
অকীর্ত্ত্যাভিসমাযুক্তো ভূয়ো নরকমশ্নুতে ॥১৬॥
অথ মানয়িতুর্দাম্নঃ শ্লক্ষ্ণস্য বশবর্ত্তিনঃ।
ব্যসনং স্বমিবোৎপন্নং বিজিঘাংসন্তি মানবাঃ ॥১৭॥
যস্য নাস্তি গুরুর্ধর্ম্মে ন চান্যানপি পৃচ্ছতি।
সুখতন্ত্রোঽর্থলাভেষু ন চিরং সুখমশ্নুতে ॥১৮॥

ভারতকৌমুদী

অদাতেতি। আবর্ত্তয়ন্ বিরঞ্জয়ন্, সাহসং হঠকারিত্বমেব প্রকৃতিঃ স্বভাবো যস্য সঃ ॥১৫॥

অথেতি। অবুদ্ধিমান্ কুৎসিতবুদ্ধির্জনঃ, বুদ্ধ্যা পাপকৃতম্ আত্মনঃ পাপকার্য্যম্, ন চ নৈব পশ্যতি। তেন চেহ লোকে অকীর্ত্ত্যাভিসমাযুক্তো ভবতি, ভূয়ঃ পুনশ্চ পরলোকে নরকমশ্নুতে ॥১৬॥

অথেতি। মানয়িতুঃ পরেষাং সম্মানকর্ত্তুঃ, দাম্নঃ দামবৎ স্নেহেন সর্ব্ববন্ধনকারিণঃ, শ্লক্ষ্ণস্য কোমলস্য, সর্ব্বেষামেব বশে বর্ত্তত ইতি তস্য রাজ্ঞঃ, উৎপন্নং ব্যসনং বিপদম্, স্বং স্বকীয়ং ব্যসনং বিপদমিব, মানবাঃ বিজিঘাংসন্তি বিহন্তুমিচ্ছন্তি। অতো রাজ্ঞা মানয়িত্রাদিরূপেণ ভাব্যমিতি ভাবঃ ॥১৭॥

যস্যেতি। গুরুরুপদেষ্টা, পৃচ্ছতি ধর্ম্মম্, সুখতন্ত্রঃ সুখলিপ্সুরপি ॥১৮॥

আর যে সাহসী রাজা দান না করিয়া স্নেহ শূন্য হইয়া অধিক দণ্ডের ফলে প্রজাবর্গকে বিরক্ত করিতে থাকেন, তিনি সত্বরই বিনষ্ট হন ॥১৫॥

কূটবুদ্ধি, পূর্বভৃত্যেরা মিত্রজ্ঞানে সানুনয় বাক্যে শৃগালকে প্রসন্ন করিয়া, কূটকৌশলে সেই শৃগালকে নিজেদের সমান করিবার ইচ্ছা করিল ॥৪১॥

সেই পূর্ব্বভৃত্যেরা পরদ্রব্য হরণ করিতে থাকিয়া, ব্যাঘ্রের নিকটে পূর্ব্বে অন্যভাবে থাকিত; কিন্তু তৎকালে শৃগালকর্তৃক পরিচালিত হওয়ায় অন্যের কোন দ্রব্যই হরণ করিতে সমর্থ হইত না ॥৪২॥

তাহার পর পূর্ব্বভৃত্যেরা উন্নতি কামনা করিয়া, নানাবিধ মধুর বাক্যে শৃগালকে

---

(৪১)…দোষেষু…পি,…সান্ত্বয়িত্বা প্রবেশ্য চ…দোষেষু সময়ান্…নি।

ন চাপি স মহাপ্রাজ্ঞস্তস্মাদ্ধৈর্য্যাচ্চচাল হ।
অথাস্য সময়ং কৃত্বা বিনাশায় তথাপরে ॥৪৪॥
ঈপ্সিতন্তু মৃগেন্দ্রস্য মাংসং যত্তত্র সংস্কৃতম্।
অপনীয় স্বয়ং তদ্ধি তৈর্ন্যস্তং তস্য বেশ্মনি ॥৪৫॥ (যুগ্মকম্)
যদর্থঞ্চাপ্যপহৃতং যেন তচ্চৈব মন্ত্রিতম্।
তস্য তদ্বিদিতং সর্ব্বং কারণার্থঞ্চ মর্ষিতম্ ॥৪৬॥
সময়োঽয়ং কৃতস্তেন সাচিব্যমুপগচ্ছতা।
নোপঘাতস্ত্বয়া কার্য্যো রাজন্! মৈত্রীমিহেচ্ছতা ॥৪৭॥

ভীষ্ম উবাচ।

ক্ষুধিতস্য মৃগেন্দ্রস্য ভোক্তুমভ্যুত্থিতস্য চ।
ভোজনায়োপহর্ত্তব্যং তন্মাংসং নোপদৃশ্যতে ॥৪৮॥

ভারতকৌমুদী

নেতি। স শৃগালঃ। অস্য শৃগালস্য। সময়মবসরম্। মৃগেন্দ্রস্য ব্যাঘ্রস্য, সংস্কৃতং প্রস্তুতম্। তস্য শৃগালস্য ॥৪৪—৪৫॥

যদিতি। তস্য শৃগালস্য। কারণার্থং বিশেষোদ্দেশ্যসাধনার্থম্, মর্ষিতং শৃগালেন সোঢ়ম্ ॥৪৬॥

সময় ইতি। সময়ঃ শপথঃ, তেন শৃগালেন, উপগচ্ছতা অঙ্গীকুর্ব্বতা ॥৪৭॥

ক্ষুধিতস্যেতি। মৃগেন্দ্রস্য ব্যাঘ্রস্য। নোপদৃশ্যতে স্ম তদ্দানাধিকারিণা ॥৪৮॥

লুব্ধ করিবার চেষ্টা করিতে লাগিল এবং প্রচুর ধন উপহার দিয়া শৃগালের বুদ্ধিটীকেও লুব্ধ করিতে থাকিল ॥৪৩॥

কিন্তু মহাপ্রাজ্ঞ শৃগাল সে ধৈর্য্য হইতে বিচলিত হইল না। তাহার পর তাহারা শৃগালের বিনাশের জন্য, একটী সময় নির্দ্দিষ্ট করিয়া, ব্যাঘ্রের অভীষ্ট প্রস্তুত মাংস লইয়া যাইয়া, সেই শৃগালের ঘরে নিজেরাই রাখিয়া দিল ॥৪৪—৪৫॥

যে উদ্দেশ্যে মাংস অপহৃত হইয়াছিল এবং যে সেইরূপ মন্ত্রণা করিয়াছিল, সে সমস্তই শৃগাল জানিতে পারিয়াছিল; কিন্তু তথাপি সে কোন উদ্দেশ্য সাধনের জন্য তাহা সহ্য করিয়াছিল ॥৪৬॥

সেই শৃগাল যখন ব্যাঘ্রের মন্ত্রিত্ব গ্রহণ করে, তখন সে এইরূপ শপথ করাইয়াছিল যে, "রাজা! আপনি লোকের মিত্রতাভিলাষী হইয়া কাহাকেও বধ করিবেন না" ॥৪৭॥

---

(৪৪)···স্থিতাঃ পরে···নি।

মৃগরাজেন চাজ্ঞপ্তং দৃশ্যতাং চৌর ইত্যুত।
কৃতকৈশ্চাপি তন্মাংসং মৃগেন্দ্রায়োপবর্ণিতম্ ॥৪৯॥
সচিবেনাপনীতং তে বিদুষা প্রাজ্ঞমানিনা।
সরোষস্ত্বথ শার্দ্দূলঃ শ্রুত্বা গোমায়ুচাপলম্ ॥৫০॥
বভূবামর্ষিতো রাজা বধং চাস্য ব্যরোচয়ৎ।
ছিদ্রন্তু তস্য তদ্দৃষ্ট্বা প্রোচুস্তে পূর্ব্বমন্ত্রিণঃ ॥৫১॥ (যুগ্মকম্)
সর্ব্বেষামেব সোঽস্মাকং বৃত্তিভঙ্গে প্রবর্ত্ততে।
নিশ্চিত্যৈবং পুনস্তস্য তে তৎকর্ম্মাণ্যবর্ণয়ন্ ॥৫২॥
ইদং তস্যেদৃশং কর্ম্ম কিং তেন ন কৃতং ভবেৎ।
শ্রুতশ্চ স্বামিনা পূর্ব্বং যাদৃশো নৈব তাদৃশঃ ॥৫৩॥

ভারতকৌমুদী

মৃগেতি। মৃগরাজেন পশুরাজেন ব্যাঘ্রেণ। কৃতকৈঃ কপটিভিঃ পূর্ব্বভৃত্যৈঃ ॥৪৯॥

তদ্বর্ণনমেবাহ সচিবেনেতি। গোমায়োর্মন্ত্রিভূতস্য শৃগালস্য চাপলমধীরতাম্। অমর্ষিতঃ অসহিষ্ণুঃ। অস্য গোমায়োঃ, ব্যরোচয়দৈচ্ছৎ ॥৫০—৫১॥

সর্ব্বেষামিতি। বৃত্তিভঙ্গে জীবনোপায়নাশে। এবং তদ্বিনাশম্ ॥৫২॥

ভারতভাবদীপঃ

ব্যাঘ্রস্তেত্যর্থঃ ॥৩৯—৪৪॥ তস্য গোমায়োর্বেশ্মনি ॥৪৫॥ তস্য গোমায়োস্তদ্বিদিতং তেন চ তন্মর্ষিতং কারণার্থং স্বস্য বন্ধুবিচ্ছেদো ভবত্বিতি হেতোরিত্যর্থঃ ॥৪৬—৫১॥ বর্ণয়ন্নবর্ণয়ন্

ভীষ্ম বলিলেন—"তদনন্তর ব্যাঘ্র ক্ষুধার্ত্ত হইয়া যখন ভোজনের জন্য গাত্রোত্থান করিল; তখন তাহাকে দেয় সে মাংস দেখা গেল না ॥৪৮॥

তখন পশুরাজ ব্যাঘ্র আদেশ করিল যে—"চোরকে সন্ধান করিয়া দেখ"। তখন কপটাচারী সেই পূর্ব্বভৃত্যেরা মাংসের বিষয় ব্যাঘ্রকে বর্ণনা করিল—॥৪৯॥

"পশুরাজ! পণ্ডিত ও পণ্ডিতাভিমানী আপনার মন্ত্রীই তাহা অপহরণ করিয়াছেন"। তৎপরে ব্যাঘ্র শৃগালের সেই চপলতার বিষয় শুনিয়া ক্রুদ্ধ ও অসহিষ্ণু হইয়া পড়িল এবং শৃগালকে বধ করিবার ইচ্ছা করিল। তখন তাহার সেই ছিদ্র দেখিয়া পূর্ব্বমন্ত্রীরা বলিল—॥৫০—৫১॥

"সে শৃগাল আমাদের সকলেরই জীবনোপায় বিনষ্ট করিতে প্রবৃত্ত হইয়াছে"। এই কথা বলিয়া পূর্ব্বভৃত্যেরা শৃগালের মৃত্যু নিশ্চয় করিয়া, পুনরায় তাহার কার্য্যের বর্ণনা করিতে লাগিল—॥৫২॥

(৫২)···তৎ কর্ম্মণ্যবর্ত্তয়ন···নি।

বাঙ্‌মাত্রেণৈব ধর্ম্মিষ্ঠঃ স্বভাবেন তু দারুণঃ।
ধর্ম্মচ্ছদ্মা হ্যয়ং পাপো বৃথাচারপরিগ্রহঃ ॥৫৪॥
কার্য্যার্থং ভোজনার্থেষু ব্রতেষু কৃতবান্ শ্রমম্।
যদি বিপ্রত্যয়ো হ্যেষ তদিদং দর্শয়াম তে ॥৫৫॥
তন্মাংসং চৈব গোমায়োস্তৈঃ ক্ষণাদাশু ঢৌকিতম্।
মাংসাপনয়নং জ্ঞাত্বা ব্যাঘ্রঃ শ্রুত্বা চ তদ্বচঃ ॥৫৬॥
আজ্ঞাপয়ামাস তদা গোমায়ুর্বধ্যতামিতি।
শার্দ্দূলস্য বচঃ শ্রুত্বা শার্দ্দূলজননী ততঃ ॥৫৭॥
মৃগরাজং হিতৈর্বাক্যৈঃ সম্বোধয়িতুমাগমৎ।
পুত্র! নৈতত্ত্বয়া গ্রাহ্যং কপটারম্ভসংযুতম্ ॥৫৮॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ইদমিতি। স্বামিনা প্রভুণা ত্বয়া, যাদৃশঃ পুরুষো নৈব শ্রুতঃ স তাদৃশঃ ॥৫৩॥

বাগিতি। ধর্ম্ম এব ছদ্ম ব্যাজো যস্য সঃ, বৃথা মিথ্যা আচারপরিগ্রহো ধর্ম্মাচারধারণং যস্য সঃ ॥৫৪॥

কার্য্যেতি। কার্য্যার্থং নিজোদ্দেশ্যসাধনার্থম্, ব্রতেষু শুদ্ধাচারেষু চ, শ্রমং কৃতবান্ অসৌ শৃগালঃ, ভোজনার্থ নৈপুণ্যার্জনশ্রমকরণাদেব স তন্মাংসং হৃতবান্ ইত্যাশয়ঃ। বিপ্রত্যয়ঃ অবিশ্বাসঃ, এষ এতদ্বিষয়কঃ ॥৫৫॥

তদিতি। গোমায়োস্তস্য শৃগালস্য গৃহাৎ, তন্মাংসম্, আশু ঢৌকিতং ব্যাঘ্রায় তৈরুপস্থতম্। গোমায়ুঃ স মন্ত্রী শৃগালঃ। কপটারম্ভসংযুতং ছলব্যাপারযুক্তং বাক্যম্ ॥৫৬—৫৮॥

ভারতভাবদীপঃ

॥৫২—৫৪॥ বিপ্রত্যয়োঽবিশ্বাসঃ ॥৫৫॥ গোমায়োর্গৃহে ঢৌকিতং প্রবেশিতং মাংসং প্রদর্শয়ামাসুরিত্যর্থঃ ॥৫৬—৫৭॥ কর্ম্ম ন গ্রাহ্যমিত্যুত্তরশ্লোকেন সম্বন্ধঃ ॥৫৮॥

"এই এবং এইরূপ তাহার কার্য্য; আর সে কোন্ কার্য্য না করিতে পারে? প্রভু যেরূপ পুরুষের কথা শোনেন নাই, সে সেইরূপ পুরুষ ॥৫৩॥

সেই শৃগালটা কেবল বাক্যে ধার্ম্মিক; কিন্তু স্বভাবে ভীষণ। ধর্ম্ম তাহার ছল; কিন্তু পাপ তাহার স্বাভাবিক, আর ধর্ম্মাচরণ মিথ্যা ॥৫৪॥

সে নিজের উদ্দেশ্য সাধন করিবার জন্য ভোজন ও ব্রতের বিষয়ে নৈপুণ্য অর্জ্জন করিবার নিমিত্ত পরিশ্রম করিয়াছে। যদি আপনার এ বিষয়ে বিশ্বাস না হয়, তবে আমরা আপনাকে তাহার প্রমাণ দেখাইয়া দিতে পারি" ॥৫৫॥

পূর্ব্বভৃত্যেরা এই কথা বলিয়া, সেই শৃগালের গৃহ হইতে সেই মাংস আনয়ন

(৫৫)···ভোজনাদ্যেষু···নি।

কর্ম্মসংঘর্ষজৈর্দোষৈর্দুষ্যেতাশুচিভিঃ শুচিঃ।
নোচ্ছ্রিতং সহতে কশ্চিৎ প্রক্রিয়া বৈরকারিকা ॥৫ ॥
শুচেরপি হি যুক্তস্য দোষ এব নিপাত্যতে।
মুনেরপি বনস্থস্য স্বানি কর্ম্মাণি কুর্ব্বতঃ ॥৬০॥
উৎপদ্যন্তে ত্রয়ঃ পক্ষা মিত্রোদাসীনশত্রবঃ।
লুব্ধানাং শুচয়ো দ্বেষ্যাঃ কাতরাণাং তরস্বিনঃ ॥৬১॥
মূর্খাণাং পণ্ডিতা দ্বেষ্যা দরিদ্রাণাং মহাধনাঃ।
অধার্ম্মিকাণাং ধর্ম্মিষ্ঠা বিরূপাণাং সুরূপিণঃ ॥৬২॥

ভারতকৌমুদী

কর্ম্মেতি। অশুচিভিদুষ্টৈর্জনৈঃ, কর্ম্মসঙ্ঘর্ষজৈঃ পরস্পরবিরুদ্ধকর্ম্মজনিতৈর্দোষৈঃ, শুচির্নির্দোষোঽপি জনো দুষ্যেত। কশ্চিদপি জনঃ, উচ্ছ্রিতম্ উন্নতং জনম্, ন সহতে, ততশ্চ তস্য প্রক্রিয়া কূটকর্ম্ম, বৈরকারিকা উচ্ছ্রিতস্য শত্রুতাসাধিকা ভবতি। অত্রাপি তথেতি ভাবঃ ॥৫৯॥

শুচেরিতি। যুক্তস্য আত্মকর্ম্মণ্যভিনিবিষ্টস্য, দোষ এব নিপাত্যতে অশুচিভিঃ ॥৬০॥

উদিতি। উদাসীনা মিত্রশত্রুব্যতিরিক্তাঃ। শুচয়ো নির্লোভাঃ, দ্বেষ্যাঃ শত্রবঃ, কাতরাণাং দুর্ব্বলানাম্, তরস্বিনো বলবন্তো দ্বেষ্যাঃ ॥৬১॥

মূর্খাণামিতি। বিরূপাণাং কুৎসিতানাম্, সুরূপিণঃ সুন্দরাঃ ॥৬২॥

করিয়া ব্যাঘ্রকে অর্পণ করিল। তখন শৃগালকর্ত্তৃক মাংস হরণ জানিয়া এবং তাহাদের বাক্য শুনিয়া ব্যাঘ্র আদেশ করিল যে—'শৃগালকে বধ কর'। ব্যাঘ্রের সেই কথা শুনিয়া তাহার জননী হিতবাক্যদ্বারা কর্ত্তব্য বুঝাইবার জন্য সেস্থানে আগমন করিল এবং বলিল—"পুত্র! তুমি এই সকল কপট বাক্য গ্রাহ্য করিও না ॥৫৬—৫৮॥

দুষ্ট লোকেরা নির্দোষ লোকদিগকে পরস্পর কর্ম্মসঙ্ঘর্ষজনিত দোষে দূষিত করিয়া থাকে এবং কোন ব্যক্তিই উন্নত ব্যক্তিকে সহ্য করিতে পারে না। তাহাতে তাহার কপট ব্যবহার উন্নতব্যক্তির শত্রুতা সাধন করে ॥৫৯॥

দোষী লোকেরা আপন কর্ম্মে অভিনিবিষ্ট নির্দোষ লোকের উপরেও দোষারোপ করে; এমন কি বনবাসী আপন কার্য্যকারী মুনির উপরেও দোষ দিয়া থাকে ॥৬০॥

এই জগতে সকল ব্যক্তিরই মিত্র, উদাসীন ও শত্রু এই তিনটী পক্ষ উৎপন্ন হইয়া থাকে। লোভশূন্য ব্যক্তিরা লোভী ব্যক্তিদের এবং প্রবলগণ দুর্ব্বলগণের শত্রু হয় ॥৬১॥

পণ্ডিতগণ মূর্খদের, ধনিগণ নির্ধনদিগের, ধার্ম্মিকগণ অধার্ম্মিকদিগের এবং সুন্দরগণ কুৎসিতদিগের শত্রু হইয়া থাকেন ॥৬২॥

বহবঃ পণ্ডিতা মূর্খা লুব্ধা মায়োপজীবিনঃ।
কুর্য্যুর্দোষমদোষস্য বৃহস্পতিমতেরপি ॥৬৩॥
শূন্যাত্তুচ্চ গৃহান্মাংসং যদ্যপ্যপহৃতং তব।
নেচ্ছতে দীয়মানঞ্চ সাধু তাবদ্বিমৃশ্যতাম্ ॥৬৪॥
অসভ্যাঃ সভ্যসঙ্কাশাঃ সভ্যাশ্চাসভ্যদর্শনাঃ।
দৃশ্যন্তে বিবিধা ভাবাস্তেষু যুক্তং পরীক্ষণম্ ॥৬৫॥
তলবদ্দৃশ্যতে ব্যোম খদ্যোতো হব্যবাড়িব।
ন চৈবাস্তি তলং ব্যোম্নি খদ্যোতে ন হুতাশনঃ ॥৬৬॥
তস্মাৎ প্রত্যক্ষদৃষ্টোঽপি যুক্তো হ্যর্থঃ পরীক্ষিতুম্।
পরীক্ষ্য জ্ঞাপয়ন্নর্থান্ন পশ্চাৎ পরিতপ্যতে ॥৬৭॥

ভারতকৌমুদী

বহব ইতি। মায়য়া কাপট্যেন উপজীবন্তীতি তে। বৃহস্পতেরিব মতির্বুদ্ধির্যস্য তস্য ॥৬৩॥

শূন্যাদিতি। তৎ পুনর্দীয়মানং যো নেচ্ছতে গ্রহীতুং নেচ্ছতি, তয়োর্মধ্যে কিং কার্য্যং সাধু তদ্বিমৃশ্যতাং বিবিচ্যতাম্ ॥৬৪॥

অসভ্যা ইতি। ভাবা অবস্থাঃ, যুক্তং ন্যায্যম্ ॥৬৫॥

লোকে প্রায়েণৈব ভ্রান্তিঃ স্বাভাবিকীত্যাহ তলবদিতি। ব্যোম গগনম্, তলবৎ ন্যুব্জীকৃত-কটাহনিম্নবৎ, খদ্যোতো জ্যোতিরিঙ্গণোঽপি, হব্যবাট্ অগ্নিরিব দৃশ্যতে। কিন্তু তস্মিন্ ব্যোম্নি তলং নাস্তি, তস্য শূন্যময়ত্বাৎ। তস্মিন্ খদ্যোতে চ হুতাশনো নাস্তি তস্য দাহকত্বাভাবাৎ। তদনয়োর্ভ্রমমাত্রত্বমিব গোমায়াবপি চৌরত্বভ্রমমাত্রত্বমিতি ভাবঃ ॥৬৬॥

তস্মাদিতি। যুক্তো ন্যায্যঃ, অর্থশ্চৌর্য্যাদিবিষয়ঃ। জ্ঞাপয়ন্ তৎ পরীক্ষণমেব ॥৬৭॥

ভারতভাবদীপঃ

সঙ্ঘর্ষৈঃ স্পর্দ্ধোত্থৈঃ, প্রক্রিয়া প্রকৃষ্টং কর্ম্ম ॥৫৯—৬৫॥ তলবদবাঙ্মুখকটাহগর্ভবৎ ॥৬৬—৬৭॥

বহুতর পণ্ডিত, মূর্খ, লুব্ধ ও কপটী লোক নির্দোষ ও বৃহস্পতির তুল্য বুদ্ধিমান্ লোকের উপরেও দোষারোপ করিয়া থাকে ॥৬৩॥

কোন একব্যক্তি তোমার শূন্যগৃহ হইতে সেই মাংস অপহরণ করিয়াছে এবং সে আবার ফিরাইয়া দিয়াছে, তথাপি যে তাহা লইতে ইচ্ছা করিতেছে না, এই উভয়ের কার্য্যের মধ্যে কোন্‌টী ভাল, তাহা বিবেচনা কর ॥৬৪॥

অসভ্য ব্যক্তিরা সভ্যদের ন্যায় প্রকাশ পায় এবং সভ্যদিগকেও অসভ্যদের ন্যায় দেখা যায়; এইরূপ লোকের নানাবিধ অবস্থা দৃষ্টিগোচর হয়; অতএব তাহাদের পরীক্ষা করা উচিত ॥৬৫॥

আকাশটীকে একটী ন্যুব্জীকৃত (উবুত করা) কটাহের তলের ন্যায় এবং

ন দুষ্করমিদং পুত্র! যৎপ্রভুর্ঘাতয়েৎ পরম্।
শ্লাঘনীয়া যশস্যা চ লোকে প্রভবতাং ক্ষমা ॥৬৮॥
স্থাপিতোঽয়ং ত্বয়া পুত্র! সামন্তেষ্বপি বিশ্রুতঃ।
দুঃখেনাসাদ্যতে পাত্রং ধার্য্যতামেষ তে সুহৃৎ ॥৬৯॥
দূষিতং পরদোষৈর্হি গৃহ্নীতে যোঽন্যথা শুচিম্।
স্বয়ং সংদূষিতামাত্যঃ ক্ষিপ্রমেব বিনশ্যতি ॥৭০॥
তস্মাদপ্যরিসঙ্ঘাতাদ্‌গোমায়োঃ কশ্চিদাগতঃ।
ধর্ম্মাত্মা তেন চাখ্যাতং যথৈতৎ কপটং কৃতম্ ॥৭১॥

ভারতকৌমুদী

তন্ময়া কিং কর্ত্তব্যমিত্যাহ নেতি। যশস্যা যশস্করী, প্রভবতাং প্রভূনাম্ ॥৬৮॥

স্থাপিত ইতি। স্থাপিতো মন্ত্রিপদে, অয়ং শৃগালঃ, সামন্তেষু ত্বদধীনশক্তিমৎপশ্বন্তরেষু। ধার্য্যতাং রক্ষ্যতাম্ ॥৬৯॥

ক্ষমায়া অকরণে দোষমাহ দূষিতমিতি। পরদোষৈরিত্যভেদে তৃতীয়া "ধান্যেন ধনবান্" ইত্যাদিবৎ। শুচিং নির্দ্দোষম্, অন্যথা স্বদোষদুষ্টম্, গৃহ্নীতে মন্যতে। সংদূষিতঃ দোষারোপপাত্রীকৃতঃ, অমাত্যো যেন স প্রভুঃ ॥৭০॥

গোমায়োর্নির্দ্দোষত্বং প্রতিপাদয়িতুমাহ তস্মাদিতি। গোমায়োররিসঙ্ঘাতাদিতি সম্বন্ধঃ ॥৭১॥

জোনাকীপোকাকে আগুনের ন্যায় দেখা যায়। অথ চ আকাশে তল নাই এবং জোনাকীপোকাতেও আগুন নাই ॥৬৬॥

অতএব প্রত্যক্ষ দৃষ্টবিষয়েরও পরীক্ষা করা উচিত। পরীক্ষা করিয়া সেই বিষয়টা সকলকে জানাইয়া শেষে আর পরিতাপের ভাগী হইতে হয় না ॥৬৭॥

পুত্র! প্রভু যে ভৃত্যকে বিনষ্ট করেন, এটা দুষ্কর কার্য্য নহে। কিন্তু প্রভুরা যে ভৃত্যদের উপরে ক্ষমা করেন, তাহাই তাঁহাদের গৌরবের বিষয় এবং প্রশংসাজনক ॥৬৮॥

পুত্র! তুমি এই শৃগালকে যে মন্ত্রিপদে স্থাপন করিয়াছ, তাহা তোমার অনুচর অন্যান্য পশুদের মধ্যেও প্রসিদ্ধ হইয়াছে। সৎপাত্র পাওয়া দুষ্কর; অতএব তুমি তোমার এই সুহৃদকে রক্ষা কর ॥৬৯॥

কোন ভৃত্য নিজে নির্দ্দোষ, অথ চ অন্যের দোষে সে দোষী বলিয়া প্রকাশ পাইয়াছে; এই অবস্থায় যে প্রভু সেই ভৃত্যকে দোষী বলিয়া মনে করেন; তিনি নিজেই সেই ভৃত্যকে দূষিত করেন এবং নিজেও সেই দোষে সত্বরই বিনষ্ট হন ॥৭০॥

ততো বিজ্ঞাতচরিতঃ সৎকৃত্য স বিমোক্ষিতঃ।
পরিষ্বক্তশ্চ সস্নেহং মৃগেন্দ্রেণ পুনঃ পুনঃ ॥৭২॥
অনুজ্ঞাপ্য মৃগেন্দ্রস্তু গোমায়ুর্নীতিশাস্ত্রবিৎ।
তেনামর্ষেণ সন্তপ্তঃ প্রায়মাসিতুমৈচ্ছত ॥৭৩॥
শার্দ্দূলস্তস্তু গোমায়ুং স্নেহাৎ প্রোৎফুল্ললোচনঃ।
অবারয়ৎ স ধর্ম্মিষ্ঠং পূজয়া প্রতিপূজয়ন্ ॥৭৪॥
তং স গোমায়ুরালোক্য স্নেহাদাগতসম্ভ্রমম্।
উবাচ প্রণতো বাক্যং বাষ্পগদ্গদয়া গিরা ॥৭৫॥
পূজিতোঽহং ত্বয়া পূর্ব্বং পশ্চাচ্চৈব বিমানিতঃ।
পরেষামাস্পদং নীতো বস্তুং নার্হাম্যহং ত্বয়ি ॥৭৬॥

ভারতকৌমুদী

তত ইতি। বিজ্ঞাতং চরিতং যস্য সঃ, স শৃগালঃ। পরিষ্বক্ত আলিঙ্গিতঃ ॥৭২॥
অম্বিতি। অমর্ষেণ মনোদুঃখেন, প্রায়মস্তগমনং যাবৎ, আসিতুমুপবেষ্টুম্ ॥৭৩॥
শার্দ্দূল ইতি। অবারয়ৎ প্রায়োপবেশনাদিতি শেষঃ ॥৭৪॥
তমিতি। আগতসম্ভ্রমম্ উপস্থিতচাঞ্চল্যম্। বাষ্পেণ গদ্গদয়া অস্পষ্টয়া ॥৭৫॥
পূজিত ইতি। বিমানিতোঽপমানিতঃ। আস্পদমধীনতাম্, বস্তুং স্থাতুম্ ॥৭৬॥

ভারতভাবদীপঃ

প্রভবতাং প্রভূণাম্ ॥৬৮—৭০॥ গোমায়োশ্চারঃ ॥৭১—৭২॥ প্রায়ং মরণার্থমুপবেশনম্

তোমার সেই মন্ত্রী শৃগালের শত্রুগণের মধ্য হইতে কোন একটী ধর্ম্মাত্মা আসিয়াছেন এবং তিনি বলিয়াছেন যে, শৃগালের শত্রুরাই এই কপট ব্যবহার করিয়াছে” ॥৭১॥

তাহার পর পশুরাজ ব্যাঘ্র শৃগালের চরিত্র জানিয়া, আদর করিয়া তাহাকে ছাড়িয়া দিল এবং স্নেহের সহিত বার বার তাহাকে আলিঙ্গন করিল ॥৭২॥

নীতিশাস্ত্রজ্ঞ শৃগাল সেই মনোদুঃখে সন্তপ্ত হইয়া, ব্যাঘ্রের অনুমতি লইয়া, প্রায়োপবেশন করিবার ইচ্ছা করিল ॥৭৩॥

তদনন্তর ব্যাঘ্র স্নেহবশতঃ স্ফীতনয়ন হইয়া, গৌরব করিয়া প্রায়োপবেশন হইতে শৃগালকে নিবারণ করিল ॥৭৪॥

স্নেহবশতঃ ব্যাঘ্রের চাঞ্চল্য উপস্থিত হইয়াছে দেখিয়া, শৃগাল অবনত হইয়া বাষ্পগদ্গদ বাক্যে তাহাকে বলিল—॥৭৫॥

(৭৪)···প্রস্রুতলোচনঃ···নি।

অসন্তুষ্টাশ্চ্যুতাঃ স্থানান্মানাৎ প্রত্যবরোপিতাঃ।
স্বয়ং চোপহৃতা ভৃত্যা যে চাপ্যুপহিতাঃ পরৈঃ ॥৭৭॥
পরিক্ষীণাশ্চ লুব্ধাশ্চ ক্রুদ্ধা ভীতাঃ প্রতারিতাঃ।
হৃতস্বা মানিনো যে চ ত্যক্তাদানা মহোৎসবঃ ॥৭৮॥
সন্তাপিতাশ্চ যে কেচিদ্ব্যাসনৌঘপ্রতীক্ষিণঃ।
অন্তর্হিতাঃ সোপহিতাস্তে সর্ব্বেঽপরসাধনাঃ ॥৭৯॥ (বিশেষকম্)
অবমানেন যুক্তস্য স্থানভ্রষ্টস্য বা পুনঃ।
কথং যাস্যসি বিশ্বাসমহং তিষ্ঠামি বা কথম্ ॥৮০॥

ভারতকৌমুদী

অসন্তুষ্টা ইতি। প্রত্যবরোপিতা ভ্রংশিতাঃ। উপহৃতা উপস্থিতাঃ। উপহিতাঃ স্থাপিতাঃ। পরিক্ষীণা অর্থদণ্ডাদিনা দণ্ডিতাঃ। হৃতস্বাশ্চৌরাদিনা, মানিনস্তেজস্বিনঃ, ত্যক্তমাদানং বেতনাদিগ্রহণং যৈস্তে, মহমুৎসবং স্বাধীনতানন্দমীপ্সন্তীতি তে। ব্যাসনৌঘমাত্মাপরাধেন বিপৎসমূহং প্রতীক্ষন্ত ইতি তে, অন্তর্হিতাঃ প্রায়েণ কার্য্যালয়ে অনুপস্থিতাঃ। সোপহিতাঃ সচ্ছলাঃ, অপরমেব সাধনং জীবনোপায়ো যেষাং তে, এষাং পরভৃত্যত্বং নোচিতমিতি ভাবঃ ॥৭৭—৭৯॥

বাসাসম্ভবে যুক্তিমাহ অবেতি। স্থানভ্রষ্টস্য নীচপদং নীতস্য ॥৮০॥

ভারতভাবদীপঃ

আসিতুমাচরিতুম্ ॥৭৩—৭৬॥ উপহিতা বঞ্চিতাঃ ॥৭৭॥ প্রতারিতাঃ ক্ষারিতাঃ ॥৭৮॥

"পশুরাজ! পূর্ব্বে আপনি আমাকে সম্মানিত করিয়াছিলেন, পরে আবার অপমানিত করিয়াছেন এবং অন্যের অধীন করিয়া দিয়াছেন। অতএব আমি আর আপনার নিকটে বাস করিতে পারি না ॥৭৬॥

যাহারা অসন্তুষ্ট, স্থানভ্রষ্ট, গৌরবচ্যুত, নিজে উপস্থিত, পরকর্ত্তৃক স্থাপিত, দণ্ডিত, লুব্ধ, ক্রুদ্ধ, ভীত, প্রতারিত, হৃতধন, তেজস্বী, বেতনগ্রহণ শূন্য, উৎসবার্থী, সন্তপ্ত, বিপৎপ্রতীক্ষাকারী, কর্ম্মস্থানে প্রায়ই অনুপস্থিত এবং ছলকারী—তাহাদের সকলেরই অন্য প্রকার জীবনের উপায় করা উচিত ॥৭৭—৭৯॥

আমি অপমানিত হইয়াছি এই অবস্থায় কিংবা আমাকে স্থানভ্রষ্ট করিলে সেই অবস্থায় আপনি আমাকে বিশ্বাস করিতে পারিবেন না। আমিই বা কি করিয়া থাকি ॥৮০॥

(৭৭)···চোপদ্রুতা ভৃত্যাঃ···নি।
(৮০)···অহমেষ্যামি বা···নি।

সমর্থ ইতি সংগৃহ্য স্থাপয়িত্বা পরীক্ষিতঃ।
কৃতঞ্চ সময়ং ভিত্ত্বা ত্বয়াহমবমানিতঃ ॥৮১॥
প্রথমং যঃ সমাখ্যাতঃ শীলবানিতি সংসদি।
ন বাচ্যং তস্য বৈগুণ্যং প্রতিজ্ঞাং পরিরক্ষতা ॥৮২॥
এবং চাবমতস্তেহ বিশ্বাসং মে ন যাস্যসি।
ত্বয়ি চাপেতবিশ্বাসে মমোদ্বেগো ভবিষ্যতি ॥৮৩॥
শঙ্কিতস্ত্বমহং ভীতঃ পরে ছিদ্রানুদর্শিনঃ।
অস্নিগ্ধাশ্চৈব তুস্তোষাঃ কর্ম্ম চৈতদ্বহুচ্ছলম্ ॥৮৪॥
পূর্ব্বং সম্মাননা যত্র পশ্চাচ্চৈব বিমাননা।
ন তং ধীরাঃ প্রশংসন্তি সম্মানিতবিমানিতম্ ॥৮৫॥

ভারতকৌমুদী

সমর্থ ইতি। সমর্থো মন্ত্রিকার্য্যে শক্তঃ, সংগৃহ্য আনীয়। সময়ং শপথম্ ॥৮১॥

প্রথমমিতি। শীলবান্ সচ্চরিত্রঃ। বৈগুণ্যং শীলবত্ত্বস্য বৈষম্যম্ ॥৮২॥

বাসে দোষমাহ এবমিতি। অতএব বস্ত্বং নার্হসীতি ভাবঃ ॥৮৩॥

শঙ্কিত ইতি। ত্বমবিশ্বাসেন ময়ি শঙ্কিতঃ সঞ্জাতসন্দেহঃ, অহং ত্বত্তো ভীতঃ, পরে পূর্ব্বভৃত্যাঃ। অস্নিগ্ধা ময়ি স্নেহশূন্যাঃ এতৎ মন্ত্রিসম্পাদ্যম্ ॥৮৪॥

পূর্ব্বমিতি। বিমাননা অবমাননা ॥৮৫॥

আমি আপনার মন্ত্রিকার্য্যে সমর্থ হইব, ইহা ভাবিয়া আমাকে আনয়ন করিয়া, মন্ত্রিপদে স্থাপনপূর্ব্বক পরীক্ষা করিয়া দেখিয়াছেন; তা'র পরে, আবার কৃত-প্রতিজ্ঞা ভঙ্গ করিয়া আপনি আমার অপমান করিয়াছেন ॥৮১॥

আপনি প্রথমে আপনার সভায় যাহাকে সচ্চরিত্র বলিয়াছিলেন। প্রতিজ্ঞা রক্ষা করিবার ইচ্ছা থাকিলে, পুনরায় তাহারই সম্বন্ধে বিপরীত বলা আপনার উচিত হয় নাই ॥৮২॥

এই ভাবে আমি আপনার অবজ্ঞার পাত্র হইয়াছি; সুতরাং আপনি আমার উপরে বিশ্বাস করিতে পারিবেন না এবং আপনি অবিশ্বাস করিতে থাকিলে, আমারও উদ্বেগই চলিতে থাকিবে ॥৮৩॥

আপনি আমার উপরে আশঙ্কা করেন; আমিও আপনার ভয়ে ভীত এবং আপনার পূর্ব্বভৃত্যগণের আমার উপরে স্নেহ নাই, তাহাদিগকে সন্তুষ্ট করাও দুষ্কর; অথ চ তাহারা সর্ব্বদাই আমার ছিদ্র অনুসন্ধান করে। তা'র পরে, আবার এই মন্ত্রিকার্য্যে বহুবিধ ছল রহিয়াছে ॥৮৪॥

দুঃখেন শ্লিষ্যতে ভিন্নং শ্লিষ্টং দুঃখেন ভিদ্যতে।
ভিন্না শ্লিষ্টা তু যা প্রীতির্ন সা স্নেহেন বর্ত্ততে ॥৮৬॥
কশ্চিদেব হিতে ভর্ত্তুর্দৃশ্যতে ন পরাত্মনোঃ।
কার্য্যাপেক্ষা হি বর্ত্তন্তে ভাবস্নিগ্ধাঃ সুদুর্লভাঃ ॥৮৭॥
সুদুঃখং পুরুষজ্ঞানং চিত্তং হ্যেষাং চলাচলম্।
সমর্থো বাপ্যশক্তো বা শতেষ্বেকোঽধিগম্যতে ॥৮৮॥

ভারতকৌমুদী

দুঃখেনেতি। শ্লিষ্যতে সংযোজ্যতে, ভিন্নং পৃথক্কৃতং বস্তু, শ্লিষ্টং সংযুক্তম্। স্নেহেন সার্ব্বকালিকসৌহার্দ্দেন ॥৮৬॥

কশ্চিদিতি। জগতি কশ্চিদেব জনঃ, ভর্ত্তুরেব হিতে নিরতো দৃশ্যতে, কচিদপি পরাত্মনো হিতে নিরতো ন দৃশ্যতে। হি যস্মাৎ, ভাবেন স্বভাবেন স্নিগ্ধা অতএব সুদুর্লভা জনাঃ, কার্য্যমপেক্ষন্ত ইতি তাদৃশা বর্ত্তন্তে ॥৮৭॥

সুদুঃখমিতি। পুরুষস্য জ্ঞানং স্বরূপবোধঃ, সুদুঃখমতীবদুঃখনিষ্পাদ্যম্। যেন হি এষাং পুরুষাণাং চিত্তঞ্চ, চলাচলং নিতান্তচঞ্চলম্। পুরুষাণাং শতেষু মধ্যে, সর্ব্বকার্য্যেষু সমর্থো বা অশক্তো বা এক এব জনঃ, অধিগম্যতে লভ্যতে ॥৮৮॥

ভারতভাবদীপঃ

অপরসাশ্চাঽধনাশ্চেত্যপরসাধনাঃ প্রীতিশূন্যা নির্ধনাশ্চেত্যর্থঃ ॥৭৯—৮৬॥ কশ্চিদেব কশ্চিদপি ভর্ত্তুর্হিতে ন দৃশ্যতে, কিন্তু বাণিজ্যবদুভয়ার্থঃ স্নেহো ন কেবলং ভর্ত্তুঃ কার্য্যার্থ ইত্যর্থঃ ॥৮৭॥

যে ব্যক্তির উপরে প্রথমে সম্মান, পরে আবার অপমান করা হয়, পণ্ডিতেরা সেই সম্মানিত ও অপমানিত ব্যক্তির প্রশংসা করেন না ॥৮৫॥

কোন পৃথক্কৃত বস্তুকে পুনরায় সংযুক্ত করা দুষ্কর; আবার সংযুক্ত বস্তুকেও পৃথক্ করা কষ্টসাধ্য; অতএব একবার পৃথক্কৃত আবার সংযোজিত যে প্রীতি, সে প্রীতি স্নেহের সহিত চলে না ॥৮৬॥

এই জগতে নিজের ও পরের হিত-নিরপেক্ষ এবং কেবল প্রভুর হিতে নিরত, এমন কোন একটী লোককে দেখা যায়; স্বভাবতস্নেহশালী অতিদুর্লভ লোকেরা কেবল কর্ত্তব্যেরই অপেক্ষা করিয়া চলেন ॥৮৭॥

মানুষকে চেনা অতিদুষ্কর। কেন না, মানুষের চিত্ত অতিশয় চঞ্চল। বহুশত লোকের মধ্যে সমস্ত কার্য্যে সমর্থ এবং কার্য্যসম্পাদনে নিঃশঙ্কচিত্ত এমন কোন একটী লোককে পাওয়া যায় ॥৮৮॥

(৮৬)…স্নেহেন বর্দ্ধতে…নি।
(৮৭)…কশ্চিত্তব…পরাত্মনঃ…নি।

অকস্মাৎ প্রক্রিয়া নৃণামকস্মাচ্চাপকর্ষণম্ ।
শুভাশুভে মহত্ত্বঞ্চ প্রকর্ত্তুং বুদ্ধিলাঘবম্ ॥৮৯॥
ভীষ্ম উবাচ ।
এবংবিধং সান্ত্বমুক্ত্বা ধর্ম্মার্থকামহেতুমৎ ।
প্রসাদয়িত্বা রাজানং গোমায়ুর্বনমভ্যগাৎ ॥৯০॥
অগৃহ্যানুনয়ং তস্য মৃগেন্দ্রস্য চ বুদ্ধিমান্ ।
গোমায়ুঃ প্রায়মাস্থায় ত্যক্ত্বা দেহং দিবং যযৌ ॥৯১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে ব্যাঘ্রগোমায়ুসংবাদে অষ্টাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অকস্মাদিতি। প্রক্রিয়া উৎকর্ষঃ, অপকর্ষণমপকর্ষশ্চ দৈবাৎ ভবতীতি শেষঃ। কিঞ্চ বুদ্ধের্লাঘবং চাতুর্য্যম্, প্রকর্ত্তুং দৈবমেব নৃণাং শুভাশুভে মহত্ত্বঞ্চ ঘটয়তীতি শেষঃ। তথৈব তেন মমাপি ঘটিতমিতি ভাবঃ ॥৮৯॥

এবমিতি। সান্ত্বং মধুরবাক্যম্। হেতুরত্র যুক্তিঃ ॥৯০॥

অগৃহ্যেতি। অগৃহ্য অগৃহীত্বা। প্রায়ং প্রায়োপবেশনম্ ॥৯১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে অষ্টাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

পুরুষজ্ঞানং সুদুঃখং দুর্লভম্, যত এষাং নৃপাণাং চিত্তং চলাচলমস্থিরং গম্যতে জ্ঞায়তে সুপুরুষজ্ঞানং দুর্ঘটমিত্যর্থঃ ॥৮৮॥ প্রক্রিয়া মহীকরণম্ অকস্মাৎ কর্ত্তুং বুদ্ধের্লাঘবং তুচ্ছত্বমেব হেতুঃ ॥৮৯॥ প্রসাদয়িত্বা প্রসাদ্য ॥৯০॥ অগৃহ্যাগৃহীত্বা ॥৯১॥

ইতি শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাধিকশততমোঽধ্যায়ঃ ॥১০৮॥

লোকের উৎকর্ষও অতর্কিতভাবে হইয়া থাকে; আবার অপকর্ষও অতর্কিতভাবেই হয়। দৈব মানুষের বুদ্ধির প্রসার জন্মাইবার জন্য তাহার শুভ, অশুভ ও মহত্ত্ব ঘটাইয়া থাকে" ॥৮৯॥

ভীষ্ম বলিলেন—"শৃগাল এইরূপ ধর্ম্ম, অর্থ, কাম ও যুক্তিযুক্ত মধুরবাক্য বলিয়া এবং রাজা ব্যাঘ্রকে প্রসন্ন করিয়া, বনে চলিয়া গেল ॥৯০॥

পরে বুদ্ধিমান্ শৃগাল পশুরাজ ব্যাঘ্রের অনুনয় অগ্রাহ্য করিয়া, প্রায়োপবেশনে দেহত্যাগপূর্ব্বক স্বর্গলোকে গমন করিল" ॥৯১॥

(৮৯) ·প্রহর্ত্তুং বুদ্ধিলাঘবম্···নি।

···একাদশাধিকশততমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ নি।

নবাধিকশততমোঽধ্যায়ঃ।

যুধিষ্ঠির উবাচ।

কিং পার্থিবেন কর্ত্তব্যং কিঞ্চ কৃত্বা সুখী ভবেৎ।
এতদাচক্ষ্ব তত্ত্বেন সর্ব্বধর্ম্মভৃতাং বর! ॥১॥

ভীষ্ম উবাচ।

হন্ত! তেঽহং প্রবক্ষ্যামি শৃণু কার্য্যৈকনিশ্চয়ম্।
যথা রাজ্ঞেহ কর্ত্তব্যং যচ্চ কৃত্বা সুখী ভবেৎ ॥২॥
ন চৈবং বর্ত্তিতব্যং স্ম যথেদমনুশুশ্রুম।
উষ্ট্রস্য তু মহদ্‌বৃত্তং তন্নিবোধ যুধিষ্ঠির! ॥৩॥
জাতিস্মরো মহানুষ্ট্রঃ প্রাজাপত্যযুগেঽভবৎ।
তপঃ সুমহদাতিষ্ঠদরণ্যে শংসিতব্রতঃ ॥৪॥

ভারতকৌমুদী

কিমিতি। সুখী ভবেৎ স পার্থিবঃ। তত্ত্বেন যাথার্থ্যেন ॥১॥

হন্তেতি। কার্য্যে কর্ত্তব্যবিষয়ে একনিশ্চয়ং মুখ্যনির্দ্ধারণম্ ॥২॥

নেতি। বর্ত্তিতব্যং রাজ্ঞা, স্মেতি পাদপূরণে। বৃত্তং চরিত্রম্ ॥৩॥

জাতীতি। জাতিং পূর্ব্বজন্ম তপোবলাৎ স্মরতীতি জাতিস্মরঃ। প্রাজাপত্যযুগে সত্যযুগে। শংসিতব্রতঃ প্রশস্তনিয়মঃ ॥৪॥

যুধিষ্ঠির বলিলেন—"ধার্ম্মিকশ্রেষ্ঠ পিতামহ! রাজার কি করা কর্ত্তব্য এবং কি করিয়াই বা তিনি সুখী হন, ইহা আপনি যথার্থরূপে বলুন" ॥১॥

ভীষ্ম বলিলেন—"ভাল, যুধিষ্ঠির! রাজার যাহা কর্ত্তব্য এবং যাহা করিয়া তিনি সুখী হন, সেই কর্ত্তব্য বিষয় আমি নির্দ্দিষ্টভাবে বলিতেছি, তুমি শ্রবণ কর ॥২॥

যুধিষ্ঠির! আমরা একটী উষ্ট্রের যে প্রশস্ত চরিত্র শুনিতে পাই, রাজা সে ভাবে চলিবেন না। তাহা তুমি শ্রবণ কর ॥৩॥

সত্যযুগে উদারচেতা ও জাতিস্মর একটী উষ্ট্র ছিল। সে প্রশস্ত নিয়ম অবলম্বন করিয়া, বনমধ্যে গুরুতর তপস্যার অনুষ্ঠান করিত ॥৪॥

---

(৪)···প্রজাপতিকুলোদ্ভবঃ···নি।

তপসস্তস্য চান্তেঽথ প্রীতিমানভবদ্বিভুঃ।
বরেণ চ্ছন্দয়ামাস ততশ্চৈনং পিতামহঃ ॥৫॥

উষ্ট্র উবাচ।

ভগবংস্ত্বৎপ্রসাদান্মে দীর্ঘা গ্রীবা ভবেদিয়ম্।
যোজনানাং শতং সাগ্রং গচ্ছামি চরিতুং বিভো।॥৬॥
এবমস্ত্বিতি চোক্তঃ স বরদেন মহাত্মনা।
প্রতিলভ্য বরং শ্রেষ্ঠং যযাবুষ্ট্রঃ স্বকং বনম্ ॥৭॥
স চকার তদালস্যং বরদানাৎ সুদুর্ম্মতিঃ।
ন চৈচ্ছচ্চরিতুং গন্তুং দুরাত্মা কালমোহিতঃ ॥৮॥
স কদাচিৎ প্রসার্য্যৈব তাং গ্রীবাং শতযোজনাম্।
চ চারাশ্রান্তহৃদয়ো বাতশ্চাগাত্ততো মহান্ ॥৯॥

ভারতকৌমুদী

তপস ইতি। বিভুঃ প্রভুঃ। ছন্দয়ামাস তোষয়িতুমিয়েষ ॥৫॥
ভগবন্নিতি। অগ্রেণ অধিকেন সহেতি সাগ্রম্। চরিতুং খাদ্যাদিকমাহর্ত্তুম্ ॥৬॥
এবমিতি। বরদেন ভক্তেভ্যো বরদায়িনা, মহাত্মনা ব্রহ্মণা ॥৭॥
স ইতি। আলস্যমেব দর্শয়তি ন চেতি। চরিতুং খাদ্যাদ্যাহরণায় ॥৮॥
স ইতি। প্রসার্য্য বিস্তার্য্য। বাতো বায়ুঃ ॥৯॥

তাহার তপস্যানুষ্ঠান সমাপ্ত হইলে, প্রভাবশালী ব্রহ্মা সন্তুষ্ট হইলেন এবং তাহাকে বর দিতে চাহিলেন ॥৫॥

উষ্ট্র বলিল—"প্রভু ভগবন্! আপনার অনুগ্রহে আমার এই গ্রীবাটা দীর্ঘ হউক। আমি খাদ্যপেয়প্রভৃতি আহরণ করিবার জন্য সমধিক শতযোজন যাইব" ॥৬॥

বরদাতা মহাত্মা ব্রহ্মা বলিলেন—'এইরূপই হউক।' তাহার পর উষ্ট্র সেই উত্তম বর লাভ করিয়া আপন বনে চলিয়া গেল ॥৭॥

অতিদুর্ব্বুদ্ধি সেই উষ্ট্র ব্রহ্মার নিকট বর লাভ করিয়া, তখন আলস্য করিতে লাগিল। কেন না, কালমোহিত ও দুরাত্মা সেই উষ্ট্র খাদ্যপেয়প্রভৃতি আহরণ করিবার জন্য কোথায়ও যাইবার ইচ্ছা করিতে লাগিল না ॥৮॥

কোন সময় সেই উষ্ট্র নিজের শতযোজন দীর্ঘ সেই গ্রীবাটী বিস্তৃত করিয়া, অশ্রান্তচিত্তে বিচরণ করিতে লাগিল। তখন প্রবল ঝড় আসিল ॥৯॥

(৬)···ম্বা···গচ্ছেচ্চরিতুং···পি,···গচ্ছেয়ং···নি।

স গুহায়াং শিরো গ্রীবাং নিধায় পশুরাত্মনঃ ।
আস্তেঽথ বর্ষমভ্যাগাৎ সুমহৎ প্লাবয়জ্জগৎ ॥১০॥
অথ শীতপরীতাঙ্গো জম্বুকঃ কৃচ্ছ্রমাশ্রিতঃ ।
সদারস্তাং গুহামাশু প্রবিবেশ জলার্দ্দিতঃ ॥১১॥
স দৃষ্ট্বা মাংসজীবী তু সুভৃশং ক্ষুচ্ছ্রমান্বিতঃ ।
অভক্ষয়ত্ততো গ্রীবামুষ্ট্রস্য ভরতর্ষভ ! ॥১২॥
যদা ত্ববুধ্যতাত্মানং ভক্ষ্যমাণং স বৈ পশুঃ ।
তদা সঙ্কোচনে যত্নমকরোদ্ভৃশদুঃখিতঃ ॥১৩॥
যাবদূর্দ্ধমধশ্চৈব গ্রীবাং সংক্ষিপতে পশুঃ ।
তাবত্তেন সদারেণ জম্বুকেন স ভক্ষিতঃ ॥১৪॥
স হত্বা ভক্ষয়িত্বা চ তমুষ্ট্রং জম্বুকস্তদা ।
বিগতে বাতবর্ষে তু নিশ্চক্রাম গুহামুখাৎ ॥১৫॥

ভারতকৌমুদী

স ইতি। গুহায়াং কস্মিংশ্চিৎ পর্ব্বতগহ্বরে। আস্তে অবতিষ্ঠতে স্ম, বর্ষং বৃষ্টিঃ ॥১০॥
অথেতি। শীতেন পরীতাঙ্গো ব্যাপ্তগাত্রঃ, জম্বুকঃ শৃগালঃ, কৃচ্ছ্রং কষ্টম্ ॥১১॥
স ইতি। মাংসেন মাংসভক্ষণেন জীবতীতি সঃ। ক্ষুধা শ্রমেণ চান্বিতঃ ॥১২॥
যদেতি। আত্মানং নিজদেহম্, পশুরুষ্ট্রঃ। সঙ্কোচনে গ্রীবায়াঃ ॥১৩॥
যাবদিতি। সংক্ষিপতে সঙ্কোচয়তি। দারৈঃ সহেতি সদারস্তেন ॥১৪॥
স ইতি। বিগতে নিবৃত্তে, নিশ্চক্রাম নির্জগাম ॥১৫॥

তৎকালে সেই উষ্ট্র কোন পর্ব্বতগুহার মধ্যে গ্রীবা ও মস্তক প্রবেশ করাইয়া দিয়া অবস্থান করিতে লাগিল। তখন জগৎপ্লাবী বৃষ্টি আসিল ॥১০॥

তাহার পর শীতে ক্লান্তদেহ ও বৃষ্টির জলে আপ্লুত একটা শৃগাল কষ্ট অনুভব করিতে থাকিয়া, ভার্য্যার সহিত সত্বর সেই গুহার মধ্যে প্রবেশ করিল ॥১১॥

ভরতশ্রেষ্ঠ! ক্ষুধা ও পরিশ্রমে অত্যন্ত ক্লান্ত মাংসভোজী সেই শৃগাল উষ্ট্রের গ্রীবা দেখিতে পাইয়া, তাহা ভক্ষণ করিতে আরম্ভ করিল ॥১২॥

নিজের দেহ কেহ ভক্ষণ করিতেছে ইহা যখন উষ্ট্র বুঝিতে পারিল; তখন সে বিশেষ দুঃখিত হইয়া গ্রীবা সঙ্কোচ করিবার চেষ্টা করিল ॥১৩॥

পরে উষ্ট্র যাবৎ নিজের গ্রীবাটীকে উপর ও নীচের দিকে সঙ্ক্ষেপ করিতে লাগিল, তাহার মধ্যেই শৃগাল ও শৃগালী তাহাকে ভক্ষণ করিল ॥১৪॥

এবং দুর্বুদ্ধিনা প্রাপ্তমুষ্ট্রেণ নিধনং তদা।
আলস্যস্য ক্রমাৎ পশ্য মহান্তং দোষমাগতম্ ॥১৬॥
ত্বমপ্যেবংবিধং হিত্বা যোগেন নিয়তেন্দ্রিয়ঃ।
বর্ত্তস্ব বুদ্ধিমূলন্তু বিজয়ং মনুরব্রবীৎ ॥১৭॥
বুদ্ধিশ্রেষ্ঠানি কর্ম্মাণি বাহুমধ্যানি ভারত!।
তানি জঙ্ঘাজঘন্যানি ভারপ্রত্যবরাণি চ ॥১৮॥
রাজ্যং তিষ্ঠতি দক্ষস্য সংগৃহীতেন্দ্রিয়স্য চ।
আর্ত্তস্য বুদ্ধিমূলং হি বিজয়ং মনুরব্রবীৎ ॥১৯॥
গুপ্তং মন্ত্রং শ্রুতবতঃ সুসহায়স্য চানঘ!।
অসহায়বতো হ্যর্থা ন তিষ্ঠন্তি কদাচন ॥২০॥

ভারতকৌমুদী

এবমিতি। ক্রমাৎ পারম্পর্য্যাৎ ॥১৬॥

উপদিশতি ত্বমিতি। এবংবিধমালস্যম, যোগেন অভ্যাসরূপোপায়েন ॥১৭॥

কর্ম্মাণি চতুর্বিধানীত্যাহ বুদ্ধীতি। বুদ্ধিশ্রেষ্ঠানি বুদ্ধিকৃতানি কর্ম্মাণি শ্রেষ্ঠানীত্যর্থঃ। এবমন্যত্র। তানি কর্ম্মাণি জঙ্ঘাকৃতানি জঘন্যানি ততোঽধমানি, ভারা মস্তকে ভারবহনানি প্রত্যবরাণি ততোঽপ্যধমানি ॥১৮॥

রাজ্যমিতি। সংগৃহীতেন্দ্রিয়স্য সংযতেন্দ্রিয়স্য। আর্ত্তস্য দৈবপীড়িতস্য ॥১৯॥

গুপ্তমিতি। গুপ্তং সচিবাদিনা রহঃকৃতম্। অর্থাঃ তিষ্ঠন্তীতি শেষঃ। অর্থা রাজ্যাদি বিষয়াঃ ॥২০॥

ক্রমে শৃগাল ও শৃগালী উষ্ট্রকে বধ ও ভক্ষণ করিয়া, ঝড় ও বৃষ্টি নিবৃত্তি পাইলে, সেই গুহামুখ হইতে নির্গত হইয়া গেল ॥১৫॥

যুধিষ্ঠির! দুর্বুদ্ধি উষ্ট্র এইভাবে তৎকালে নিধনপ্রাপ্ত হইয়াছিল। অতএব দেখ, আলস্যবশতঃ লোকের ক্রমশঃ গুরুতর দোষই উপস্থিত হইয়া থাকে ॥১৬॥

অতএব তুমিও এইরূপ আলস্য পরিত্যাগ করিয়া, সংযত চিত্ত হইয়া চলিতে থাক। মনু বলিয়াছেন—"বুদ্ধিই জয়লাভের মূল" ॥১৭॥

ভরতনন্দন! বুদ্ধিকৃত কার্য্যই শ্রেষ্ঠ; বাহুকৃত কার্য্য মধ্যম, চরণসম্পাদিত কার্য্য অধম এবং মস্তকে ভারবহনকার্য্য সর্ব্বাপেক্ষা অধম" ॥১৮॥

সর্ব্বকার্য্যে নিপুণ ও সংযতচিত্ত রাজারই রাজ্য স্থায়ী হয়। মনু বলিয়াছেন—"মানুষ দৈবপীড়িত হইলেও বুদ্ধির গুণে তাহার জয় হইতে পারে ॥১৯॥

নিষ্পাপ যুধিষ্ঠির! যিনি সচিবাদিকৃত গুপ্তমন্ত্রণা শ্রবণ করেন এবং উত্তম সহায়-

পরীক্ষ্যকারিণো হ্যর্থাস্তিষ্ঠন্তীহ যুধিষ্ঠির ! ।
সহায়যুক্তেন মহী কৃৎস্না শক্যা প্রশাসিতুম্ ॥২১॥
ইদং হি সদ্ভিঃ কথিতং বিধিজ্ঞৈঃ পুরা মহেন্দ্রপ্রতিমপ্রভাব ! ।
ময়াপি চোক্তং তব শাস্ত্রদৃষ্ট্যা যথৈব বুদ্ধ্যা প্রচরস্ব রাজন্ ! ॥২২॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি
রাজধর্ম্মে উষ্ট্রগ্রীবোপাখ্যানে নবাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

---:০:---

ভারতকৌমুদী

পরীক্ষ্যেতি। পরীক্ষ্যকারিণঃ সর্ব্বদিক্পর্য্যালোচনয়া কর্ম্মকর্ত্তুঃ ॥২১॥

ইদমিতি। বুদ্ধ্যা বুদ্ধিপূর্ব্বকপর্য্যালোচনয়া ; প্রচরস্ব সর্ব্বত্র ব্যবহর ॥২২॥

ইতি মহামহোপাধ্যায় ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে নবাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

* ভারতভাবদীপঃ

কিং পার্থিবেনেত্যধ্যায়ো নীচো মহৎপদং প্রাপ্যাপি মৌর্খ্যাদালস্যাচ্চ নশ্যতীতি দর্শয়তি ॥১—১৬॥ যোগেনোপায়েন, এবংবিধমালস্যম্ ॥১৭॥ বাহ্বেতি। বাহূপলক্ষিতং শৌর্য্যম্, জঙ্ঘোপলক্ষিতং পাদবিহরণম্, ভারো ভারবহনম্ ।১৮॥ আর্ত্তস্যাতিলিপ্সাবতঃ ।১৯—২২॥

ইতি শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে নবাধিকশততমোঽধ্যায়ঃ ॥১০৯॥

---:০:---

সম্পন্ন হন ; সেই রাজারই রাজ্য স্থায়ী হয়। আর, নিঃসহায় রাজার রাজ্য কখনও স্থায়ী হয় না ॥২০॥

যুধিষ্ঠির ! এই জগতে যিনি সকল দিক্ পর্য্যালোচনা করিয়া কার্য্য করেন ; তাঁহারই রাজ্যপ্রভৃতি থাকে এবং সহায়যুক্ত রাজাই সমগ্র পৃথিবী শাসন করিতে সমর্থ হন ॥২১॥

ইন্দ্রতুল্যপ্রভাবশালী রাজা ! নীতিশাস্ত্রজ্ঞ পণ্ডিতেরাই পূর্ব্বে এই কথা বলিয়াছেন এবং আমিও নীতিশাস্ত্র অনুসারেই তোমার নিকট বলিলাম। তুমি বুদ্ধিপূর্ব্বক যথাযথভাবে চলিতে থাক” ॥২২॥

---:০:---

(২১) পরীক্ষিতসহায়স্ত···নি। * '···দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ'—পি বঙ্গ বৰ্দ্ধ নি।

দশাধিকশততমোঽধ্যায়ঃ।

———:*:———

যুধিষ্ঠির উবাচ।

রাজা রাজ্যমনুপ্রাপ্য দুর্লভং ভরতর্ষভ!।
অমিত্রস্যাতিবৃদ্ধস্য কথং তিষ্ঠেদসাধনঃ ॥১॥

ভীষ্ম উবাচ।

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
সরিতাং চৈব সংবাদং সাগরস্য চ ভারত! ॥২॥
সুরারিনিলয়ঃ শশ্বৎ সাগরঃ সরিতাং পতিঃ।
পপ্রচ্ছ সরিতঃ সর্ব্বাঃ সংশয়ং জাতমাত্মনঃ ॥৩॥

সাগর উবাচ।

সমূলশাখান্ পশ্যামি নিহতান্ কায়িনো দ্রুমান্।
যুষ্মাভিরিহ পূর্ণাভির্নদ্যস্তত্র ন বেতসম্ ॥৪॥

ভারতকৌমুদী

রাজেতি। অমিত্রস্য শত্রোঃ, অতিবৃদ্ধস্য অধিবসমৃদ্ধস্য সমীপে। ন বিদ্যতে সাধনং সৈন্যাদি-সহায়ো যস্য সঃ ॥১॥

অত্রেতি। সরিতাং নদীনাম্, সংবাদমালাপম্ ॥২॥

সুরেতি। সুরারীণামসুরাণাং নিলয় আশ্রয়ঃ, শশ্বন্নিত্যম্। পৃচ্ছির্দ্বিকর্ম্মকঃ ॥৩॥

সেতি। কায়িনো মূর্ত্তিমতো দৃঢ়ানিত্যর্থঃ। কিন্তু বেতসং নিহতং ন পশ্যামীতি সম্বন্ধঃ ॥৪॥

যুধিষ্ঠির বলিলেন—"ভরতশ্রেষ্ঠ! রাজা দুর্লভ রাজ্য লাভ করিয়াও নিঃসহায় অবস্থায়, অত্যন্ত সমৃদ্ধিসম্পন্ন শত্রুর নিকটে কি ভাবে থাকিবেন?" ॥১॥

ভীষ্ম বলিলেন—"ভরতনন্দন! এই বিষয়েও মনস্বীরা সরিৎ-সাগর-সংবাদরূপ প্রাচীন বৃত্তান্তের উল্লেখ করিয়া থাকেন ॥২॥

সর্ব্বদা অসুরগণের আশ্রয় ও নদীপতি সমুদ্র একটা নিজের সন্দেহের বিষয় সমস্ত নদীদের নিকট জিজ্ঞাসা করিয়াছিলেন ॥৩॥

সমুদ্র বলিলেন—"নদীগণ! তোমরা জলে পরিপূর্ণ হইয়া, মূল ও শাখার সহিত মূর্ত্তিমান্ বৃক্ষগুলিকে নিহত করিয়া থাক দেখিতে পাই। কিন্তু বেতগুলিকে নিহত কর না কেন ॥৪॥

---

(৪)···বস্তাংস্তত্র ন বেতসম্—পি,···ক্বাপি নো দ্রুমান্ অস্তাংস্তত্র···নি।

অকায়শ্চাল্পসারশ্চ বেতসঃ কূলজশ্চ বঃ।
অবজ্ঞয়া বা নানীতঃ কিঞ্চ বা তেন বঃ কৃতম্ ॥৫॥
তদহং শ্রোতুমিচ্ছামি সর্ব্বাসামেব বো মতম্।
যথা চেমানি কূলানি হিত্বা নায়াতি বেতসঃ ॥৬॥
তত্র প্রাহ নদী গঙ্গা বাক্যমুত্তমমর্থবৎ।
হেতুমদ্গ্রাহকঞ্চৈব সাগরং সরিতাং পতিম্ ॥৭॥

গঙ্গোবাচ।

তিষ্ঠন্ত্যেতে যথাস্থানং নগা হ্যেকনিকেতনাঃ।
তে ত্যজন্তি ততঃ স্থানং প্রাতিলোম্যান্ন বেতসঃ ॥৮॥
বেতসো বেগমায়ান্তং দৃষ্ট্বা নমতি নাপরে।
সরিদ্বেগেহভ্যতিক্রান্তে স্থানমাসাদ্য তিষ্ঠতি ॥৯॥

ভারতকৌমুদী

অকায় ইতি। অকায়ঃ অদৃঢ়ঃ, কূলজস্তীরজাতঃ। কিং হিতম্ ॥৫॥
তদিতি। কূলানি স্বদীয়ানি তীরাণি, নায়াতি যুষ্মাকং স্রোতসা সহ ॥৬॥
তত্রেতি। অর্থবৎ সদর্থান্বিতম্। হেতুমৎ যুক্তিযুক্তম, গ্রাহকং মনোহরম্ ॥৭॥
তিষ্ঠন্তীতি। নগা বৃক্ষাঃ, একমেব নিকেতনমালয়ো যেষাং তে পরাশ্রয়রহিতা ইত্যর্থঃ। প্রাতিলোম্যাৎ পূর্ববৈপরীত্যাৎ, বেতসঃ স্থানং ন ত্যজতীত্যর্থঃ ॥৮॥
বেতস ইতি। বেগং নদীজলস্য। অপরে বৃক্ষা ন ॥৯॥

অল্প সার ও কোমল বেতগুলি তোমাদের তীরেই জন্মিয়া থাকে; সুতরাং জিজ্ঞাসা করি, তোমরা কি অবজ্ঞা করিয়া সেগুলিকে হরণ কর না? কিংবা তাহারা তোমাদের কোন উপকার করিয়া থাকে? ॥৫॥

অতএব আমি তোমাদের সকলেরই মত শুনিতে ইচ্ছা করি; যাহাতে বেত তোমাদের এই তীরগুলি পরিত্যাগ করিয়া, স্রোতের সহিত আইসে না" ॥৬॥

তখন গঙ্গানদী সরিৎপতি সমুদ্রের নিকট সদর্থসম্পন্ন, যুক্তিযুক্ত ও মনোহর উত্তম বাক্য বলিলেন ॥৭॥

গঙ্গা বলিলেন—"এই বৃক্ষ সকল পরকে আশ্রয় করে না এবং যথাস্থানে থাকে; সেই জন্যই তাহারা আমাদের বেগে স্থান ত্যাগ করে। কিন্তু বেত ইহাদের সম্পূর্ণ বিপরীত বলিয়া স্থান ত্যাগ করে না ॥৮॥

(৮)···ততস্ত্যজন্তি···নি।

কালজ্ঞঃ সময়জ্ঞশ্চ সদা বশ্যশ্চ নোদ্ধতঃ।
অনুলোমস্তথা স্তব্ধস্তেন নাভ্যেতি বেতসঃ ॥১০॥
মারুতোদকবেগেন যে নমস্ত্যুন্নমন্তি চ।
ওষধ্যঃ পাদপা গুল্মা ন তে যান্তি পরাভবম্ ॥১১॥

ভীষ্ম উবাচ।

যো হি শত্রোর্বিবৃদ্ধস্য প্রভোর্বন্ধবিনাশনে।
পূর্ব্বং ন সহতে বেগং ক্ষিপ্রমেব বিনশ্যতি ॥১২॥
সারাসারং বলং বীর্য্যমাত্মনো দ্বিষতশ্চ যঃ।
জানন্ বিচরতি প্রাজ্ঞো ন স যাতি পরাভবম্ ॥১৩॥

ভারতকৌমুদী

কালজ্ঞ ইতি। কালং বেগাগমনসময়ং জানাতীতি কালজ্ঞঃ তদানীমেবাবনমনারম্ভাদিতি ভাবঃ। সময়ং নিজমবনমনাচারম্ আত্মরক্ষাসিদ্ধান্তং বা জানাতীতি সময়জ্ঞঃ, বশ্যো বেগবশীভূতঃ, উদ্ধত উন্নতো গর্বিতশ্চ ন। অনুলোমো জলবেগানুকূলঃ, স্তব্ধো নিরোধেঽপি তুষ্ণীম্ভূতঃ, বৃক্ষাস্তু নৈবমিতি ভাবঃ ॥১০॥

মারুতেতি। মারুতোদকয়োর্বায়ুজলয়োর্বেগেন। ওষধ্যো লতাঃ, গুল্মাঃ শাখাদিশূন্যা উদ্ভিজ্জাঃ ॥১১॥

য ইতি। বিবৃদ্ধস্য সমৃদ্ধিমতঃ, বন্ধ আবদ্ধীকরণম, বিনাশনঞ্চ তস্মিন্, প্রভোঃ সমর্থস্য ॥১২॥

সারেতি। সারাসারং স্বরাংশমস্থিরাংশঞ্চ, বলং দৈহিকশক্তিম, বীর্যং শিক্ষানৈপুণ্যম্ ॥১৩॥

জলের বেগ আসিতেছে দেখিয়াই বেত অবনত হয়; কিন্তু বৃক্ষেরা অবনত হয় না। আবার জলের বেগ অতীত হইলে, স্বস্থানে যাইয়া অবস্থান করে ॥৯॥

আর বেত বেগের কাল বোঝে, আত্মরক্ষার উপায় জানে, সর্বদা আমাদের বশীভূত থাকে, উদ্ধত হয় না, জলবেগের অনুকূলে চলে এবং নীরব হইয়া অবস্থান করে। এই সকল কারণেই বেত উৎপাটিত হইয়া, আমাদের বেগের সহিত আগমন করে না ॥১০॥

যে সকল লতা, গুল্ম ও বৃক্ষ বায়ু এবং জলের বেগে উন্নত ও অবনত হয়, তাহারা কখনও বিনষ্ট হয় না" ॥১১॥

ভীষ্ম বলিলেন—"সমৃদ্ধ এবং বন্ধ ও নিহত করিতে সমর্থ শত্রুর বেগ যে লোক প্রথমে সহ্য করিতে না পারে সে লোক সত্বরই বিনষ্ট হয় ॥১২॥

যে বুদ্ধিমান্ লোক নিজের ও শত্রুর বল ও শিক্ষানৈপুণ্য এবং উৎকর্ষ ও অপকর্ষ বুঝিতে থাকিয়া বিচরণ করেন, তিনি কখনও পরাভব প্রাপ্ত হন না ॥১৩॥

(১২)···প্রভোর্বধবিনাশনে···বর্দ্ধ।

এবমেব যদা বিদ্বান্মন্যতেঽতিবলং রিপুম্।
সংশ্রয়েদ্বৈতসীং বৃত্তিমেতৎ প্রজ্ঞানলক্ষণম্ ॥১৪॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি
রাজধর্ম্মে সরিৎসাগরসংবাদে দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

ভারতকৌমুদী

এবমিতি। অতিবলং স্বাপেক্ষয়াধিকবলম্। বৈতসীং বেতসলতাসম্বন্ধিনীম্ ॥১৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

"রাজা রাজ্যম্" ইত্যধ্যায়ো বলবতি রিপৌ বিনয় এব শ্রেয় ইতি ত্যর্থকঃ ॥১—৩॥ নিহতান্মূলিতান্, কায়িনো মহাশরীরান্, অন্যান্ বৃক্ষান্ আনীতানিতি শেষঃ ॥৪॥ অকায়োঽল্পকায়ঃ ॥৫—৭॥ একনিকেতনাঃ স্তব্ধা ইত্যর্থঃ। প্রাতিলোম্যাদস্মাকং প্রাতিকূল্যাৎ ॥৮—১৩॥ বৈতসীং বৃত্তিমস্তব্ধত্বম্ ॥১৪॥

ইতি শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১০॥

—:০:—

বুদ্ধিমান্ মানুষ যখন শত্রুকে নিজের অপেক্ষা অধিকবলশালী মনে করিবেন, তখন তিনি এইরূপই বেতসলতার বৃত্তি অবলম্বন করিবেন; ইহাই বিশিষ্ট বুদ্ধির লক্ষণ" ॥১৪॥

—০—

* ত্রয়োদশাধিকশততমোঽধ্যায়ঃ।'...পি বঙ্গ বর্দ্ধ নি।

একাদশাধিকশততমোঽধ্যায়ঃ।

যুধিষ্ঠির উবাচ।

বিদ্বান্মূর্খপ্রগল্‌ভেন মৃদুতীক্ষ্ণেন ভারত।(১)
আক্রুশ্যমানঃ সদসি কথং কুর্য্যাদরিন্দম! ॥১॥

ভীষ্ম উবাচ।

শ্রূয়তাং পৃথিবীপাল! যথৈষোঽর্থোঽনুগীয়তে।
সদা সুচেতাঃ সহতে নরস্যেহাল্পমেধসঃ ॥২॥
আক্রুশ্য দূষ্যমাণশ্চ সুকৃতং তস্য বিন্দতি।
দুষ্কৃতং চাত্মনো মর্ষী তস্মিন্নেব প্রমার্জতি ॥৩॥
টিট্টিভং তমুপেক্ষেত বাশমানমিবাতুরম্।
লোকে বিদ্বেষমাপন্নো নিষ্ফলং প্রতিপদ্যতে ॥৪॥

ভারতকৌমুদী

বিদ্বানিতি। মূর্খশ্চাসৌ প্রগল্‌ভো ধৃষ্টশ্চেতি তেন, মৃদুতীক্ষ্ণেন ভাবেন। আক্রুশ্যমানঃ কটুভাষ্যমাণঃ, কথং কিম্ ॥১॥

শ্রূয়তামিতি। অনুগীয়তে ময়া কথ্যতে। সহতে আক্রোশমিতি শেষঃ, অল্পমেধসো মূর্খস্য ॥২॥

আক্রুশ্যেতি। কেনাপি আক্রুশ্য দূষ্যমাণো জনঃ, মর্ষী তৎসহিষ্ণুঃ সন্ প্রত্যুত্তরমকুর্ব্বন্ তস্য দূষয়তো জনস্য সুকৃতং পুণ্যং বিন্দতি লভতে। আত্মনো দুষ্কৃতং পাপঞ্চ তস্মিন্ দূষয়তি জনে প্রমার্জতি ক্ষিপতি ॥৩॥

যুধিষ্ঠির বলিলেন—"শত্রুদমন ভরতনন্দন! কোন মূর্খ ও প্রগল্‌ভ লোক সভামধ্যে কোমল বা তীক্ষ্ণভাবে কোন বিদ্বান্ ব্যক্তিকে গালি দিলে, তিনি তখন কি করিবেন?" ॥১॥

ভীষ্ম বলিলেন—"রাজা! আমি এই বিষয়ে যাহা বলিতেছি, তাহা তুমি শ্রবণ কর। সদাশয় লোক অল্পবুদ্ধি লোকের নিন্দাকে সর্ব্বদা সহ্যই করিয়া থাকেন ॥২॥

কোন দুষ্ট লোক গালি দিয়া দোষ দিতে লাগিলে, ভাল লোক তাহা সহ্য করিয়া, তাহার পুণ্য গ্রহণ করেন এবং নিজের পাপ তাহার উপরে সমর্পণ করিয়া থাকেন ॥৩॥

(১)...মৃদুতীক্ষ্ণেন ভারত...নি।

ইতি সংশ্লাঘতে নিত্যং তেন পাপেন কর্ম্মণা।
ইদমুক্তো ময়া কশ্চিৎ সম্মতো জনসংসদি ॥৫॥
স তত্র ব্রীড়িতঃ শুষ্কো মৃতকল্পোঽবতিষ্ঠতে।
শ্লাঘন্নশ্লাঘনীয়েন কর্ম্মণা নিরপত্রপঃ ॥৬॥
উপেক্ষিতব্যো যত্নেন তাদৃশঃ পুরুষাধমঃ।
যদ্‌যদ্‌ব্রূয়াদল্পমতিস্তত্তদস্য সহেদ্‌বুধঃ ॥৭॥ (যুগ্মকম্)
প্রাকৃতো হি প্রশংসন্ বা নিন্দন্ বা কিং করিষ্যতি।
বনে কাক ইবাযুক্তবাশমানো নিরর্থকম্ ॥৮॥

ভারতকৌমুদী

টিট্টিভমিতি। বাশমানং কটূ ব্রুবন্তম্, আতুরং রোগাদিনা পীড়িতম্। এবঞ্চ সতি স আক্রোশকারী লোকবিদ্বেষমাপন্নঃ সন্ নিষ্ফলং সর্ব্বকর্ম্মফলাভাবং প্রতিপদ্যতে তেন পাপেন লভতে ॥৪॥

ইতীতি। সংশ্লাঘতে গর্ব্বং কুরুতে। সম্মতঃ সম্মানিতঃ ॥৫॥

স ইতি। স বিদ্বান্, ব্রীড়িতো লজ্জিতঃ, শুষ্কো বিরসচিত্তঃ। অশ্লাঘনীয়েনেতি কর্ত্তর্য্যনীয়ঃ। অশ্লাঘাজনকেনাপি কর্ম্মণা বিদ্বদাক্রোশেন শ্লাঘন্ আত্মপ্রশংসাং কুর্ব্বন্নপি নিরপত্রপো নির্লজ্জঃ। উপেক্ষিতব্যো বুধেন ॥৬—৭॥

কথং সহেদিত্যাহ প্রাকৃত ইতি। প্রাকৃতো নীচলোকঃ। বাশমানঃ কটূ ব্রুবন্ ॥৮॥

ভারতভাবদীপঃ

বিদ্বানিতি। মূর্খশ্চাসৌ প্রগল্‌ভশ্চ তেন ॥১॥ সহতে দুরুক্তম্ ॥২॥ ক্রুশ্যমানস্তু ক্রোশতঃ, মর্ষী তিতিক্ষুঃ, রুষ্যতি ক্রোধবতি ॥৩॥ টিট্টিভমিব টিট্টিভবদ্ ধ্রুবং বাশমানং রটন্তম্ ॥৪—৮॥

সেই ভাল লোক সেই নিন্দাকারীকে পীড়াবশতঃ উৎকটশব্দকারী টিট্টিভপক্ষীর ন্যায় উপেক্ষা করিবেন, তাহাতে এইরূপই হইবে যে, সেই নিন্দাকারী লোক অন্য লোকের বিদ্বেষের পাত্র হইবে এবং কোন সৎকার্য্যের ফল লাভ করিবে না ॥৪॥

"আমি লোকসভামধ্যে কোন সম্মানিত ব্যক্তিকে এইরূপ কটূ বলিয়াছি" এই কথা বলিয়া সেই নিন্দাকারী লোক সেই পাপকার্য্যদ্বারাও সর্বদা আত্মশ্লাঘাই করিয়া থাকে॥৫॥

তখন সেই পণ্ডিতব্যক্তি লজ্জিত, শুষ্কহৃদয় ও মৃতকল্প হইয়া অবস্থান করেন। আর অশ্লাঘাজনক কার্য্যদ্বারাও আত্মশ্লাঘা করিতে থাকিয়া সেই নীচ লোক নির্লজ্জভাবেই অবস্থান করে; তথাপি পণ্ডিতব্যক্তি যত্নপূর্ব্বক সেইরূপ পুরুষাধমকে উপেক্ষাই করিবেন; অর্থাৎ অল্পবুদ্ধি প্রাকৃতলোক যে যে কটুবাক্য বলিবে, পণ্ডিতলোক সে সমস্তই সহ্য করিবেন ॥৬—৭॥

বনমধ্যে কাক যেমন অনর্থক কর্কশশব্দ করিতে থাকিয়া কিছুই করিতে পারে

(৫)···সর্ব্বতো জনসংসদি·· নি।

যদি বাগ্ভিঃ প্রয়োগঃ স্যাৎ প্রয়োগে পাপকর্ম্মণঃ।
বাগেবার্থো ভবেৎ তস্য ন হেবার্থো জিঘাংসতঃ ॥৯॥
নিষেকং বৈ পরস্যাসাবাচষ্টে বৃত্তচেষ্টয়া।
ময়ূর ইব কৌপীনং নৃত্যং সন্দর্শয়ন্নিব ॥১০॥
যস্যাবাচ্যং ন লোকেঽস্তি নাকার্য্যঞ্চাপি কিঞ্চন।
বাচং তেন ন সন্দধ্যাচ্ছুচিঃ সংশ্লিষ্টকর্ম্মণা ॥১১॥

ভারতকৌমুদী

অথ বুধঃ কথং কেবলং সহেত যোগ্যোত্তরবাক্যং কথং ন বদেদিত্যাহ যদীতি। পাপকর্ম্মণো নীচলোকস্য প্রয়োগে আক্রোশকরণে সতি যদি বুধস্যাপি বাগ্ভিঃ প্রয়োগো যোগ্যোত্তরদানং স্যাৎ, তদা বাগেব বাক্কলহ এব অর্থো ঘটিতবিষয়ো ভবেৎ, কিন্তু জিঘাংসতঃ অভিভবিতুমিচ্ছত-স্তস্য বুধস্য অর্থঃ অন্যৎ কিমপি সৎপ্রয়োজনং সিদ্ধং নহি ভবেৎ ॥৯॥

তাদৃশপ্রাকৃতজনস্বভাবমাহ নিষেকমিতি। কৌপীনং গুহ্যরূপপ্রদর্শনযুক্তং নৃত্যং সন্দর্শয়ন্ ময়ূর ইব অসৌ প্রাকৃতো জনঃ, বৃত্তচেষ্টয়া চিরন্তনবাক্প্রয়োগেণ পরস্য বুধস্যাপি নিষেকং মাতৃগর্ভে জারকৃতং রেতঃসেকম্ আচষ্টে ব্রবীতি। তথাপ্যসৌ ন লজ্জত ইতি ভাবঃ ॥১০॥

যস্যেতি। শুচিঃ পবিত্রস্বভাবো জনঃ, সংশ্লিষ্টকর্ম্মণা মিলিতকার্য্যেণাপি সতা, তেন দুর্জ্জনেন সহ বাচং ন সন্দধ্যাৎ ন মিশ্রয়েৎ নালপেদিত্যর্থঃ ॥১১॥

ভারতভাবদীপঃ

যদীতি। পাপকর্ম্মণঃ প্রয়োগে অনেনেদং কুকর্ম কৃতমিতি শব্দোচ্চারণে কৃতে সতি বাগ্ভির্বাঙ্মাত্রেণ প্রয়োগঃ পরত্র দোষসিদ্ধিঃ স্যাত্তর্হি বাগেবার্থঃ প্রয়োজনং স্যাত্তব পুত্রো ম্রিয়তামিতি শব্দেনৈব পুত্রমৃত্যুঃ স্যাজ্জিঘাংসতস্তথো ব্যাপারো নহি স্যাৎ যথা বাচা হতো ন হন্যতে এবং বাচা দূষিতো ন দুষ্যতীত্যর্থঃ ॥৯॥ নিষেকমিতি। স এবং বদন্ বৃত্তেন ক্রিয়য়া চেষ্টয়া বাগাদিব্যাপারেণ চ লিঙ্গেন নিষেকং স্বমাতরি রেতঃসেকং বিপরীতং পিতুরন্যেন কৃতমিত্যাচষ্টে ব্যক্তং কথয়তি। কৌপীনং গুহ্যপ্রদেশং সন্দর্শয়ন্নিব নৃত্যং কুর্ব্বন্ময়ূরো যথা শ্লাঘতে সম্যঙ্‌নৃত্যামীতি মন্যতে ন তু মম গুহ্যং লোকাঃ পশ্যন্তীতি ত্রপতে, এবং খলোঽপি ময়া স মহানমুকসভায়াং দুরুক্তমুক্ত ইতি শ্লাঘতে

না, তেমন নীচলোক প্রধান লোকের প্রশংসা বা নিন্দা করিয়া কিছুই করিতে পারে না ॥৮॥

নীচ লোক কটুবাক্য প্রয়োগ করিলে, প্রধান লোকও যদি তাহার উপযুক্ত বাক্য প্রয়োগ করেন, তাহা হইলে বাক্কলহই হইয়া থাকে; কিন্তু প্রতীকারার্থী সেই প্রধান লোকের কোন সৎপ্রয়োজন সিদ্ধ হয় না ॥৯॥

এমন কি, ময়ূর যেমন গুহ্যদেশ প্রদর্শনপূর্ব্বক নৃত্য দেখাইয়াও লজ্জিত হয় না, তেমন সেই নীচ লোক স্বাভাবিক বাক্যদ্বারা পরের জন্মের দোষ বলিয়াও লজ্জিত হয় না ॥১০॥

(১০) নিষেকং বিপরীতং স আচষ্টে—বঙ্গ বর্দ্ধ বা।

প্রত্যক্ষং গুণবাদী যঃ পরোক্ষে চাপি নিন্দকঃ।
স মানবঃ শ্ববল্লোকে নষ্টলোকপরাবরঃ ॥১২॥
তাদৃগ্জনশতস্যাপি যদ্দদাতি জুহোতি চ।
পরোক্ষেণাপবাদী যস্তং নাশয়তি তৎক্ষণাৎ ॥১৩॥
তস্মাৎ প্রাজ্ঞো নরঃ সদ্যস্তাদৃশং পাপচেতসম্।
বর্জ্জয়েৎ সাধুভির্বর্জ্জ্যং সারমেয়ামিষং যথা ॥১৪॥
পরিবাদং ব্রুবাণো হি দুরাত্মা বৈ মহাজনে।
প্রকাশয়তি দোষাংস্তু সর্পঃ ফণমিবোচ্ছ্রিতম্ ॥১৫॥
তং স্বকর্ম্মাণি কুর্ব্বাণং প্রতিকর্ত্তুং য ইচ্ছতি।
ভস্মকূট ইবাবুদ্ধিঃ খরো রজসি মজ্জতি ॥১৬॥

ভারতকৌমুদী

প্রত্যক্ষমিতি। শ্ববৎ কুক্কুর ইব, নষ্টো লোকঃ স্বর্গঃ পরমুৎকৃষ্টং জ্ঞানম্ অবরস্তদপেক্ষয়া নিকৃষ্টো ধর্ম্মশ্চ তে যস্য সঃ। তাদৃশো মানবঃ পরিহর্ত্তব্য ইত্যাশয়ঃ ॥১২॥

তাদৃগিতি। তাদৃক্ প্রাগুক্তরূপো মানবঃ, যশ্চ পরোক্ষেণাপবাদী তাদৃশো জনশ্চ তং দানহোমজনিতং ধর্ম্মম্, তৎক্ষণাৎ অপবাদক্ষণ এব নাশয়তি ॥১৩॥

তস্মাদিতি। সারমেয়স্য কুক্কুরস্য, আমিষং মাংসম্, তদ্বদপবিত্রমিত্যর্থঃ ॥১৪॥

বর্জনে হেতুমাহ পরীতি। উচ্ছ্রিতমুন্নতম্ ॥১৫॥

ভারতভাবদীপঃ

ন স্বনেন মম মাতুর্দোষঃ স্পষ্টীক্রিয়তে মমৈবেতি ন ত্রপতে ইত্যর্থঃ ॥১০—১১॥ নষ্টো লোকঃ পরং জ্ঞানমবরো ধর্ম্মশ্চ যস্য স নষ্টলোকপরাবরঃ ॥১২॥ তাদৃক্ পুমান্ ॥১৩॥ সারমেয়ামিষং শুনো মাংসম্ ॥১৪॥ নিবেকমিত্যুক্তং ব্যাচষ্টে—পরিবাদমিতি। দোষান্ জারজত্বাদীন্ ॥১৫॥ ভস্ম-

---

জগতে যাহার কিছুই অবক্তব্য বা অকার্য্য নাই, সেই দুর্জ্জন আসিয়া কার্য্যে মিলিত হইলেও, সজ্জন তাহার সহিত আলাপ করিবেন না ॥১১॥

যে লোক প্রত্যক্ষে প্রশংসা এবং পরোক্ষে নিন্দা করে, তাহার জ্ঞান, ধর্ম্ম ও স্বর্গ নষ্ট হইয়া যায়; সুতরাং সে লোক জগতে কুকুরের ন্যায় বিচরণ করে ॥১২॥

সেই প্রকার লোক শত শত লোককে যে দান করে ও হোম করে, পরোক্ষে পরের নিন্দা করামাত্রই সেই দানের ধর্ম্ম ও হোমের ধর্ম্ম বিনষ্ট করিয়া থাকে ॥১৩॥

অতএব বুদ্ধিমান্ মানুষ কুকুরের মাংসের ন্যায় সজ্জনের বর্জ্জনীয় পাপচিত্ত তাদৃশ দুর্জ্জনকে সদ্যই বর্জ্জন করিবেন ॥১৪॥

কারণ, সর্প যেমন উন্নতফণা প্রকাশ করে, সেইরূপ দুর্জ্জন, প্রধান লোকের নিন্দায় প্রবৃত্ত হইয়া তাঁহার দোষ প্রকাশ করিয়া থাকে ॥১৫॥

মনুষ্যশালাবৃকমপ্রশান্তং জনাপবাদে সততং নিবিষ্টম্।
মাতঙ্গমুন্মত্তমিবোন্নদন্তং ত্যজেত তং শ্বানমিবাতিরৌদ্রম্ ॥১৭॥
অধীরজুষ্টে পথি বর্ত্তমানং দমাদপেতং বিনয়াচ্চ পাপম্।
অরিব্রতং নিত্যমভূতিকামং ধিগস্তু তং পাপমতিং মনুষ্যম্ ॥১৮॥
প্রত্যুচ্যমানস্ত্বভিভূয় এভির্নিশাম্য মাভূস্ত্বমথার্ত্তরূপঃ।
উচ্চস্য নীচেন হি সম্প্রয়োগং বিগর্হয়ন্তি স্থিরবুদ্ধয়ো যে ॥১৯॥

ভারতকৌমুদী

অথ সজ্জনঃ শিক্ষয়ন্ তাদৃশং দুর্জনং কথং ন সজ্জনীকরোতীত্যাহ তমিতি। স্বকর্মাণি পরদোষকথনাদীনি। অবুদ্ধিঃ খরো গর্দ্দভঃ, ভস্মনাং কূটে রাশাবিব স সজ্জনঃ, রজসি রজোগুণজনিতে দুঃখে মজ্জতি তদুপদেশাদৌ পরিশ্রমমাত্রসারত্বাদিত্যাশয়ঃ ॥১৬॥

মনুষ্যেতি। মনুষ্যঃ শালাবৃকঃ কুক্কুর ইব তম্ অপ্রশান্তং রুক্ষম্। নিবিষ্টমাগ্রহান্বিতম্। উন্নদন্তমুদ্‌গর্জ্জন্তম্, শ্বানং কুক্কুরম্ ॥১৭॥

অধীরেতি। অধীরজুষ্টে মূর্খসেবিতে। দমাং ইন্দ্রিয়দমনাৎ বিনয়াচ্চ, অপেতং ভ্রষ্টম্। অরেরিব ব্রতং নিয়মো যস্য তম্, অভূতিকামং সম্পৎকামনাহীনম্ ॥১৮॥

প্রতীতি। হে যুধিষ্ঠির! এভিরীদৃশৈর্দুর্জনৈঃ, অভিভূয় আক্রম্য, প্রত্যুচ্যমান আক্রুশ্যমানোঽপি ত্বম্, নিশাম্য আলোচ্য আর্ত্তরূপো মা ভূঃ। হি যস্মাৎ, সম্প্রয়োগং সংযোগম্। তাদৃশৈর্দুর্জনৈঃ সহ সংযোগমেব মা কুরু ত্বমিতি ভাবঃ ॥১৯॥

দুর্জ্জন এইভাবে আপন কার্য্য (পরের নিন্দাপ্রভৃতি) করিতে থাকে, তখন যিনি তাহার প্রতীকার করিবার ইচ্ছা করেন, তিনি—নির্ব্বোধ গর্দ্দভ যেমন ভস্মরাশির মধ্যে মগ্ন হয়, তেমন দুঃখসাগরে মগ্ন হইয়া থাকেন ॥১৬॥

যে লোক সর্ব্বদা লোকাপবাদে অভিনিবিষ্ট থাকে, রুক্ষস্বভাব, উন্মত্তহস্তীর তুল্য এবং উচ্চস্বরে চীৎকারকারী, অতি ভয়ঙ্কর কুকুরের ন্যায় সেই মনুষ্যকুক্কুরকে সজ্জনেরা পরিত্যাগ করিবেন ॥১৭॥

যে লোক মূর্খসেবিতপথে চলে, ইন্দ্রিয়দমন করে না, বিনয়ী হয় না, সর্ব্বদা শত্রুর ন্যায় ব্যবহার করে এবং সম্পৎকামনা করে না, আমি সেই পাপমতি লোককে ধিক্কার দেই ॥১৮॥

যুধিষ্ঠির! যদি কখনও এইরূপ দুর্জ্জনেরা তোমাকে আক্রমণ করিয়া নিন্দা করে, তাহা হইলেও তুমি এই সকল বিষয় আলোচনা করিয়া দুঃখিত হইও না। কারণ, স্থিরবুদ্ধি লোকেরা নীচ লোকের সহিত উচ্চলোকের সংযোগেরই নিন্দা করিয়া থাকেন ॥১৯॥

(১৮) অনার্য্যজুষ্টে···নি।

ক্রুদ্ধো দশার্দ্ধেন হি তাড়য়েদ্বা স পাংশুভির্ব্বা বিকিরেৎ তুষৈর্ব্বা।
বিবৃত্য দন্তাংশ্চ বিভীষয়েদ্বা সিদ্ধং হি মূঢ়ে কুপিতে নৃশংসে ॥২০॥
বিগর্হণাং পরমদুরাত্মনা কৃতাং সহেত যঃ সংসদি দুর্জ্জনান্নরঃ।
পঠেদিদঞ্চাপি নিদর্শনং সদা ন বাঙ্ময়ং স লভতি কিঞ্চিদপ্রিয়ম্ ॥২১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি
রাজধর্ম্মে টিট্টিভকোপাখ্যানে একাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তাদৃশো দুর্জনঃ কিং কিং কুর্য্যাদিত্যাহ ক্রুদ্ধ ইতি। স দুর্জনঃ, ক্রুদ্ধঃ সন, দশার্দ্ধং পঞ্চ অঙ্গুলো যত্র তেন পাণিনা পরং তাড়য়েদ্বা, পাংশুভির্ধূলিভিস্তুষৈর্ব্বা বিকিরেৎ। দন্তান্ বিবৃত্য প্রকাশ্য চ বিভীষয়েৎ ভয়ং প্রদর্শয়েদ্বা। হি যস্মাৎ, কুপিতে মূঢ়ে নৃশংসে চ জনে বিক্ষিপেৎ এতৎ সর্ব্বং সিদ্ধম্ ॥২০॥

বিগর্হণামিতি। যো নরঃ, সংসদি পরমদুরাত্মনা কৃতাম্, বিগর্হণাং নিন্দাম্, সহেত। ইদং মদুক্তম্, নিদর্শনমুদাহরণঞ্চাপি পঠেৎ, স নরঃ, সদৈব দুর্জনাৎ বাঙ্ময়ং কিঞ্চিদপি অপ্রিয়ং ন লভতি ন প্রাপ্নোতি। তথা শ্রবণস্যাপ্যকিঞ্চিৎকরত্বাদিত্যাশয়ঃ ॥২১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে একাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

কূটে ভস্মরাশৌ খর ইবাবুদ্ধো রজসি দুঃখে নিমজ্জতি ॥১৬॥ শালাবৃকং শ্বানমেব মনুষ্যত্বেন লোকে গৃহীতমিত্যর্থঃ ॥১৭—১৮॥ প্রত্যুচ্যমান আক্ষিপ্যমাণ এভিরসদ্ভির্নিশাম্যাভিভূয়োঽস্মৈ প্রত্যুত্তরং মা দেহীতি নিবারণীয়ঃ, তদেবাহ—মা ভূরিতি ॥১৯॥ দশার্দ্ধেন সংবৃতাঙ্গুলিপঞ্চকেন পাণিনা ইদং সর্ব্বং কুপিতমূঢ়ে সিদ্ধমেব ॥২০—২১॥

ইতি শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১১॥

সেই দুর্জ্জন ক্রুদ্ধ হইয়া হস্তদ্বারা তাড়নও করিতে পারে, ধূলি বা তুঁষ নিক্ষেপ করিতেও পারে, কিংবা দাঁত বাহির করিয়া ভয় দেখাইতেও পারে। কারণ, মূর্খ ও নৃশংস মানুষের এই ব্যাপারগুলি প্রসিদ্ধ ॥২০॥

সে যাহা হউক, যিনি সভায় বসিয়া দুর্জ্জনকৃত নিন্দা সহ্য করিতে পারেন এবং এই নিদর্শন পাঠ করেন, তিনি কখনও দুর্জ্জনকৃত কোন অপ্রিয়বাক্য শ্রবণ করেন না" ॥২১॥

---

* '…চতুর্দ্দশাধিকশততমোঽধ্যায়ঃ'—পি বঙ্গ বর্দ্ধ নি।

দ্বাদশাধিকশততমোহধ্যায়ঃ।

যুধিষ্ঠির উবাচ।

পিতামহ! মহাপ্রাজ্ঞ! সংশয়ো মে মহানয়ম্।
সংচ্ছেত্তব্যস্ত্বয়া রাজন্! ভবান্ কুলকরো হি নঃ ॥১॥
পুরুষাণাময়ং তাত! দুর্বৃত্তানাং দুরাত্মনাম্।
কথিতো বাক্যসঞ্চারস্ততো বিজ্ঞাপয়ামি তে ॥২॥
যদ্ধিতং রাজ্যতন্ত্রস্য কুলস্য চ সুখোদয়ম্।
আয়ত্যাঞ্চ তদাত্বে চ ক্ষেমবৃদ্ধিকরঞ্চ যৎ ॥৩॥
পুত্রপৌত্রাভিরামঞ্চ রাষ্ট্রবৃদ্ধিকরঞ্চ যৎ।
অন্নপানে শরীরে চ হিতং যত্তদ্‌ব্রবীহি মে ॥৪॥ (যুগ্মকম্)
অভিষিক্তো হি যো রাজা রাজ্যস্থো মিত্রসংবৃতঃ।
সসুহৃৎ সমুপেতো বা স কথং রঞ্জয়েৎ প্রজাঃ ॥৫॥

ভারতকৌমুদী

তামহেতি। হে রাজন্! ক্ষত্রিয়শ্রেষ্ঠ! কুলকরঃ কুলগৌরবকরঃ ॥১॥
ষাণামিতি। বাক্যসঞ্চারঃ বাক্‌প্রকারঃ, ততঃ পরম্ ॥২॥
তি। সুখস্য উদয়ো যস্মাৎ তৎ। আয়ত্যামুত্তরকালে, তদাত্বে বর্ত্তমানকালে চ। পুত্র-
ামভিরামং হিতকরম্ ॥৩—৪॥
ষীতি। সমুপেতঃ শৌর্য্যাদিযুক্তঃ, কথং কেন প্রকারেণ ॥৫॥

ধিষ্ঠির বলিলেন—"ক্ষত্রিয়শ্রেষ্ঠ! মহাপ্রাজ্ঞ! পিতামহ! আমার এই র সংশয়টাকে আপনার দূর করিয়া দিতে হইবে। কারণ, আপনি আমাদের গৌরবকারী ॥১॥

াত। আপনি দুর্বৃত্ত ও দুরাত্মা মানুষের বাক্যের এই সকল প্রকার বলিলেন। পর আমি আপনাকে জানাইতেছি ॥২॥

াহা রাজ্যের হিত ও বংশের সুখজনক, যাহা ইহকালে ও পরকালে মঙ্গল ও তি জন্মাইয়া থাকে, যাহা পুত্র ও পৌত্রপ্রভৃতির হিতকর, রাজ্যের উন্নতিজনক যাহা অন্ন, পানীয় ও দেহের পক্ষে হিতকর, তাহা আপনি আমার নিকট ॥৩—৪॥

যো হ্যসৎপ্রগ্রহরতিঃ স্নেহরাগবলাৎকৃতঃ।
ইন্দ্রিয়াণামনীশত্বাদসজ্জনবুভূষকঃ ॥৬॥
তস্য ভৃত্যা বিগুণতাং যান্তি সর্ব্বে কুলোদ্‌গতাঃ।
ন চ ভৃত্যফলৈরর্থৈঃ স রাজা সম্প্রযুজ্যতে ॥৭॥ (যুগ্মকম্)
এতান্মে সংশয়স্থস্য রাজধর্ম্মান্ সুদুর্বিদান্।
বৃহস্পতিসমো বুদ্ধ্যা ভবান্ সংশিতুমর্হতি ॥৮॥
শংসিতা পুরুষব্যাঘ্র! ত্বমঃ কুলহিতে রতঃ।
ক্ষত্তা চৈকো মহাপ্রাজ্ঞো যো নঃ শংসতি সর্ব্বদা ॥৯॥

ভারতকৌমুদী

য ইতি। অসৎপ্রগ্রহে দুষ্টবিষয়ভোগে রতিরনুরাগো যস্য সঃ, স্নেহরাগাভ্যাং বলাৎকৃতো বলেন বশীকৃতঃ। অনীশত্বাদপ্রভুত্বাৎ, অসজ্জনো বুভূষকো ভবিতুমিচ্ছুরিব বর্ত্ততে। বিগুণতাং প্রতিকূলতাম্। সম্প্রযুজ্যতে আশ্রীয়তে ॥৬—৭॥

এতানিতি। সুদুর্বিদান্ অতিদুর্জ্ঞেয়ান্। খলি গুণাভাব আর্ষঃ ॥৮॥

শংসিতেতি। শংসিতা বক্তা। ক্ষত্তা বিদুরঃ, শংসতি ধর্ম্মান্ ব্রবীতি ॥৯॥

ভারতভাবদীপঃ

পিতামহেতি ॥১॥ অয়ং নিন্দারূপঃ ॥২॥ হিতমনিন্দ্যম্, আয়ত্যামুত্তরকালে তদাত্বে বর্ত্তমান-কালে ॥৩—৪॥ মিত্রসুহৃদৌ প্রত্যুপকারমপেক্ষ্যানপেক্ষ্য চোপকর্ত্তারৌ তদ্বান্, সমুপেতঃ শৌর্য্যাদিনেতি শেষঃ ॥৫॥ তথাপি জিতেন্দ্রিয়ত্বাদিগুণিতভৃত্যঃ সন্, রাজ্যে সুখং লভতে নবেতি প্রশ্নার্থঃ; সত্যপি সাধনান্তরে ভৃত্যানামানুকূল্যাভাবে রাজ্যং নশ্যতি তৎসদ্ভাবে চ সর্ব্বান্ কামান্ ফলতীত্যুত্তরমাহ—যো হীত্যাদিনা। অসৎপ্রগ্রহরতিরিন্দ্রিয়াণামনিগ্রহশীলঃ ॥৬॥ ভৃত্যফলৈ-

---

যে রাজা রাজ্যে অভিষিক্ত হইয়া মিত্র ও সুহৃদ্‌গণে পরিবেষ্টিত থাকিয়া, ক্রমে শৌর্য্যাদিসম্পন্ন হইয়া উঠিবেন, তিনি কি ভাবে প্রজারঞ্জন করিবেন ॥৫॥

অসদ্‌বিষয়ভোগে যাঁহার অনুরাগ, যিনি স্নেহ ও রাগের বশীভূত এবং যিনি ইন্দ্রিয়দমনে অসমর্থতানিবন্ধনই যেন অসজ্জন হইবার ইচ্ছা করিতে থাকেন, তাঁহার সৎকুলসম্ভূত ভৃত্যেরা সকলেই প্রতিকূল হইয়া উঠে; সুতরাং তিনি ভৃত্য রাখার ফল অর্থলাভ করিতে পারেন না ॥৬—৭॥

পিতামহ! এই সমস্ত বিষয়ে আমার সন্দেহ রহিয়াছে। আপনিও বুদ্ধিতে বৃহস্পতির তুল্য, অতএব আপনি আমার নিকট অতিদুর্জ্ঞেয় এই সকল রাজধর্ম্ম বলুন ॥৮॥

---

(৮) এতন্মে···বঙ্গ বৰ্দ্ধ নি।

ত্বত্তঃ কুলহিতং বাক্যং শ্রুত্বা রাজ্যহিতোদয়ম্ ।
অমৃতস্যাব্যয়স্যেব তৃপ্তঃ স্বপ্ স্যাম্যহং সুখম্ ॥১০॥
কীদৃশাঃ সন্নিকর্ষস্থা ভৃত্যাঃ সর্ব্বগুণান্বিতাঃ ।
কীদৃশৈঃ কিংকুলীনৈর্ব্বা সহ যাত্রা বিধীয়তে ॥১১॥
নহ্যেকো ভৃত্যরহিতো রাজা ভবতি রক্ষিতা ।
রাজ্যঞ্চেদং জনঃ সর্ব্বস্তৎকুলীনোঽভিকাঙ্ক্ষতি ॥১২॥

ভীষ্ম উবাচ ।

ন চ প্রশাস্তুং রাজ্যং হি শক্যমেকেন ভারত ! ।
অসহায়বতা তাত ! নৈবার্থাঃ কেচিদপ্যুত ।
লব্ধুং লব্ধা হ্যপি সদা রক্ষিতুং ভরতর্ষভ ! ॥১৩॥

ভারতকৌমুদী

ত্বত্ত ইতি। রাজ্যহিতস্য উদয়ো যস্মাৎ তৎ। অব্যয়স্য অবিনশ্বরস্য, "করণে পৃষ্ঠপ্ত্যার্থস্য চ" ইতি করণে ষষ্ঠী ॥১০॥

কীদৃশা ইতি। ভবেয়ুরিতি শেষঃ। কিংকুলীনৈঃ কীদৃশকুলোৎপন্নৈঃ, যাত্রা যুদ্ধপ্রয়াণম্ ॥১১॥

নহীতি। ভবতি ভবিতুমর্হতি। অভিকাঙ্ক্ষতি শাসিতুমিতি তাৎপর্য্যম্ ॥১২॥

নেতি। একেন রাজ্ঞা। অর্থা দুষ্করা বিষয়াঃ, সাধয়িতুং শক্যা ইতি লিঙ্গবচনবিপরিণামেনানুবৃত্তিঃ। রাজ্যং লব্ধুং ন শক্যম্, লব্ধাপি রক্ষিতুং ন শক্যমিত্যর্থঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥১৩॥

পুরুষশ্রেষ্ঠ ! আমাদের বংশের হিতসাধনে নিরত এক আপনি এই সকল বিষয় বলিতে পারেন এবং অপর মহাপ্রাজ্ঞ বিদুরও বলিতে সমর্থ হন। যিনি সর্ব্বদাই আমাদিগকে বলিয়া থাকেন ॥৯॥

বংশ ও রাজ্যের হিতজনক আপনার বাক্য শুনিয়া স্থায়িসুধাপানে তৃপ্ত হইয়াই যেন আমি সুখে নিদ্রা যাইব ॥১০॥

কীদৃশ সর্ব্বগুণান্বিত ভৃত্যগণ রাজার সন্নিহিত থাকিবেন এবং কীদৃশ কুলোৎপন্ন ভৃত্যগণের সহিতই বা রাজা যুদ্ধযাত্রা করিবেন ? ॥১১॥

ভৃত্যরহিত একমাত্র রাজা রাজ্যপালক হইতে পারেন না; এই জন্যই সৎকুলসম্ভূত সমস্ত লোকই রাজার সহায়ভাবে এই রাজ্য পালন করিতে ইচ্ছা করেন" ॥১২॥

ভীষ্ম বলিলেন—"বৎস ভরতনন্দন ! সহায়শূন্য একমাত্র রাজা রাজ্যশাসন করিতে পারেন না, কিংবা অপর কোন গুরুতর বিষয়ও সম্পাদন করিতে সমর্থ হন না, অথবা রাজ্যলাভ করিতে কিংবা রাজ্যলাভ করিয়াও তাহা রক্ষা করিতে পারিয়া উঠেন না ॥১৩॥

যস্য ভৃত্যজনঃ সর্ব্বো জ্ঞানবিজ্ঞানকোবিদঃ।
হিতৈষী কুলজঃ স্নিগ্ধঃ স রাজ্যফলমশ্নুতে ॥১৪॥
মন্ত্রিণো যস্য কুলজা অসংহার্য্যাঃ সহোষিতাঃ।
নৃপতের্মতিদাঃ সন্তঃ সম্বন্ধজ্ঞানকোবিদাঃ ॥১৫॥
অনাগতবিধাতারঃ কালজ্ঞানবিশারদাঃ।
অতিক্রান্তমশোচন্তঃ স রাজ্যফলমশ্নুতে ॥১৬॥ (যুগ্মকম্)
সমদুঃখসুখা যস্য সহায়াঃ প্রিয়কারিণঃ।
অর্থচিন্তাপরাঃ সত্যাঃ স রাজ্যফলমশ্নুতে ॥১৭॥
যস্য নার্ত্তো জনপদঃ সন্নিকর্ষগতঃ সদা।
অক্ষুদ্রঃ সৎপথালম্বী স রাজা রাজ্যভাগভবেৎ ॥১৮॥

ভারতকৌমুদী

যস্যেতি। জ্ঞানবিজ্ঞানয়োঃ কোবিদো নিপুণঃ। স্নিগ্ধো রাজানুরক্তঃ ॥১৪॥

মন্ত্রিণ ইতি। অসংহার্য্যা উৎকোচাদিনা বিপক্ষেণানেয়াঃ, সহোষিতা একত্রবাসযোগ্যাঃ। সম্বন্ধজ্ঞানে দেশকালাদিসম্পর্কবোধে কোবিদা নিপুণাঃ। অনাগতানাং ভাবিনামপি বিষয়াণাং বিধাতারঃ পূর্ব্বমেবোপায়কর্ত্তারঃ ॥১৫—১৬॥

সমেতি। অর্থচিন্তাপরা রাজহিতচিন্তাকারিণঃ, সত্যাঃ সত্যপরায়ণাঃ ॥১৭॥

যস্যেতি। নার্ত্তো দুর্ভিক্ষাদিনা ন পীড়িতঃ, জনপদস্তদ্বাসী জনঃ। অক্ষুদ্রঃ অনীচাশয়ঃ ॥১৮॥

ভারতভাবদীপঃ

ভৃত্যবলপ্রাপ্যৈরর্থৈর্ধনাদিভিঃ ॥৭—৮॥ ক্ষত্তা বিদুরঃ ॥৯—১২॥ লব্ধং লব্ধাশ্চ রক্ষিতুং শক্যা

যাঁহার সমস্ত ভৃত্যই জ্ঞান ও বিজ্ঞানে নিপুণ, হিতৈষী, সৎকুলোৎপন্ন এবং অনুরক্ত—সেই রাজাই রাজ্যের ফল লাভ করেন ॥১৪॥

যাঁহার মন্ত্রীরা সৎকুলসম্ভূত, বিপক্ষের অপক্ষপাতী, একত্র বাস করিবার যোগ্য, রাজার সদ্বুদ্ধিজনক, সৎস্বভাবসম্পন্ন, দেশকালজ্ঞ, ভবিষ্যদ্বিষয়ের পূর্ব্বেই উপায়কারী ও সময়নিরূপণে দক্ষ হন এবং অতীত বিষয়ের শোক করেন না, সেই রাজাই রাজ্যফল লাভ করেন ॥১৫—১৬॥

যাঁহার সহায়গণ সমান দুঃখী, সমান সুখী, প্রিয়কার্য্যকারী, সর্ব্বদা হিতৈষী ও সত্যপরায়ণ—সেই রাজাই রাজ্যফল ভোগ করেন ॥১৭॥

যাঁহার দেশবাসী লোক সকল কোন পীড়া অনুভব করে না, সর্ব্বদা সন্নিহিত থাকে, নীচাশয় হয় না এবং সৎপথে চলে, সেই রাজাই রাজত্বের সুখ অনুভব করেন ॥১৮॥

কোষোঽক্ষপটলং যস্য কোষবৃদ্ধিকরৈর্নরৈঃ।
আপ্তৈস্তুষ্টৈশ্চ সততং চীয়তে স নৃপোত্তমঃ ॥১৯॥
কোষ্ঠাগারমসংহার্য্যৈরাপ্তৈঃ সঞ্চয়তৎপরৈঃ।
পাত্রভূতৈরলুব্ধৈশ্চ পাল্যমানং গুণীভবেৎ ॥২০॥
ব্যবহারশ্চ নগরে যস্য কর্ম্মফলোদয়ঃ।
দৃশ্যতে শঙ্খলিখিতঃ স ধর্ম্মফলভাঙ্ নৃপঃ ॥২১॥
সংগৃহীতমনুষ্যশ্চ যো রাজা রাজধর্ম্মবিৎ।
ষড়্ বর্গং প্রতিগৃহ্লাতি স ধর্ম্মফলমশ্নুতে ॥২২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে রাজধর্ম্মকথনে দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——::০::——

ভারতকৌমুদী

কোষ ইতি। অক্ষপটলং রাজ্যাঙ্গসমূহঃ। "আচারে নয়নাদৌ দ্যূতবিশেষে তথাব্যয়ে। অক্ষং বিভীতকেঽপি প্রযুজ্যতে পঞ্চসু প্রাজ্ঞৈঃ॥" ইতি হলায়ুধঃ। আপ্তৈর্বিশ্বস্তৈঃ। চীয়তে বর্দ্ধ্যতে ॥১৯॥

কোষ্ঠেতি। কোষ্ঠাগারং ধান্যাদিরক্ষণগৃহম, অসংহার্য্যৈঃ উৎকোচাদিনা ধূর্ত্তজনেনানেয়ৈঃ, আপ্তৈর্বিশ্বস্তৈঃ। পাত্রভূতৈঃ সদাচারৈঃ, গুণীভবেৎ প্রশস্তং ভবেৎ ॥২০॥

ব্যবেতি। ব্যবহারো বাদিপ্রতিবাদিনোর্বিবাদনির্ণয়ঃ, কর্ম্মফলস্য উদয়ঃ উৎপত্তির্যস্মিন্ সঃ। শঙ্খলিখিতঃ শঙ্খলিখিতাখ্যমুনিদ্বয়ব্যবহারতুল্যঃ। স চ প্রাগুক্তো দ্রষ্টব্যঃ ॥২১॥

ভারতভাবদীপঃ

কুর্য্যাৎ প্রকাশয়েৎ ॥৮॥ নিত্যমিতি। আচরেদ্‌যথাযোগ্যং দণ্ডম্। তত্র দৃষ্টান্তঃ—বৃহদিতি। বৃহন্তো বৃক্ষা যত্র তদ্‌বৃহদ্‌বৃক্ষং তালবনম্, আস্রবৎ রসং প্রস্রবৎ। যথা রসগ্রাহী প্রদেশবিশেষে এবং প্রহৃত্য রসং গৃহ্লাতি ন তু কৃৎস্নবৃক্ষচ্ছেদেনেক্ষুকাণ্ডাদিবত্ততো রসং জিঘৃক্ষতি এবং প্রজানামায়ব্যয়ৌ জ্ঞাত্বা তা জীবয়ংস্তাভ্যো ধনরসমাদদ্যাদিত্যর্থঃ ॥৯॥ মৃজা শুদ্ধিস্তদ্বান্, ভৌমানি পরেষাং শস্যানি, চরণৈরশ্বাদিগমনৈঃ ক্ষিপেৎ নাশয়েৎ ॥১০॥ অর্থাৎ মৃগয়াদিব্যাজাৎ পররাষ্ট্রং সমাচরন্ পরপক্ষান্ বিধূনয়েৎ ॥১১॥ ছায়াং পরদুর্গাধিপতিনা সন্ধিং কৃত্বা দেবতাদর্শনাদিব্যাজেনাকস্মাৎ পরদুর্গং গত্বা প্রবিশ্য তন্নাশয়েদিত্যাহ—

রাজা স্বপক্ষের প্রতি নির্দ্দোষ ব্যবহার করিবেন; গো ও অশ্বপ্রভৃতির চরণদ্বারা বিপক্ষের শস্য সকল বিনষ্ট করিবেন, সহায়সম্পন্ন হইয়াই শত্রুকে আক্রমণ করিতে যাইবেন এবং নিজের দুর্ব্বলস্থান পর্য্যবেক্ষণ করিবেন ॥১০॥

পুষ্পাহরণার্থী লোক যেমন উদ্যানে যাইয়া বৃক্ষ বিধূনিত করিয়া পুষ্প আহরণ করে, রাজাও তেমন শত্রুর দোষ প্রকাশ করিয়া, তাহার পক্ষপাতী লোকদিগকে স্বপক্ষভুক্ত করিবেন ॥১১॥

রাজা পর্ব্বততুল্য উন্নত ও স্ফীত বিপক্ষরাজগণকে উৎসন্ন করিবার চেষ্টা করিবেন। প্রথমে তিনি সমীচীন ভাবে জানিয়া তাহাদের আশ্রয় লইবেন, পরে সুযোগক্রমে গুপ্তযুদ্ধ করিতে থাকিবেন ॥১২॥

প্রাবৃষীবাসিতগ্রীবো মজ্জেত নিশি নির্জ্জনে।
মায়ূরেণ গুণেনৈব স্ত্রীভিরারক্ষিতশ্চরেৎ ॥১৩॥
ন জহ্যাচ্চ তনুত্রাণং রক্ষেদাত্মানমাত্মনা।
চারভূমিষ্বভিগতান্ পাশাংশ্চ পরিবর্জ্জয়েৎ ॥১৪॥
প্রণয়েদ্বাপি তাং ভূমিং প্রণশ্যেদ্‌গহনে পুনঃ।
হন্যাৎ ক্রুদ্ধানতিবিষান্ যে জিহ্মগতয়ো হি তান্ ॥১৫॥

ভারতকৌমুদী

প্রাবৃষীতি। কিঞ্চ রাজা, প্রাবৃষি বর্ষাকালে, অসিতগ্রাবো নীলকণ্ঠো ময়ূর ইব, নিশি নির্জ্জনে মজ্জেত পররাষ্ট্রেষ্বাত্মগোপনং কুর্য্যাৎ। কিঞ্চ মায়ূরেণ ময়ূরসম্বন্ধিনা গুণেন নিশাসদৃশনীলবর্ণেনৈব স্ত্রীভিঃ সহায়ভূতাভির্নারীভিঃ আরক্ষিতো নিবারিতস্বপ্রকাশঃ সন্, পররাষ্ট্রেষু চরেৎ ॥১৩॥

নেতি। কিঞ্চ রাজা, কদাপি তনুত্রাণং বর্ম্ম ন জহ্যাৎ বিপক্ষাঘাতনিবারণার্থং ন ত্যজেৎ। অপি চ চারভূমিষু স্ববিচরণস্থানেষু অভিগতান্ অবগতান্ পাশান্ জালানি চ পরিবর্জ্জয়েৎ অনেন রূপেণ আত্মনৈব আত্মানং রক্ষেৎ ॥১৪॥

প্রণয়েদিতি। কিঞ্চ রাজা, তাং পাশসঙ্কটামপি ভূমিং প্রণয়েৎ আত্মানং চারয়েদ্বা, পুনঃ শত্রুসন্ধানে সতি গহনে নিবিড়ে বনে প্রণশ্যেৎ অদৃশ্যো ভবেৎ। অপি চ, যে জিহ্মগতয়ঃ কুটিলপ্রচারাঃ তান্ ক্রুদ্ধান্ অতিবিষান্ সর্পানিব শত্রূন্ হন্যাৎ ॥১৫॥

ভারতভাবদীপঃ

উচ্ছ্রিতানিতি ॥১২॥ অসিতগ্রীবো ময়ূরো নিশীব প্রাবৃষি মজ্জেত অদৃশ্যোঽন্তঃপুরচর এব স্যাৎ ॥১৩॥ তত্রাপি চারৈর্দর্শিতাসু ভূমিষু ধাত্রীসৌবিদল্লসূপকারাদিষু পরৈর্ভেদিতেষু অভিগতান্ বিষাদীন্ পাশান্ পরিবর্জ্জয়েদাত্মানং রক্ষেচ্চেত্যাহ—নেতি ॥১৪॥ নন্বু কৃতস্তত্রাপি পাশপ্রসক্তিরত আহ—প্রণয়েদিতি। গহনে দুর্বোধে পাশজ্ঞানে সতি তাং কপটভূমিং প্রতিপন্নাত্মানং প্রণয়েৎ প্রাপয়েত্তদা নশ্যেদেব, বাশব্দ এবার্থে। প্রয়োজয়ন্তি হি রাজানো বিষময়ীং কন্যাং কৃত্বা দ্বীপান্তরপ্রাপ্তেয়ং পদ্মিনীজাতীয়া কন্যা অস্যাঃ স্পর্শমাত্রাদশীতিবার্ষিকোঽপি ষোড়শবর্ষো ভবতীতি সেয়মতিশ্রেষ্ঠরত্নত্বয়া শ্রীমতামর্থে

নীলকণ্ঠ ময়ূর যেমন বর্ষাকালে রাত্রিতে নির্জ্জনস্থানে লুক্কায়িত থাকে, রাজাও তেমন বিপক্ষ রাজ্যে যাইয়া লুক্কায়িত থাকিবেন এবং ময়ূরের নীলবর্ণের ন্যায় সহায়ভূত তত্রত্য নারীগণদ্বারা সুরক্ষিত হইয়া অবসরক্রমে বিচরণ করিবেন ॥১৩॥

রাজা কখনও বর্ম্ম ত্যাগ করিবেন না এবং বিচরণপথে বিপক্ষপাতিত জাল রহিয়াছে জানিয়া তাহা ত্যাগ করিবেন, এইভাবে নিজেই নিজেকে রক্ষা করিবেন ॥১৪॥

(১৩)·· স্ত্রীভিশ্চাবেক্ষিতশ্চরেৎ···পি বঙ্গ বৰ্দ্ধ।

নাশয়েদ্বলবর্হাণি সন্নিবাসান্নিবাসয়েৎ।
সদা বর্হিনিভঃ কামং প্রশস্তং কৃতমাচরেৎ।
সর্ব্বতশ্চাদদেৎ প্রজ্ঞাং পতঙ্গং গহনেম্বিব ॥১৬॥
এবং ময়ূরবদ্রাজা স্বরাজ্যং পরিপালয়েৎ।
আত্মবৃদ্ধিকরীং নীতিং বিদধীত বিচক্ষণঃ ॥১৭॥

ভারতকৌমুদী

নাশয়েদিতি। কিঞ্চ রাজা, বলবর্হাণি শত্রোঃ সৈন্যপরিবারান্ অভিচারাদিনা নাশয়েৎ। "বর্হং পর্ণে পরিবারে কলাপে" ইতি হেমচন্দ্রঃ। অন্যত্র স্থূলপক্ষান্ নাশয়েৎ সঙ্কোচয়েৎ। সন্নিবাসান্ সদ্গুণাশ্রয়ান্ জনান্ আত্মনঃ সমীপ এব নিবাসয়েৎ। সদা বর্হিনিভো ময়ূরতুল্যঃ কামং পর্য্যাপ্তং প্রশস্তং কৃতং কর্ম্ম আচরেৎ। কিঞ্চ গহনেষু বনেষু পতঙ্গং শলভমিব সর্ব্বতঃ সর্ব্বস্মাদেব জনাৎ প্রজ্ঞাং বুদ্ধিঞ্চ আদদেৎ গৃহ্নীয়াৎ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১৬॥

এবমিতি। ময়ূরবৎ শঠভাবেনেতি ভাবঃ ॥১৭॥

ভারতভাবদীপঃ

কল্পিতানুগ্রাহ্যা চেদ্বং বয়ং চেতি ব্রুবাণাঃ; তত্র চারমুখাৎ কপটং শ্রুত্বা তাং ন প্রণয়েৎ উহিতান্ কেনচিন্নিমিত্তেন তর্কিতাংস্তানতিবিষান্ কন্যাদীন্ স্পর্শমাত্রেণোচ্ছ্বাসমাত্রেণ বা সঙ্গতমক্ষিকামশকাদিমরণলিঙ্গেন জ্ঞাতান্ হন্যাদেব ॥১৫॥ নাশয়েদিতি সাৰ্দ্ধঃ। বলবর্হাণি স্থূলান্ পক্ষান্ সৈন্যস্য পক্ষস্থানীয়ান্মহাশিবিরবারবনিতানটনর্ত্তকাদীংশ্চ নাশয়েৎ ময়ূর ইব দূরী-কুর্য্যাৎ। "বলং গন্ধরসে রূপে স্থামনি স্থৌল্যসৈন্যয়ো"রিতি মেদিনী। সন্নিবাসান্ দৃঢ়মূলান্ পক্ষানমাত্যাদীন্ শূরাংশ্চ বাসয়েৎ স্থাপয়েৎ বর্হিনিভঃ ময়ূরতুল্যঃ কামং যথেষ্টং প্রশস্তং কৃতং প্রশস্তাং ক্রিয়াং পক্ষাণাং বিস্ফারণমাচরেৎ অনেনৈব ক্রমেণ সর্ব্বতশ্চ জাতিমাত্রাৎ প্রজ্ঞাম্ আদদীত। যথোক্তম্—"বকবচ্চিন্তয়েদর্থান্ সিংহবচ্চ পরাক্রমে"দিত্যাদি। পতঙ্গং শলভসমূহে যথা গহনেষু পততি গহনঞ্চ নিষ্পত্রং করোতি

রাজা সুযোগ বুঝিলে সেই শত্রুর জালসঙ্কটভূমিতেও গমন করিবেন, আবার বিপদ্ বুঝিলে নিবিড় বনে অদৃশ্য হইবেন; আর যাহাদের গতি কুটিল, সেই বিষপূর্ণ ক্রুদ্ধ লোকদিগকে (সর্পগণকে) সংহার করিবেন ॥১৫॥

বিপক্ষের সৈন্য ও পরিবারগণকে বিনষ্ট করিবেন (বিশাল পাখাগুলিকে সঙ্কোচিত করিবে), গুণবান্ ব্যক্তিগণকে নিকটে রাখিবেন (উৎকৃষ্ট পক্ষিগণকে নিকটে রাখিবে) এবং বনমধ্যে শলভের ন্যায় সকল লোকের নিকটেই সৎ পরামর্শ গ্রহণ করিবেন—এইভাবে রাজা ময়ূরের ন্যায় সমস্ত প্রশস্ত কার্য্য করিবেন ॥১৬॥

বিচক্ষণ রাজা এইভাবে ময়ূরের ন্যায় আপন রাজ্য রক্ষা করিবেন এবং নিজের উন্নতিজনক নীতির আশ্রয় লইবেন ॥১৭॥

আত্মসংযমনং বুদ্ধ্যা পরবুদ্ধ্যা বিচারণম্ ।
বুদ্ধ্যা চাত্মগুণপ্রাপ্তিরেতচ্ছাস্ত্রনিদর্শনম্ ॥১৮॥
পরং বিশ্বাসয়েৎ সাম্না স্বশক্তিঞ্চোপলক্ষয়েৎ ।
আত্মনঃ পরিমর্ষেণ বুদ্ধিং বুদ্ধ্যা বিচারয়েৎ ॥১৯॥
সান্ত্বযোগমতিঃ প্রাজ্ঞঃ কার্য্যাকার্য্যপ্রযোজকঃ ।
নিগূঢ়বুদ্ধের্ধীরস্য বক্তব্যে বা কৃতং তথা ॥২০॥

ভারতকৌমুদী

আত্মেতি। বুদ্ধ্যা নিজয়া আত্মনশ্চিত্তস্য সংযমনং রাগদ্বেষাদিনিবারণম্, পরবুদ্ধ্যা সচিবাদিবুদ্ধিসাহায্যেন বিচারণং বাদিপ্রতিবাদিনোর্ব্যবহারনির্ণয়ঃ। বুদ্ধ্যা গুরুজনবুদ্ধিসাহায্যেন চ দয়াদীনামাত্মগুণানাং প্রাপ্তিশ্চেতি এতত্রয়ং শাস্ত্রাণাং নিদর্শনমুদাহরণম্ ॥১৮॥

পরমিতি। কিঞ্চ রাজা, সাম্না মধুরবাক্যেন পরমাত্মনি বিশ্বাসয়েৎ, স্বশক্তিঞ্চ উপলক্ষয়েৎ পর্য্যালোচয়েৎ। আত্মনঃ পরিমর্ষেণ বিবেকেন সচিবাদীনাং বুদ্ধ্যা চ অপরাধিনো বুদ্ধিং বিচারয়েৎ ॥১৯॥

সান্ত্বেতি। কিঞ্চ রাজা, সান্ত্বযোগে সর্ব্বত্রৈব প্রথমং মধুরবাক্যপ্রয়োগে মতির্যস্য সঃ, তথা প্রাজ্ঞো বিশেষবিবেকবান্ সন্ কার্য্যাকার্য্যপ্রযোজকশ্চ ভবেৎ। বা অথবা, নিগূঢ়বুদ্ধেঃ সংবৃতধীশক্তে ধীরস্য জনস্য সম্বন্ধে বক্তব্যো য উপদেশস্তস্মিন্ কৃতম্ অলম্। তস্য উপদেষ্টব্যমেব নাস্তীতি ভাবঃ ॥২০॥

ভারতভাবদীপঃ

এবং সত্যস্য শত্রুরাষ্ট্রে পতিতব্যমিত্যর্থঃ। পন্নগং গহনেষ্বিবেতি পাঠে পন্নগগ্রাহী পন্নগমিবাকস্মাচ্ছত্রুং গৃহ্নীয়াদিত্যর্থঃ ॥১৬—১৭॥ বুদ্ধ্যা আত্মনঃ সংযমনম্ ইত্থমেব কর্ত্তুং যুক্তং নিয়মং কুর্য্যাৎ পরবুদ্ধ্যা চ তত্রৈবার্থে সংবাদিতয়া তস্যার্থস্যাবধারণং দৃঢ়তরো নিশ্চয়ঃ কার্য্যঃ। বুদ্ধ্যা শাস্ত্রোত্থধিয়া আত্মগুণস্য পূর্ব্বোক্তনিশ্চয়হেতোঃ প্রাপ্তির্ভবতি, এতদেব শাস্ত্রস্য নিদর্শনং প্রয়োজনং যৎ কার্য্যক্ষোদক্ষমতা বুদ্ধেরিত্যর্থঃ ॥১৮॥ আত্মনঃ স্বস্য পরিমর্শেন সর্ব্বতোঽতীতানাগতবিচারেণ বুদ্ধিং কার্য্যনিশ্চয়ং বুদ্ধ্যা উহাপোহকৌশলরূপয়া মেধয়া বিচারয়েৎ সাধকবাধকভূয়ো সঞ্চারয়েৎ ॥১৯॥ তমেবাহ—সান্ত্বেতি। বক্তব্যে উপদেশে কর্ত্তব্যে কৃতম্ অলং তস্যোপদেশাপেক্ষা নাস্তীত্যর্থঃ ॥২০॥

আপন বুদ্ধি অনুসারে চিত্তসংযম, পরের পরামর্শ অনুসারে বিচার এবং গুরুজনের উপদেশে আত্মগুণ লাভ হইয়া থাকে, ইহাই শাস্ত্রের উদাহরণ ॥১৮॥

রাজা মধুর বাক্যে নিজের প্রতি পরের বিশ্বাস জন্মাইবেন, নিজের শক্তির পর্য্যালোচনা করিবেন এবং নিজের বুদ্ধি ও সচিবপ্রভৃতির পরামর্শে অপরাধীর মতিগতির বিচার করিবেন ॥১৯॥

স নিকৃষ্টাং কথাং প্রাজ্ঞো যদি বুদ্ধ্যা বৃহস্পতিঃ।
স্বভাবমেষ্যতে তপ্তং কৃষ্ণায়সমিবোদকে ॥২১॥
অনুযুঞ্জীত কৃত্যানি সর্ব্বাণ্যেব মহীপতিঃ।
আগমৈরুপদিষ্টানি স্বস্য চৈব পরস্য চ ॥২২॥
মৃদুশীলং তথা প্রাজ্ঞং শূরঞ্চার্থবিধানবিৎ।
স্বকর্ম্মণি নিযুঞ্জীত যে চান্যে চ বলাধিকাঃ ॥২৩॥

ভারতকৌমুদী

অথ ধীরোঽপি কদাচিৎ মুহ্যতীত্যাপেক্ষায়ামাহ স ইতি। বুদ্ধ্যা বৃহস্পতিঃ বৃহস্পতিতুল্যোঽপি স প্রাজ্ঞো ধীরঃ যদি কদাচিৎ কেনচিৎ কারণেন নিকৃষ্টাং কথাং কমপি বদেদিতি শেষঃ। তথাপ্যসৌ ক্ষণাৎ পরমেব উদকে জলে ক্ষিপ্তং তপ্তং কৃষ্ণায়সং শুদ্ধং লৌহং কর্ত্তৃ, শীতলতামিব স্বভাবং ধীরতাম্, এষ্যতে গমিষ্যতি প্রাপ্স্যতি ॥২১॥

অন্বিতি। মহীপতিঃ, স্বস্য চ পরস্য চ সম্বন্ধে আগমৈঃ শাস্ত্রৈরুপদিষ্টানি সর্ব্বাণ্যেব কৃত্যানি কার্য্যাণি অনুযুঞ্জীত আচার্য্যান্ পৃচ্ছেৎ ॥২২॥

মৃদ্বিতি। অর্থবিধানবিৎ কার্য্যসাধনোপায়জ্ঞো রাজা স্বকর্ম্মণি স্বস্বযোগ্যকার্য্যে মৃদুশীলং কোমলস্বভাবম্, প্রাজ্ঞং শূরঞ্চ জনম, অন্যে যে চ বলাধিকা যোগ্যতয়াতিরিক্তাঃ তানপি নিযুঞ্জীত ॥২৩॥

বিচক্ষণ রাজা প্রথমে সকলের সহিতই মধুর বাক্যে আলাপ করিবার ইচ্ছা করিবেন এবং কর্ত্তব্য ও অকর্ত্তব্য বিষয়ে লোক নিয়োগ করিবেন; অথবা নিগূঢ় বুদ্ধি ও ধীর ব্যক্তির সম্বন্ধে উপদেশ দেওয়া অনাবশ্যক ॥২০॥

সাক্ষাৎ বৃহস্পতির তুল্য বিচক্ষণ হইয়াও তিনি যদি কখনও কোন কারণে কাহারও সহিত নিকৃষ্ট কথা বলিয়া ফেলেন (তাহা হইলেও চিন্তার কারণ নাই। কেন না,) তপ্ত লৌহ যেমন জলে নিক্ষিপ্ত হইবামাত্রই পুনরায় শীতলতা প্রাপ্ত হয়, তেমন সেই বিচক্ষণ ব্যক্তিও ক্ষণকাল পরেই নিজের স্বাভাবিক ধীরতা প্রাপ্ত হইবেন ॥২১॥

রাজা নিজের সম্বন্ধে বা অন্যের সম্বন্ধে শাস্ত্রোক্ত সমস্ত কার্য্যই আচার্য্যের নিকট জিজ্ঞাসা করিবেন ॥২২॥

কার্য্যসাধনের উপায়াভিজ্ঞ রাজা স্ব স্ব যোগ্যকার্য্যে কোমলস্বভাব, বিদ্বান্ ও ও বীর ব্যক্তিকে এবং অন্য যে সকল অধিক যোগ্যতাসম্পন্ন ব্যক্তি থাকেন, তাঁহাদিগকে নিযুক্ত করিবেন ॥২৩॥

অথ দৃষ্ট্বা নিযুক্তানি স্বানুরূপেষু কর্ম্মসু।
সর্ব্বাংস্তাননুবর্ত্তেত স্বরাংস্তন্ত্রীরিবায়তা ॥২৪॥
ধর্ম্মাণামবিরোধেন সর্ব্বেষাং প্রিয়মাচরেৎ।
মমায়মিতি রাজা যঃ স পর্ব্বত ইবাচলঃ ॥২৫॥
ব্যবসায়ং সমাধায় সূর্য্যো রশ্মীনিবায়তান্।
ধর্ম্মমেবাভিরক্ষেত কৃত্বা তুল্যে প্রিয়াপ্রিয়ে ॥২৬॥
কুলপ্রকৃতিদেশানাং ধর্ম্মজ্ঞান্মৃদুভাষিণঃ।
মধ্যে বয়সি নির্দ্দোষান্ হিতে যুক্তানবিক্লবান্ ॥২৭॥
অলুব্ধান্ শিক্ষিতান্ দান্তান্ ধর্ম্মেষু পরিনিষ্ঠিতান্।
স্থাপয়েৎ সর্ব্বকার্য্যেষু রাজা ধর্ম্মার্থরক্ষিণঃ ॥২৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অথেতি। অথ লোকবৃন্দানি স্বানুরূপেষু কর্ম্মসু রাজ্ঞা নিযুক্তানি দৃষ্ট্বা অন্যঃ সর্ব্বো ভৃত্যঃ আয়তা দীর্ঘা তন্ত্রীঃ স্বরান্ নিষাদাদীনিব তান্ সর্ব্বান্ অনুবর্ত্তেত অনুসরেৎ ॥২৪॥

ধর্ম্মাণামিতি। অয়ং রাজা মম প্রিয় ইতি প্রজানাং ধারণাবিষয়ে যো রাজা বর্ত্তেত, স এব রাজা পর্ব্বত ইব অচলস্তিষ্ঠেৎ ॥২৫॥

ব্যবসায়মিতি। রাজা, প্রিয়াপ্রিয়ে তুল্যে কৃত্বা সূর্য্যঃ আয়তান্ দীর্ঘান্ রশ্মীনিব আয়তং ব্যবসায়ং দীর্ঘং কার্য্যোদ্যমং সমাধায় আশ্রিত্য ধর্ম্মমেবাভিরক্ষেত ॥২৬॥

কুলেতি। কুলানি বংশাঃ, প্রকৃতয়ঃ প্রজা দেশাশ্চ তেষাম্। মধ্যে বয়সি বর্ত্তমানানিতি শেষঃ, রাজ্ঞো হিতে যুক্তান্ নিরতান্ অবিক্লবান্ ধীরস্বভাবান্। দান্তান্ ইন্দ্রিয়জয়িনঃ, পরিনিষ্ঠিতান দৃঢ়স্থিতান্ ॥২৭—২৮॥

তৎপরে বিস্তৃতা তন্ত্রী যেমন নিষাদপ্রভৃতি স্বরের অনুসরণ করে, সেইরূপ পূর্ব্বনিযুক্ত কর্ম্মচারীরা আপন আপন যোগ্য কার্য্যে সেই সকল লোক নূতন নিযুক্ত হইয়াছে দেখিয়া, তাহাদের অনুসরণ করিবে ॥২৪॥

রাজা ধর্ম্মের অবিরোধে সকলেরই প্রীতিকর আচরণ করিবেন। কারণ, 'ইনি আমার প্রিয়' এইরূপ যে রাজার উপরে প্রজাদের ধারণা হয়, সেই রাজাই দীর্ঘকাল পর্ব্বতের ন্যায় অচল থাকেন ॥২৫॥

রাজা প্রিয় ও অপ্রিয়কে সমান করিয়া, সূর্য্য যেমন নিজের দীর্ঘ রশ্মি সকল সর্ব্বদাই অবলম্বন করেন, সেইরূপ দীর্ঘকালস্থায়ী উদ্যম অবলম্বন করিয়া ধর্ম্মকেই রক্ষা করিতে থাকিবেন ॥২৬॥

যাঁহারা সমস্ত বংশের, প্রজার ও দেশের ধর্ম্ম জানেন, কোমল বাক্য বলেন এবং মধ্যবয়স্ক, নির্দ্দোষ, রাজার হিতসাধনে নিরত, ধীরপ্রকৃতি, অলোভী, শিক্ষিত,

এতেন চ প্রকারেণ কৃত্যানামাগতিং গতিম্।
যুক্তঃ সমনুতিষ্ঠেত তুষ্টশ্চারৈরুপস্কৃতঃ ॥২৯॥
অমোঘক্রোধহর্ষস্য স্বয়ং কৃত্যান্বেক্ষিতুঃ।
আত্মপ্রত্যয়কোশস্য বসুদৈব বসুন্ধরা ॥৩০॥
ব্যক্তশ্চানুগ্রহো যস্য যথার্থশ্চাপি নিগ্রহঃ।
গুপ্তাত্মা গুপ্তরাষ্ট্রশ্চ স রাজা রাজধর্ম্মবিৎ ॥৩১॥
নিত্যং রাষ্ট্রমবেক্ষেত গোভিঃ সূর্য্য ইবোদিতঃ।
চরান্ স্বনুচরান্ বিদ্যাত্তথা বুদ্ধ্যা স্বয়ং চরেৎ ॥৩২॥
কালং প্রাপ্তমুপাদদ্যান্নার্থং রাজা প্রসূচয়েৎ।
অহন্যহনি সংদুহ্যান্মহীং গামিব বুদ্ধিমান্ ॥৩৩॥

ভারতকৌমুদী

এতেনেতি। কৃত্যানাং কার্য্যাণামর্থানাম্, আগতিমায়ম্, গতিং ব্যয়ঞ্চ। যুক্তঃ অভিনিবিষ্টঃ, চারৈর্গুপ্তচরৈঃ, উপস্কৃতঃ ॥২৯॥

অমোঘেতি। অমোঘাবব্যর্থৌ ক্রোধহর্ষৌ যস্য তস্য, স্বয়মাত্মনৈব কৃত্যান্বেক্ষিতুঃ কার্য্যপর্য্যবেক্ষিতুঃ। আত্মপ্রত্যয়স্য আত্মবিশ্বাসস্য কোশ আশ্রয়স্তস্য তাদৃশস্য রাজ্ঞঃ, বসুন্ধরা রাজ্যমেব বসুদা ধনদায়িনী ভবতি ॥৩০॥

ব্যক্ত ইতি। ব্যক্ত উপকারসাধনে স্পষ্টঃ, যথার্থঃ অপকারবিধানে সত্যঃ, নিগ্রহো দমনম্। গুপ্তাত্মা সর্বদা রক্ষিতাত্মা, গুপ্তরাষ্ট্রো রক্ষিতরাজ্যশ্চ ॥৩১॥

নিত্যমিতি। গোভিশ্চক্ষুষা কিরণৈশ্চ। সুষ্ঠু অনুচরন্তি গন্তব্যদেশেষু বারং বারং গচ্ছন্তীতি তান্। চরেৎ কার্য্যং নিষ্পাদয়েৎ ॥৩২॥

জিতেন্দ্রিয় ও ধর্ম্মনিষ্ঠ হন, আর অন্যেরও ধর্ম্ম ও অর্থ রক্ষা করেন, সেই সকল লোককেই রাজা সমস্ত কার্য্যে নিযুক্ত করিবেন ॥২৭—২৮॥

রাজা এই প্রকারে সন্তুষ্ট থাকিয়া, উপযুক্তস্থানে গুপ্তচর নিযুক্ত করিয়া, সর্ব্বদা মনোযোগী হইয়া, অর্থের আয়ব্যয় পর্য্যবেক্ষণ করিবেন ॥২৯॥

যাঁহার ক্রোধ ও হর্ষ অব্যর্থ, যিনি নিজেই সমস্ত কার্য্য পর্য্যবেক্ষণ করেন এবং যিনি আত্মবিশ্বাসী হন, সেই রাজার রাজ্যই তাঁহাকে ধন দান করে ॥৩০॥

যাঁহার অনুগ্রহ সফল ভাবে ব্যক্ত হয় এবং নিগ্রহও সত্য হয়; আর যিনি সর্ব্বদাই আত্মরক্ষা ও রাজ্যরক্ষা করেন, সেই রাজাই বাস্তবিক রাজধর্ম্মজ্ঞ ॥৩১॥

সূর্য্য যেমন উদিত হইয়া কিরণদ্বারা সমগ্র রাজ্য স্পর্শ করেন, রাজাও তেমন আপন দৃষ্টিদ্বারাই সর্ব্বদা সমগ্র রাজ্য পর্য্যবেক্ষণ করিবেন, চরেরা গন্তব্যস্থানে বার বার যাইতেছে কি না জানিবেন এবং নিজের বুদ্ধিতেই সমস্ত কার্য্য করিবেন ॥৩২॥

যথাক্রমেণ পুষ্পেভ্যশ্চিনোতি মধু ষট্‌পদঃ।
তথা দ্রব্যমুপাদায় রাজা কুর্ব্বীত সঞ্চয়ম্ ॥৩৪॥
যদ্ধি গুপ্তাবশিষ্টং স্যাত্তদ্বিত্তং ধর্ম্মকাময়োঃ।
সঞ্চয়ান্ন বিসর্গী স্যাদ্রাজা শাস্ত্রবিদাত্মবান্ ॥৩৫॥
নার্থমল্পং পরিভবেন্নাবমন্যেত শাত্রবান্।
বুদ্ধ্যা তু বুধ্যেদাত্মানং ন চাবুদ্ধিষু বিশ্বসেৎ ॥৩৬॥

ভারতকৌমুদী

কালমিতি। বুদ্ধিমান্ রাজা, প্রাপ্তমুপস্থিতং কালং কার্য্যসাধনসময়ম্, উপাদদ্যাৎ গৃহ্ণীয়াৎ তদানীমেব কার্য্যমারভেতেত্যর্থঃ, অর্থং নিজধনম্, ন প্রস্নুচরেৎ লোকেষু ন জ্ঞাপয়েৎ। তথা গাং ধেনুমিব মহীম্ অহন্যহনি প্রতিদিনমেব সংদুহ্যাৎ, ততো দুগ্ধমিব ধনমাদদ্যাদিত্যর্থঃ ॥৩৩॥

যথেতি। চিনোতি আদায় চক্রে রক্ষেতি। ষট্‌পদো ভ্রমরঃ। দ্রব্যং ধনম্ ॥৩৪॥

যদিতি। গুপ্তাৎ রক্ষিতাৎ সঞ্চেয়ত্বেনাভিমতাৎ অবশিষ্টং ধর্ম্মকাময়োঃ ব্যয়েতেতি শেষঃ। কিন্তু সঞ্চয়াৎ সঞ্চিতধনাৎ বিসর্গী ব্যয়ী ন স্যাৎ, আত্মবান্ বুদ্ধিমান্ ॥৩৫॥

নেতি। রাজা, অল্পমপি অর্থং ধনং ন পরিভবেৎ নাবজানীয়াৎ, শাত্রবান্ দুর্ব্বলানপি শত্রূন্ নাবমন্যেত। আত্মনঃ সচিবাদীনাঞ্চ বুদ্ধ্যা তু আত্মানম্ আত্মশক্তিপরিমাণং বুধ্যেৎ, অল্পবুদ্ধিষু জনেষু চ ন বিশ্বসেৎ ॥৩৬॥

ভারতভাবদীপঃ

সোঽনন্তরশ্লোকোক্তঃ প্রাজ্ঞো বুদ্ধ্যা বৃহস্পতিসমোঽপি সন্ যদি নিকৃষ্টাং কথাং নির্বুদ্ধিত্ববাদ প্রাপ্নুয়াত্তর্হি সদ্য এব যুক্ত্যা স্বভাবং স্বাস্থ্যম্ এষ্যতে উদকে প্রক্ষিপ্তং তপ্তায়সং শৈত্যমিব ॥২১—৩১॥ গোভিঃ রশ্মিভিঃ, চরান্ চারান্, স্বনুচরান্ সমাচারান্ ॥৩২॥ ন অর্থং প্রস্নুচয়েৎ

বুদ্ধিমান্ রাজা কার্য্যসাধনের সময় উপস্থিত হইলেই তাহা গ্রহণ করিবেন, নিজের ধন পরের নিকট প্রকাশ করিবেন না এবং গরুর ন্যায় পৃথিবীকেও প্রত্যহই দোহন করিবেন ॥৩৩॥

ভ্রমর যেমন ক্রমশঃ পুষ্প হইতে মধু লইয়া যাইয়া তাহা চক্রে সঞ্চয় করে, রাজাও তেমন প্রজাদের নিকট হইতে ধন গ্রহণ করিয়া ক্রমশঃ তাহা সঞ্চয় করিবেন ॥৩৪॥

যে ধন সঞ্চয়ের অবশিষ্ট হইবে, শাস্ত্রজ্ঞ ও বুদ্ধিমান্ রাজা সেই ধনই ধর্ম্মের জন্য ও কামের জন্য ব্যয় করিবেন, কিন্তু সঞ্চিত ধন হইতে ব্যয় করিবেন না ॥৩৫॥

রাজা অল্প ধনকেও তুচ্ছ বলিয়া মনে করিবেন না, দুর্ব্বল শত্রুর উপরেও অবজ্ঞা করিবেন না, আপন বুদ্ধি ও মন্ত্রিপ্রভৃতির বুদ্ধিদ্বারা নিজের শক্তির পরিমাণ অবগত হইবেন এবং নির্ব্বোধ লোকের উপরে বিশ্বাস করিবেন না ॥৩৬॥

ধৃতির্দাক্ষ্যং সংযমো বুদ্ধিরাত্মা ধৈর্য্যং শৌর্য্যং দেশকালাপ্রমাদঃ।
অল্পস্য বা বহুনো বা বিবৃদ্ধৌ ধনস্যৈতান্যষ্ট সমিন্ধনানি ॥৩৭॥
অগ্নিঃ স্তোকো বর্দ্ধতেঽপ্যাজ্যসিক্তো বীজঞ্চৈকং বহুসহস্রমেতি।
আয়ব্যয়ৌ বিপুলৌ সন্নিশাম্য তস্মাদল্পং নাবমন্যেত বিত্তম্ ॥৩৮॥
বালোঽপ্যবালঃ স্থবিরো রিপুর্যঃ সদা প্রমত্তং পুরুষং নিহন্যাৎ।
কালেনান্যস্তস্য মূলং হরেত কালজ্ঞাতা পার্থিবানাং বরিষ্ঠঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

ধৃতিরিতি। ধৃতির্ধারণম্, দাক্ষ্যং ব্যয়াদিনৈপুণ্যম্, সংযম ইন্দ্রিয়দমনম্, বুদ্ধির্বিবেকঃ, আত্মা দেহঃ, ধৈর্য্যং স্থিরতা, শৌর্য্যং বীরত্বম্, দেশকালয়োরপ্রমাদঃ সাবধানতা চেত্যেকং সমিন্ধনম্ ইত্যষ্টৌ। অল্পস্য বা বহুনঃ প্রচুরস্য বা ধনস্য বিবৃদ্ধৌ, সমিন্ধনানি সন্ধুক্ষণানি উপায়া ইত্যর্থঃ ॥৩৭॥

"নার্থমল্পং পরিভবে"দিত্যাদিশ্লোকার্থং প্রতি হেতুমাহ অগ্নিরিতি। স্তোকঃ অল্পোঽপ্যগ্নিঃ, আজ্যেন ঘৃতেন সিক্তঃ সন্, বর্দ্ধতে, একং বীজঞ্চ পরম্পরয়া অঙ্কুরাণাং বহুসহস্রম্ এতি। তস্মাৎ আয়ব্যয়ৌ বিপুলৌ সন্নিশাম্য কর্ম্মানুসারেণ পর্য্যালোচ্য, অল্পমপি বিত্তং ধনম্, নাবমন্যেত ॥৩৮॥

বাল ইতি। যো বালঃ, অবালঃ প্রৌঢ়ঃ স্থবিরোঽপি বা রিপুঃ, সোঽপি প্রমত্তমনবধানম্, পুরুষম্, সদা নিহন্যাৎ অতঃ শাত্রবান্ নাবমন্যেতেতি ভাবঃ। কিঞ্চ অন্যঃ কালেন, তস্য প্রমত্তস্য পুরুষস্য, মূলং রাজ্যমেব হরেত, অতঃ কালজ্ঞাতা রাজা, পার্থিবানাং মধ্যে বরিষ্ঠঃ ॥৩৯॥

ভারতভাবদীপঃ

অর্থবত্তাং ন জ্ঞাপয়েৎ ॥৩৩—৩৪॥ সঞ্চয়ান্ন বিসর্গী স্যাৎ কোশাদ্ধনং ন দদ্যাদপি তু পর্য্যাহৃতমেবেত্যর্থঃ ॥৩৫—৩৬॥ আত্মা দেহঃ, দেশে কালে বাপ্রমাদ ইত্যেকম্ ॥৩৭—৩৮॥ অবালঃ

সঞ্চয়, ব্যয়াদিনৈপুণ্য, চিত্তসংযম, বিবেচনা, দেহ, ধৈর্য্য, শৌর্য্য এবং দেশ ও কালবিশেষে সাবধানতা—এই আটটী অল্প বা বহুতর ধনের বিশেষ বৃদ্ধির প্রতি কারণ ॥৩৭॥

অল্প অগ্নিও ঘৃতসিক্ত হইয়া বৃদ্ধি লাভ করে এবং একটী বীজও কালক্রমে বহু সহস্র অঙ্কুর উৎপাদন করে; অতএব প্রচুর আয়ব্যয়ের বিষয় পর্য্যালোচনা করিয়া অল্প ধনকেও তুচ্ছ মনে করিবে না ॥৩৮॥

বালক, প্রৌঢ় কিংবা বৃদ্ধ—যে প্রকারই শত্রু হউক না কেন, সে অসাবধান ব্যক্তিকে সর্ব্বদাই বিনাশ করিতে পারে এবং শত্রু কাল অনুসারে অন্যের মূল সম্পত্তিও হরণ করিতে সমর্থ হয়; অতএব কালজ্ঞ রাজাই রাজাদের মধ্যে শ্রেষ্ঠ ॥৩৯॥

(৩৮)···বীজঞ্চৈকং রোহসহস্রমেতি—পি বঙ্গ বর্দ্ধ।

যথাক্রমেণ পুষ্পেভ্যশ্চিনোতি মধু ষট্পদঃ।
তথা দ্রব্যমুপাদায় রাজা কুর্ব্বীত সঞ্চয়ম্ ॥৩৪॥
যদ্ধি গুপ্তাবশিষ্টং স্যাত্তদ্বিত্তং ধর্ম্মকাময়োঃ।
সঞ্চয়ান্ন বিসর্গী স্যাদ্রাজা শাস্ত্রবিদাত্মবান্ ॥৩৫॥
নার্থমল্পং পরিভবেন্নাবমন্যেত শাত্রবান্।
বুদ্ধ্যা তু বুধ্যেদাত্মানং ন চাবুদ্ধিষু বিশ্বসেৎ ॥৩৬॥

ভারতকৌমুদী

কালমিতি। বুদ্ধিমান্ রাজা, প্রাপ্তমুপস্থিতং কালং কার্য্যসাধনসময়ম্, উপাদদ্যাৎ গৃহ্নীয়াৎ তদানীমেব কার্য্যমারভেতেত্যর্থঃ, অর্থং নিজধনম্, ন প্রসূচয়েৎ লোকেষু ন জ্ঞাপয়েৎ। তথা গাং ধেনুমিব মহীম্ অহন্যহনি প্রতিদিনমেব সংদুহ্যাৎ, ততো দুগ্ধমিব ধনমাদদ্যাদিত্যর্থঃ ॥৩৩॥

যথেতি। চিনোতি আদায় চক্রে রক্ষেতি। ষট্পদো ভ্রমরঃ। দ্রব্যং ধনম্ ॥৩৪॥

যদিতি। গুপ্তাৎ রক্ষিতাৎ সঞ্চেয়ত্বেনাভিমতাৎ অবশিষ্টং ধর্ম্মকাময়োঃ ব্যয়েতেতি শেষঃ। কিন্তু সঞ্চয়াৎ সঞ্চিতধনাৎ বিসর্গী ব্যয়ী ন স্যাৎ, আত্মবান্ বুদ্ধিমান্ ॥৩৫॥

নেতি। রাজা, অল্পমপি অর্থং ধনং ন পরিভবেৎ নাবজানীয়াৎ, শাত্রবান্ দুর্ব্বলানপি শত্রূন্ নাবমন্যেত। আত্মনঃ সচিবাদীনাঞ্চ বুদ্ধ্যা তু আত্মানম্ আত্মশক্তিপরিমাণং বুধ্যেৎ, অল্পবুদ্ধিষু জনেষু চ ন বিশ্বসেৎ ॥৩৬॥

ভারতভাবদীপঃ

সোঽনন্তরশ্লোকোক্তঃ প্রাজ্ঞো বুদ্ধ্যা বৃহস্পতিসমোঽপি সন্ যদি নিকৃষ্টাং কথাং নির্বুদ্ধিত্ববাদ প্রাপ্নুয়াত্তর্হি সন্ন এব যুক্ত্যা স্বভাবং স্বাস্থ্যম্ এষ্যতে উদকে প্রক্ষিপ্তং তপ্তায়সং শৈত্যমিব ॥২১—৩১॥ গোভিঃ রশ্মিভিঃ, চরান্ চারান্, স্বনুচরান্ সমাচারান্ ॥৩২॥ ন অর্থং প্রসূচয়েৎ

বুদ্ধিমান্ রাজা কার্য্যসাধনের সময় উপস্থিত হইলেই তাহা গ্রহণ করিবেন, নিজের ধন পরের নিকট প্রকাশ করিবেন না এবং গরুর ন্যায় পৃথিবীকেও প্রত্যহই দোহন করিবেন ॥৩৩॥

ভ্রমর যেমন ক্রমশঃ পুষ্প হইতে মধু লইয়া যাইয়া তাহা চক্রে সঞ্চয় করে, রাজাও তেমন প্রজাদের নিকট হইতে ধন গ্রহণ করিয়া ক্রমশঃ তাহা সঞ্চয় করিবেন ॥৩৪॥

যে ধন সঞ্চয়ের অবশিষ্ট হইবে, শাস্ত্রজ্ঞ ও বুদ্ধিমান্ রাজা সেই ধনই ধর্ম্মের জন্য ও কামের জন্য ব্যয় করিবেন, কিন্তু সঞ্চিত ধন হইতে ব্যয় করিবেন না ॥৩৫॥

রাজা অল্প ধনকেও তুচ্ছ বলিয়া মনে করিবেন না, দুর্ব্বল শত্রুর উপরেও অবজ্ঞা করিবেন না, আপন বুদ্ধি ও মন্ত্রিপ্রভৃতির বুদ্ধিদ্বারা নিজের শক্তির পরিমাণ অবগত হইবেন এবং নির্ব্বোধ লোকের উপরে বিশ্বাস করিবেন না ॥৩৬॥

সর্ব্বান্ কামান্ কাময়ানো হি ধীরঃ সত্ত্বেনাল্পেনাপ্নুতে হীনদোষঃ।
যশ্চাত্মানং প্রার্থয়তেঽর্থ্যমানৈঃ শ্রেয়ঃপাত্রং পূরয়তে চ নাল্পম্ ॥৪৩॥
তস্মাদ্রাজা প্রগৃহীতঃ প্রজাসু মূলং লক্ষ্ম্যাঃ সর্ব্বশো হ্যাদদীত।
দীর্ঘং কালং হ্যপি সংপীড্যমানো বিদ্যুৎসম্পাতমপি বা নোর্জ্জিতঃ স্যাৎ ॥৪৪॥

ভারতকৌমুদী

সর্ব্বানিতি। হীনদোষঃ পরিত্যক্তলোভাদির্ধীরঃ, সর্ব্বান্ কামানপি, কাময়ানঃ কাময়মানঃ সন্, অল্পেনাপি সত্ত্বেনাধ্যবসায়েন আপ্নুতে তান্ সর্ব্বানেব কামান্ প্রাপ্নোতি। যশ্চ অহীনদোষঃ আত্মানং স্বদেহমপি প্রার্থয়তে স তু অর্থ্যমানৈঃ স্থিতৈরপি বস্ত্রাদিভিঃ কাম্যমানৈঃ অল্পমপি তৎ শ্রেয়ঃ-পাত্রং দেহরূপং মঙ্গলভাজনম্, ন পূরয়তে পূরয়িতুং নার্হতি। তস্মাত্ত্বয়া হীনদোষেণ ভাব্যমিতি ভাবঃ ॥৪৩॥

তস্মাদিতি। তস্মাৎ হীনদোষতায়া আবশ্যকত্বাৎ রাজা প্রজাসু প্রগৃহীতঃ অনুরাগেণাঙ্গীকৃতঃ সন্ সর্ব্বশঃ সর্ব্বপ্রকারায়া অপি লক্ষ্ম্যাঃ সম্পদঃ, মূলং ধনম্, আদদীত তাভ্যঃ প্রজাভ্যঃ গৃহ্নীয়াৎ। কিন্তু দীর্ঘং কালং প্রজাভিরেব বিরাগাৎ সংপীড্যমানঃ সন্, বিদ্যুতঃ সম্পাতো যস্মিন্ কর্ম্মণি তদ্যথা তথা উর্জ্জিতো দৃপ্তো দর্পেণ ধনগ্রহীতা ন স্যাৎ। রাজ্যস্যৈব লোপসম্ভবাদিত্যাশয়ঃ ॥৪৪॥

ভারতভাবদীপঃ

কুর্য্যাৎ ॥৪১॥ বর্দ্ধমানঃ ক্ষীয়মাণং সন্দধীত সন্ধিং বা বুদ্ধেঃ পশ্চাৎ বুদ্ধ্যনুসারি ॥৪২॥ অল্পেনাপি সত্ত্বেন বলেন অর্থ্যমানৈর্যুক্তমাত্মানং প্রার্থয়তে লব্ধো দৃপ্তশ্চ ভবতীত্যর্থঃ। শ্রেয়ঃপাত্রং ন পূরয়তে ততঃ শ্রেয়োঽপসর্পতীত্যর্থঃ ॥৪৩॥ প্রগৃহীতঃ স্নিগ্ধঃ, লক্ষ্ম্যা মূলমর্থং সর্ব্বশঃ সর্ব্বাভ্যঃ সংপীড্যমানঃ সংপীড়য়ন্ প্রজাসু বিদ্যুদ্বৎ সম্পাতং সম্যক্ পতিত্বাপ্যূর্জ্জিতঃ স্যাৎ। অত্র

প্রখর বুদ্ধি প্রবল শত্রুকেও বিনাশ করে, সৈন্যসংখ্যা বৃদ্ধি পাইতে লাগিলে বুদ্ধিদ্বারাই তাহাদিগকে আয়ত্তে রাখা যায় এবং বুদ্ধির গুণেই বর্দ্ধমান শত্রুও অবসন্ন হইয়া পড়ে; অতএব আগে বুদ্ধি, তাহার পরেই যে কর্ম্ম করা হয়, তাহাই ভাল হয় ॥৪২॥

যাঁহার কোন দোষ থাকে না, সেইরূপ ধীর ব্যক্তি কিছু লাভ করিবার ইচ্ছা করিয়া অল্প চেষ্টাতেও সমস্ত কাম্যবস্তুই লাভ করিতে পারেন; আর যাহার লোভ থাকে, সে ব্যক্তি নিজের দেহের বিষয়ে কিছু প্রার্থনা করিলেও সেই প্রার্থিত বস্তু-দ্বারা অল্পমাত্র দেহেরও কাম্য পূরণ করিতে পারে না ॥৪৩॥

অতএব নির্দ্দোষ রাজা প্রজাদের মধ্যে অনুরাগের মূল স্বীকৃত হইলে তিনি সর্ব্ব সম্পদের মূল অর্থ তাহাদের নিকট হইতে গ্রহণ করিতে সমর্থ হন; আর দীর্ঘ-কাল যাবৎ বিরাগবশতঃ প্রজাগণকর্ত্তৃক নিপীড়িত হইয়া বিদ্যুতের মত পড়িয়া বলপূর্ব্বকও প্রজাদের নিকট হইতে অর্থ গ্রহণ করিতে পারেন না ॥৪৪॥

বিদ্যা তপো বা বিপুলং ধনং বা সর্ব্বং হেতদ্ব্যবসায়েন শক্যম্।
বুদ্ধ্যায়ত্তং তন্নিবসেদ্দেহবৎসু তস্মাদ্বিদ্যাদ্ব্যবসায়ং প্রভূতম্ ॥৪৫॥
যত্রাসতে মতিমন্তো মনস্বিনঃ শক্রো বিষ্ণুর্যত্র সরস্বতী চ।
বসন্তি ভূতানি চ যত্র নিত্যং তস্মাদ্বিদ্বান্নাবমন্যেত দেহম্ ॥৪৬॥
লুব্ধং হন্যাৎ সম্প্রদানেন নিত্যং লুব্ধস্তৃপ্তিং পরবিত্তস্য নৈতি।
সর্ব্বো লুব্ধঃ কর্ম্মগুণোপভোগে যোঽর্থৈর্হীনো ধর্ম্মকামৌ জহাতি ॥৪৭॥

ভারতকৌমুদী

বিদ্যেতি। ব্যবসায়েন উদ্যমনেন অর্জ্জয়িতুং শক্যম্। তচ্চ উদ্যমনং বুদ্ধ্যায়ত্তং সৎ, দেহবৎসু প্রাণিষু নিবসেৎ, তস্মাৎ ব্যবসায়ম্, প্রভূতং যথা স্যাত্তথা সর্বোপায়তয়া বিদ্যাজ্জানীয়াৎ ॥৪৫॥

অথ নশ্বরো দেহ এব তুচ্ছঃ, ততশ্চ তত্রত্যে ব্যবসায়ে কথমাদরঃ কর্ত্তুং শক্যেতেত্যাহ যত্রেতি। মনস্বিনঃ প্রশস্তমনসঃ, মতিমন্তো জ্ঞানবন্তশ্চ মুনয়ঃ, যত্র দেহে আসতে ধর্মসাধনতয়া যত্নেনাবতিষ্ঠন্তে, যত্র চ দেহে ইন্দ্রিয়াধিদেবতারূপেণ শক্রো বিষ্ণুঃ সরস্বতী চ নিবসতি। যত্র চ ক্ষিত্যাদীনি ভূতানি নিত্যং বসন্তি, তস্মাৎ এষামাশ্রয়ত্বাৎ বিদ্বান্ তং দেহং নাবমন্যেত ॥৪৬॥

বিষয়ান্তরমুপদিশতি লুব্ধমিতি। সর্ব্ব এব জনঃ, কর্ম্ম এব গুণঃ অঙ্গং প্রযোজকং যস্য তস্য সুখস্য উপভোগে লুব্ধো ভবতি, যস্ত অর্থৈর্ধনৈর্হীনঃ স খলু ধর্ম্মকামৌ জহাতি, তয়োরুভয়োরপ্যর্থসাধ্যত্বাৎ ত্যজতি; অপি চ লুব্ধো জনঃ পরবিত্তস্য পরধনস্য পরধনেনেত্যর্থঃ তৃপ্তিং নৈতি যদ্যদ্ দীয়তে কুতোঽপি ন তৃপ্যতীতি তাৎপর্য্যম্। তথাপি রাজা সম্প্রদানেন সম্যক্ অর্থপ্রদানেন নিত্যমেব তং লুব্ধং হন্যাৎ হতমিব বশীভূতং কুর্য্যাৎ বহুকার্য্যসাধনায়েতি ভাবঃ ॥৪৭॥

ভারতভাবদীপঃ

বৃহদ্বৃক্ষদৃষ্টান্তঃ প্রাগেবোক্তঃ ॥৪৪॥ ব্যবসায়েনোদ্যোগেন, বিদ্যাল্লভেৎ ॥৪৫॥ অনুদ্যোগেন জন্ম ন নাশয়েদিত্যাহ—যত্রেতি ॥৪৬॥ কর্ম্ম যজ্ঞাদি গুণোঽঙ্গং যস্য তৎফলং সুখং তদুপভোগে সর্ব্বোঽপি লুব্ধঃ স চেদর্থৈর্হীনস্তর্হি সুখলোভাদ্ধর্ম্মং কামং দ্রব্যাদিবিষয়ঞ্চ জহাতি ॥৪৭॥

বিদ্যাই হউক, তপস্যাই হউক বা প্রচুর ধনই হউক—এই সমস্তই একমাত্র উদ্যমের গুণে লাভ করা যায়, সেই উদ্যম আবার বুদ্ধির অধীন হইয়া প্রাণিগণে অবস্থান করে; অতএব সেই উদ্যমকেই সর্ব্বকার্য্যসিদ্ধির প্রতি পর্য্যাপ্ত উপায় বলিয়া মনে করিবে ॥৪৫॥

উদারচেতা ও জ্ঞানবান্ মুনিরাও যে দেহে অবস্থান করেন; ইন্দ্র, বিষ্ণু ও সরস্বতী যে দেহে ইন্দ্রিয়ের দেবতারূপে থাকেন এবং যে দেহে সর্ব্বদা সমস্ত ভূত বাস করে, জ্ঞানী লোক সেই দেহের প্রতি অবজ্ঞা করিবেন না ॥৪৬॥

যে লোক ধনহীন সে ধর্ম্ম ও কাম পরিত্যাগ করে, সমস্ত লোকই সুখভোগে লোভী হয়; তা'র পর, লোভী লোক পরের ধন পাইতে থাকিয়াও তৃপ্তি লাভ

ধনং ভোগং পুত্রদারং সমৃদ্ধিং সর্ব্বং লুব্ধঃ প্রার্থয়তে পরেষাম্।
লুব্ধে দোষাঃ সম্ভবন্তীহ সর্ব্বে তস্মাদ্রাজা ন প্রগৃহ্নীত লুব্ধম্ ॥৪৮॥

সন্দর্শনেন পুরুষং জঘন্যমপি চোদয়েৎ।
আরম্ভান্ দ্বিষতাং প্রাজ্ঞঃ সর্ব্বার্থাংশ্চ প্রসূদয়েৎ ॥৪৯॥

ধর্ম্মান্বিতেষু বিজ্ঞাতা মন্ত্রী গুপ্তশ্চ পাণ্ডব!।
আপ্তো রাজা কুলীনশ্চ পর্য্যাপ্তো রাজসংগ্রহে ॥৫০॥

বিধিপ্রযুক্তান্নরদেবধর্ম্মানুক্তান্ সমাসেন নিবোধ বুদ্ধ্যা।
ইমান্ বিদধ্যাদ্ব্যতিসৃত্য যো বৈ রাজা মহীং পালয়িতুং স শক্তঃ ॥৫১॥

ভারতকৌমুদী

তর্হি কিং রাজা লুব্ধং ভৃত্যমপি কুর্য্যাদিত্যাহ ধনমিতি। লুব্ধো জনঃ, পরেষাং ধনং ভোগং খাদ্যাদিকম্, পুত্রদারম্, সমৃদ্ধিং গৃহারামাদীন্, কিং বহুনা, সর্ব্বমেব প্রার্থয়তে। অতএব ইহ লুব্ধে চৌর্য্যাদয়ঃ সর্ব্ব এব দোষাঃ সম্ভবন্তি, তস্মাৎ রাজা লুব্ধং জনম্, ন প্রগৃহ্নীত ভৃত্যতয়া ন গৃহ্নীয়াৎ ॥৪৮॥

বিষয়বিশেষমুপদিশতি সন্দর্শনেনেতি। প্রাজ্ঞো রাজা, জঘন্যং নিকৃষ্টং পুরুষম্, সন্দর্শনেনাপি দর্শনমাত্রেণৈব চোদয়েৎ অপসারয়েৎ। কিঞ্চ, দ্বিষতাং শত্রূণাম্ আরম্ভান্ কার্য্যোদ্যমান্, সর্ব্বার্থান্ সর্ব্বকার্য্যাণি চ প্রসূদয়েৎ শক্তশ্চেন্নাশয়েৎ ॥৪৯॥

ধর্ম্মেতি। হে পাণ্ডব! ধর্ম্মান্বিতেষু মন্ত্রিষু মধ্যে বিজ্ঞাতা বিশেষেণ সর্ব্ববিষয়াভিজ্ঞো মন্ত্রী চ, গুপ্তঃ প্রাধান্যেন রক্ষিতঃ কর্ত্তব্যঃ। অপি চ আপ্তো বিশ্বস্তঃ কুলীনশ্চ রাজা, রাজসংগ্রহে সামন্তবশীকরণে পর্য্যাপ্তঃ শক্তো ভবতি। অতস্ত্বয়া তাদৃশো মন্ত্রী প্রাধান্যেন রক্ষিতব্যঃ, বিশ্বস্তেন চ ভাব্যমিতি ভাবঃ ॥৫০॥

করে না ; তথাপি রাজা অনেক কার্য্য সাধন করিবার জন্য দান করিয়া করিয়া সর্বদাই লোভী লোককে বশীভূত করিবেন ॥৪৭॥

লোভী লোক পরের ধন, ভোগ্যবস্তু, পুত্র, কলত্র, সমৃদ্ধি—এমন কি সর্ব্বস্বই গ্রহণ করিবার ইচ্ছা করে। অতএব এই লোভী লোকে সমস্ত দোষই বিদ্যমান থাকে ; সুতরাং রাজা সে লোভী লোককে ভৃত্যরূপে (কর্ম্মচারিভাবে) গ্রহণ করিবেন না ॥৪৮॥

বুদ্ধিমান্ রাজা দেখিবামাত্রই জঘন্য লোককে দূর করিয়া দিবেন এবং সমর্থ হইলে শত্রুদের কার্য্যোদ্যম কিংবা সমস্ত কার্য্যই বিনষ্ট করিবার চেষ্টা করিবেন ॥৪৯॥

পাণ্ডুনন্দন! ধার্ম্মিক মন্ত্রিগণের মধ্যে যিনি বিশেষভাবে সমস্ত বিষয়ে অভিজ্ঞ হইবেন, তাঁহাকেই রাজা প্রধানমন্ত্রিরূপে রাখিবেন ; আর যে রাজা সৎকুলোৎপন্ন ও বিশ্বাসী হন, তিনি সামন্তরাজগণকে বশে রাখিতে সমর্থ হইয়া থাকেন ॥৫০॥

অনীতিজং যস্য বিধানজং সুখং হঠপ্রণীতং বিধিবৎ প্রদৃশ্যতে।
ন বিদ্যতে তস্য গতির্মহীপতের্ন বিদ্যতে রাজ্যসুখং হ্যনুত্তমম্ ॥৫২॥
ধনৈর্বিশিষ্টান্মতিশীলপূজিতান্ গুণোপপন্নান্ যুধি দৃষ্টবিক্রমান্।
গুণেষু দৃষ্ট্বা নচিরাদিবাত্মবান্ যতোঽভিসন্ধায় নিহন্তি শাত্রবান্ ॥৫৩॥

ভারতকৌমুদী

রাজধর্ম্মং স্তৌতি বিধীতি। হে পাণ্ডব! ত্বং বুদ্ধ্যা, সমাসেন সংক্ষেপেণ, ময়োক্তান্ বিধিপ্রযুক্তান্, পূর্ব্বৈরপি রাজবিধানে নিয়মিতান্ নরদেবধর্ম্মান্ রাজধর্ম্মান্ নিবোধ জানীহি। যো রাজা ব্যতিসৃত্য গুরুমুপসৃত্য ইমান্ বিদধ্যাৎ শিক্ষিতান্ কুর্য্যাৎ, স মহীং পালয়িতুং শক্তো ভবেৎ ॥৫১॥

ঈদৃশনীতিবোধাভাবে রাজ্ঞঃ ক্ষতিমাহ অনীতিজমিতি। যস্য অনীতিজং নিজনীত্যা অনুৎপাদিতম্, বিধানাৎ দৈবাদেব জায়ত ইতি বিধানজম্, হঠপ্রণীতং বলেনৈব নিষ্পাদিতঞ্চ, বিধিবৎ সুখং প্রদৃশ্যতে। তস্য মহীপতেঃ, গতিঃ স্বর্গলাভো ন বিদ্যতে পাপসম্ভবাৎ, অনুত্তমং সর্ব্বোত্তমং রাজ্যসুখঞ্চ ন বিদ্যতে, অনীত্যাশ্রয়াৎ ॥৫২॥

এতন্নীতিজ্ঞানফলমাহ ধনৈরিতি। আত্মবান্ উক্তনীতিজ্ঞানে যত্নবান্ রাজা, ধনৈর্বিশিষ্টান্, মতিশীলাভ্যাং বুদ্ধিস্বভাবাভ্যাং পূজিতান্ সর্ব্বত্রসম্মানিতান্, গুণৈর্দয়াদাক্ষিণ্যাদিভিরুপপন্নান্, যুধি, দৃষ্টবিক্রমান্, যত উদ্যমং ব্রজতশ্চ, শাত্রবান্, গুণেষু সন্ধিবিগ্রহাদিষু নীত্যনুসারেণ স্থিতানপি দৃষ্ট্বা, অভিসন্ধায় উক্তনীতিগুণেন প্রতার্য্য নচিরাদিব নিহন্তি নিহন্তুমর্হতি। যত ইতি ইণ্ধাতো শতৃপ্রত্যয়ে প্রয়োগঃ ॥৫৩॥

ভারতভাবদীপঃ

সমৃদ্ধিঞ্চ প্রাপ্যাপীতি শেষঃ। ধনমুৎকোচরূপং ন প্রগৃহ্ণীত ॥৪৮—৪৯॥ ধর্ম্মান্বিতেষু রাজমণ্ডলেষু বিজ্ঞাতা জ্ঞাততত্ত্বঃ, রাজসংগ্রহে সামন্তবশীকরণে ॥৫০॥ নিবোধ বুধ্যস্ব, ব্যতিসৃত্য গুরুমনুসৃত্য, বিদধ্যাৎ হৃদি কুর্য্যাৎ ॥৫১॥ বিধানজং দৈবপ্রাপ্তং রাজধর্ম্মাজ্ঞানে প্রাপ্তোঽপার্থঃ সদ্যো নশ্যতীত্যর্থঃ ॥৫২॥ গুণোপপন্নান্ শৌর্য্যাদিযুক্তান্, গুণেষু সন্ধিবিগ্রহাদিষু আত্মবানপ্রমত্তঃ.

যুধিষ্ঠির! এই সকল রাজধর্ম্ম প্রাচীন রাজারাও পালন করিয়া গিয়াছেন, এগুলি আমি এখন সংক্ষেপে বলিলাম, তুমি নিজ বুদ্ধিদ্বারা ভাল করিয়া বুঝিয়া রাখ। যে রাজা গুরুর নিকটে যাইয়া এই রাজধর্ম্মগুলি শিক্ষা করেন, তিনি সমগ্র পৃথিবীই পালন করিতে সমর্থ হন ॥৫১॥

যে রাজার সুখ নীতির গুণে উপস্থিত হয় না, বলপূর্ব্বকই ঘটান হয়, অথবা দৈববশতঃ উপস্থিত হইয়া থাকে, সেই রাজার স্বর্গলাভ হয় না এবং সর্ব্বোত্তম রাজ্য-সুখও হয় না ॥৫২॥

যে সকল শত্রু ধনী, বুদ্ধি ও স্বভাবের গুণে সম্মানিত ও দয়াদাক্ষিণ্যাদি গুণ-সমন্বিত এবং যুদ্ধে যাঁহাদের বিক্রম দেখা গিয়াছে এবং যাহারা সন্ধিবিগ্রহাদি

পশ্যেদুপায়ান্ বিবিধৈঃ ক্রিয়াপথৈর্ন চানুপায়েন মতিং নিবেশয়েৎ।
শ্রিয়ং বিশিষ্টাং বিপুলং যশো ধনং ন দোষদর্শী পুরুষঃ সমশ্নুতে ॥৫৪॥
প্রীতিপ্রবৃত্তিং বিনিবর্ত্তনঞ্চ সুহৃৎসু বিজ্ঞায় বিচার্য্য চোভয়োঃ।
যদেব মিত্রং গুরুভারমাবহেত্তদেব সুস্নিগ্ধমুদাহরেদ্‌বুধঃ ॥৫৫॥
এতান্ময়োক্তাংশ্চর রাজধর্ম্মান্ নৃণাঞ্চ গুপ্তৌ মতিমাদধৎস্ব।
অবাপ্স্যসে পুণ্যফলং সুখেন সর্ব্বো হি লোকো নৃপধর্ম্মমূলঃ ॥৫৬॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি
রাজধর্ম্মে রাজধর্ম্মকথনে সপ্তদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

পশ্যেদিতি। রাজা, বিবিধৈঃ ক্রিয়াপথৈঃ কার্য্যপদ্ধতিভিঃ, বিপক্ষজয়স্য উপায়ান্ পশ্যেৎ পর্য্যালোচয়েৎ, কিন্তু অনুপায়েন নিকৃষ্টোপায়েন বিপক্ষজয়ায় মতিং ন নিবেশয়েৎ। অপি চ, নির্দ্দোষেষ্বপি জনেষু দোষদর্শী পুরুষঃ, বিশিষ্টাং শ্রিয়ং সম্পদম্, বিপুলং যশো ধনঞ্চ, ন সমশ্নুতে ন প্রাপ্নোতি ॥৫৪॥

প্রীতীতি। সুহৃৎসু মধ্যে প্রীতৌ আত্মনঃ প্রীতিবিধানে প্রবৃত্তিম্, তস্মাৎ প্রীতিবিধানাদ্‌বিনিবর্ত্তনঞ্চ বিজ্ঞায় বিচার্য্য চ, তয়োরুভয়োঃ সুহৃদোর্মধ্যে যদেব মিত্রং সুহৃৎ, গুরুভারম্, আবহেৎ সম্যগ্‌বোঢ়ুমর্হতি, সুস্নিগ্ধম্ অতীবস্নেহসম্পন্নম্, তদেব মিত্রং সুহৃদম্, বুধ উদাহরেৎ সহায়ত্বেনোল্লিখেৎ ॥৫৫॥

ভারতভাবদীপঃ

যত উত্থানং কুর্ব্বাণান্ শাত্রবানভিসন্ধায় লক্ষ্যীকৃত্য নিহন্তি ॥৫৩॥ দোষদর্শী নির্দ্দোষেষ্বপীতি শেষঃ ॥৫৪
সুহৃৎসু বিজ্ঞায় জ্ঞানপূর্ব্বকং প্রীতেঃ প্রবৃত্তৌ সত্যাং যৌ সুহৃদৌ নিবৃত্ত্য নিতরাং বৃত্ত্বা একস্মিন্

পর্য্যালোচনা করিতেছে দেখিয়াও—এই নীতিশিক্ষায় যত্নবান্ রাজা কূটকৌশলে অচিরকালমধ্যে সেই সকল উদ্যমী শত্রুকেও সংহার করিতে পারেন ॥৫৩॥

রাজা নানাবিধ কার্য্যপদ্ধতিদ্বারা শত্রুজয়ের উপায় পর্য্যালোচনা করিবেন; কিন্তু তাহার নিকৃষ্ট উপায়ে বুদ্ধি সন্নিবেশিত করিবেন না; আর নির্দ্দোষ ব্যক্তিরও দোষদর্শী মানুষ বিশিষ্ট সম্পদ্ এবং বিপুল যশ ও ধন লাভ করে না ॥৫৪॥

সুহৃদ্‌গণের মধ্যে কোন্ ব্যক্তি নিজের প্রীতিসম্পাদনে অভিলাষী, কোন্ ব্যক্তিই বা তাহাতে অভিলাষী নহে—ইহা জানিয়া বিচার করিয়া যে সুহৃৎ গুরুতর ভার

---

(৫৫) প্রীতিপ্রবৃত্তৌ বিনিবর্ত্তিতৌ যথা···নিবৃত্ত্য চোভয়োঃ—পি বঙ্গ বর্দ্ধ।

* '···বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ নি।

অষ্টাদশাধিকশততমোঽধ্যায়ঃ।

———:০:———

যুধিষ্ঠির উবাচ।

অয়ং পিতামহেনোক্তো রাজধর্ম্মঃ সনাতনঃ।

কীদৃশশ্চ মহাদণ্ডো দণ্ডে সর্ব্বং প্রতিষ্ঠিতম্ ॥১॥

ভারতকৌমুদী

এতানিতি। নৃণাং প্রজানাম্, গুপ্তৌ রক্ষায়াম্, মতিমিচ্ছাম, আদধৎস্ব ধারয়, তেন চ রাজ-ধর্ম্মেণ সুখেন পুণ্যফলম্ অবাপ্‌স্যসে প্রাপ্‌স্যসি। সর্ব্বো হি লোকো লোকস্থিতিঃ নৃপধর্ম্মো রাজধর্ম্ম এব মূলং যস্য সঃ।৫৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে সপ্তদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———:০:———

অয়মিতি। দণ্ডঃ অপরাধানুসারেণ দমনম্, তত্র সর্বং রাজ্যাদিকম্। পরস্তাদেতৎ স্ফুটী ভবিষ্যতি ॥১॥

ভারতভাবদীপঃ

কার্য্যে বিনিবর্ত্তিতাবভিমুখীকৃতৌ তয়োরুভয়োর্মধ্যে যদেব গুরুভারমাবহেত্তদেবোদাহরেৎ প্রশংসেৎ ॥৫৫॥ চরানুতিষ্ঠ, আদধৎস্ব। দধ ধারণে ইত্যস্য রূপম্ ॥৫৬॥

ইতি শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৭॥

———:০:———

বহন করিতে সমর্থ হইবে, সেই স্নেহপরায়ণ সুহৃদেরই নাম কার্য্যকালে বিচক্ষণ লোক উল্লেখ করিবেন ॥৫৫॥

রাজা! তুমি মদুক্ত এই সকল রাজধর্ম্ম আচরণ কর এবং প্রজা রক্ষায় অভি-নিবিষ্ট হও, তাহা হইলেই অনায়াসে পুণ্যের ফল লাভ করিতে পারিবে। কারণ, সমস্ত লোকস্থিতির মূলই একমাত্র রাজধর্ম্ম” ॥৫৬॥

———:০০:———

যুধিষ্ঠির বলিলেন—“পিতামহ! এই আপনি সনাতন রাজধর্ম্ম বলিলেন, (এখন জিজ্ঞাসা করি,) প্রশস্ত দণ্ড কি প্রকার? কেন না, দণ্ডের উপরেই সমস্ত রহিয়াছে ॥১॥

(১)···ঈশ্বরশ্চ মহাদণ্ডঃ—পি বঙ্গ বর্দ্ধ।

দেবতানামৃষীণাঞ্চ পিতৃণাঞ্চ মহাত্মনাম্।
যক্ষরক্ষঃপিশাচানাং সাধ্যানাঞ্চ বিশেষতঃ ॥২॥
সর্ব্বেষাং প্রাণিনাং লোকে তির্য্যগ্যোনিনিবাসিনাম্।
সর্ব্বব্যাপী মহাতেজা দণ্ডঃ শ্রেয়ানিতি প্রভো ! ॥৩॥ (যুগ্মকম্)
ইত্যেবমুক্তং ভবতা দণ্ডে বৈ সচরাচরম্।
পশ্যতা লোকমাসক্তং সসুরাসুরমানুষম্।
এতদিচ্ছাম্যহং জ্ঞাতুং তত্ত্বেন ভরতর্ষভ ! ॥৪॥
কো দণ্ডঃ কীদৃশো দণ্ডঃ কিংরূপঃ কিংপরায়ণঃ।
কিমাত্মকঃ কথংভূতঃ কথংমূর্ত্তিঃ কথংপ্রভো ! ॥৫॥
জাগর্ত্তি চ কথং দণ্ডঃ প্রজাস্ববহিতাত্মকঃ।
কশ্চ পূর্ব্বাপরমিদং জাগর্ত্তি প্রতিপালয়ন্ ॥৬॥
কশ্চ বিজ্ঞায়তে পূর্ব্বং কো বরো দণ্ডসংজ্ঞিতঃ।
কিংসংস্থশ্চ ভবেদ্দণ্ডঃ কা বাস্য গতিরুচ্যতে ॥৭॥

ভারতকৌমুদী

দেবতানামিতি। সাধ্যানাং তদাখ্যানাং দেবযোনিবিশেষাণাম্। শ্রেয়ান্ লোকস্থিতৌ ॥২—৩॥

ইত্যাতি। সচরাচরং জঙ্গমস্থাবরান্বিতম্। আসক্তং স্থিতম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥৪॥

ক ইতি। কিংপরায়ণঃ কিংকার্য্যকঃ। কথংভূতঃ কেনোৎপন্নঃ, কথংমূর্ত্তিঃ কীদৃশাকৃতিঃ, কথং সা মূর্ত্তিশ্চ কথংভূতেত্যর্থঃ ॥৫॥

জাগর্ত্তীতি। অবহিতাত্মকঃ অভিনিবিষ্টঃ, কঃ কীদৃশশ্চ, ইদং জগৎ ॥৬॥

প্রভাবশালী ভরতনন্দন! সর্ব্বব্যাপী ও মহাতেজা দণ্ড—মহাত্মা দেবগণ, ঋষিগণ, পিতৃগণ, যক্ষগণ, রাক্ষসগণ, পিশাচগণ, সাধ্যগণ, বিশেষতঃ মর্ত্ত্যলোকে সমস্ত মনুষ্যগণ এবং মনুষ্য ভিন্ন জীবগণের মধ্যে শ্রেষ্ঠ ॥২—৩॥

ভরতশ্রেষ্ঠ! দেবলোক, অসুরলোক ও মনুষ্যলোকের সহিত স্থাবরজঙ্গমাত্মক সমগ্র জগৎটাই একমাত্র দণ্ডের উপরেই রহিয়াছে। ইহা দেখিয়াই আপনি এইরূপ কথাই পূর্ব্বে বলিয়াছিলেন। এখন আমি যথার্থভাবে ইহা জানিতে ইচ্ছা করি ॥৪॥

প্রভাবশালী পিতামহ! দণ্ডটা কি, উহা কি প্রকার, উহার রূপ কি, কার্য্য কি ও আত্মা কি এবং উহা কি প্রকারে জন্মিল, আর উহার মূর্ত্তিই বা কি প্রকার ও তাহা কি প্রকারে জন্মিয়াছিল ॥৫॥

দণ্ড অবহিত থাকিয়া কি প্রকারে লোকমধ্যে বিচরণ করে এবং কে-ই বা এই জগৎটাকে পূর্ব্বাপর প্রতিপালন করিতে থাকিয়া অবস্থান করে ॥৬॥

(৪) পশ্যতো লোকমাসক্তং—বঙ্গ বৰ্দ্ধ নি।

ভীষ্ম উবাচ।

শৃণু কৌরব্য! যো দণ্ডো ব্যবহারো যথা চ সঃ।
যস্মিন্ হি সর্ব্বমায়ত্তং স দণ্ড ইহ কেবলঃ ॥৮॥
ধর্ম্মস্যার্থে মহারাজ! ব্যবহার ইতীয্যতে।
তস্য লোপঃ কথং ন স্যাল্লোকেষ্ববহিতাত্মনঃ ॥৯॥
ইত্যর্থং ব্যবহারস্য ব্যবহারত্বমিষ্যতে।
অপি চৈতৎ পুরা রাজন্! মনুনা প্রোক্তমাদিতঃ ॥১০॥

ভারতকৌমুদী

ক ইতি। বরঃ শ্রেষ্ঠঃ কস্মিন্ সংতিষ্ঠত ইতি কিংসংস্থঃ, গতিঃ প্রচারঃ ॥৭॥

শৃণ্বিতি। যথা চ স দণ্ডো ব্যবহারো নাম ভবতীতি শেষঃ। কেবলঃ সজাতীয়দ্বিতীয়রহিতঃ। ইতি কো দণ্ড ইত্যস্যোত্তরম্ ॥৮॥

ধর্ম্মস্যেতি। ধর্ম্মস্য ধর্ম্মরক্ষায়াঃ। বিগতঃ অবহারঃ পরদ্রব্যাপহরণং যস্মাৎ সঃ, লোকেষু অবহিতাত্মনো ধর্ম্মানুষ্ঠান এবাভিনিবিষ্টস্য জনস্য তস্য ধর্ম্মস্য কথং লোপো ন স্যাৎ ইতি হেতোঃ, স ইষ্যতে সর্ব্বৈরেব ॥৯॥

উক্তযোগার্থং মনসি কৃত্বাহ ইতীতি। আদিতঃ সৃষ্টিপ্রথমমেব ॥১০॥

ভারতভাবদীপঃ

অয়মিতি। অয়ং পিতামহেনেত্যধ্যায়দ্বয়েন দণ্ডস্বরূপাদিকমুচ্যতে ॥১—৮॥ কো দণ্ড ইত্যাদয়ঃ একাদশ প্রশ্নাঃ। তত্র কো দণ্ড ইত্যস্যোত্তরমাহ—ধর্ম্মেতি। ধর্ম্মস্য সংখ্যা সম্যক্ খ্যানং প্রকাশনং দণ্ডাপরপর্য্যায়ব্যবহারশব্দবাচ্যম্, ব্যবহারপদং নির্ব্বক্তি—তস্যেতি সার্দ্ধেন। অবহিতাত্মনো রাজ্ঞঃ তস্য ধর্ম্মস্য লোপঃ কথং কেন প্রকারেণ ন স্যাৎ, স প্রকারো ব্যবহারো বিগতোঽবহারো নীচমার্গেণ পরস্বাদিহরণং যস্মাৎ স ইতি ব্যুৎপত্ত্যা সিদ্ধঃ ॥৯॥

পূর্ব্বে ইহাকে কি বলিয়া লোকে জানিত? দণ্ডনামে কোন্ পদার্থই বা শ্রেষ্ঠ? দণ্ড কোথায় থাকে এবং উহার গতিই বা কি প্রকার?" ॥৭॥

ভীষ্ম বলিলেন—"কৌরবনন্দন! শ্রবণ কর, যাহাকে দণ্ড বলা হয়, যে প্রকারে সে ব্যবহার নামে অভিহিত হইয়া থাকে এবং সমস্তই যাহার অধীন, সেই শ্রেষ্ঠ পদার্থের নামই দণ্ড ॥৮॥

মহারাজ! ধর্ম্ম রক্ষার জন্যই ব্যবহার (মোকদ্দমা) চলিতেছে। ধার্ম্মিকের ধর্ম্ম লোপ কি প্রকারে না হইতে পারে, এই জন্যই সেই ব্যবহারের প্রচলন লোকের অভীষ্ট ॥৯॥

রাজা! এই জন্যই ব্যবহারের ব্যবহারত্ব লোকে ইচ্ছা করে এবং পূর্ব্বকালে অর্থাৎ সৃষ্টির প্রথম সময়েই মনু এই কথা বলিয়াছেন ॥১০॥

(৯) ধর্ম্মসংখ্যা মহারাজ!—বঙ্গ বর্দ্ধ। (১০) ইত্যেবং ব্যবহারস্য··পি বঙ্গ বর্দ্ধ।

সুপ্রণীতেন দণ্ডেন প্রিয়াপ্রিয়সমাত্মনা।
প্রজা রক্ষতি যঃ সম্যগ্‌ধর্ম্ম এব স কেবলঃ ॥১১॥
যথোক্তমেতদ্বচনং প্রাগেব মনুনা পুরা।
যন্ময়োক্তং বশিষ্ঠেন ব্রহ্মণো বচনং মহৎ ॥১২॥
প্রাগিদং বচনং প্রোক্তমতঃ প্রাগ্‌বচনং বিদুঃ।
ব্যবহারস্য চাখ্যানাৎ ব্যবহার ইহোচ্যতে ॥১৩॥
দণ্ডে ত্রিবর্গঃ সততং সুপ্রণীতে প্রবর্ত্ততে।
দৈবং হি পরমো দণ্ডো রূপতোঽগ্নিরিবোত্থিতঃ ॥১৪॥

ভারতকৌমুদী

সুপ্রেতি। সুপ্রণীতেন রাজ্ঞা মধ্যস্থাদিনা বা সম্যগ্‌বিচারপূর্ব্বকমনুষ্ঠিতেন। অদণ্ডিতপক্ষে প্রিয়ং, দণ্ডিতপক্ষে চাপ্রিয়ঃ তয়োঃ সম আত্মা স্বরূপং যস্য তেন। কেবলো মুখ্যঃ ॥১১॥

স্বোক্তেঃ প্রামাণ্যং প্রদ্যোতয়তি যথেতি। মন্বুক্তের্ব্রহ্মাদিবচনানুবাদরূপত্বাদেব প্রামাণ্যমিতি ভাবঃ ॥১২॥

ব্যবহারস্য প্রাগ্‌বচনমিতি নামান্তরং তদ্ব্যুৎপত্তিঞ্চাহ প্রাগিতি। প্রকারান্তরেণ ব্যবহারপদস্য ব্যুৎপত্তিমাহ ব্যবেতি। ব্যবহারস্য শিষ্টাচারস্য ॥১৩॥

দণ্ড ইতি। ত্রিবর্গো ধর্ম্মার্থকামাঃ, সুপ্রণীতে রাজাদিনা সম্যগ্‌বিহিতে। দৈবং পূর্ব্বকৃত-কর্ম্মরূপো দুর্নিবারঃ, রূপতো রূপে অগ্নিরিব দুঃসহঃ সমুত্থিত উৎপন্নঃ। ইতি কীদৃশো দণ্ড ইত্য-স্যোত্তরম্ ॥১৪॥

ভারতভাবদীপঃ

অপি চেতি। এতদেতস্য ব্যবহারস্য ॥১০॥ প্রজারক্ষকত্বাদ্ব্যবহার এব ধর্ম্মপদবাচ্যোঽপীত্যাহ—সুপ্রণীতেনেতি ॥১১॥ যথেতি। সুপ্রণীতেনেতি শ্লোকেন যন্মনুবচনমুক্তম্, তদ্ব্রহ্মণ এব বচনং মনুমুখাচ্ছ্রুতমিত্যর্থঃ ॥১২॥ প্রাগিতি। দণ্ড এব উক্তবচনাদ্ধর্ম্মশব্দেন ব্যবহারশব্দেন চোচ্যত ইত্যর্থঃ। প্রাগ্‌বচনং ধর্ম্মবচনম্ ॥১৩॥ রূপতোঽগ্নিরিবোত্থিত ইতি তস্যান্তরং রূপং

যে ব্যবহার সম্যগ্‌বিহিত এবং প্রিয় ও অপ্রিয়ের তুল্য দণ্ডদ্বারা প্রজা পালন করে, সে ব্যবহার মুখ্য ধর্ম্মস্বরূপই বটে ॥১১॥

যুধিষ্ঠির! পূর্ব্বকালে মনু ও বশিষ্ঠ যাহা বলিয়াছেন এবং আমিও যাহা বলিয়াছি, সে সমস্তই ব্রহ্মার মহাবাক্য ॥১২॥

এই বাক্য পূর্ব্বে বলা হইয়াছিল, এই জন্যই মনস্বীরা ইহাকে 'প্রাগ্‌বচন' বলিয়া জানেন এবং ইহাতে শিষ্ট ব্যবহার প্রচলিত থাকায় ইহাকে 'ব্যবহার'ও বলা হয় ॥১৩॥

(১২)…যন্ময়োক্তং মনুষ্যেন্দ্র!…বঙ্গ বর্দ্ধ।

নীলোৎপলদলশ্যামশ্চতুর্দংষ্ট্রশ্চতুর্ভুজঃ।
অষ্টপান্নৈকনয়নঃ শঙ্কুকর্ণোর্দ্ধরোমবান্ ॥১৫॥
জটী দ্বিজিহ্বস্তাম্রাস্যো মৃগরাজতনুচ্ছদঃ।
এতদ্রূপং বিভর্ত্ত্যুগ্রং দণ্ডো নিত্যং দুরাধরঃ ॥১৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

নীলেতি। নীলোৎপলদলবৎ শ্যামঃ, পাপনিবারণার্থে প্রবৃত্তত্বাৎ পাপস্য চ মলিনত্বাৎ "মালিন্যং ব্যোম্নি পাপে" ইতি সাহিত্যদর্পণোক্তেরিতি ভাবঃ। চতস্রো দংষ্ট্রা দন্তা যস্য সঃ, ধনহরণেন কারাপ্রেষণেন দেশান্তরনির্ব্বাসনেন অঙ্গপ্রাণনাশনেন চ মনুষ্যাণাং চতুর্দ্ধা ক্ষতিসাধনত্বাদিত্যাশয়ঃ। চত্বারো ভুজা বাহবো যস্য সঃ, গৃহাৎ, দেশান্তরাৎ, জলাৎ, পরালয়াচ্চেতি চতুর্ভ্যো-ঽপরাধিন আনয়নসাধনত্বাদিত্যভিপ্রায়ঃ। অষ্টৌ পাদাশ্চরণানি অংশাশ্চ যস্য সঃ, ভাষা, উত্তরম্, লেখ্যম্, সাক্ষ্যঞ্চেতি বাদিপ্রতিবাদিসাধ্যাশ্চত্বারঃ পাদাঃ; শ্রবণম্, প্রশ্নঃ, তর্কঃ, সিদ্ধান্তশ্চেতি রাজনিষ্পাদ্যাশ্চ চত্বারঃ পাদা ইতি সমুদায়েনাষ্টপাদরূপত্বাৎ। নৈকানি বহূনি নয়নানি যস্য সঃ, বহুবিষয়দর্শনাবশ্যকত্বাৎ। শঙ্কুবৎ সূক্ষ্মাগ্রৌ কর্ণৌ যস্য সঃ, কায়িক-মানসিকব্যথাসাধকত্বাৎ। ঊর্দ্ধানি রোমাণি অস্য সন্তীতি সঃ, উচ্চবহুতর্কাকুলত্বাৎ। পশ্চাদুভয়োঃ কর্ম্মধারয়ঃ। জটা অস্য সন্তীতি জটী, উচ্চস্থসভ্যাদিসাধ্যত্বাৎ। দ্বে জিহ্বে যস্য সঃ, বাদিপক্ষপ্রতিবাদিপক্ষরূপরসগ্রাহকদ্বয়বত্ত্বাৎ। তাম্রং তাম্রবর্ণম্ আস্যং মুখং যস্য সঃ, বিচারকক্রোধসাধ্যত্বাৎ। মৃগরাজস্য সিংহস্যেব তনুচ্ছদশ্চর্ম্ম যস্য সঃ, দর্শকানামপি ভীতিজনকত্বাৎ। দুরাধরো দুর্দ্ধর্ষঃ। এতচ্চাধিদেবতায়া রূপেণ রূপমুক্তম্। ইদঞ্চ কিংরূপ ইত্যস্যোত্তরম্ ॥১৫—১৬॥

ভারতভাবদীপঃ

দুষ্টসন্তাপকত্বাৎ ক্রূরমগ্নিতুল্যমিত্যুক্তম্ ॥১৪॥ বাহ্যং রূপং বর্ণয়তি—নীলেতি। দণ্ডাধিষ্ঠাত্র্যা দেবতায়া ইদং ধ্যানাদিকম্ অজ্ঞানাদদণ্ড্যদণ্ডজং দোষং নিরাকর্ত্তুং দণ্ডকর্ত্তৃভির্মাত্রাদিভিঃ ধ্যেয়মিত্যেবমর্থযুক্তম্, যদি তু লৌকিকানি দণ্ডধর্ম্মব্যহারাঙ্গান্যত্রোৎপ্রেক্ষ্যন্তে তর্হি এবং ব্যাখ্যেয়ম্। তত্র দণ্ডঃ সংহর্ত্তৃত্বাদ্রৌদ্রো রুদ্রশ্চ নীললোহিত ইতি তস্যাগ্নিরিবোত্থিত ইতি লোহিতং রূপমুক্তম্। নীলঞ্চ নীলোৎপলেতি নিরুক্তম্, তত্র রাজ্ঞো দণ্ড্যে দ্বেষাত্তদ্ধনে চ লোভাৎ প্রণেয়স্য দণ্ডস্য মালিন্যরাগোৎপন্নত্বান্নীললোহিতং দণ্ডস্য রূপং চতস্রো দংষ্ট্রা ইব প্রাণিনাং বধসাধনানি যত্র সঃ। তথাহি—কেচিন্মানভঙ্গেন কেচিদ্ধনহরণেন কেচিদঙ্গবৈকল্যেন কেচিৎ প্রাণব্যাপাদনেন চ বধ্যন্তেঽতস্তান্যেব তদ্দংষ্ট্রাঃ। চত্বারো ভুজাঃ অর্থদানকর্ত্তারো যস্য সঃ। তথাহি—প্রজাভ্যঃ সামন্তেভ্যশ্চ করদানম্, অনৃতাদর্থিনোঽর্থ্যমানদ্রব্যাদি গুণধনাদানম্, অনৃতাৎ প্রত্যর্থিনস্তৎসমং দ্রব্যাদানম্, ধনবতঃ কদর্য্যাদ্বিপ্রাৎ সর্ব্বস্বাদানং চেতি। অথ তস্যৈব ব্যবহাররূপিণো রূপং বর্ণয়তি—অষ্টপান্নৈকনয়নঃ শঙ্কুকর্ণোর্দ্ধরোমবান্

ত্রিবর্গ অর্থাৎ ধর্ম্ম, অর্থ ও কাম সর্ব্বদাই সম্যগ্‌বিহিত দণ্ডের উপরে থাকে এবং দৈবের ন্যায় দুর্নিবার দুর্দ্ধর্ষ দণ্ডরূপে অগ্নির ন্যায় দুঃসহ হইয়াই জন্মিয়াছিল ॥১৪॥

ভারতভাবদীপঃ

জটী দ্বিজিহ্ব ইতি। আবেদনং ভাষা সম্প্রতিপত্তির্মিথ্যোত্তরং কারণোত্তরং প্রাঙ্ন্যায়ং প্রতিভূঃ ক্রিয়া ফলসিদ্ধিশ্চেত্যষ্টৌ পাদাঃ। এতৈর্হি নিমিত্তৈর্দণ্ডশ্চরতি নান্যথেত্যেতেষাং পাদত্বম্। তত্র আবেদনম্ অর্থিনাসভ্যান্ প্রতি গত্বা দেবদত্তো মদীয়ং শতং সুবর্ণানাম্ অমুকস্মিন্ দেশে কালে সাক্ষিণি চ গৃহীত্বা ন দদাতীতি তদ্ধস্তেন লেখনং পুনরপি প্রত্যর্থিনমাহূয় তৎসমক্ষং তথৈব লেখনং ভাষা। তত্র প্রত্যর্থিনাহমেতস্য ধারয়ামীত্যুক্তে ন কস্যাপি দণ্ড ইতি তদিদং সম্প্রতিপত্তিরূপমুত্তরং ন দণ্ডপাদত্বেন গণ্যতে; নাহমেতস্য ধারয়ামীতি মিথ্যোত্তরং ময়া গৃহীতমাসীত্তৎ পুনঃ পরাবৃত্য দত্তমিতি কারণোত্তরম্। অস্মিন্নর্থেঽনেন পূর্ব্বমহমভিযুক্তস্তত্র পরাজিতো ময়েতি প্রাঙ্ন্যায়োত্তরম্। ত্রিবিধেঽস্মিন্নুত্তরে অর্থিপ্রত্যর্থিভ্যাং প্রতিভূর্দেয়ঃ, অহমেতস্মিন্ পরাজিত ইদং দ্রব্যং দাস্যামীতি ক্রিয়া স্বমতসাধকানাং সাক্ষিপত্রভোগশপথাদীনাং প্রদর্শনং ততোঽহৃচাবনে তস্য জয় ইতি অষ্টভ্যঃ পাদেভ্যোঽনন্তরমপরাধী দণ্ড্যত ইত্যেতে দণ্ডস্য পাদাঃ। যদাহ যাজ্ঞবল্ক্যঃ— "নিহ্নবে ভাবিতো দদ্যাৎ ধনং রাজ্ঞে চ তৎসমম্। মিথ্যাভিযোগী দ্বিগুণমভিযোগাদ্ধনং বহেৎ॥" ইতি। নৈকনয়নঃ নৈকানি বহূনি নয়নস্থানীয়ানি রাজামাত্য-পুরোহিতপর্ষদাখ্যানি দর্শনসাধনানি যস্মিন্। শঙ্কুকর্ণঃ তীক্ষ্ণকর্ণঃ অবশ্যং শ্রাব্যঃ। ঊর্দ্ধ-রোমবান্ অত্যন্তম্ উৎফুল্লঃ, শঙ্কুকর্ণশ্চাসৌ ঊর্দ্ধরোমবাংশ্চেতি সমাসঃ ॥১৫॥ জটীতি। জটী অনেকসন্দেহজটিলঃ। দ্বিজিহ্বঃ অর্থিপ্রত্যর্থিনোর্ব্বাক্যবৈমত্যাং দ্বে জিহ্বে যস্য স তথা। এবং ব্যবহাররূপিণো দণ্ডস্য রূপমুক্ত্বা ধর্ম্মাখ্যদণ্ডরূপমাহ—তাম্রাস্যো মৃগরাজ-তনুচ্ছদ ইতি। তাম্রো বহ্নিরেবাহবনীয়াদিরাস্যং যস্য স তথা মৃগরাজঃ কৃষ্ণমৃগস্তৎ-সম্বন্ধী চর্ম্ম তনুচ্ছদঃ শরীরাচ্ছাদকং প্রাবরণমস্য। এতেন দীক্ষাপ্রধানো যজ্ঞ উক্তঃ;

নীলোৎপলপত্রের ন্যায় শ্যামবর্ণ, দন্তচতুষ্টয়যুক্ত, বাহুচতুষ্টয়সমন্বিত, অষ্টচরণশালী, বহুনয়নধারী, শঙ্কুর ন্যায় তীক্ষ্ণ কর্ণবিশিষ্ট, উর্দ্ধরোমা, জটাধারী, জিহ্বাদ্বয়সম্পন্ন, তাম্রবদন ও সিংহের ন্যায় চর্ম্মযুক্ত দুর্দ্ধর্ষ দণ্ড সর্ব্বদাই এই ভীষণরূপ ধারণ করে ॥১৫—১৬॥

মন্তব্য—দণ্ডের অধিষ্ঠাত্রী দেবতার রূপ অনুসারে দণ্ডেরও রূপ কল্পনা করিয়া লিখিত হইয়াছে।

"মালিন্যং ব্যোম্নি পাপে যশসি ধবলতা বর্ণ্যতে হাসকীর্ত্ত্যোঃ" সাহিত্য-দর্পণের এই উক্তি অনুসারে পাপের শ্যামবর্ণ বর্ণিত হইয়া থাকে, সেই পাপকে নিবারণ করে বলিয়া দণ্ডেরও তদনুরূপ শ্যামবর্ণ কল্পিত হইয়াছে।

চতুর্দংষ্ট্র—দংষ্ট্রা-দন্ত-ক্ষতি-(অবদারণ) কারী। চারিটা দন্তসমন্বিত; পক্ষান্তরে অপরাধীর চারিপ্রকার ক্ষতিকারী। যথা—ধনহরণ (জরিমানা), কারাগারে প্রেরণ, দেশান্তর নির্ব্বাসন এবং অঙ্গ ও প্রাণ বিনাশ।

অসির্ধনুর্গদা শক্তিস্ত্রিশূলং মুদ্গরঃ শরঃ।
মুসলং পরশুশ্চক্রং পাশো দণ্ডর্ষ্টিতোমরাঃ ॥১৭॥
সর্ব্বপ্রহরণীয়ানি যানি যানীহ কানিচিৎ।
দণ্ড এব স সর্ব্বাত্মা লোকে চরতি মূর্ত্তিমান্ ॥১৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অসিরিতি। অসিপ্রভৃতীনি তদানীন্তনাস্ত্রাণি। প্রহ্রিয়তে এভিরিতি প্রহরণীয়ানি অস্ত্রাণি। "কৃত্যো যুটোঽন্যত্রাপি" ইতি করণে অনীয়ঃ। সর্ব্বাত্মা তৎসর্ব্বময়ঃ, অপরাধি-প্রহারসাম্যাৎ। ইতি কিমাত্মক ইত্যস্যোত্তরম্ ॥১৭—১৮॥

চতুর্ভুজ—অপরাধীকে স্বগৃহ হইতে, পরগৃহ হইতে, গুপ্তস্থান হইতে এবং জল হইতে আনয়ন করে বলিয়া চারিস্থান হইতে আনয়ন হয়; সুতরাং দণ্ড চতুর্ভুজ।

অষ্টপাৎ—দণ্ডশব্দে মোকদ্দমাও বুঝায়, ইহা পূর্ব্বে উক্ত হইয়াছে; সুতরাং এই স্থানে দণ্ডের অর্থ মোকদ্দমা: তাহার আটখানা চরণ; পক্ষান্তরে আটটী অংশ। যথা—ভাষা (আর্জি), উত্তর (বর্ণনা), সাক্ষ্য (সাক্ষী দেওয়ান) এবং লেখ্য (দলিলপত্র দেখান) এই চারিটী বাদী ও প্রতিবাদিকর্ত্তৃক প্রযুক্ত হইয়া থাকে; আর শ্রবণ (বাদী ও প্রতিবাদীর উক্তি-প্রত্যুক্তি শোনা), প্রশ্ন (জেরা করা), তর্ক (জুরীদের সঙ্গে বা মনে মনে বিচার করা) এবং সিদ্ধান্ত একতর নিশ্চয় (রায় প্রকাশ করা) এই চারিটী বিচারককর্ত্তৃক প্রযুক্ত হইয়া থাকে; সুতরাং মোকদ্দমারূপ দণ্ডের আটটী চরণ বা অংশ।

নৈকনয়ন—বহু চক্ষু বহু বিষয় দেখিতে হয় বলিয়া দণ্ডকে মোকদ্দমাকে) বহু চক্ষু বলা হইয়াছে।

শঙ্কুকর্ণ—শঙ্কুর (পেরেক লোহার) ন্যায় সূক্ষ্মাগ্র কর্ণযুগল যুক্ত। পেরেক দিয়া খোঁচা মারিলে যেমন অঙ্গে ও মনে ব্যথা লাগে, তেমন অর্থদণ্ড (জরিমানা) করায় মনে ব্যথা লাগে এবং বেত্রাদি দণ্ড করায় অঙ্গে বেদনা উপস্থিত হয়।

ঊর্দ্ধলোমযুক্ত—উঁচু উঁচু লোমযুক্ত পক্ষান্তরে উচ্চস্বরে তর্কবিতর্কযুক্ত।

জটাধারী—জটা যেমন মস্তকের উপরে থাকে, তেমন বিচারক উচ্চাসনে থাকেন।

দ্বিজিহ্ব—জিহ্বাদ্বয়সম্পন্ন—বাদিপক্ষ ও প্রতিবাদিপক্ষরূপ রসগ্রাহিদ্বয়যুক্ত।

তাম্রবর্ণ বদন—বিচারক যখন দণ্ড বিধান করেন, তখন ক্রোধে তাঁহার মুখ তাম্রবর্ণ হয়।

সিংহের ন্যায় চর্ম্মযুক্ত—সিংহের চর্ম্ম দর্শন করিলে, দর্শকের যেমন ভয় হয়, তেমন এই দণ্ড দর্শন করিলেও দর্শকের ভয় হইয়া থাকে।

ভিন্দংশ্ছিন্দন্ রুজন্ কৃন্তন্ দারয়ন্ পাটয়ংস্তথা।
ঘাতয়ন্নভিধাবংশ্চ দণ্ড এব চরত্যুত ॥১৯॥
অসির্বিশসনো ধর্ম্মস্তীক্ষ্ণধর্ম্মা দুরাধরঃ।
শ্রীগর্ভো বিজয়ঃ শাস্তা ব্যবহারঃ সনাতনঃ ॥২০॥
শাস্ত্রং ব্রাহ্মণমন্ত্রাশ্চ শাস্তা প্রাগ্‌বদতাংবরঃ।
ধর্ম্মপালোঽক্ষরো দেবঃ সত্যগো নিত্যগোঽগ্রজঃ ॥২১॥
অসঙ্গো রুদ্রতনয়ো মনুর্জ্যেষ্ঠঃ শিবঙ্করঃ।
নামান্যেতানি দণ্ডস্য কীর্ত্তিতানি যুধিষ্ঠির! ॥২২॥ (বিশেষকম্)
দণ্ডো হি ভগবান্ বিষ্ণুর্দণ্ডো নারায়ণঃ প্রভুঃ।
শশ্বদ্রূপং মহদ্বিভ্রন্মহান্ পুরুষ উচ্যতে ॥২৩॥

ভারতকৌমুদী

দণ্ডস্য সর্ব্বাস্ত্রময়ত্বাদেব তৎকার্য্যাণ্যাহ ভিন্দন্নিতি। ছিন্দন্ দ্বিধাকুর্ব্বন্, রুজন্ ভঞ্জন্, কৃন্তন্ আংশিকভাবেন ছিন্দন্। সর্ব্বত্র অপরাধিবর্গমিতি শেষঃ। ইতি কিংপরায়ণ ইত্যস্যোত্তরম্ ॥১৯॥

অসিরিতি। বিশস্যতে হিংস্যতে অনেনেতি বিশসনঃ, ধর্ম্মো ধর্ম্মরক্ষকত্বাদেব, তীক্ষ্ণধর্ম্মা তীক্ষ্ণরূপঃ, সর্ব্বত্র প্রবেশযোগ্যত্বাৎ। শ্রীর্নির্ম্মলত্বয়া শোভা গর্ভে যস্য সঃ, বিজয়ো বিশেষেণ জয়সাধনত্বাৎ, শাস্তা অপরাধিনঃ শাস্তিজনকঃ, ব্যবহারঃ প্রাগুক্তরূপ এব। শাস্ত্রং তদনুসারিত্বাৎ, ব্রাহ্মণা ন্যায়বর্ত্তিত্বাৎ, মন্ত্রাঃ প্রায়েণৈব সফলত্বাৎ, শাস্তা দর্শকানামপি শাসনকরত্বাৎ, প্রাগ্‌বদতাংবরঃ পূর্ব্বাবধিবাগ্মিশ্রেষ্ঠঃ তৎসাধ্যত্বাৎ। ধর্ম্মপালো ধর্ম্মরক্ষকঃ, অক্ষরঃ প্রভ্রংশরহিতঃ দুরাধরত্বাৎ, দেবঃ অলৌকিকপ্রভাবত্বাৎ, সত্যগঃ সত্যানুবর্ত্তিত্বাৎ, নিত্যগঃ আসৃষ্টিত এব প্রবৃত্তত্বাৎ, অগ্রজঃ ন্যায়প্রবর্ত্তনে পূর্ব্বজাতত্বাৎ। অসঙ্গঃ পক্ষপাতশূন্যত্বাৎ, রুদ্রতনয়ো রৌদ্ররূপত্বাৎ, মনুঃ সর্ব্বত্র সমানপ্রভাবাৎ, জ্যেষ্ঠঃ সর্ব্বমান্যত্বাৎ, শিবঙ্করো মঙ্গলকরঃ অপরাধিনোঽপি সংপ্রবৃত্তিজননাৎ। ইতি ইতি কথংভূত ইত্যস্যোত্তরম্ ॥২০—২২॥

অসি, ধনু, গদা, শক্তি, ত্রিশূল, মুদ্গর, বাণ, মুসল, কুঠার, চক্র, পাশ, দণ্ড, ঋষ্টি ও তোমর ইত্যাদি যে যে কোন প্রকার অস্ত্র জগতে আছে, সেই সমস্ত অস্ত্রময় মূর্ত্তি ধারণ করিয়া দণ্ড জগতে বিচরণ করে ॥১৭—১৮॥

ছেদন, ভেদন, ভঞ্জন, কর্ত্তন, দারণ, পাটন, হনন ও ধাবন করিতে থাকিয়া এই দণ্ড বিচরণ করে ॥১৯॥

যুধিষ্ঠির! অসি, বিশসন, ধর্ম্ম, তীক্ষ্ণধর্ম্মা, দুরাধর, শ্রীগর্ভ, বিজয়, শাস্তা, ব্যবহার (মোকদ্দমা), সনাতন, শাস্ত্র, ব্রাহ্মণ, মন্ত্র, শাস্তা, প্রাগ্‌বদতাংবর, ধর্ম্মপাল, অক্ষর, দেব, সত্যগ, নিত্যগ, অগ্রজ, অসঙ্গ, রুদ্রতনয়, মনু, জ্যেষ্ঠ ও শিবঙ্কর—দণ্ডের এইগুলি নাম কথিত হইয়া থাকে ॥২০—২২॥

তথোক্তা ব্রহ্মকন্যেতি লক্ষ্মীর্বৃত্তিঃ সরস্বতী।
দণ্ডনীতির্জগদ্ধাত্রী দণ্ডো হি বহুবিগ্রহঃ ॥২৪॥
অর্থানর্থৌ সুখং দুঃখং ধর্ম্মাধর্ম্মৌ বলাবলে।
দৌর্ভাগ্যং ভাগধেয়ঞ্চ পুণ্যাপুণ্যে গুণাগুণৌ ॥২৫॥
কামাকামাবৃতুর্মাসঃ শর্ব্বরী দিবসঃ ক্ষণঃ।
অপ্রমাদঃ প্রমাদশ্চ হর্ষক্রোধৌ শমো দমঃ ॥২৬॥
দৈবং পুরুষকারশ্চ মোক্ষামোক্ষৌ ভয়াভয়ে।
হিংসাহিংসে তপো যজ্ঞঃ সংযমোঽথ বিষাবিষম্ ॥২৭॥
অন্তশ্চাদিশ্চ মধ্যঞ্চ কৃত্যানাঞ্চ প্রপঞ্চনম্।
মদঃ প্রমোদো দর্পশ্চ দম্ভো ধৈর্য্যং নয়ানয়ৌ ॥২৮॥

ভারতকৌমুদী

দণ্ড ইতি। শশ্বদ্রূপং চিরন্তনীং মূর্ত্তিম্, বিভ্রৎ ধারয়ন্। অধিষ্ঠাতৃদেবতারূপেণায়ং রূপারোপঃ। ইতি কণ্ঠংমূর্ত্তি ইত্যস্যোত্তরম্ ॥২৩॥

দণ্ডস্য অপরা অপি মূর্ত্তয়ঃ সন্তীত্যাহ তথেতি। ব্রহ্মকন্যা সৎপ্রবৃত্তিসৃষ্টিকরণাৎ, লক্ষ্মীঃ গৃহস্থানাং সম্পদ্রক্ষণাৎ, বৃত্তিঃ স্থিতিঃ দস্যুতস্করতাদমনাৎ, সরস্বতী অপরাধমোচনেন বাক্স্ফূর্ত্তি করণাৎ। জগদ্ধাত্রী ভুবনরক্ষিকা ॥২৪॥

অর্থেতি। অর্থানর্থৌ সম্পদ্বিপদৌ, বাদিনঃ সম্পৎ প্রতিবাদিনো বিপদিতি ভাবঃ। ইতোঽ ভাবা উহ্নেয়াঃ। শর্ব্বরী রাত্রিঃ। প্রমাদোঽনবধানতা। শমঃ অন্তরিন্দ্রিয়নিগ্রহঃ, দমঃ বহিরিন্দ্রিয় নিগ্রহঃ। অমোক্ষো বন্ধঃ। অন্তঃ শেষঃ। প্রপঞ্চনং বিস্তারঃ। নয়ানয়ৌ নীত্যনীতী। বিসর্গো

ভারতভাবদীপঃ

এতচ্চ সর্ব্বেষাং দানোপবাসহোমাসীনামুপলক্ষণম্ ॥১৬—২২॥ মুখ্যং দণ্ডস্য রূপমাহ— দণ্ডো হীতি ॥২৩॥ তৎপত্ন্যা রূপমাহ—তথেতি। দণ্ডেন সহিতা নীতির্দণ্ডনীতিঃ ॥২৪॥ কিম্পরায়ণ ইত্যস্যোত্তরমর্থানর্থাদিবিবেক এব তস্য পরায়ণমিত্যাহ—অর্থানর্থাবিত্যাদিনা

দণ্ডই ভগবান্ বিষ্ণু, দণ্ডই প্রভু নারায়ণ এবং দণ্ডই চিরস্থায়ী মহারূপ ধারণ করায় তাহাকে মহাপুরুষ বলা হয় ॥২৩॥

এবং এই দণ্ডনীতি ব্রহ্মার কন্যা, লক্ষ্মী, বৃত্তি, সরস্বতী ও জগদ্ধাত্রীরূপা; অতএব দণ্ডের বহুতর মূর্ত্তি ॥২৪॥

কৌরবনন্দন! অর্থ ও অনর্থ, সুখ ও দুঃখ, ধর্ম্ম ও অধর্ম্ম, দেহের বল ও অবল, সৌভাগ্য ও দৌর্ভাগ্য, পুণ্য ও পাপ, গুণ ও দোষ, কাম ও অকাম, ঋতু, মাস, রাত্রি, দিন, ক্ষণ, সাবধানতা ও অসাবধানতা, হর্ষ ও ক্রোধ, শম ও দম, দৈব ও পুরুষকার, মোক্ষ ও বন্ধ, ভয় ও অভয়, হিংসা ও অহিংসা, তপস্যা, যজ্ঞ, সংযম,

অশক্তিঃ শক্তিরিত্যেবং মানস্তম্ভৌ ব্যয়াব্যয়ৌ।
বিনয়শ্চ বিসর্গশ্চ কালাকালৌ চ ভারত! ॥২৯॥
অনৃতং জ্ঞানিতা সত্যং শ্রদ্ধাশ্রদ্ধে তথৈব চ।
ক্লীবতা ব্যবসায়শ্চ লাভালাভৌ জয়াজয়ৌ ॥৩০॥
তীক্ষ্ণতা মৃদুতা মৃত্যুরাগমানাগমৌ তথা।
বিরোধশ্চাবিরোধশ্চ কার্য্যাকার্য্যে বলাবলে ॥৩১॥
অসূয়া চানসূয়া চ ধর্ম্মাধর্ম্মৌ তথৈব চ।
অপত্রপানপত্রেপে হ্রীশ্চ সম্পদ্বিপৎপদম্ ॥৩২॥
তেজঃ কর্ম্মাণি পাণ্ডিত্যং বাক্‌শক্তিস্তত্ত্ববুদ্ধিতা।
এবং দণ্ডস্য কৌরব্য! লোকেঽস্মিন্ বহুরূপতা ॥৩৩॥ (কুলকম্)
ন স্যাদ্‌যদীহ দণ্ডো বৈ প্রমথেয়ুঃ পরস্পরম্।
ভয়াদ্দণ্ডস্য নান্যোন্যং ঘ্নন্তি চৈব যুধিষ্ঠির! ॥৩৪॥
দণ্ডেন রক্ষ্যমাণা হি রাজন্নহরহঃ প্রজাঃ।
রাজানং বর্দ্ধয়ন্তীহ তস্মাদ্দণ্ডঃ পরায়ণম্ ॥৩৫॥

ভারতকৌমুদী

দানম্। ক্লীবতা নিস্তেজস্কতা, ব্যবসায়োঽধ্যবসায়ঃ। আগমানাগমৌ শুভস্য। দৈহিকমানসিক-ভেদাৎ বলাবলে ইত্যস্যাপৌনরুক্ত্যম্। অপত্রপানপত্রপে পরস্মাল্লজ্জালজ্জে, হ্রীঃ স্বস্মাল্লজ্জা, সম্পদ্বিপদোঃ পদং স্থানম্। তত্ত্ববুদ্ধিতা যথার্থজ্ঞানম্। কিংরূপ ইত্যস্যৈবোত্তর-প্রপঞ্চোঽয়ম্ ॥২৫—৩৩॥

দণ্ডপ্রয়োজনমাহ নেতি। প্রমথেয়ুঃ মানবা নিপীড়য়েয়ুঃ ॥৩৪॥

বিষ ও অবিষ, আদি, মধ্য ও অন্ত, কার্য্যের বিস্তার, মত্ততা, আমোদ, দর্প, অহঙ্কার, ধৈর্য্য, সুনীতি ও দুর্নীতি, শক্তি ও অশক্তি, মান ও স্তব্ধতা, ব্যয় ও অব্যয়, বিনয়, বিতরণ, কাল ও অকাল, জ্ঞান, সত্য ও মিথ্যা, শ্রদ্ধা ও অশ্রদ্ধা, ক্লীবতা, অধ্যবসায়, লাভ ও অলাভ, জয় ও পরাজয়, তীক্ষ্ণতা ও কোমলতা, মৃত্যু, শুভ ও অশুভ, বিরোধ ও অবিরোধ, কার্য্য ও অকার্য্য, মানসিক বল ও অবল, অসূয়া ও অনসূয়া, ধর্ম্ম ও অধর্ম্ম, পর হইতে লজ্জা ও অলজ্জা, নিজ হইতে লজ্জা, সম্পদ্ ও বিপদের স্থান, তেজ, কর্ম্ম, পাণ্ডিত্য, বাক্‌শক্তি এবং তত্ত্বজ্ঞান—এই সমস্তই এই জগতে দণ্ডের বহুতর রূপ বলিয়া জানিবে ॥২৫—৩৩॥

যুধিষ্ঠির! এই জগতে দণ্ড যদি না থাকিত, তাহা হইলে, মনুষ্যেরা পরস্পর পরস্পরকে পীড়ন করিত; কিন্তু দণ্ডের ভয়ে পরস্পর সে পীড়ন আর করে না ॥৩৪॥

ব্যবস্থাপয়তি ক্ষিপ্রমিমং লোকং নরেশ্বর ! ।
সত্যে ব্যবস্থিতো ধর্ম্মো ব্রাহ্মণেষ্ববতিষ্ঠতে ॥৩৬॥
ধর্ম্মযুক্তা দ্বিজশ্রেষ্ঠা বেদযুক্তা ভবন্তি চ ।
বভূব যজ্ঞো বেদেভ্যো যজ্ঞঃ প্রীণাতি দেবতাঃ ॥৩৭॥
প্রীতাশ্চ দেবতা নিত্যমিন্দ্রে পরিবদন্ত্যপি ।
অন্নং দদাতি শক্রশ্চাপ্যনুগৃহ্নন্নিমাঃ প্রজাঃ ॥৩৮॥
প্রাণাশ্চ সর্ব্বভূতানাং নিত্যমন্নে প্রতিষ্ঠিতাঃ ।
তস্মাৎ প্রজাঃ প্রতিষ্ঠন্তে দণ্ডো জাগর্ত্তি তাসু চ ॥৩৯॥

ভারতকৌমুদী

দণ্ডেনেতি। অহরহঃ সর্ব্বদেত্যর্থঃ। বর্দ্ধয়ন্তি সুস্থয়া যথান্যায়ং করাদিদানাৎ। পরায়ণং পরমাশ্রয়ঃ ॥৩৫॥

ব্যবেতি। ব্যবস্থাপয়তি দণ্ড ইতি শেষঃ। সত্যে ন্যায্যে কর্ম্মণি। ব্রাহ্মণেষ্ববতিষ্ঠতে তেষাং সমাজনেতৃত্বাৎ ॥৩৬॥

ধর্ম্মেতি। বেদযুক্তা অধ্যয়নাধ্যাপনয়োঃ। বভূবেত্যনেন এতন্নিয়মস্যাদিমত্ত্বমুক্তম্ ॥৩৭॥

প্রীতা ইতি। পরিবদন্তি মানুষকৃততদ্‌যজ্ঞবৃত্তান্তং কথয়ন্তি। অন্নং দদাতি বৃষ্ট্যা শস্য-জননদ্বারা ॥৩৮॥

প্রাণা ইতি। প্রতিষ্ঠন্তে প্রকর্ষেণ তিষ্ঠন্তি। ইতি কথং জাগর্ত্তি ইত্যস্যোত্তরম্ ॥৩৯॥

ভারতভাবদীপঃ

তস্মাদ্দণ্ডঃ পরায়ণমিত্যন্তেন ॥২৫—৩৫॥ কিমাত্মকঃ কথম্ভূতঃ কথংমূর্ত্তিরিতি প্রশ্নত্রয়-স্যোত্তরমাহ—ব্যবস্থাপয়তীতি। লোকপালনাত্মকঃ সত্যপক্ষপাতী ব্রাহ্মণমূর্ত্তিস্বরূপ ইত্যর্থঃ ॥৩৬॥ দণ্ডস্য ব্রাহ্মণমূর্ত্তিত্বং বিবৃণ্বন্ কথং জাগর্ত্তি ইত্যস্যোত্তরমাহ—ধর্ম্মযুক্তা ইত্যাদিনা। ব্রাহ্মণ-মূর্ত্তির্দণ্ডো যজ্ঞাদিদ্বারান্নসৃষ্টিহেতুতয়া ভূতানি পালয়ন্ জাগর্ত্তীতি শ্লোকত্রয়ার্থঃ ॥৩৭—৩৯॥

রাজা ! সুতরাং দণ্ডই সর্ব্বদা মানুষকে রক্ষা করে, সেই মানুষ আবার রাজার উন্নতিসাধন করে ; অতএব দণ্ড সকলেরই পরম আশ্রয় ॥৩৫॥

নরনাথ ! দণ্ড সত্বরই এই মনুষ্যগণকে ন্যায্য কার্য্যে ব্যবস্থাপিত করে এবং দণ্ডদ্বারা ব্যবস্থিত ধর্ম্ম যাইয়া ব্রাহ্মণদের উপরে অবস্থান করিয়া থাকে ॥৩৬॥

ব্রাহ্মণেরা আবার ধর্ম্মযুক্ত হইয়া বেদযুক্ত হন, বেদ হইতে যজ্ঞ হয় এবং সেই যজ্ঞ দেবগণকে সন্তুষ্ট করে ॥৩৭॥

দেবতারা সন্তুষ্ট হইয়া সর্ব্বদাই সেই যজ্ঞের কথা ইন্দ্রের নিকট বলেন, ইন্দ্র আবার এই সকল মানুষের উপর অনুগ্রহ করিয়া, ইহাদিগকে অন্ন দান করেন ॥৩৮॥

ন হি কিঞ্চিদসাধ্যং বৈ লোকে শীলবতাং ভবেৎ ॥১৫॥
একরাত্রেণ মান্ধাতা ত্র্যহেণ জনমেজয়ঃ।
সপ্তরাত্রেণ নাভাগঃ পৃথিবীং প্রতিপেদিরে ॥১৬॥
এতে হি পার্থিবাঃ সর্ব্বে শীলবন্তো দয়ান্বিতাঃ।
অতস্তেষাং গুণক্রীতা বসুধা স্বয়মাগতা ॥১৭॥

দুর্য্যোধন উবাচ।

কথং তৎ প্রাপ্যতে শীলং শ্রোতুমিচ্ছামি ভারত!।
যেন শীলেন তৈঃ প্রাপ্তা ক্ষিপ্রমেব বসুন্ধরা ॥১৮॥

ভারতকৌমুদী

যদীতি। শ্রিয়ং সম্পদম্। বিশিষ্টামধিকাম্। শীলবান্ সৎস্বভাবঃ ॥১৪॥
শীলেনেতি। অসাধ্যং সাধয়িতুমশক্যম্ ॥১৫॥
শীলফলমাহ একেতি। প্রতিপেদিরে জয়েন লেভিরে ॥১৬॥
এত ইতি। গুণেন ক্রীতা ক্রীতদ্রব্যবদায়ত্তীকৃতা ॥১৭॥
কথমিতি। তত্তাদৃশমুত্তমম্ ॥১৮॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'বৎস! নরশ্রেষ্ঠ! পুত্র! যুধিষ্ঠিরের যেরূপ সমৃদ্ধি হইয়াছে, তুমি যদি সেইরূপ সমৃদ্ধি কিংবা তদপেক্ষা অধিক সমৃদ্ধি লাভ করিবার ইচ্ছা কর, তাহা হইলে সৎস্বভাবসম্পন্ন হও ॥১৪॥

কারণ, মানুষ স্বভাবের গুণেই ত্রিভুবন জয় করিতে পারে, এ বিষয়ে কোন সন্দেহ নাই। কেন না, সৎস্বভাবসম্পন্ন লোকদিগের পক্ষে কোন বিষয়ই অসাধ্য নহে ॥১৫॥

মান্ধাতা একরাত্রে, জনমেজয় তিন দিনে এবং নাভাগ সাত দিনে পৃথিবী লাভ করিয়াছিলেন ॥১৬॥

কারণ, এই রাজারা সকলেই সৎস্বভাবসম্পন্ন ও দয়ালু ছিলেন; সেই জন্যই পৃথিবী তাঁহাদের গুণে বশীভূত হইয়া, নিজেই তাঁহাদের নিকটে আসিয়াছিলেন' ॥১৭॥

দুর্য্যোধন বলিলেন—'ভরতনন্দন! সেই রাজারা যে স্বভাবের গুণে সত্বরই পৃথিবী লাভ করিয়াছিলেন, সেই স্বভাব কিপ্রকারে লাভ করা যায়, তাহা আমি শুনিতে ইচ্ছা করি' ॥১৮॥

ধৃতরাষ্ট্র উবাচ।

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
নারদেন পুরা প্রোক্তং শীলমাশ্রিত্য ভারত! ॥১৯॥
প্রহ্লাদেন হৃতং রাজ্যং মহেন্দ্রস্য মহাত্মনঃ।
শীলমাশ্রিত্য দৈত্যেন ত্রৈলোক্যঞ্চ বশে কৃতম্ ॥২০॥
ততো বৃহস্পতিং শক্রঃ প্রাঞ্জলিঃ সমুপস্থিতঃ।
তমুবাচ মহাপ্রাজ্ঞঃ শ্রেয় ইচ্ছামি বেদিতুম্ ॥২১॥
ততো বৃহস্পতিস্তস্মৈ জ্ঞানং নৈশ্রেয়সং পরম্।
কথয়ামাস ভগবান্ দেবেন্দ্রায় কুরূদ্বহ! ॥২২॥
এতাবচ্ছ্রেয় ইত্যেব বৃহস্পতিরভাষত।
ইন্দ্রস্তু ভূয়ঃ পপ্রচ্ছ কো বিশেষো ভবেদিতি ॥২৩॥

ভারতকৌমুদী

অত্রেতি। অত্রাপি অস্মিন্নপি বিষয়ে, উদাহরন্তি মনস্বিন ইতি শেষঃ ॥১৯॥
প্রেতি। শীলমাশ্রিত্য স্বভাবগুণেনৈবেত্যর্থঃ ॥২০॥
তত ইতি। শক্রো মহেন্দ্রঃ। তং বৃহস্পতিম্ ॥২১॥
তত ইতি। নৈশ্রেয়সং পরমমঙ্গলবিধায়ি ॥২২॥
এতাবদিতি। বিশেষ এতদপেক্ষয়াপি অধিকং শ্রেয়ঃ ॥২৩॥

ভারতভাবদীপঃ

ইমে জনা ইতি। শীলাধ্যায়ঃ ধর্মস্য কারণমিতি শেষঃ ॥১—১৬॥ গুণাক্রীড়েতি পাঠে গুণারামা ॥১৭—২১॥ নৈশ্রেয়সং মোক্ষোপযোগি ॥২২॥ কো বিশেষঃ নৈশ্রেয়সাদপি কিং শ্রেয়

ধৃতরাষ্ট্র বলিলেন—'ভরতনন্দন! পূর্ব্বকালে নারদ স্বভাবের বিষয় অবলম্বন করিয়া যাহা বলিয়াছিলেন, মনস্বীরা এই বিষয়েও সেই প্রাচীন ঘটনার উল্লেখ করিয়া থাকেন ॥১৯॥

দিতিবংশসম্ভূত প্রহ্লাদ স্বভাবের গুণে মহাত্মা ইন্দ্রের রাজ্য হরণ করিয়াছিলেন এবং ত্রিভুবনকেই বশীভূত করিয়াছিলেন ॥২০॥

তাহার পর মহাপ্রাজ্ঞ ইন্দ্র বৃহস্পতির নিকটে যাইয়া কৃতাঞ্জলি হইয়া তাঁহাকে বলিলেন—'আমি নিজের মঙ্গলের বিষয় জানিতে ইচ্ছা করি' ॥২১॥

কৌরবশ্রেষ্ঠ! তদনন্তর ভগবান্ বৃহস্পতি সেই দেবরাজের নিকট পরমমঙ্গলজনক জ্ঞানের বিষয় বলিলেন ॥২২॥

তিনি আরও বলিলেন—'এই পরিমাণই মঙ্গল'; কিন্তু ইন্দ্র পুনরায় জিজ্ঞাসা করিলেন—'ইহা অপেক্ষা অধিক মঙ্গল কি হইতে পারে?' ॥২৩॥

বৃহস্পতিরুবাচ।

বিশেষোঽস্তি মহাংস্তাত! ভার্গবস্য মহাত্মনঃ।
অত্রাগময় ভদ্রং তে ভূয় এব সুরোত্তম! ॥২৪॥
আত্মনস্তু ততঃ শ্রেয়ো ভার্গবাৎ সুমহাতপাঃ।
জ্ঞানমাগময়ৎ প্রীত্যা পুনঃ স পরমদ্যুতিঃ ॥২৫॥
তেনাপি সমনুজ্ঞাতো ভার্গবেণ মহাত্মনা।
শ্রেয়োঽস্তীতি পুনর্ভূয়ঃ শুক্রমাহ শতক্রতুঃ ॥২৬॥
ভার্গবস্ত্বাহ সর্ব্বজ্ঞঃ প্রহ্লাদস্য মহাত্মনঃ।
জ্ঞানমস্তি বিশেষেণেত্যুক্তো হৃষ্টশ্চ সোঽভবৎ ॥২৭॥
স ততো ব্রাহ্মণো ভূত্বা প্রহ্লাদং পাকশাসনঃ।
গত্বা প্রোবাচ মেধাবী শ্রেয় ইচ্ছামি বেদিতুম্ ॥২৮॥

ভারতকৌমুদী

বিশেষ ইতি। ভার্গবস্য ভৃগুপুত্রস্য শুক্রস্য বিদিত ইতি শেষঃ। আগময় তস্মাচ্ছিক্ষস্ব, তে তব ভদ্রং মঙ্গলমস্তু ॥২৪॥

আত্মন ইতি। জ্ঞানং জ্ঞানরূপম্, আগময়ৎ প্রাপ্নোৎ, স শক্রঃ ॥২৫॥

তেনেতি। ভার্গবেণ শুক্রেণ। শ্রেয়োঽস্তি কিমিতি বাক্যং ॥২৬॥

ভার্গব ইতি। জ্ঞানং শ্রেয়োনিরূপণে বুদ্ধিঃ। স শতক্রতুঃ ॥২৭॥

স ইতি। পাকশাসন ইন্দ্রঃ। শ্রেয়ঃ কিংকারণকং মঙ্গলম্ ॥২৮॥

বৃহস্পতি বলিলেন—'বৎস দেবশ্রেষ্ঠ! ইহা অপেক্ষাও অধিক মঙ্গল আছে বটে, তবে তাহা মহাত্মা শুক্রাচার্য্য জানেন; সুতরাং তুমি পুনরায় তাঁহার নিকট যাইয়া তাহা শিক্ষা কর, তোমার মঙ্গল হউক' ॥২৪॥

তদনন্তর অতিমহাতপা ও মহাতেজা ইন্দ্র যাইয়া প্রীতিসহকারে শুক্রাচার্য্যের নিকট জ্ঞানরূপ নিজের মঙ্গল শিক্ষা করিলেন ॥২৫॥

সেই মহাত্মা শুক্রাচার্য্যও অনুমতি করিলে, ইন্দ্র পুনরায় শুক্রাচার্য্যকে বলিলেন—'মঙ্গল আছে ত?' ॥২৬॥

তখন সর্ব্বজ্ঞ শুক্রাচার্য্য কহিলেন—'মহাত্মা প্রহ্লাদের এ বিষয়ে বিশেষ জ্ঞান আছে'। তিনি এইরূপ বলিলে ইন্দ্র আনন্দিত হইলেন ॥২৭॥

তাহার পর বুদ্ধিমান্ ইন্দ্র ব্রাহ্মণের রূপ ধারণ করিয়া যাইয়া প্রহ্লাদকে বলিলেন—'আমি আপনার নিকট মঙ্গল জানিতে ইচ্ছা করি' ॥২৮॥

প্রহ্লাদস্ত্বব্রবীদ্বিপ্রং ক্ষণো নাস্তি দ্বিজর্ষভ ! ।
ত্রৈলোক্যরাজ্যসক্তস্য ততো নোপদিশামি তে ॥২৯॥
ব্রাহ্মণস্ত্বব্রবীদ্রাজন্ ! যস্মিন্ কালে ক্ষণো ভবেৎ ।
তদোপাদেষ্টুমিচ্ছামি যদাচর্য্যমনুত্তমম্ ॥৩০॥
ততঃ প্রীতোঽভবদ্রাজা প্রহ্লাদো ব্রহ্মবাদিনঃ ।
তথেত্যুক্ত্বা শুভে কালে জ্ঞানতত্ত্বং দদৌ তদা ॥৩১॥
ব্রাহ্মণোঽপি যথান্যায়ং গুরুবৃত্তিমনুত্তমাম্ ।
চকার সর্ব্বভাবেন যদস্য মনসেপ্সিতম্ ॥৩২॥
পৃষ্টশ্চ তেন বহুশঃ প্রাপ্তুং কথমনুত্তমম্ ।
ত্রৈলোক্যরাজ্যং ধর্ম্মজ্ঞ ! কারণং তদ্ব্রবীহি মে ।
প্রহ্লাদোঽপি মহারাজ ! ব্রাহ্মণং বাক্যমব্রবীৎ ॥৩৩॥

ভারতকৌমুদী

প্রহ্লাদ ইতি। ক্ষণ শ্রেয়ঃকথনে মম সময়ঃ। তত্র হেতুমাহ ত্রৈলোক্যেতি। ত্রৈলোক্যরাজ্যে ত্রিভুবনরাজত্বসম্পাদনে সক্তস্য ব্যাপৃতস্য মম ক্ষণো নাস্তীতি সম্বন্ধঃ ॥২৯॥

ব্রাহ্মণ ইতি। ক্ষণঃ শ্রেয়ঃকথনাবসরঃ। উপাদেষ্টুম্ উপাগন্তুম্, আচর্য্যং শ্রেয়ঃকথনকর্ত্তব্যম্ ॥৩০॥

তত ইতি। ব্রহ্মবাদিনো বেদবক্তুর্ব্রাহ্মণরূপিণ ইন্দ্রস্য ॥৩১॥

ব্রাহ্মণ ইতি। অনুত্তমাম্ অত্যুত্তমাম্। অস্য ব্রাহ্মণস্য মনসা যদীপ্সিতং তৎপ্রাপ্তুমিতি শেষঃ ॥৩২॥

পৃষ্ট ইতি। তেন ব্রাহ্মণরূপিণা ইন্দ্রেণ, অনুত্তমং সর্ব্বোত্তমম্। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৩৩॥

ভারতভাবদীপঃ

ইত্যর্থঃ॥২৩—২৯॥ আচর্য্যমাচরণীয়ম্ ॥৩০—৩৩॥ কাব্যানি শুক্রপ্রোক্তানি নীতিশাস্ত্রাণি সর্ব্বজ্ঞত্বাভি-

কিন্তু প্রহ্লাদ সেই ব্রাহ্মণকে বলিলেন—'ব্রাহ্মণশ্রেষ্ঠ ! আমি ত্রিভুবন শাসনে ব্যাপৃত রহিয়াছি ; সুতরাং আপনার জিজ্ঞাসিত বিষয়ের উত্তর দিবার পক্ষে আমার অবসর নাই, সেই জন্যই আমি আপনার নিকট তাহা বলিতে পারিতেছি না' ॥২৯॥

তখন ব্রাহ্মণরূপী ইন্দ্র বলিলেন—'রাজা ! যে সময়ে আপনার অবসর হইবে, সেই সময়ে আমি পুনরায় আসিতে ইচ্ছা করি, তখন যাহা ভাল হইবে, আপনি তাহা করিবেন' ॥৩০॥

তৎপরে রাজা প্রহ্লাদ ব্রাহ্মণরূপী ইন্দ্রের উপরে সন্তুষ্ট হইলেন এবং 'তাহাই হইবে' এই কথা বলিয়া উপযুক্ত সময়ে ইন্দ্রকে মঙ্গলবিষয়ে জ্ঞান দান করিলেন ॥৩১॥

ব্রাহ্মণরূপী ইন্দ্রও নিজের অভীষ্ট লাভ করিবার জন্য যথানিয়মে সর্ব্বপ্রকারে অত্যুত্তম গুরুসেবা করিতে লাগিলেন ॥৩২॥

প্রহ্লাদ উবাচ।

নাসূয়ামি দ্বিজান্ বিপ্র! রাজাস্মীতি কদাচন।
কাব্যানি বদতাং তেষাং সংযচ্ছামি বহামি চ ॥৩৪॥
তে বিশ্রব্ধাঃ প্রভাষন্তে সংযচ্ছন্তি চ মাং সদা।
তে মাং কাব্যপথে যুক্তং শুশ্রূষুমনসূয়কম্ ॥৩৫॥
ধর্ম্মাত্মানং জিতক্রোধং নিয়তং সংযতেন্দ্রিয়ম্।
সমাসিঞ্চন্তি শাস্তারঃ ক্ষৌদ্রং মধ্বিব মক্ষিকাঃ ॥৩৬॥ (যুগ্মকম্)
সোঽহং বাগগ্রবিজ্ঞানাং রসানামবলেহিতা।
স্বজাত্যানধিতিষ্ঠামি নক্ষত্রাণীব চন্দ্রমাঃ ॥৩৭॥

ভারতকৌমুদী

নেতি। দ্বিজান্ ব্রাহ্মণান্। কাব্যঃ শুক্রস্তৎসম্বন্ধীনীতি কাব্যানি শুক্রোক্তনীতিবাক্যানীত্যর্থঃ, তেষাং ব্রাহ্মণানাম্, সংযচ্ছামি নিজবাক্যং সংবৃণোমি, বহামি তানি নীতিবাক্যানি ॥৩৪॥

ত ইতি। তে দ্বিজাঃ বিশ্রব্ধা বিশ্বস্তাঃ, সংযচ্ছন্তি উপদেশেন সংযতং কুর্ব্বন্তি। কাব্যপথে শুক্রোক্তনীতিমার্গে, যুক্তং সর্ব্বদা বিচরণপ্রবৃত্তম্। নিয়তং নিয়মেন সৎপথে চলিতম্। শাস্তার উপদেষ্টারস্তে ব্রাহ্মণাঃ, ক্ষৌদ্রং চক্রসম্ভবম্ ॥৩৫—৩৬॥

স ইতি। বাগগ্রে বাক্যাৎ পূর্ব্বং যা বিজ্ঞা নীতিজ্ঞানানি তাসাম্, রসানাম্ অবলেহিতা আস্বাদকর্ত্তা। স্বজাত্যান্ স্বজাতিষু জাতান্ ॥৩৭॥

ভারতভাবদীপঃ

মানেন নাসূয়ামি ॥৩৪॥ তে মুনয়ঃ, তে ত্বা সংযচ্ছামি নিয়ময়ামীতি মাং প্রভাষন্তে ॥৩৫॥ ক্ষুদ্রাভির্মধুমক্ষিকাভির্নির্ম্মিতং ক্ষৌদ্রং মধু, তত্র মক্ষিকা মধ্বিব মাং তে শাস্ত্রেণ সিঞ্চন্তি ॥৩৬॥

এবং তিনি বহুবার জিজ্ঞাসা করিলেন যে, 'হে ধর্ম্মজ্ঞ! আপনি কি প্রকারে এই অত্যুত্তম ত্রৈলোক্য রাজ্য লাভ করিলেন, তাহার কারণ আপনি আমার নিকট বলুন।' মহারাজ! তখন প্রহ্লাদও ব্রাহ্মণকে এই কথা বলিলেন ॥৩৩॥

প্রহ্লাদ বলিলেন—'ব্রাহ্মণ! আমি রাজা বলিয়া কখনও ব্রাহ্মণগণের প্রতি অসূয়া করি না এবং তাঁহারা যখন শুক্রপ্রণীত নীতি বলিতে থাকেন, তখন আমি নিজের বাক্য সংবরণ করি এবং তাঁহাদের বাক্য তন্ময়চিত্তে শ্রবণ করি ॥৩৪॥

তখন তাঁহারা বিশ্বস্ত হইয়া আমাকে নীতিবাক্য বলেন এবং সর্ব্বদাই আমাকে সংযত রাখেন, আর আমি সর্ব্বদাই সংযতচিত্ত, সৎপথপ্রবৃত্ত, ক্রোধশূন্য, ধর্ম্মলিপ্সু, অসূয়াবিহীন ও শ্রবণেচ্ছু হইয়া, শুক্রোক্তনীতিমার্গে চলিতে থাকি; সুতরাং মধুমক্ষিকা যেমন চক্রের মধু নিসারণ করে, সেইরূপ সেই ব্রাহ্মণেরা আমাকে উপদেশ দিতে থাকিয়া বাক্যামৃত নিসারণ করিতে থাকেন ॥৩৫—৩৬॥

এতৎ পৃথিব্যামমৃতমেতচ্চক্ষুরনুত্তমম্ ।
যদ্‌ব্রাহ্মণমুখে কাব্যমেতচ্ছ্রুত্বা প্রবর্ত্ততে ॥৩৮॥
এতাবচ্ছ্রেয় ইত্যাহ প্রহ্লাদো ব্রহ্মবাদিনম্ ।
শুশ্রূষিতস্তেন তদা দৈত্যেন্দ্রো বাক্যমব্রবীৎ ॥৩৯॥
যথাবদ্‌গুরুবৃত্ত্যা তে প্রীতোঽস্মি দ্বিজসত্তম ! ।
বরং বৃণীষ্ব ভদ্রং তে প্রদাতাস্মি ন সংশয়ঃ ॥৪০॥
কৃতমিত্যেব দৈত্যেন্দ্রমুবাচ স চ বৈ দ্বিজঃ ।
প্রহ্লাদস্ত্বব্রবীৎ প্রীতো গৃহ্যতাং বর ইত্যুত ॥৪১॥

ব্রাহ্মণ উবাচ ।

যদি রাজন্ ! প্রসন্নস্ত্বং মম চেদিচ্ছসি প্রিয়ম্ ।
ভবতঃ শীলমিচ্ছামি প্রাপ্তুমেষ বরো মম ॥৪২॥

ভারতকৌমুদী

এতদিতি । অমৃতম্ অমৃতবন্মঙ্গলকরম্ । কাব্যং শুক্রপ্রণীতনীতিবাক্যম্, এতচ্ছ্রুত্বা রাজা রাজ্যশাসনে প্রবর্ত্ততে ॥৩৮॥

এতাবদিতি । শুশ্রূষিতঃ সেবিতঃ, তেন ব্রাহ্মণরূপিণা ইন্দ্রেণ ॥৩৯॥

যথাবদিতি । গুরুবৃত্ত্যা গুরুসেবয়া । ভদ্রং মঙ্গলম্ ॥৪০॥

কৃতমিতি । কৃতম্ উপদেশরূপমঙ্গলং ত্বয়া বিহিতমেব ॥৪১॥

যদীতি । শীলং স্বভাবম্ । মহ্যং নিজস্বভাবং দেহীতি ভাবঃ ॥৪২॥

আমি তাঁহাদের নীতিজ্ঞানের রস অবলেহন করি এবং চন্দ্র যেমন নক্ষত্রগণকে আশ্রয় করিয়া থাকেন, আমিও তেমন স্বজাতীয়গণকে আশ্রয় করিয়া থাকি ॥৩৭॥

ব্রাহ্মণমুখে যে শুক্রপ্রণীত নীতিবাক্য থাকে, তাহাই পৃথিবীতে অমৃততুল্য এবং তাহাই রাজাদের সর্ব্বোত্তম চক্ষু; আর রাজারা তাহা শুনিয়াই রাজ্যশাসনে প্রবৃত্ত হন ॥৩৮॥

'ইহাই মঙ্গল' এইরূপ প্রহ্লাদ ব্রাহ্মণকে বলিলেন। পরে আবার ব্রাহ্মণরূপী ইন্দ্রের শুশ্রূষায় সন্তুষ্ট হইয়া প্রহ্লাদ তাঁহাকে কহিলেন—॥৩৯॥

'ব্রাহ্মণশ্রেষ্ঠ ! আপনার যথাবিধি গুরু শুশ্রূষায় আমি সন্তুষ্ট হইয়াছি ; অতএব আপনি বর গ্রহণ করুন, আমি আপনাকে অভীষ্ট মঙ্গল দান করিব, ইহাতে কোন সন্দেহ নাই' ॥৪০॥

তখন ব্রাহ্মণরূপী ইন্দ্র প্রহ্লাদকে বলিলেন—'আপনি ত আমাকে মঙ্গল প্রদান করিয়াছেন' ; কিন্তু প্রহ্লাদ তাহাতে আরও সন্তুষ্ট হইয়া বলিলেন—'আপনি বর গ্রহণ করুন' ॥৪১॥

ততঃ প্রীতস্তু দৈত্যেন্দ্রো ভয়মস্যাভবন্মহৎ ।
বরে প্রদিষ্টে বিপ্রেণ নাল্পতেজায়মিত্যুত ॥৪৩॥
এবমস্ত্বিতি স প্রাহ প্রহ্লাদো বিস্মিতস্তদা ।
উপাকৃত্য তু বিপ্রায় বরং দুঃখান্বিতোঽভবৎ ॥৪৪॥
দত্তে বরে গতে বিপ্রে চিন্তাসীন্মহতী তদা ।
প্রহ্লাদস্য মহারাজ ! নিশ্চয়ং ন চ জগ্মিবান্ ॥৪৫॥
তস্য চিন্তয়তস্তাবচ্ছায়াভূতং মহাদ্যুতি ।
তেজোবিগ্রহবত্তাত ! শরীরমজহাত্তদা ॥৪৬॥

ভারতকৌমুদী

তত ইতি। অস্য দৈত্যেন্দ্রস্য। প্রদিষ্টে গৃহীতে, অয়ং বিপ্রঃ অল্পতেজা ন ইতি হেতোরেব মহদ্ভয়মভবৎ। সন্ধিরার্ষঃ ॥৪৩॥

এবমিতি। এবমস্তু মদীয়ং শীলং ত্বদীয়মস্তু। উপাকৃত্য প্রদায়, দুঃখান্বিতোঽভবৎ আত্মনঃ শীলদানেন দুর্নিবারক্ষতিসম্ভাবনা ইতি ভাবঃ ॥৪৪॥

দত্ত ইতি। নিশ্চয়ং কীদৃশী ক্ষতির্ভবেদিত্যর্থে নির্ণয়ম্, ন চ জগ্মিবান্ ন চ প্রাপ্তবান্ ॥৪৫॥

তস্যেতি। ছায়াভূতং ছায়াবদস্পষ্টদৃশ্যম্। বিগ্রহবৎ আকৃতিমৎ তেজঃ, শরীরং তস্য প্রহ্লাদস্য দেহম্ ॥৪৬॥

ভারতভাবদীপঃ

স ইতি। বাগগ্রবিদ্যানাং বাগগ্রে এব ন তু পুস্তকে বিদ্যা যেষাং তেষাম্ ।৩৭—৪২॥ তেজায়মিতি সন্ধিরার্ষঃ ॥৪৩—৪৫॥ তেজোবিগ্রহবত্তেজোময়শরীরং শীলম্ ।৪৬—৭১॥

ইতি শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১২১॥

তখন ব্রাহ্মণরূপী ইন্দ্র বলিলেন, দৈত্যরাজ ! আপনি যদি আমার উপরে প্রসন্ন হইয়া থাকেন এবং আপনি যদি আমার প্রিয়কার্য্য করিবার ইচ্ছা করেন, তাহা হইলে আমি আপনার স্বভাব লাভ করিবার ইচ্ছা করি, ইহাই আমার বর হউক' ॥৪২॥

তাহার পর প্রহ্লাদ সন্তুষ্ট হইলেন বটে ; কিন্তু ব্রাহ্মণ বর গ্রহণ করিলে, 'ইনি অল্পতেজা হইবেন না,' ইহা ভাবিয়া প্রহ্লাদের গুরুতর ভয় জন্মিল ॥৪৩॥

তখন প্রহ্লাদ বিস্ময়াপন্ন হইয়া বলিলেন—'এইরূপই হউক'। প্রহ্লাদ এইভাবে ব্রাহ্মণকে বর দান করিয়া দুঃখিত হইলেন ॥৪৪॥

মহারাজ ! প্রহ্লাদ বর দান করিলে এবং সেই ব্রাহ্মণরূপী ইন্দ্র চলিয়া গেলে, প্রহ্লাদের গুরুতর চিন্তা উপস্থিত হইল। কেন না, তিনি সে বিষয়ে কোন নিশ্চয় করিতে পারিলেন না ॥৪৫॥

বৎস ! তিনি চিন্তা করিতেছিলেন, এমন সময়ে ছায়ার ন্যায় অস্পষ্ট, অতিশয় উজ্জ্বল ও আকৃতিশালী একটা তেজ প্রহ্লাদের শরীর ত্যাগ করিয়া নির্গত হইল ॥৪৬॥

তমপৃচ্ছন্মহাকায়ং প্রহ্লাদঃ কো ভবানিতি।
প্রত্যাহ তন্তু শীলোঽস্মি ত্যক্তো গচ্ছাম্যহং ত্বয়া ॥৪৭॥
তস্মিন্ দ্বিজোত্তমে রাজন্! বৎস্যাম্যহমনিন্দিতে!।
যোঽসৌ শিষ্যত্বমাগম্য ত্বয়ি নিত্যং সমাহিতঃ।
ইত্যুক্ত্বান্তর্হিতং তদ্বৈ শক্রং চান্বাবিশৎ প্রভো! ॥৪৮॥
তস্মিংস্তেজসি যাতে তু তাদৃগ্রূপস্ততোঽপরঃ।
শরীরান্নিঃসৃতস্তস্য কো ভবানিতি চাব্রবীৎ ॥৪৯॥
ধর্ম্মং প্রহ্লাদ! মাং বিদ্ধি যত্রাসৌ দ্বিজসত্তমঃ।
তত্র যাস্যামি দৈত্যেন্দ্র! যতঃ শীলং ততো হ্যহম্ ॥৫০॥
ততোঽপরো মহারাজ! প্রজ্বলন্নিব তেজসা।
শরীরান্নিঃসৃতস্তস্য প্রহ্লাদস্য মহাত্মনঃ ॥৫১॥

ভারতকৌমুদী

তমিতি। প্রত্যাহ প্রতিব্রবীতি স্ম, শীলঃ স্বভাবঃ ॥৪৭॥

তস্মিন্নিতি। সমাহিতঃ শিক্ষায়াং কৃতমনোযোগঃ। তৎ শীলম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥৪৮॥

তস্মিন্নিতি। তস্য প্রহ্লাদস্য, অব্রবীৎ প্রহ্লাদঃ ॥৪৯॥

ধর্ম্মমিতি। দ্বিজসত্তমো ব্রাহ্মণরূপী ইন্দ্রঃ। যতো যত্র, ততস্তত্র ॥৫০॥

তত ইতি। প্রজ্বলন্নিব আলোকপ্রসারণাদিত্যাশয়ঃ ॥৫১॥

তখন প্রহ্লাদ সেই দীর্ঘাকৃতি তেজঃপুঞ্জের নিকট জিজ্ঞাসা করিলেন—"আপনি কে?" তেজঃপুঞ্জ উত্তর করিল—'আমি স্বভাব, তুমি আমাকে ত্যাগ করিয়াছ; সুতরাং আমি যাইতেছি' ॥৪৭॥

রাজা! ঐ যিনি তোমার শিষ্য হইয়া শিক্ষা লাভের জন্য সর্ব্বদা তোমার নিকট নিবিষ্ট চিত্ত থাকিতেন, সেই অনিন্দিত ব্রাহ্মণে যাইয়া আমি বাস করিব' প্রভাবশালী মহারাজ! এই কথা বলিয়া সেই তেজঃপুঞ্জ অন্তর্হিত হইল এবং ইন্দ্রের দেহে যাইয়া প্রবেশ করিল ॥৪৮॥

সেই তেজ চলিয়া গেলে, তাহার পর সেইরূপই আর একটী তেজ প্রহ্লাদের শরীর হইতে নির্গত হইল। তখন প্রহ্লাদ আবার জিজ্ঞাসা করিলেন—'আপনি কে?' ॥৪৯॥

সেই তেজ বলিল—'দৈত্যশ্রেষ্ঠ প্রহ্লাদ! তুমি আমাকে ধর্ম্ম বলিয়া অবগত হও। সেই ব্রাহ্মণ যেখানে গিয়াছেন, আমিও সেইখানে যাইব। কেন না, যেখানে স্বভাব থাকে, আমিও সেইখানেই থাকি ॥৫০॥

কো ভবানিতি পৃষ্টশ্চ তমাহ স মহাদ্যুতিঃ।
সত্যং বিদ্ধ্যসুরেন্দ্রাগ্র প্রয়াস্যে ধর্ম্মমন্বহম্ ॥৫২॥
তস্মিন্ননুগতে সত্যে মহান্ বৈ পুরুষোঽপরঃ।
নিশ্চক্রাম ততস্তস্মাৎ পৃষ্টশ্চাহ মহাবলঃ ॥৫৩॥
বৃত্তং প্রহ্লাদ ! মাং বিদ্ধি যতঃ সত্যং ততো হ্যহম্।
তস্মিন্ গতে মহাশব্দঃ শরীরাত্তস্য নির্যযৌ ॥৫৪॥
পৃষ্টশ্চাহ বলং বিদ্ধি যতো বৃত্তমহং ততঃ।
ইত্যুক্ত্বা প্রযযৌ তত্র যতো বৃত্তং নরাধিপ ! ॥৫৫॥
ততঃ প্রভাময়ী দেবী শরীরাত্তস্য নির্যযৌ।
তামপৃচ্ছৎ স দৈত্যেন্দ্রঃ সা শ্রীরিত্যেনমব্রবীৎ ॥৫৬॥

ভারতকৌমুদী

ক ইতি। পৃষ্টঃ প্রহ্লাদেন। বিদ্ধি মাং জানীহি, ধর্ম্মমনু ধর্ম্মেণ সহ ॥৫২॥
তস্মিন্নিতি। অনুগতে ধর্ম্মেণ সহ প্রস্থিতে। তস্মাৎ প্রহ্লাদশরীরাৎ ॥৫৩॥
বৃত্তমিতি। বৃত্তং চরিত্রম্। মহাশব্দঃ কস্যচিৎ নির্গমস্য বিশালো ধ্বনিঃ ॥৫৪॥
পৃষ্ট ইতি। পৃষ্টঃ প্রহ্লাদেন, মাং বলং বিদ্ধি ॥৫৫॥
তত ইতি। তস্য প্রহ্লাদস্য। এনং দৈত্যেন্দ্রং প্রহ্লাদম্ ॥৫৬॥

মহারাজ! তাহার পর আর একটী পুরুষ তেজে যেন জ্বলিতে থাকিয়া, সেই মহাত্মা প্রহ্লাদের শরীর হইতে নির্গত হইল ॥৫১॥

তখন প্রহ্লাদ জিজ্ঞাসা করিলেন—'আপনি কে'; সেই মহাতেজা পুরুষ বলিল—'অসুররাজ! আপনি আমাকে সত্য বলিয়া অবগত হউন, এখন আমি ধর্ম্মের অনুসরণ করিব' ॥৫২॥

সেই সত্য ধর্ম্মের অনুসরণ করিলে, আর একটী বিশাল পুরুষ প্রহ্লাদের দেহ হইতে নির্গত হইল এবং প্রহ্লাদ জিজ্ঞাসা করিলে, সেই মহাবল পুরুষ বলিল—॥৫৩॥

'প্রহ্লাদ! তুমি আমাকে চরিত্র বলিয়া অবগত হও, যেখানে সত্য থাকেন, আমিও সেইখানেই থাকি' এই কথা বলিয়া সেই চরিত্র চলিয়া গেলে, প্রহ্লাদের দেহ হইতে একটা বিশাল শব্দ নির্গত হইল ॥৫৪॥

তখন প্রহ্লাদ জিজ্ঞাসা করিলে, সেই পুরুষ বলিল—'তুমি আমাকে বল বলিয়া অবগত হও, যেখানে চরিত্র থাকে, আমিও সেইখানেই থাকি'; রাজা! এই কথা বলিয়া চরিত্র যেখানে ছিল, বল সেই খানে চলিয়া গেল ॥৫৫॥

তাহার পর তেজস্বিনী এক দেবী প্রহ্লাদের শরীর হইতে নির্গত হইলেন, তখন প্রহ্লাদ জিজ্ঞাসা করিলে, সেই দেবী প্রহ্লাদকে বলিলেন—'আমি লক্ষ্মী ॥৫৬॥

উষিতাস্মি স্বয়ং বীর ! ত্বয়ি সত্যপরাক্রম ! ।
ত্বয়া ত্যক্তা গমিষ্যামি বলং হ্যনুগতা হ্যহম্ ॥৫৭॥
ততো ভয়ং প্রাদুরাসীৎ প্রহ্লাদস্য মহাত্মনঃ ।
অপৃচ্ছৎ স ততো ভূয়ঃ ক যাসি কমলালয়ে ! ॥৫৮॥
ত্বং হি সত্যব্রতা দেবী লোকস্য পরমেশ্বরী ।
কশ্চাসৌ ব্রাহ্মণশ্রেষ্ঠস্তত্ত্বমিচ্ছামি বেদিতুম্ ॥৫৯॥

শ্রীরুবাচ ।

স শক্রো ব্রহ্মচারী যস্ত্বত্তশ্চৈবোপশিক্ষিতঃ ।
ত্রৈলোক্যে তে যদৈশ্বর্য্যং তত্তেনাপহৃতং প্রভো ! ॥৬০॥
শীলেন হি ত্রয়ো লোকাস্ত্বয়া ধর্ম্মজ্ঞ ! নির্জ্জিতাঃ ।
তদ্বিজ্ঞায় সুরেন্দ্রেণ তব শীলং হৃতং প্রভো ! ॥৬১॥

ভারতকৌমুদী

উষিতেতি। উষিতা স্থিতা। ত্বয়া ত্যক্তা একশীলত্যাগেনৈব সর্ব্বেষাং ত্যাগাদিতি ভাবঃ। বলং শক্তিম্ ॥৫৭॥

তত ইতি। ভয়ং প্রাদুরাসীৎ লক্ষ্মীত্যাগাদিতি ভাবঃ। হে কমলালয়ে! লক্ষ্মি! ॥৫৮॥

ত্বমিতি। সত্যে ব্রতং স্থিতিনিয়মো যস্যাঃ সা। তত্ত্বং তস্য যাথার্থ্যম্ ॥৫৯॥

স ইতি। উপশিক্ষা অস্য সঞ্জাতেতি উপশিক্ষিতঃ, তারকাদিত্বাদিতচ্ ॥৬০॥

শীলেনেতি। হৃতং বরদানেন দানাদ্গৃহীতম্ ॥৬১॥

যথার্থপরাক্রমশালী বীর! আমি আপনাতে বাস করিয়াছি, এখন আপনি আমাকে ত্যাগ করিয়াছেন বলিয়া আমি চলিয়া যাইব। কেন না, আমি চিরদিনই বলের অনুসরণ করিয়া থাকি' ॥৫৭॥

তাহার পর মহাত্মা প্রহ্লাদের গুরুতর ভয় জন্মিল; সুতরাং তিনি পুনরায় জিজ্ঞাসা করিলেন—"লক্ষ্মীদেবি! আপনি কোথায় যাইতেছেন ॥৫৮॥

আপনি সত্যব্রতা এবং জগতের পরমেশ্বরী; আর ঐ ব্রাহ্মণটী কে? উঁহার তত্ত্ব আমি জানিতে ইচ্ছা করি' ॥৫৯॥

লক্ষ্মীদেবী বলিলেন—'রাজা! যিনি ব্রহ্মচারী থাকিয়া আপনার নিকট হইতে শিক্ষা লাভ করিয়া গিয়াছেন, তিনি ইন্দ্র। ত্রিভুবনে আপনার যে ঐশ্বর্য্য ছিল, তাহা তিনি অপহরণ করিয়াছেন ॥৬০॥

ধর্ম্মজ্ঞ অসুররাজ! আপনি স্বভাবের গুণেই ত্রিভুবন জয় করিয়াছিলেন, তাহা বুঝিয়া দেবরাজ আপনার সেই স্বভাব অপহরণ করিয়াছেন ॥৬১॥

ধর্ম্মঃ সত্যং তথা বৃত্তং বলঞ্চৈব তথাপ্যহম্।
শীলমূলা মহাপ্রাজ্ঞ! সদা নাস্ত্যত্র সংশয়ঃ ॥৬২॥

ভীষ্ম উবাচ।

এবমুক্ত্বা গতা শ্রীস্তু তে চ সর্ব্বে যুধিষ্ঠির!।
দুর্য্যোধনস্তু পিতরং ভূয় এবাব্রবীত্তদা ॥৬৩॥
শীলস্য তত্ত্বমিচ্ছামি বেত্তুং কৌরবনন্দন!।
প্রাপ্যতে চ যথা শীলং তং চোপায়ং ব্রবীহি মে ॥৬৪॥

ধৃতরাষ্ট্র উবাচ।

সোপায়ং পূর্ব্বমুদ্দিষ্টং প্রহ্লাদেন মহাত্মনা।
সংক্ষেপেণ তু শীলস্য শৃণু প্রাপ্তিং নরেশ্বর! ॥৬৫॥
অদ্রোহঃ সর্ব্বভূতেষু কর্ম্মণা মনসা গিরা।
অনুগ্রহশ্চ দানঞ্চ শীলমেতৎ প্রশস্যতে ॥৬৬॥

ভারতকৌমুদী

ধর্ম্ম ইতি। অহং লক্ষ্মীঃ। শীলমূলা ইতি একশীলগমনেনৈব সর্ব্বে গতা ইতি ভাবঃ; নাতি ধর্ম্মাদিকঃ সর্ব্বঃ ॥৬২॥

এবমিতি। তে ধর্ম্মাদয়ঃ। ভূয় এব পুনরপি ॥৬৩॥

শীলস্যেতি। তত্ত্বং স্বরূপম্, বেত্তুং বেদিতুম্ ॥৬৪॥

সোপায়মিতি। উপায়ং সহেতি সোপায়ং শীলম্, উদ্দিষ্টম্ উপক্রম এবোক্তম্ ॥৬৫॥

অদ্রোহ ইতি। ক্রোধেনাপকারো দ্রোহস্তদভাবঃ অদ্রোহঃ, সর্ব্বভূতেষু সকলপ্রাণিষু ॥৬৬॥

মহাপ্রাজ্ঞ! ধর্ম্ম, সত্য, চরিত্র, বল এবং আমি—আমাদের সকলেরই মূল একমাত্র স্বভাব; সুতরাং আপনার সেই স্বভাব না থাকায় ধর্ম্মপ্রভৃতি আর কোনটাই নাই, এ বিষয়ে কোন সন্দেহও নাই' ॥৬২॥

ভীষ্ম বলিলেন—'যুধিষ্ঠির! এইরূপ বলিয়া লক্ষ্মীদেবী চলিয়া গেলেন এবং ধর্ম্মপ্রভৃতি আর সকলেও প্রস্থান করিলেন। তখন দুর্য্যোধন পুনরায় ধৃতরাষ্ট্রকে এই কথা বলিলেন— ॥৬৩॥

'কৌরবনন্দন! আমি স্বভাবের স্বরূপ জানিতে ইচ্ছা করি; আর সেই স্বভাব যে ভাবে লাভ করা যায়, তাহার উপায়ও আপনি আমার নিকট বলুন' ॥৬৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'রাজা! মহাত্মা প্রহ্লাদ প্রথমেই ইন্দ্রের নিকটে স্বভাব ও তাহার প্রাপ্তির উপায় বলিয়াছিলেন। সে যাহা হউক, তুমি এখন সংক্ষেপে সেই স্বভাবপ্রাপ্তির উপায় শ্রবণ কর ॥৬৫॥

ক্রোধবশতঃ কায়মনোবাক্যে কোন প্রাণীরই অপকার না করা এবং সকলকেই অনুগ্রহ ও দান করা—এইরূপ স্বভাবই প্রশস্ত ॥৬৬॥

যদন্যেষাং হিতং ন স্যাদাত্মনঃ কর্ম্ম পৌরুষম্ ।
অপত্রপেত বা যেন ন তৎ কুর্য্যাৎ কথঞ্চন ॥৬৭॥
তত্তু কর্ম্ম তথা কুর্য্যাদ্‌যেন শ্লাঘ্যেত সংসদি ।
শীলং সমাসেনৈতত্তে কথিতং কুরুসত্তম ! ॥৬৮॥
যদ্যপ্যশীলা নৃপতে ! প্রাপ্নুবন্তি শ্রিয়ং ক্বচিৎ ।
ন ভুঞ্জতে চিরং তাত ! সমূলাশ্চ ন সন্তি তে ॥৬৯॥
এতদ্বিদিত্বা তত্ত্বেন শীলবান্ ভব পুত্রক ! ।
যদীচ্ছসি শ্রিয়ং তাত ! সুবিশিষ্টাং যুধিষ্ঠিরাৎ ॥৭০॥

ভীষ্ম উবাচ ।

এতৎ কথিতবান্ পুত্রে ধৃতরাষ্ট্রো নরাধিপঃ ।
এতৎ কুরুষ্ব কৌন্তেয় ! ততঃ প্রাপ্স্যসি তৎফলম্ ॥৭১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে শীলবর্ণনে একবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

যদীতি । পৌরুষং কৃতিসাধ্যম্ । অপত্রপেত লজ্জেত ॥৬৭॥
তদিতি । শ্লাঘ্যেত লোকৈঃ কর্ত্তা প্রশস্যেত । সমাসেন সংক্ষেপেণ ॥৬৮॥
যদীতি । অশীলা অপ্রশস্তস্বভাবা জনাঃ । ন সন্তি ন তিষ্ঠন্তি নশ্যন্তীত্যর্থঃ ॥৬৯॥
এতদিতি । শীলবান্ উক্তবিধস্বভাববান্ । সুবিশিষ্টামত্যধিকাম্ ॥৭০॥
এতদিতি । পুত্রে পুত্রদুর্য্যোধনান্তিকে । তৎফলং শীলফলম্ ॥৭১॥

ইতি মহামহোপাধ্যায় ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে একবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

নিজের যে কার্য্য অন্যের হিতজনক না হয়, কিংবা যে কার্য্যদ্বারা লজ্জিত হইতে হয়, সেই কার্য্য কোন প্রকারেই করিবে না ॥৬৭॥

মানুষ সভামধ্যে যে কার্য্যের গুণে তাহার কর্ত্তাকে প্রশংসা করে, সেই কার্য্য সেইভাবে করিবে। কৌরবশ্রেষ্ঠ! এই আমি তোমার নিকট সংক্ষেপে স্বভাবের বিষয় বলিলাম ॥৬৮॥

রাজা! বৎস! দুষ্ট স্বভাবান্বিত লোকেরা যদি কখনও সম্পদ্ প্রাপ্ত হয়, তথাপি তাহারা তাহা চিরকাল ভোগ করিতে পারে না, প্রত্যুত সমূলে বিনষ্টই হয় ॥৬৯॥

বৎস! পুত্র! তুমি যদি যুধিষ্ঠির অপেক্ষা অধিক সম্পদ্ লাভ করিবার ইচ্ছা কর, তাহা হইলে এই বিষয় যথার্থরূপে জানিয়া সৎস্বভাবসম্পন্ন হও ॥৭০॥

(৬৯) ইতঃ পরম্ 'ধৃতরাষ্ট্র উবাচ'—বঙ্গ বৰ্দ্ধ নি।
* '...চতুর্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বৰ্দ্ধ নি।

দ্বাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

যুধিষ্ঠির উবাচ।

শীলং প্রধানং পুরুষে কথিতং তে পিতামহ!।
কথমাশা সমুৎপন্না কা চ সা তদ্বদস্ব মে ॥১॥
সংশয়ো মে মহানেষ সমুৎপন্নঃ পিতামহ!।
ছেত্তা চ তস্য নান্যোঽস্তি ত্বত্তঃ পরপুরঞ্জয়!॥২॥
পিতামহাশা মহতী মমাসীদ্ধি সুযোধনে।
প্রাপ্তে যুদ্ধে তু তদ্‌যুক্তং তৎকর্ত্তায়মিতি প্রভো!॥৩॥

ভারতকৌমুদী

শীলমিতি। পুরুষে পুরুষস্য, বৃক্ষে শাখা বৃক্ষস্য শাখা ইত্যাদিবৎ ষষ্ঠীসপ্তম্যোরর্থভেদাভাবাৎ। তে ত্বয়া ॥১॥

সংশয় ইতি। ছেত্তা অপনোদনকর্ত্তা। অতএব তদেব বদস্বেতি ভাবঃ ॥২॥

পিতামহেতি। প্রাপ্তে উপস্থিতে, তৎ ময়ি রাজ্যার্দ্ধদানম্, যুক্তং ন্যায্যম্। অতএব অয়ং সুযোধনঃ তৎ রাজ্যার্দ্ধদানং কর্ত্তা করিষ্যতি, ইতি আশা ॥৩॥

ভীষ্ম বলিলেন—'কুন্তীনন্দন! রাজা ধৃতরাষ্ট্র পুত্র দুর্য্যোধনের নিকট ইহা বলিয়াছিলেন; অতএব তুমিও এইরূপই কর, তাহা হইলে তাহার ফল লাভ করিবে' ॥৭১॥

যুধিষ্ঠির বলিলেন—'পিতামহ! আপনি পুরুষের গুণের মধ্যে স্বভাবকেই প্রধান বলিলেন; কিন্তু আশা কি করিয়া উৎপন্ন হইল এবং সেই আশাটাই বা কি, তাহা আপনি আমার নিকট বলুন ॥১॥

বিপক্ষনগরবিজয়ী পিতামহ! আমার এই গুরুতর সন্দেহ উৎপন্ন হইয়াছে; অথ চ আপনি ভিন্ন অন্য কেহই ইহার ছেত্তা নাই ॥২॥

প্রভাবশালী পিতামহ! যুদ্ধ উপস্থিতির সম্ভাবনা হইলে, আমাকে রাজ্যের অর্দ্ধ দান করা দুর্য্যোধনের উচিত; সুতরাং তিনি তাহা অবশ্যই করিবেন—এইরূপ দুর্য্যোধনের বিষয়ে আমার গুরুতর আশা জন্মিয়াছিল ॥৩॥

(১)…কথং ত্বাশা……যা চ সা—পি বঙ্গ বর্দ্ধ।

সর্ব্বস্যাশা সুমহতী পুরুষস্যোপজায়তে।
তস্যাং বিহন্যমানায়াং দুঃখো মৃত্যুর্ন সংশয়ঃ ॥৪॥
সোঽহং হতাশো দুর্ব্বুদ্ধিঃ কৃতস্তেন দুরাত্মনা।
ধার্ত্তরাষ্ট্রেণ রাজেন্দ্র! পশ্য মন্দাত্মতাং মম ॥৫॥
আশাং মহত্তরাং মন্যে পর্ব্বতাদপি সদ্রুমাৎ।
আকাশাদপি বা রাজন্নপ্রমেয়ৈব বা পুনঃ ॥৬॥
এষা চৈব কুরুশ্রেষ্ঠ! দুর্ব্বিচিন্ত্যা সুদুর্ল্লভা।
দুর্ল্লভত্বাচ্চ পশ্যামি কিমন্যদ্দুর্ল্লভং ততঃ ॥৭॥
ভীষ্ম উবাচ।
অত্র তে বর্ত্তয়িষ্যামি যুধিষ্ঠির! নিবোধ তৎ।
ইতিহাসং সুমিত্রস্য নির্ব্বিণ্ণস্যর্ষভস্য চ ॥৮॥

ভারতকৌমুদী

সর্ব্বস্যেতি। দুঃখো দুঃখজনকো ভাবঃ মৃত্যুর্ব্বা স্যাৎ ॥৪॥

স ইতি। দুর্ব্বুদ্ধিঃ যুদ্ধে প্রবর্ত্তকতয়া দুষ্টবুদ্ধিঃ। মন্দাত্মতাং মূঢ়তাম্ ॥৫॥

আশামিতি। হে রাজন্! ক্ষত্রিয়শ্রেষ্ঠ! অপ্রমেয়ৈব পরিমাতুমশক্যৈব, সা আশেতি শেষঃ ॥৬॥

এষেতি। সুদুর্ল্লভফলত্বাদেব সুদুর্ল্লভা। পশ্যামি কিমিতি কাকুঃ ॥৭॥

অত্রেতি। হে যুধিষ্ঠির! অত্র বিষয়ে, সুমিত্রস্য রাজ্ঞঃ, ঋষভস্য চ মুনেঃ সংবাদে নির্ব্বৃত্তং নিষ্পন্নমিতিহাসম, তে তবান্তিকে বর্ত্তয়িষ্যামি উপস্থাপয়িষ্যামি, তৎ ত্বং নিবোধ শৃণু ॥৮॥

ভারতভাবদীপঃ

শীলমিতি ॥১—২॥ যুক্তং যুদ্ধং বিনৈব রাজ্যার্দ্ধদানং কর্ত্তা করিষ্যতি ॥৩—৫। পর্ব্বতাদ্মহ-

সকল পুরুষেরই গুরুতর আশা জন্মিয়া থাকে; আবার তাহা প্রতিহত হইলে তাহার গুরুতর দুঃখ, এমন কি মৃত্যুও হইতে পারে, ইহাতে কোন সন্দেহ নাই ॥৪॥

কিন্তু দুরাত্মা দুর্য্যোধন আমার সেই আশা বিনষ্ট করিয়াছিল, তাহাতেই আমার দুর্ব্বুদ্ধি জন্মিয়াছিল; অতএব ক্ষত্রিয়শ্রেষ্ঠ! দেখুন—আমার কি মূঢ়তা আসিয়াছিল ॥৫॥

ক্ষত্রিয়শ্রেষ্ঠ! আমি মনে করি, মানুষের আশা বৃক্ষসমন্বিত পর্ব্বত কিংবা আকাশ হইতেও বৃহত্তর হইতে পারে; অথবা সেই আশার পরিমাণই করিতে পারা যায় না ॥৬॥

কৌরবশ্রেষ্ঠ! এই আশা অচিন্তনীয় এবং উহার ফলও অতিদুর্ল্লভ, সেই অতিদুর্ল্লভত্বনিবন্ধনই আশা অপেক্ষা দুর্ল্লভ অন্য কিছুই দেখিতে পাই না' ॥৭॥

ভীষ্ম বলিলেন—'যুধিষ্ঠির! এ বিষয়ে সুমিত্ররাজা ও ঋষভমুনির ইতিহাস তোমার নিকট বলিতেছি, তাহা তুমি শ্রবণ কর ॥৮॥

সুমিত্রো নাম রাজর্ষির্হৈহয়ো মৃগয়াং গতঃ।
সসার স মৃগং বিদ্ধা বাণেনানতপর্ব্বণা ॥৯॥
স মৃগো বাণমাদায় যযাবমিতবিক্রমঃ।
স চ রাজা বলাত্তূর্ণং সসার মৃগযূথপম্ ॥১০॥
ততো নিম্নং স্থলং চৈব স মৃগোঽদ্রবদাশুগঃ।
মুহূর্ত্তমিব রাজেন্দ্র! সমেন স পথাগমৎ ॥১১॥
ততঃ স রাজা তারুণ্যাদৌরসেন বলেন চ।
সসার বাণাসনভৃৎ সখড়্গোঽসৌ তনুত্রবান্ ॥১২॥
ততো নদান্ নদীশ্চৈব পল্বলানি বনানি চ।
অতিক্রম্যাভ্যতিক্রম্য সসারৈকো বনেচরঃ ॥১৩॥

ভারতকৌমুদী

সুমিত্র ইতি। হৈহয়ো হৈহয়বংশোৎপন্নঃ। সসার মৃগমেবানুজগাম ॥৯॥

স ইতি। অমিতবিক্রমত্বাদেব বাণবিদ্ধোঽপি যযাবিতি ভাবঃ ॥১০॥

তত ইতি। অদ্রবদ্দ্রুতমগচ্ছৎ, আশুগঃ শীঘ্রগামী ॥১১॥

তত ইতি। তারুণ্যাদ্‌যৌবনবলাৎ, ঔরসেন দৈহিকেন। বাণাসনভৃৎ ধনুর্দ্ধরঃ, তনুত্রবান্ বর্ম্মাবৃতদেহঃ ॥১২॥

তত ইতি। পল্বলানি ক্ষুদ্রসরাংসি। বনেচরো মৃগঃ ॥১৩॥

ভারতভাবদীপঃ

শুরামবিচালাত্বেন ক্রমান্মহত্তরাং ন চ ফলও দর্শবত্বেন ॥৬॥ দুর্লভা দুর্জ্ঞেয়া ॥৭—১১॥ বাণাসন-

হৈহয়বংশজাত সুমিত্রনামে এক রাজা কোন সময়ে মৃগয়া করিতে যাইয়া আনত-পর্ব্ব একটী বাণদ্বারা একটী মৃগকে বিদ্ধ করিয়া, তাহার অনুসরণ করিতে লাগিলেন ॥৯॥

অসাধারণবিক্রমশালী সেই হরিণ সেই বাণ লইয়া চলিতে লাগিল এবং রাজাও নিজের শক্তি অনুসারে বেগে সেই মৃগযূথপতির অনুসরণ করিতে থাকিলেন ॥১০॥

রাজশ্রেষ্ঠ! তাহার পর সেই দ্রুতগামী মৃগ কখনও বেগে নিম্নস্থলে গমন করিতে লাগিল; আবার কখনও মুহূর্ত্তমধ্যেই যেন সমান পথে ধাবিত হইতে থাকিল ॥১১॥

তাহার পর বর্ম্মাবৃতদেহ, ধনুর্দ্ধারী ও তরবারিহস্ত সেই রাজা যৌবনবয়স ও দেহের বলে সেই মৃগের পিছনে ছুটিতে লাগিলেন ॥১২॥

ওদিকে একক সেই মৃগ নদ, নদী, ক্ষুদ্র জলাশয় ও বন অতিক্রম করিয়া করিয়া ধাবিত হইতে থাকিল ॥১৩॥

স তু কামান্মৃগো রাজন্নাসাদ্যাসাদ্য তং নৃপম্ ।
পুনরভ্যেতি জবনো জবেন মহতা ততঃ ॥১৪॥
স তস্য বাণৈর্ব্বহুভিঃ সমভ্যস্তো বনেচরঃ ।
প্রক্রীড়ন্নিব রাজেন্দ্র ! পুনরভ্যেতি চান্তিকম্ ॥১৫॥
পুনশ্চ জবমাস্থায় জবনো মৃগযূথপঃ ।
অতীত্যাতীত্য রাজেন্দ্র ! পুনরভ্যেতি চান্তিকম্ ॥১৬॥
তস্য মর্ম্মচ্ছিদং ঘোরং তীক্ষ্ণং চামিত্রকর্শনঃ ।
সমাদায় শরং শ্রেষ্ঠং কার্ম্মুকে তু তথাসৃজৎ ॥১৭॥
ততো গব্যূতিমাত্রেণ মৃগযূথপযূথপঃ ।
তস্য বাণপথং মুক্ত্বা তস্থিবান্ প্রহসন্নিব ॥১৮॥

ভারতকৌমুদী

স ইতি। কামাৎ ইচ্ছাত এব। অভ্যেতি দূরম্, জবনো বেগবান্, জবেন বেগেন ॥১৪॥
স ইতি। সমভ্যস্তঃ অভ্যাসেন পৌনঃপুন্যেন বিদ্ধঃ, বনেচরো মৃগঃ ॥১৫॥
পুনরিতি। জবং বেগম্, জবনো বেগবান্, মৃগযূথপো হরিণসমূহপতিঃ ॥১৬॥
তস্যেতি। অমিত্রকর্শনঃ শত্রুদমনঃ সুমিত্ররাজঃ। অসৃজৎ চিক্ষেপ ॥১৭॥
তত ইতি। গব্যূতিমাত্রেণ ক্রোশদ্বয়দূরেণ। "গব্যূতিঃ স্ত্রী ক্রোশযুগম্" ইত্যমরঃ ॥১৮॥

ভারতভাবদীপঃ

ভূয়িষ্ঠৈর্ব্বহুতরৈঃ ।১২—১৪॥ সমভ্যস্তো বিদ্ধঃ ॥১৫—২৩॥ হে ভদ্র ! ॥২৪—৩০॥ পুরস্ত চ ত্যাগ

রাজা ! কিন্তু সেই বেগবান্ হরিণ ইচ্ছানুসারেই যেন রাজার নিকটে আসিয়া আসিয়া আবার মহাবেগে দূরে যাইতে লাগিল ॥১৪॥

রাজশ্রেষ্ঠ ! সেই হরিণ রাজার বহুতর বাণে বার বার বিদ্ধ হইয়াও খেলা করিতে করিতেই যেন পুনরায় তাঁহার নিকটে আসিতে লাগিল ॥১৫॥

নরনাথ ! বেগবান্ সেই হরিণ পুনরায় বেগ অবলম্বন করিয়া দূরে যাইয়া যাইয়া আবার তাঁহার নিকটে আসিতে থাকিল ॥১৬॥

তখন শত্রুদমন রাজা সুমিত্র একটী ভয়ঙ্কর, তীক্ষ্ণ ও মর্ম্মচ্ছেদন সমর্থন উত্তম বাণ ধনুর উপরে যোজনা করিয়া সেই হরিণের উপরে নিক্ষেপ করিলেন ॥১৭॥

তখন সেই হরিণশ্রেষ্ঠ হাসিতে হাসিতেই যেন রাজার বাণের পথ অতিক্রম করিয়া দুই ক্রোশ দূরে যাইয়া দাঁড়াইল ॥১৮॥

তস্মিন্নিপতিতে বাণে ভূমৌ জ্বলিততেজসি।
প্রবিবেশ মহারণ্যং মৃগো রাজাপ্যথাদ্রবৎ ॥১৯॥
প্রবিশ্য স মহারণ্যং তাপসানামথাশ্রমম্।
আসসাদ ততো রাজা শ্রান্তশ্চোপাবিশত্তদা ॥২০॥
তং কার্ম্মুকধরং দৃষ্ট্বা শ্রমার্ত্তং ক্ষুধিতং তদা।
সমেত্য ঋষয়স্তস্মিন্ পূজাং চক্রুর্যথাবিধি ॥২১॥
স পূজামৃষিভির্দত্তাং সম্প্রগৃহ্য নরাধিপঃ।
অপৃচ্ছত্তাপসান্ সর্ব্বাংস্তপসো বৃদ্ধিমুত্তমাম্ ॥২২॥
তে তস্য রাজ্ঞো বচনং সম্প্রগৃহ্য তপোধনাঃ।
ঋষয়ো রাজশার্দ্দূলং তমপৃচ্ছন্ প্রয়োজনম্ ॥২৩॥
কেন ভদ্র! সুখার্থেন সংপ্রাপ্তোঽসি তপোবনম্।
পদাতির্ব্বদ্ধনিস্ত্রিংশো ধন্বী বাণী নরেশ্বর! ॥২৪॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। অদ্রবৎ মৃগমন্বসরৎ ॥১৯॥
প্রবিশ্যেতি। রাজা চাশ্রমমাসাদ্য শ্রান্ত উপাবিশদিতি সম্বন্ধঃ ॥২০॥
তমিতি। তং রাজানম্। তস্মিন্ রাজ্ঞি, পূজাং পরিচর্য্যাম্ ॥২১॥
স ইতি। অপৃচ্ছৎ ভবতাং তপো নিতরাং বর্দ্ধতে কিমিতি জিজ্ঞাসিতবান্ ॥২২॥
ত ইতি। সম্প্রগৃহ্য যোগ্যোত্তরদানেনাঙ্গীকৃত্য। প্রয়োজনম্ আশ্রমাগমনে ॥২৩॥
কেনেতি। পদাতিঃ পাদচারী, বদ্ধনিস্ত্রিংশ কটিধৃততরবারঃ ॥২৪॥

সেই উজ্জ্বল বাণটী ভূতলে নিপতিত হইলে হরিণটী মহাবনমধ্যে প্রবেশ করিল। রাজাও তাহার পিছনে ধাবিত হইলেন ॥১৯॥

ক্রমে সেই হরিণ মহাবনে প্রবেশ করিয়া তপস্বিগণের আশ্রমে যাইয়া উপস্থিত হইল। তখন রাজাও সেই আশ্রমে যাইয়া পরিশ্রান্ত হইয়া উপবেশন করিলেন ॥২০॥

তখন ঋষিরা ধনুর্দ্ধর সেই রাজাকে পরিশ্রান্ত ও ক্ষুধার্ত্ত দেখিয়া নিকটে যাইয়া যথাবিধানে তাঁহার শুশ্রূষা করিতে লাগিলেন ॥২১॥

রাজা সুমিত্র ঋষিগণকৃত পরিচর্য্যা গ্রহণ করিয়া তপস্বিগণের তপোবৃদ্ধির কথা জিজ্ঞাসা করিলেন ॥২২॥

আবার সেই ঋষিরাও যথাযোগ্য উত্তর দান করিয়া, তাঁহার আশ্রমে আসিবার কারণ জিজ্ঞাসা করিলেন—॥২৩॥

(১৯) ইতঃ পরম্ 'পঞ্চবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ। ভীষ্ম উবাচ।' বঙ্গ বর্দ্ধ নি।

এতদিচ্ছামহে শ্রোতুং কুতঃ প্রাপ্তোঽসি মানদ ! ।
কস্মিন্ কুলে তু জাতস্ত্বং কিংনামা চাসি ব্রূহি নঃ ॥২৫॥
ততঃ স রাজা সর্ব্বেভ্যো দ্বিজেভ্যঃ পুরুষর্ষভ ! ।
আচচক্ষে যথান্যায়ং পরিচর্য্যাঞ্চ ভারত ! ॥২৬॥
হৈহয়ানাং কুলে জাতঃ সুমিত্রো মিত্রনন্দনঃ ।
চরামি মৃগযূথানি নিঘ্নন্ বাণৈঃ সহস্রশঃ ॥২৭॥
বলেন মহতা গুপ্তঃ সামাত্যঃ সাবরোধনঃ ।
মৃগস্তু বিদ্ধো বাণেন ময়া সরতি শল্যবান্ ॥২৮॥ (যুগ্মকম্)
তং দ্রবন্তমনুপ্রাপ্তো বনমেতদ্‌যদৃচ্ছয়া ।
ভবৎসকাশং নষ্টশ্রীর্হতাশঃ শ্রমকর্শিতঃ ॥২৯॥

ভারতকৌমুদী

এতদিতি। প্রাপ্ত আগতঃ, মাননীয়ানাং মানং দদাতীতি স তৎসম্বোধনম্ ॥২৫॥
তত ইতি। পরিচর্য্যাং ভবতাং পরিচর্য্যাকরণমেব মমাগমনপ্রয়োজনম্ ॥২৬॥
হৈহয়ানামিতি। মিত্রস্য তদাখ্যস্য রাজ্ঞো নন্দনঃ পুত্রঃ। বলেন সৈন্যেন, গুপ্তো রক্ষিতঃ, অবরোধনৈঃ অন্তঃপুরস্ত্রীভিঃ সহেতি সঃ। সরতি দ্রুতং ব্রজতি, শল্যবান্ দেহপ্রবিষ্টবাণধারী। ২৭-২৮॥
তমিতি। দ্রবন্তদ্রুতমাগচ্ছন্তম্, যদৃচ্ছয়া ঈশ্বরেচ্ছয়া। নষ্টশ্রীঃ শ্রান্তত্বাদেব বিগতকান্তিঃ ॥২৯॥

'ভদ্র! নরনাথ! আপনি ধনু, বাণ ও তরবারি ধারণ করিয়া কোন্ প্রয়োজনে পাদচারে এই তপোবনে আগমন করিয়াছেন ? ॥২৪॥

মাননীয়গণের মানদাতা! আপনি কোথা হইতে আসিয়াছেন, তাহা শুনিতে ইচ্ছা করি ; আর আপনি কোন্ বংশে জন্মিয়াছেন এবং আপনার নাম কি ? তাহা আমাদিগকে বলুন' ॥২৫॥

পুরুষশ্রেষ্ঠ ভরতনন্দন! তাহার পর রাজা সুমিত্র ব্রাহ্মণগণের নিকট বলিলেন—'আমি যথানিয়মে আপনাদের পরিচর্য্যা করিবার নিমিত্ত আসিয়াছি ॥২৬॥

আমি হৈহয়বংশে জন্মিয়াছি, আমার নাম সুমিত্র এবং পিতার নাম মিত্র। আমি সহস্র সহস্র বাণদ্বারা হরিণগণকে সংহার করিতে থাকিয়া বনে বনে বিচরণ করিয়া থাকি। আমি বিশাল সৈন্যে পরিবেষ্টিত এবং অমাত্য ও অন্তঃপুরস্ত্রীগণসমন্বিত ছিলাম ; কিন্তু একটা হরিণ আমার বাণে বিদ্ধ হইয়া, সেই বাণ লইয়া বেগে এখানে আসিয়াছে ॥২৭—২৮॥

সেই হরিণটা বেগে আসিয়া এই আশ্রমে প্রবেশ করিয়াছে ; সুতরাং আমিও ঈশ্বরেচ্ছাবশতঃ আপনাদের নিকটে আসিয়াছি,। আমার আশা লোপ পাইয়াছে,

(২৮) বলেন মহতা ব্রহ্মন্! সামাত্যঃ সাবরোধকঃ—নি।

কিংনু দুঃখমতোঽন্যদ্বৈ যদহং শ্রমকর্শিতঃ।
ভবতামাশ্রমং প্রাপ্তো হতাশো ভ্রষ্টলক্ষণঃ ॥৩০॥
ন রাজলক্ষণত্যাগো ন পুরস্য তপোধনাঃ!।
দুঃখং করোতি তত্তীব্রং যথাশা বিহতা মম ॥৩১॥
হিমবান্ বা মহাশৈলঃ সমুদ্রো বা মহোদধিঃ।
মহত্ত্বান্নান্বপদ্যেতাং নভসো বান্তরং তথা ॥৩২॥
আশায়াস্তপসি শ্রেষ্ঠাস্তথা নান্তমহং গতঃ।
ভবতাং বিদিতং সর্ব্বং সর্ব্বজ্ঞা হি তপোধনাঃ ॥৩৩॥
ভবন্তঃ সুমহাভাগাস্তস্মাৎ পৃচ্ছামি সংশয়ম্।
আশাবান্ পুরুষো যঃ স্যাদন্তরিক্ষমথাপি বা ॥৩৪॥

ভারতকৌমুদী

কিম্বিতি। হতাশো হরিণাপ্রাপ্তেঃ, ভ্রষ্টলক্ষণো হীনরাজচিহ্নঃ ॥৩০॥

নেতি। পুরস্য ত্যাগোঽপি ন। আশা বিহতা বিদ্ধহরিণালাভাৎ ॥৩১।

হিমবানিতি। মহোদধিঃ বিশালজলধারী। নান্বপদ্যেতাং তস্যা আশায়াস্তুল্যতাং ন লভেয়াতাম্, নভসো গগনস্য, অন্তরং মধ্যম্ ॥৩২॥

আশায়া ইতি। অন্তং পারম্, ন গতঃ বিদ্ধহরিণাপ্রাপ্তেঃ ॥৩৩॥

ভারতভাবদীপঃ

ইতি পদৈকদেশোঽপি নিরূপ্যতে। আশা তৃষ্ণা ॥৩১॥ হিমবাঞ্ছব্দেন মহোদধিশব্দেন চ গগনাঽং নান্বপদ্যেতাং তস্য ততোঽপ্যুচ্ছ্রিতত্বাচ্চ অবান্তরং একাংশমপি ॥৩২—৩৪॥

আমি পরিশ্রমে ক্লান্ত হইয়া পড়িয়াছি, তাহাতে আমার দেহের কান্তিও নষ্ট হইয়াছে ॥২৯॥

আমি পরিশ্রান্ত, হতাশ ও রাজচিহ্নশূন্য হইয়া আপনাদের আশ্রমে যে আসিয়াছি, ইহা অপেক্ষা অধিক দুঃখ আর কি হইতে পারে? ॥৩০॥

তপস্বিগণ! আমার আশা বিনষ্ট হইয়া যেরূপ তীব্র দুঃখ উৎপাদন করিতেছে, রাজচিহ্ন ত্যাগ বা রাজধানী ত্যাগও সেরূপ তীব্র দুঃখ উৎপাদন করিতেছে না ॥৩১॥

মহাপর্ব্বত হিমালয় অথবা বিশাল জলরাশিধারী সমুদ্র কিংবা আকাশ—মহত্ত্বগুণে আমার সে আশার তুল্যতা লাভ করিতে পারে না ॥৩২॥

তাপসশ্রেষ্ঠগণ! আমি সে আশার পরপারে যাইতে পারিলাম না; এই সমস্তই আপনাদের বিদিত হইয়াছে। কারণ, তপস্বীরা সর্ব্বজ্ঞই হইয়া থাকেন ॥৩৩॥

আপনারা সকলেই অতিমহাত্মা; সুতরাং আমি আপনাদের নিকট সন্দিগ্ধ

কিংনু জ্যায়স্তরং লোকে মহত্ত্বাৎ প্রতিভাতি বঃ ।
এতদিচ্ছামি তত্ত্বেন শ্রোতুং কিমিহ দুর্লভম্ ॥৩৫॥ (যুগ্মকম্)
যদি গুহ্যং ন বো নিত্যং তদা প্রব্রূত মা চিরম্ ।
ন গুহ্যং শ্রোতুমিচ্ছামি যুষ্মত্ত্যো দ্বিজসত্তমাঃ । ॥৩৬॥
ভবত্তপোবিঘাতো বা যদি স্যাদ্বিরমে ততঃ ।
যদি বাস্তি কথাযোগো যোঽয়ং প্রশ্নো ময়েরিতঃ ॥৩৭॥
এতৎ কারণসামর্থ্যং শ্রোতুমিচ্ছামি তত্ত্বতঃ ।
ভবন্তোঽপি তপোনিত্যা ব্রূয়ুরেতৎসমন্বিতাঃ॥৩৮॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে ঋষভগীতাসু দ্বাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥*

ভারতকৌমুদী

ভবন্ত ইতি। সংশয়ং সংশয়িতবিষয়ম্। জ্যায়স্তরং তয়োর্মহত্তরম্ ॥৩৪—৩৫॥

যদীতি। ন গুহ্যম্ এতদ্বিবরণং যদি ন গোপনীয়ম্। মা চিরং ন বিলম্বধ্বম্ ॥৩৬॥

ভবদিতি । বিরমে প্রষ্টুং বিরমামি। কথাযোগ এতৎকথনসম্ভবঃ। এতস্যা আশায়াঃ কারণং সামর্থ্যং শক্তিঞ্চ। সমন্বিতা উদ্যমযুক্তাঃ ॥৩৭—৩৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে দ্বাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

আশাবান্ আশায়া মহত্ত্বেন তবাতোঽপি মহত্ত্বমন্তরিক্ষবৎ ॥৩৫—৩৮॥

ইতি শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১২২॥

বিষয় জিজ্ঞাসা করিতেছি যে, যে পুরুষ আশান্বিত এবং আকাশ—এই দু'য়ের মধ্যে কোন্‌টীকে আপনাদের বিশাল বলিয়া মনে হয়? ইহা আমি যথার্থরূপে শুনিতে ইচ্ছা করি। সে শুনা কি আমার পক্ষে দুর্লভ হইবে? ॥৩৪—৩৫॥

ব্রাহ্মণগণ! এই বিষয় যদি সর্ব্বদা আপনাদের গোপনীয় না হয়, তাহা হইলে বলুন, বিলম্ব করিবেন না; আর যদি গোপনীয়ই হয়, তবে আমি আপনাদের নিকট শুনিতে ইচ্ছা করি না ॥৩৬॥

আর যদি এই বিষয় বলিতে গেলে, আপনাদের তপস্যার ব্যাঘাত হয় তবে আমি বিরত হই। পক্ষান্তরে যদি বলা সম্ভবপর হয় তাহা হইলে আমি যে প্রশ্ন করিয়াছি, তাহাতে আশার কারণ ও শক্তি আমি যথার্থরূপে শুনিতে ইচ্ছা করি। তপস্যায় নিরত আপনারাও উদ্‌যোগী হইয়া এই বিষয় বলুন' ॥৩৭—৩৮॥

* '......ষড়্‌বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বৰ্দ্ধ নি।

ত্রয়োবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

ভীষ্ম উবাচ।

ততস্তেষাং সমস্তানামৃষীণামৃষিসত্তমঃ।
ঋষভো নাম বিপ্রর্ষির্বিস্ময়ন্নিদমব্রবীৎ ॥১॥
পুরাহং রাজশার্দ্দূল! তীর্থান্যনুচরন্ প্রভো!।
সমাসাদিতবান্ দিব্যং নরনারায়ণাশ্রমম্ ॥২॥
যত্র সা বদরী রম্যা সরো বৈহায়সং তথা।
যত্র চাশ্বশিরা রাজন্! বেদান্ পঠতি শাশ্বতান্ ॥৩॥
তস্মিন্ সরসি কৃত্বাহং বিধিবত্তর্পণং পুরা।
পিতৄণাং দেবতানাঞ্চ ততোঽশ্রমমিয়াং তদা ॥৪॥
রেমাতে যত্র তৌ নিত্যং নরনারায়ণাবৃষী।
অদূরাদাশ্রমং কঞ্চিদ্বাসার্থমগমং তদা ॥৫॥

ভারতকৌমুদী

তত ইতি। ঋষীতি ভাবপ্রধানো নির্দ্দেশঃ। তেন চ ঋষিণা মন্ত্রদ্রষ্টৃভাবেন সত্তমঃ। বিস্ময়ন্ ঈষদ্ধসন্ ॥১॥

পুরেতি। সমাসাদিতবান্ প্রাপ্তবান্, দিব্যং স্বর্গীয়ভাবান্বিতম্ ॥২॥

যত্রেতি। বদরী কুবলবৃক্ষঃ, বৈহায়সস্যা গগনগামিন্যা মন্দাকিন্যা ইদমিতি বৈহায়সং মন্দাকিনী-স্রোতঃসংপৃক্তমিত্যর্থঃ। অশ্বশিরা নাম মুনিঃ, শাশ্বতান্ নিত্যান্ ॥৩॥

তস্মিন্নিতি। তত আশ্রমং ততোঽশ্রমম্। ঈদৃশঃ সন্ধির্ষঃ। ইয়াম্ অগচ্ছম্ ॥৪॥

ভীষ্ম বলিলেন—'তাহার পর সেই সমস্ত ঋষির মধ্যে আর্ষগুণে শ্রেষ্ঠ ঋষভনামে ব্রহ্মর্ষি ঈষৎ হাস্য করিয়া এই কথা বলিলেন—॥১॥

'প্রভাবশালী রাজশ্রেষ্ঠ! পূর্ব্বে আমি তীর্থ পর্য্যটন করিতে করিতে যাইয়া দিব্য নরনারায়ণাশ্রমে উপস্থিত হইয়াছিলাম ॥২॥

রাজা! যে আশ্রমে মনোহর বদরীবৃক্ষ এবং মন্দাকিনীর জলসংপৃক্ত একটী সরোবর রহিয়াছে এবং যে আশ্রমে অশ্বশিরা মুনি সর্ব্বদা বেদপাঠ করেন ॥৩॥

আমি সেই সরোবরে যথাবিধানে পিতৃতর্পণ ও দেবতর্পণ করিয়া, তাহার পর তখনই সেই আশ্রমে গমন করিয়াছিলাম ॥৪॥

(৩)···হ্রদো বৈহায়সং তথা—পি বঙ্গ বর্দ্ধ। (৫) অদূরাদাশ্রমং কিঞ্চিৎ—পি বঙ্গ নি।

তত্র চীরাজিনধরং কৃশমুচ্চমতীব চ।
অদ্রাক্ষমৃষিমায়ান্তং তনুং নাম তপোনিধিম্ ॥৬॥
অন্যৈর্নরৈর্মহাবাহো! বপুষাষ্টগুণান্বিতম্।
কৃশতা চাপি রাজর্ষে! ন দৃষ্টা তাদৃশী ক্বচিৎ ॥৭॥ (যুগ্মকম্)
শরীরমপি রাজেন্দ্র! তস্য কানিষ্ঠিকাসমম্।
গ্রীবা বাহূ তথা পাদৌ কেশাশ্চাদ্ভুতদর্শনাঃ ॥৮॥
শিরঃ কায়ানুরূপঞ্চ কর্ণৌ নেত্রে তথৈব চ।
তস্য বাক্ চৈব চেষ্টা চ সামান্যে রাজসত্তম! ॥৯॥
দৃষ্ট্বাহং তং কৃশং বিপ্রং ভীতঃ পরমদুর্ম্মনাঃ।
পাদৌ তস্যাভিবাদ্যাথ স্থিতঃ প্রাঞ্জলিরগ্রতঃ ॥১০॥

ভারতকৌমুদী

রেমাতে ইতি। রেমাতে আনন্দতুঃ। অদূরাৎ তস্য সরসঃ ॥৫॥

তত্রেতি। চীরাজিনধরং কৌপীনকৃষ্ণমৃগচর্ম্মধারিণম্, উচ্চং দীর্ঘম্। অন্যৈর্নরৈঃ অন্যনরাপেক্ষয়েত্যর্থঃ ॥৬—৭॥

শরীরমিতি। কানিষ্ঠিকাসমং হস্তকনিষ্ঠাঙ্গুলীতুল্যকৃশম্ ॥৮॥

শির ইতি। কায়ানুরূপং দেহতুল্যকৃশম্। সামান্যে সাধারণমনুষ্যতুল্যে ॥৯॥

দৃষ্ট্বেতি। ভীতঃ পরমদুর্ম্মনাশ্চ তদীয়রোষসংশয়াৎ ॥১০॥

যে আশ্রমে সেই নর ও নারায়ণ ঋষি সর্ব্বদা ব্রহ্মানন্দ অনুভব করিতেন; সেই সরোবরের অদূরবর্ত্তী কোন আশ্রমে বাস করিবার জন্য আমি যাইয়া উপস্থিত হইয়াছিলাম ॥৫॥

সেখানে যাইয়া দেখিলাম—তনুনামে এক ঋষি আসিতেছেন; তাঁহার পরিধানে কৌপীন ও কৃষ্ণমৃগের চর্ম্ম এবং দেহ কৃশ অথচ অত্যন্ত দীর্ঘ। মহাবাহু রাজর্ষি! সে দেহ এত দীর্ঘ যে, অন্য মানুষ অপেক্ষা আটগুণ হইবে; আবার সে প্রকার দেহের কৃশতাও আমি আর কোথায়ও দেখি নাই ॥৬—৭॥

রাজশ্রেষ্ঠ! তাঁহার শরীরটী হস্তের কনিষ্ঠাঙ্গুলীর তুল্য কৃশ এবং তাঁহার গ্রীবা, বাহুযুগল, চরণযুগল ও কেশকলাপ অদ্ভুতদর্শন ॥৮॥

রাজশ্রেষ্ঠ! তাঁহার মস্তকটী দেহের ন্যায় কৃশ আর কর্ণযুগল এবং নয়নযুগলও সেইরূপই; কিন্তু বাক্য ও ক্রিয়া সাধারণ মানুষের ন্যায় ॥৯॥

আমি সেই কৃশ ব্রাহ্মণটীকে দেখিয়া ভীত ও অত্যন্ত আকুলচিত্ত হইলাম; তাহার পর তাঁহার চরণযুগলে নমস্কার করিয়া কৃতাঞ্জলি হইয়া সম্মুখে দাঁড়াইলাম ॥১০॥

নিবেদ্য নামগোত্রে চ পিতরঞ্চ নরর্ষভ !।
প্রদিষ্টে চাসনে তেন শনৈরহমুপাবিশম্ ॥১১॥
ততঃ স কথয়ামাস কথাং ধর্ম্মার্থসংহিতাম্।
ঋষিমধ্যে মহারাজ ! তনুর্ধর্ম্মভৃতাং বরঃ ॥১২॥
তস্মিংস্তু কথয়ত্যেব রাজা রাজীবলোচনঃ।
উপায়াজ্জবনৈরশ্বৈঃ সবলঃ সাবরোধনঃ ॥১৩॥
স্মরন্ পুত্রমরণ্যে বৈ নষ্টং পরমদুর্ম্মনাঃ।
ভূরিদ্যুম্নপিতা শ্রীমান্ বীরদ্যুম্নো মহাযশাঃ ॥১৪॥ (যুগ্মকম্)
ইহ দ্রক্ষ্যামি তং পুত্রং দ্রক্ষ্যামীহেতি ভারত !।
এবমাশাহতো রাজা চরন্ বনমিদং পুরা ॥১৫॥
দুর্ল্লভঃ স ময়া দ্রষ্টুং নূনং পরমধার্ম্মিকঃ।
একঃ পুত্রো মহারণ্যে নষ্ট ইত্যসকৃত্তদা ॥১৬॥

ভারতকৌমুদী

নিবেদ্যেতি। নিবেদ্য বিজ্ঞাপ্য। তেন ঋষিণা, প্রদিষ্টে নির্দ্দিষ্টে ॥১১॥

তত ইতি। ধর্ম্মার্থাভ্যাং সংহিতাং সমন্বিতাম্ ॥১২॥

তস্মিন্নিতি। রাজীবলোচনঃ পদ্মনেত্রঃ। জবনৈর্ব্বেগবদ্ভিঃ, সবলঃ সসৈন্যঃ, সাবরোধনঃ সস্ত্রীকঃ। নষ্টম্ অদৃশ্যতাং গতম্। বীরদ্যুম্নো নাম ॥১৩—১৪॥

ইহেতি। এবম্ ঈদৃশ্যা আশয়া হৃত আকৃষ্টঃ ॥১৫॥

দুর্ল্লভ ইতি। নষ্টঃ অদর্শনং গতঃ, ইতি অসকৃদ্ব্যলপদিতি শেষঃ ॥১৬॥

নরশ্রেষ্ঠ ! পরে আমি পিতার নাম, নিজের নাম ও গোত্র জানাইয়া তাঁহারই নির্দ্দিষ্ট আসনে ধীরে ধীরে উপবেশন করিলাম ॥১১॥

মহারাজ ! তাহার পর ধার্ম্মিকশ্রেষ্ঠ সেই তনু ঋষিদের মধ্যে ধর্ম্মার্থসংশ্লিষ্ট কথা বলিতে লাগিলেন ॥১২॥

তিনি বলিতেছিলেন এমন সময়ে পদ্মনয়ন, সুন্দর মূর্ত্তি ও যশস্বী, ভূরিদ্যুম্নের পিতা বীরদ্যুম্ন নামে এক রাজা বনমধ্যে নিরুদ্দিষ্ট পুত্রকে স্মরণ করিয়া, অত্যন্তদুঃখিতচিত্তে পত্নীর সহিত বেগবান্ অশ্বে আরোহণ করিয়া সসৈন্যে উপস্থিত হইলেন ॥১৩—১৪॥

ভরতনন্দন ! সেই রাজা 'সেই পুত্রটাকে এইখানে দেখিতে পাইব, না হয় এইখানে দেখিতে পাইব' এইরূপ আশায় আকৃষ্ট হইয়া ঐ বনে বিচরণ করিতে-ছিলেন ॥১৫॥

এবং তিনি তখন এইরূপ বার বার বিলাপও করিতেছিলেন যে, 'আমার একটীমাত্র পুত্র, সে আবার পরমধার্ম্মিক ; কিন্তু সে এখন মহাবনে নিরুদ্দিষ্ট হইয়াছে ; সুতরাং তাহাকে দেখিতে পাওয়া আমার পক্ষে দুষ্কর ॥১৬॥

ন স শক্যো ময়া দ্রষ্টুমাশা চ মহতী মম।
তয়া পরীতমাত্রোঽহং মুমূর্ষুর্নাত্র সংশয়ঃ ॥১৭॥
এতচ্ছ্রুত্বা তু ভগবাংস্তনুর্মুনিবরোত্তমঃ।
অবাক্‌শিরা ধ্যানপরো মুহূর্ত্তমিব তস্থিবান্ ॥১৮॥
তমনুধ্যাতমালক্ষ্য রাজা পরমদুর্ম্মনাঃ।
উবাচ বাক্যং দীনাত্মা মন্দং মন্দমিবাসকৃৎ ॥১৯॥
দুর্ল্লভং কিং নু দেবর্ষে! আশায়াশ্চৈব কিং মহৎ।
ব্রবীতু ভগবানেতদ্‌যদি গুহ্যং ন তে ময়ি ॥২০॥

মুনিরুবাচ।

মহর্ষির্ভগবাংস্তেন পূর্ব্বমাসীদ্বিমানিতঃ।
বালিশাং বুদ্ধিমাস্থায় মন্দভাগ্যতয়াত্মনঃ।
অর্থয়ন্ কলসং রাজন্! কাঞ্চনং বল্কলানি চ ॥২১॥

ভারতকৌমুদী

নেতি। আশা তদ্দর্শনে। তয়া আশয়া, পরীতমাত্রঃ স্পৃষ্টমাত্রঃ, মুমূর্ষুর্জাতঃ ॥১৭॥

এতদিতি। অবাক্‌শিরা অধোবদনঃ, ধ্যানপরো বীরদ্যুম্নোক্তবিষয়ে ॥১৮॥

তমিতি। অনুধ্যাতং ধ্যানপরম্, পরমদুর্ম্মনা পুত্রং বিপন্নম্ অবিপন্নং বা দুঃস্থমাশঙ্কমান ইতি ভাবঃ ॥১৯॥

দুর্ল্লভমিতি। কিং বস্তু দুর্ল্লভম্, কিং বস্তু বা আশায়া অপি মহৎ ॥২০॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—২॥ বৈহায়সঃ বিহায়সা গচ্ছন্ত্যা মন্দাকিন্যা বৈহায়স্যা অয়ং বৈহায়সঃ ॥৩॥ ততোঽশ্রমং তত আশ্রমং মণ্ডপম্, ইয়াং গতবানহম্ ॥৪—৮॥ কায়াচ্ছরূপং স্থূলম্ ॥৯—২০॥ তেন

আমি তাহাকে দেখিতে পাইব না, অথচ তাহাকে দেখিবার জন্য আমার প্রবল আশা হইয়াছে, সেই আশা হওয়ামাত্র আমি যেন মুমূর্ষু হইয়া পড়িয়াছি, এ বিষয়ে কোন সন্দেহ নাই' ॥১৭॥

এই কথা শুনিয়া ভগবান্ মুনিশ্রেষ্ঠ তনু অধোবদন হইয়া মুহূর্ত্তকালই যেন ধ্যাননিষ্ঠ হইলেন ॥১৮॥

তখন বীরদ্যুম্নরাজা তাঁহাকে ধ্যাননিষ্ঠ দেখিয়া অত্যন্ত উদ্বিগ্ন ও কাতরচিত্ত হইয়া বার বার ধীরে ধীরে এই কথা বলিলেন—॥১৯॥

'দেবর্ষি! জগতে কোন্ বস্তু দুর্ল্লভ এবং কোন্ বস্তুই বা আশা হইতে মহৎ? ইহা যদি আমার নিকটে আপনার গোপনীয় না হয়, তাহা হইলে বলুন' ॥২০॥

(১৭) দুর্ল্লভঃ স ময়া দ্রষ্টুম্—পি বঙ্গ বর্দ্ধ, তয়া পরীতগাত্রোঽহং—পি বর্দ্ধ নি।

অবজ্ঞাপূর্ব্বকেণাপি ন সম্পাদিতবাংস্ততঃ।
নির্ব্বিণ্ণঃ স তু বিপ্রর্ষির্নিরাশঃ সমপদ্যত ॥২২॥
এবমুক্তোঽভিবাদ্যাথ তমৃষিং লোকপূজিতম্।
শ্রান্তোঽবসীদদ্ধর্ম্মাত্মা যথা ত্বং নরসত্তম! ॥২৩॥
অর্ঘ্যং ততঃ সমানীয় পাদ্যঞ্চৈব মহাযশাঃ।
আরণ্যেনৈব বিধিনা রাজ্ঞে সর্ব্বং ন্যবেদয়ৎ ॥২৪॥
ততস্তে মুনয়ঃ সর্ব্বে পরিবার্য্য নরর্ষভম্।
উপাবিশন্ নরব্যাঘ্র! সপ্তর্ষয় ইব ধ্রুবম্ ॥২৫॥
অপৃচ্ছংশ্চৈব তে তত্র রাজানমপরাজিতম্।
প্রয়োজনমিদং সর্ব্বমাশ্রমস্য প্রবেশনে ॥২৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে ঋষভগীতাসু ত্রয়োবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

মহর্ষিরিতি। তেন ভবৎপুত্রেণ। বালিশাং মূর্খোচিতাম্। অর্থয়ন্ যাচমানঃ, কাঞ্চনং স্বর্ণময়ম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥২১॥

অবজ্ঞেতি। অবজ্ঞাপূর্ব্বকেণ ভাবেন, ন সম্পাদিতবান্ মহর্ষেঃ প্রার্থনাং ন পূরিতবান্ ॥২২॥

ঋষভমুনিরাহ এবমিতি। উক্তস্তনুমুনিনা। অবসীদদিতি অত্রাগমাভাব আর্ষঃ, ধর্ম্মাত্মা বীরদ্যুম্নঃ, ত্বং সুমিত্রঃ ॥২৩॥

অর্ঘ্যমিতি। মহাযশাস্তনুঃ। আরণ্যেনৈব বনবাসিযোগ্যেনৈব ॥২৪॥

তত ইতি। পরিবার্য্য পরিবেষ্ট্য। নরর্ষভং বীরদ্যুম্নম্ ॥২৫॥

অপৃচ্ছন্নিতি। তে মুনয়ঃ, রাজানং বীরদ্যুম্নম্ ॥২৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে ত্রয়োবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

তব পুত্রেণ ভূরিদ্যুম্নেন ॥২১—২২॥ এবং মুনিনা উক্তঃ বীরদ্যুম্নঃ অবসীদৎ নষ্টপ্রায়োঽভূদিত্যর্থঃ ॥২৩-২৪। তত এবং মুনিনা রাজপূজানন্তরম্ আগতাঃ কিমর্থম্ আশ্রমে ত্বং প্রবিষ্টোঽসীত্যপৃচ্ছ ॥২৫—২৬॥

ইতি শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রয়োবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১২৩॥

তনুমুনি বলিলেন—'মহারাজ! পূর্ব্বে কোন মাহাত্ম্যশালী মহর্ষি একটী স্বর্ণকুম্ভ ও বল্কল প্রার্থনা করিয়াছিলেন, তখন আপনার পুত্র নিজের মন্দভাগ্যবশতঃ মূর্খোচিত বুদ্ধি অবলম্বন করিয়া, সেই মহর্ষির অবমাননা করিয়াছিল ॥২১॥

আপনার পুত্র অবজ্ঞা করিয়াও মহর্ষির সে আশা পূরণ করিল না, তখন তিনি

---

(২৪)···পাদ্যঞ্চৈব মহানৃষিঃ—বঙ্গ বর্দ্ধ। (২৬) আশ্রমস্য নিবেশনে—পি বঙ্গ বর্দ্ধ।

* '·· সপ্তবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ নি।

চতুর্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:০:—

রাজোবাচ।

বীরদ্যুম্ন ইতি খ্যাতো রাজাহং দিক্ষু বিশ্রুতঃ।
ভূরিদ্যুম্নং সুতং নষ্টমন্বেষ্টুং বনমাগতঃ ॥১॥
একঃ পুত্রঃ স বিপ্রাগ্র্য! বাল এব চ মেঽনঘ!।
ন দৃশ্যতে বনে চাস্মিংস্তমন্বেষ্টুং চরাম্যহম্ ॥২॥

ভারতকৌমুদী

বীরেতি। বিশ্রুতঃ প্রসিদ্ধঃ। নষ্টমদর্শনং গতম্ ॥১॥
এক ইতি। একঃ পুত্র ইত্যনেন তস্মিন্নাত্মনঃ স্নেহাতিশয়ঃ সূচিতঃ ॥২॥

নিরাশ হইলেন এবং আত্মগ্লানি অনুভব করিতে লাগিলেন' ॥২২॥

(ঋষভমুনি বলিলেন—) নরশ্রেষ্ঠ সুমিত্র! তনুমুনি এইরূপ বলিলে, ধার্ম্মাত্মা বীরদ্যুম্ন রাজা পরিশ্রান্ত অবস্থাতেই জগৎপূজিত সেই তনুমুনিকে অভিবাদন করিয়া, আপনার ন্যায়ই অবসন্ন হইয়া পড়িলেন ॥২৩॥

তাহার পর মহর্ষি তনুমুনি পাদ্য ও অর্ঘ্য আনয়ন করিয়া, বনবাসিগণের নিয়মে সে সমস্তই বীরদ্যুম্ন রাজাকে নিবেদন করিলেন ॥২৪॥

নরশ্রেষ্ঠ! তদনন্তর সপ্তর্ষিগণ যেমন ধ্রুবকে পরিবেষ্টন করিয়া উপবেশন করেন, তেমন সেই মুনিরা সকলে নরশ্রেষ্ঠ বীরদ্যুম্নকে পরিবেষ্টন করিয়া উপবেশন করিলেন ॥২৫॥

এবং তাঁহারা বীরদ্যুম্নরাজার সেই আশ্রমপ্রবেশের সমস্ত প্রয়োজন তাঁহার নিকট জিজ্ঞাসা করিলেন' ॥২৬॥

বীরদ্যুম্নরাজা বলিলেন—'আমি রাজা, আমার 'বীরদ্যুম্ন' এই নাম সকল দিকে বিখ্যাত রহিয়াছে; আমার পুত্রের নাম—ভূরিদ্যুম্ন, সে নিরুদ্দেশ হইয়াছে; সুতরাং তাহাকে অন্বেষণ করিবার জন্য আমি বনে আসিয়াছি ॥১॥

নিষ্পাপ ব্রাহ্মণশ্রেষ্ঠ! আমার একটীমাত্র পুত্র, অথ চ সে বালক; বনে তাহাকে দেখিতে পাই নাই; সুতরাং তাহাকে অন্বেষণ করিবার জন্যই বিচরণ করিতেছি' ॥২॥

ঋষভ উবাচ।

ইত্যেবমুক্তে বচনে রাজ্ঞা মুনিরধোমুখঃ।
তূষ্ণীমেবাভবত্তত্র ন চ প্রত্যুক্তবান্ নৃপম্ ॥৩॥
স হি তেন পুরা বিপ্রো রাজ্ঞা নাত্যর্থমানিতঃ।
আশাকৃতশ্চ রাজেন্দ্র! তপো দীর্ঘং সমাশ্রিতঃ ॥৪॥
প্রতিগ্রহমহং রাজ্ঞাং ন করিষ্যে কথঞ্চন।
অন্যেষাঞ্চৈব বর্ণানামিতি কৃত্বা ধিয়ং তদা ॥৫॥ (যুগ্মকম্)
আশা হি পুরুষং বালমুত্থাপয়তি তস্থুষী।
তামহং ব্যপনেষ্যামি ইতি কৃত্বা ব্যবস্থিতঃ।
বীরদ্যুম্নস্তু তং ভূয়ঃ পপ্রচ্ছ মুনিসত্তমম্ ॥৬॥

রাজোবাচ।

আশায়াঃ কিঞ্চ বৃত্তং বৈ কিঞ্চেহ ভুবি দুর্ল্লভম্।
ব্রবীতু ভগবানেতত্ত্বং হি ধর্ম্মার্থদর্শিবান্ ॥৭॥

ভারতকৌমুদী

ইতীতি। মুনিস্তনুঃ। তূষ্ণীং নীরব এব ॥৩॥

স ইতি। আশয়া কৃতো হতঃ, নিরাশঃ সন্নিত্যর্থঃ। কৃঞ্ হিংসায়ামিত্যস্য প্রয়োগঃ। ইতি ইত্থম্ ॥৪—৫॥

আশেতি। বালং মূর্খম্, উত্থাপয়তি কার্য্যে উদ্‌যোজয়তি, তস্থুষী চিরস্থায়িনী। ব্যপনেষ্যামি পরিহাস্যামি। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৬॥

আশায়া ইতি। বৃত্তং বৃত্তান্তঃ। দর্শিবান্ ইতীড়াগম আর্ষঃ ॥৭॥

ঋষভ বলিলেন—বীরদ্যুম্ন এইরূপ বলিলে, তনুমুনি অধোমুখ হইয়া নীরব রহিলেন; কিন্তু রাজাকে কোন কথাই বলিলেন না ॥৩॥

রাজশ্রেষ্ঠ! তাহার কারণ, পূর্ব্বে সেই রাজা সেই ব্রাহ্মণকে বিশেষ সম্মান করেন নাই, প্রত্যুত তাঁহার আশা ভঙ্গ করিয়াছিলেন; তাহাতেই মুনি 'আমি কোন প্রকারেই রাজাদের বা অন্যান্য বর্ণের নিকট প্রতিগ্রহ করিব না' এইরূপ বুদ্ধি করিয়া দীর্ঘকালের জন্য তপস্যা অবলম্বন করিলেন ॥৪—৫॥

কারণ, চিরস্থায়িনী আশা মূর্খ পুরুষকে কার্য্যে উদ্‌যোগী করে; সুতরাং 'আমি সে আশাকে দূর করিব,' এইরূপ বুদ্ধি করিয়া তিনি তপস্যায় নিরত রহিলেন; কিন্তু বীরদ্যুম্নরাজা পুনরায় সেই মুনিশ্রেষ্ঠকে জিজ্ঞাসা করিলেন ॥৬॥

(৭) আশায়াঃ কিং কৃশত্বঞ্চ—পি বঙ্গ বর্দ্ধ।

ঋষভ উবাচ।

ততঃ সংস্মৃত্য তৎ সর্ব্বং স্মারয়িষ্যন্নিবাব্রবীৎ।
রাজানং ভগবান্ বিপ্রস্ততঃ কৃশতনুস্তদা ॥৮॥

ঋষিরুবাচ।

কৃশত্বেন সমং রাজন্! নাশায়া বিদ্যতে নৃপ!।
তস্যা বৈ দুর্ল্লভত্বাচ্চ প্রার্থিতঃ পার্থিবো ময়া ॥৯॥

রাজোবাচ।

কৃশাকৃশে ময়া ব্রহ্মন্! গৃহীতে বচনাত্তব।
দুর্ল্লভত্বঞ্চ তস্যৈব বেদবাক্যমিব দ্বিজ! ॥১০॥

ভারতকৌমুদী

তত ইতি। তৎ পূর্ব্ববৃত্তম্। রাজানং বীরদ্যুম্নং স্মারয়িষ্যন্নিবেতি সম্বন্ধঃ ॥৮॥

কৃশত্বেনেতি। তস্যা আশায়া বিষয়ীভূতস্য বস্তুন ইতি শেষঃ, দুর্ল্লভত্বাদ্ধেতোঃ, আশায়া আশাযুক্তস্য পুরুষস্য কৃশত্বেন সমম্ অন্যৎ কিমপি কৃশং ন বিদ্যতে আশায়াঃ সফলত্বনিষ্ফলত্বশঙ্কয়া নিতান্তদোদুল্যমানহৃদয়ত্বাদিতি ভাবঃ। ময়া পার্থিবঃ অভীষ্টং প্রার্থিতঃ, তত এব চ মে কৃশত্বমিত্যাশয়ঃ ॥৯॥

কৃশেতি। হে ব্রহ্মন্! বিরিঞ্চিতুল্যদ্বিজ! ময়া তব অস্মদ্বচনাদেব, কৃশাকৃশে বস্তুনী কৃশত্বমকৃশত্বঞ্চেত্যর্থঃ গৃহীতে জ্ঞাতে। যঃ খল্বাশাবান্ স কৃশো দুর্ব্বলঃ, যস্তু আশাশূন্য স এবাকৃশো বলবান্ ইত্যবগতমিত্যর্থঃ। কিঞ্চ তস্য আশাবিষয়স্য দুর্ল্লভত্বঞ্চ বেদবাক্যমিব সত্যত্বেন গৃহীতমিতি শেষঃ ॥১০॥

বীরদ্যুম্নরাজা বলিলেন—'ভগবন্! আশার বৃত্তান্তটা কি? জগতে তাহার দুর্ল্লভই বা কি? আপনি এই বিষয়টী বলুন। কেন না, আপনি ধর্ম্ম ও অর্থ জানেন' ॥৭॥

ঋষভ বলিলেন—'তাহার পর ভগবান্ কৃশতনু সেই ব্রাহ্মণ তখন সমস্ত পূর্ব্ব-বৃত্তান্ত স্মরণ করিয়া বীরদ্যুম্নরাজাকে স্মরণ করাইবেন বলিয়াই যেন বলিতে লাগিলেন ॥৮॥

তনুমুনি বলিলেন—'নরনাথ রাজা! আশার বস্তু দুর্ল্লভ হয় বলিয়া আশাযুক্ত লোকের তুল্য কৃশ আর কেহ নাই। আমি কিন্তু সেই আশায় প্রণোদিত হইয়াই কোন রাজার নিকট কিছু প্রার্থনা করিয়াছিলাম' ॥৯॥

---

(৯)···প্রার্থিতা পার্থিবা ময়া—পি বঙ্গ বর্দ্ধ।

সংশয়স্তু মহাপ্রাজ্ঞ ! সঞ্জাতো হৃদয়ে মম ।
তন্মুনে ! মম তত্ত্বেন বক্তুমর্হসি পৃচ্ছতঃ ॥১১॥
ত্বত্তঃ কৃশতরং কিংনু ব্রবীতু ভগবানিদম্ ।
যদি গুহ্যং ন তে কিঞ্চিদ্বিদ্যতে মুনিসত্তম ! ॥১২॥

কৃশ উবাচ ।

দুর্ল্লভোঽপ্যথবা নাস্তি যোঽর্থী ধৃতিমবাপ্নুয়াৎ ।
স দুর্ল্লভতরস্তাত ! যোঽর্থিনং নাবমন্যতে ॥১৩॥
সৎকৃত্য নোপকুরুতে পরং শক্ত্যা যথার্থতঃ ।
যা সক্তা সর্ব্বভূতেষু সাশা কৃশতরী ময়া ॥১৪॥

ভারতকৌমুদী

সংশয় ইতি। তৎ সংশয়বিষয়ীভূতং বৃত্তম্, তত্ত্বেন যাথার্থ্যেন ॥১১॥

ত্বত্ত ইতি। কিং বস্তু অস্তীতি শেষঃ ॥১২॥

দুর্ল্লভ ইতি। যঃ অর্থী যাচকঃ, ধৃতিম্ অর্থনে ধৈর্য্যম্ অবাপ্নুয়াৎ প্রার্থনামেব ন কুর্য্যাদিত্যর্থঃ। তাদৃশঃ অর্থী দুর্ল্লভঃ অথবা নাস্ত্যেব। কিঞ্চ হে তাত! যো দাতা অর্থিনং নাবমন্যতে স দুর্ল্লভতরঃ। তাদৃশার্থ্যপেক্ষয়াপি অধিকদুর্ল্লভ ইত্যর্থঃ ॥১৩॥

ভারতভাবদীপঃ

বীরেতি ॥১—৩॥ আশয়া কৃতো হতঃ, কৃ হিংসায়ামিত্যস্য রূপম্ ॥৪—৬॥ আশায়া আশাবতঃ, সমমন্যৎ কৃশত্বেন সমং কিমপি নাস্তি তস্মাত্তদ্গৃহীতার্থস্য ॥৯॥ কৃশাকৃশে য আশাজিতঃ স কৃশঃ যেনাশা জিতা স পুষ্ট ইত্যর্থঃ। তথৈবাশাবিষয়স্যৈব ॥১০—১২॥ দুর্লভং কিংস্বিতি পূর্ব্বপ্রশ্নস্যোত্তরমাহ—দুর্লভ ইতি ॥১৩॥ ত্বত্তঃ কৃশতরমিত্যন্যপদোক্তস্যোত্তরমাহ—সৎকৃত্যেতি। আদরে-

---

বীরদ্যুম্নরাজা বলিলেন—'হে ব্রহ্মতুল্য ব্রাহ্মণ ! আমি আপনার বাক্য অনুসারে মানুষের কৃশত্ব ও অকৃশত্ব বুঝিতে পারিয়াছি এবং ইহাও বুঝিয়াছি যে, বেদবাক্য যেমন সত্য, তেমন আশার বিষয়বস্তুও যে দুর্ল্লভ, তাহাও সত্য ॥১০॥

মহাপ্রাজ্ঞ ! আমার মনে একটী সংশয় জন্মিয়াছে, আমি জিজ্ঞাসা করিতেছি, আপনি যথার্থরূপে তাহা বলুন ॥১১॥

মুনিশ্রেষ্ঠ ! যদি আপনার কিছু গোপনীয় না হয়, তাহা হইলে আপনি ইহা বলুন যে, আপনা অপেক্ষা কৃশ কোন বস্তু আছে কি ?' ॥১২॥

তনুমুনি বলিলেন—'বৎস ! যে প্রার্থী প্রার্থনাসম্বন্ধে ধৈর্য্য অবলম্বন করে, সেই প্রকার প্রার্থী দুর্ল্লভ, অথবা জগতে নাই ; আর যে দাতা প্রার্থীর অবমাননা করেন না, তিনি জগতে অতিদুর্ল্লভ ॥১৩॥

কৃতঘ্নেষু চ যা সক্তা নৃশংসেম্বলসেষু চ।
অপকারিষু চাসক্তা সাশা কৃশতরী ময়া ॥১৫॥
একপুত্রঃ পিতা পুত্রে নষ্টে বা প্রোষিতেঽপি বা।
প্রবৃত্তিং যো ন জানাতি সাশা কৃশতরী ময়া ॥১৬॥
প্রসবে চৈব নারীণাং বৃদ্ধানাং পুত্রকারিতা।
তথা নরেন্দ্র! ধনিনাং সাশা কৃশতরী ময়া ॥১৭॥
প্রদানকাঙ্ক্ষিণীনাঞ্চ কন্যানাং বয়সি স্থিতে।
শ্রুত্বা কথাস্তথাযুক্তাঃ সাশা কৃশতরী ময়া ॥১৮॥

ভারতকৌমুদী

সদিতি। মানুষঃ খলু শক্ত্যা স্বশক্ত্যনুসারেণ সংকৃত্য যথার্থতঃ পরং নোপকুরুতে ইতি মানুষস্বভাবোক্তিঃ। অতএব হি ময়া সর্বভূতেষু যা আশা সক্তা নিত্যস্থিতা সা আশা কৃশতরী কৃতা ॥১৪॥

কৃতেতি। যা আশা। ময়া কৃতেতি শেষঃ ॥১৫॥

একেতি। একঃ পুত্রো যস্য সঃ। নষ্টে নিরুদ্দিষ্টে, প্রোষিতে প্রবাসং গতে। প্রবৃত্তিং তস্য পুত্রস্য বার্ত্তাম্, সা পুত্রদর্শনবিষয়া ॥১৬॥

প্রসব ইতি। বৃদ্ধানাম্ অতিক্রান্তপ্রসবকালানাং নারীণাম্, প্রসবে বিষয়ে, পুত্রকারিতা পুত্রবিষয়া, যা আশা সম্ভবতি, তথা ধনিনাঞ্চ যা ভূয়ো ধনাশা ভবতি, সা আশা ময়া কৃশতরী কৃতা ॥১৭॥

প্রদানেতি। কন্যানাং যা আশা ভবতীতি শেষঃ। তথাযুক্তা আত্মপ্রদানবিষয়তান্বিতাঃ, কথা বাক্যানি ॥১৮॥

মানুষ নিজের শক্তি অনুসারে আদর করিয়া যথার্থভাবে পরের উপকার করে না; সেই জন্যই যে আশা জগতের সমস্ত জীবে লাগিয়া রহিয়াছে, আমি সেই আশাকে অত্যন্ত কৃশ করিয়াছি (সেই জন্যই আমি সর্ব্বাপেক্ষা কৃশ) ॥১৪॥

কৃতঘ্ন, নৃশংস, অলস এবং পরের অপকারী পুরুষে যে আশা লাগিয়া থাকে, আমি সে আশাকে অত্যন্ত কৃশ করিয়াছি ॥১৫॥

পিতার একটীমাত্র পুত্র, সেই পুত্রটী নিরুদ্দেশ হইলে কিংবা বিদেশে গেলে, যে পিতা সেই পুত্রের বৃত্তান্ত জানেন না, তাঁহার যেরূপ আশা থাকে, আমি সেরূপ আশাকেও অত্যন্ত ক্ষীণ করিয়াছি ॥১৬॥

নরশ্রেষ্ঠ! অধিকবয়স্কা নারীর যে পুত্র প্রসবের আশা এবং ধনিগণের যে প্রচুর ধনলাভের আশা, আমি সে আশাকেও অত্যন্ত কৃশ করিয়াছি ॥১৭॥

যৌবন বয়স উপস্থিত হইলে নিজের বিবাহ বিষয়ে কথোপকথন শুনিয়া বিবাহার্থিনী কন্যাদের যে আশা হয়, সে আশাকেও আমি অত্যন্ত খর্ব্ব করিয়াছি' ॥১৮॥

এতচ্ছ্রুত্বা ততো রাজন্! স রাজা সাবরোধনঃ।
সংস্পৃশ্য পাদৌ শিরসা নিপপাত দ্বিজর্ষভম্ ॥১৯॥

রাজোবাচ।

প্রসাদয়ে ত্বাং ভগবন্! পুত্রেণেচ্ছামি সঙ্গমম্।
যদেতদুক্তং ভবতা সম্প্রতি দ্বিজসত্তম!।
সত্যমেতন্ন সন্দেহো যদেতদ্ব্যাহৃতং ত্বয়া ॥২০॥

ঋষিরুবাচ।

ততঃ প্রহস্য ভগবাংস্তনুর্ধর্ম্মভৃতাং বরঃ।
পুত্রমস্যানয়ৎ ক্ষিপ্রং তপসা চ শ্রুতেন চ ॥২১॥
স সমানীয় তৎ পুত্রং তমুপালভ্য পার্থিবম্।
আত্মানং দর্শয়ামাস ধর্ম্মং ধর্ম্মভৃতাং বরঃ ॥২২॥
স দর্শয়িত্বা চাত্মানং দিব্যমদ্ভুতদর্শনম্।
বিপাপ্মা বিগতক্রোধশ্চচার বনমন্তিকাৎ ॥২৩॥

ভারতকৌমুদী

এতদিতি। হে রাজন্! সুমিত্র!, স রাজা বীরদ্যুম্নঃ, সাবরোধনঃ সপত্নীকঃ ॥১৯॥

প্রেতি। সঙ্গমং সম্মেলনম্। ত্বয়া যদেতদ্ব্যাহৃতং তৎ পুত্রদর্শনাৎ পরতঃ কর্ত্তব্যম্ ইতি শেষঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥২০॥

তত ইতি। অস্য বীরদ্যুম্নস্য, তপসা তপোবলেন, শ্রুতেন স্বাধ্যায়মহিম্না চ ॥২১॥

স ইতি। স তনুঃ, তং বীরদ্যুম্নম্ উপালভ্য দানাকরণাৎ তিরস্কৃত্য। ধর্ম্মং সাক্ষাদ্ধর্ম্মস্বরূপম্ ॥২২॥

রাজা সুমিত্র! ইহা শুনিয়া বীরদ্যুম্নরাজা পত্নীর সহিত মিলিত হইয়া মস্তক-দ্বারা তনুমুনির চরণ স্পর্শ করিয়া তাঁহাকে প্রণাম করিলেন ॥১৯॥

দীর্ঘেতি। মন্দাত্মা আত্মত্রাণে পূর্ব্বমলসত্বঃ, যেন হি হীনবুদ্ধিঃ, অত এব অচেতনঃ পূর্ব্বমচৈতন্য-প্রায়ঃ। উপহতেন্দ্রিয়ঃ পূর্ব্বং ধীবরপ্রহারেণ মূর্চ্ছিতচিত্তঃ অপরো মৎস্যঃ ॥১৭॥

ভারতভাবদীপঃ

১৩॥ উদ্যানে গ্রহণে এতেষাং গ্রথিতানাং মৎস্যানামন্তরং প্রবিশ্য স্থিতঃ ॥১৪॥ গৃহ্যমিতি। তদুদ্যানং গ্রথনসূত্রং গৃহ্যং গৃহ্নাতীতি গৃহ্যং সূত্রং মুখেনাবলম্ব্যাবস্থিতং তং মৎস্যং তে মৎস্যবেধাঃ

ক্রমে ধীবরেরা মৎস্যগুলির মুখরজ্জু গ্রহণ করিয়া উত্তোলন করিতে লাগিলে, প্রত্যুৎপন্নমতি শকুল অন্যান্য মৎস্যের ভিতরে প্রবেশ করিয়া, তাহাদের মুখের দড়ি কামড়াইয়া থাকিল ॥১৪॥

প্রত্যুৎপন্নমতি শকুল অন্যান্য মৎস্যের ভিতরে প্রবেশ করিয়া সেই দড়ি কামড়াইয়া সেই ভাবেই থাকিল। এদিকে সেই ধীবরেরা সকল মৎস্যই গ্রথিত হইয়াছে বলিয়া মনে করিল ॥১৫॥

তাহার পর ধীবরেরা সেই মৎস্যগুলিকে লইয়া যাইয়া বিপুল জলে প্রক্ষালন করিতে লাগিলে, সেই প্রত্যুৎপন্নমতি শকুল দড়ি ছাড়িয়া দিয়া, তৎক্ষণাৎ মুক্ত হইয়া বিপুল জলে চলিয়া গেল ॥১৬॥

(১৪) উদ্দানং ক্রিয়মাণস্তু—বর্দ্ধ নি।

এবং প্রাপ্ততমং কালং যো মোহান্নাববুধ্যতে।
স বিনশ্যতি বৈ ক্ষিপ্রং দীর্ঘসূত্রো যথা ঝষঃ ॥১৮॥
আদৌ ন কুরুতে শ্রেয়ঃ কুশলোঽস্মীতি যঃ পুমান্।
স সংশয়মবাপ্নোতি যথা সম্প্রতিপত্তিমান্ ॥১৯॥
অনাগতবিধাতা চ প্রত্যুৎপন্নমতিশ্চ যঃ।
দ্বাবেব সুখমেধেতে দীর্ঘসূত্রো বিনশ্যতি ॥২০॥
কাষ্ঠাঃ কলা মুহূর্ত্তাশ্চ দিনরাত্র্যঃ ক্ষণা লবাঃ।
মাসাঃ পক্ষাঃ ষড়্‌তবঃ কল্পঃ সংবৎসরাস্তথা ॥২১॥
পৃথিবী দেশ ইত্যুক্তঃ কালঃ স চ ন দৃশ্যতে।
অভিপ্রেতার্থসিদ্ধ্যর্থং ধ্যায়তে যচ্চ তত্তথা ॥২২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এবমিতি। প্রাপ্ততমং সাক্ষাদুপস্থিতম্। ঝষো মৎস্যঃ ॥১৮॥

আদাবিতি। শ্রেয়ো বিপন্নিবারণোপায়ম্, কুশলঃ কার্য্যনিপুণঃ ॥১৯॥

ফলিতার্থপ্রতিবোধায় পুনরপ্যাহ অনেতি। প্রাগ্‌ব্যাখ্যাতমেতৎ ॥২০॥

কার্য্যমাত্র এব কালদেশজ্ঞানমাবশ্যকমিতি ক্রিয়াভেদেন কালং বিভজ্য দেশমপি নিরূপয়তি কাষ্ঠা ইতি। "অষ্টাদশনিমেষাস্তু কাষ্ঠাস্ত্রিংশত্তু তাঃ কলাঃ" ইত্যমরঃ। মুহূর্ত্তশ্চাহোরাত্রস্য ত্রিংশদ্‌ভাগৈকভাগঃ, ত্রিংশৎ কলাঃ ক্ষণঃ, লবোঽপি সূক্ষ্মসময়বিশেষঃ। দৈবং যুগসহস্রং কল্পঃ; তস্য চাতিদীর্ঘত্বাদ্‌বহুত্বধারণা দুষ্করেতি কল্প ইত্যেকবচনম্। পৃথিবী চ দেশ ইত্যুক্তঃ, স চ দৃশ্যতে, কিন্তু স কালশ্চ ন দৃশ্যতে। অতস্তজ্জ্ঞানমনুমানরূপমেব কর্ত্তব্যমিত্যাশয়ঃ, ধ্যায়তে সাধকতয়া চিন্ত্যতে যৎ কালরূপং দেশরূপং বা বস্তু, তৎ তথৈব গ্রাহ্যমিতি শেষঃ ॥২১—২২॥

আর মূর্খ দীর্ঘসূত্রী শকুলের বুদ্ধি ছিল না; সুতরাং সে অচৈতন্যপ্রায় থাকিয়া পূর্ব্বে আত্মরক্ষার কোন চেষ্টা করে নাই বলিয়া অন্যান্য মূর্চ্ছিত মৎস্যের ন্যায় মৃত্যুমুখে পতিত হইল ॥১৭॥

এইরূপ যে লোক মোহবশতঃ সাক্ষাৎ উপস্থিত কাল বুঝিতে পারে না, সে দীর্ঘসূত্রী শকুল মৎস্যের ন্যায় সত্বরই বিনষ্ট হয় ॥১৮॥

আর যে লোক 'আমি সর্ব্বকার্য্যনিপুণ' এইরূপ মনে করিয়া, পূর্ব্বেই বিপৎপ্রতীকারের উপায় করে না, সে লোক প্রত্যুৎপন্নমতি শকুল মৎস্যের ন্যায় জীবনসংশয় প্রাপ্ত হয় ॥১৯॥

অতএব যুধিষ্ঠির! (আমি বলিয়াছি যে—) যে লোক পরিণামদর্শী এবং যে লোক প্রত্যুৎপন্নমতি, তাহারা উভয়েই অনায়াসে উন্নতিলাভ করে; আর দীর্ঘসূত্রী বিনষ্ট হয় ॥২০॥

---

(২১)…দিনরাত্রিস্তথা লবাঃ—পি বঙ্গ বর্দ্ধ।

এতৌ ধর্ম্মার্থশাস্ত্রেষু মোক্ষশাস্ত্রেষু চর্ষিভিঃ।
প্রধানাবিতি নির্দ্দিষ্টৌ কালে চাভিমতৌ নৃণাম্ ॥২৩॥
পরীক্ষ্যকারী যুক্তশ্চ স সম্যগুপপাদয়েৎ।
দেশকালাবভিপ্রেতৌ তাভ্যাং ফলমবাপ্নুয়াৎ ॥২৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে শাকুলোপাখ্যানে ত্রয়স্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

কার্য্যসিদ্ধৌ কালদেশয়োঃ প্রাধান্যং সর্ব্ববাদিসিদ্ধমিত্যাহ এতাবিতি। কালে কার্য্যারম্ভসময়ে চ নৃণামপ্যভিমতৌ, এতৌ কালদেশাবিতি সম্বন্ধঃ ॥২৩॥

প্রতিপাদ্যমাহ পরীক্ষ্যেতি। পরীক্ষ্য উপায়ান্ পর্য্যালোচ্য করোতীতি পরীক্ষ্যকারী, স সিদ্ধার্থী মানুষঃ, যুক্তঃ কর্ম্মণ্যবহিতশ্চ সন্, প্রথমম্ অভিপ্রেতৌ দেশকালৌ, সম্যগুপপাদয়েৎ পর্য্যালোচয়েৎ। যেন হি তাভ্যাং দেশকালাভ্যাং ফলমবাপ্নুয়াৎ ॥২৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাস সিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে ত্রয়স্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

গৃহীত্বা সর্ব্বানেব গ্রথিতান্ বিড়ঃ, স চ মৎস্যঃ তথৈব গৃহীতবদেব তত্রান্তে ইতি শেষঃ ॥১৫—২০॥ কাষ্ঠেতি। কালস্য দেশস্য চ সূক্ষ্মতাম্ অবহিতো জানীয়াদিতি শ্লোকদ্বয়ার্থঃ ॥২১—২২॥ এতৌ দীর্ঘদর্শিসম্প্রতিপত্তিমন্তৌ ॥২৩॥ তাভ্যাং পঞ্চমী, তদপেক্ষয়াঽপি পরীক্ষ্যকারী যুক্তশ্চ বিশিষ্ট ইত্যর্থঃ ॥২৪॥ শাকুলং মীনসম্বন্ধ্যুপাখ্যানম্।

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে আপদ্ধর্ম্মে ভারতভাবদীপে ত্রয়স্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩৩॥

কাষ্ঠা, কলা, মুহূর্ত্ত, দিন, রাত্রি, ক্ষণ, লব, মাস, পক্ষ, ছয় ঋতু, বৎসর ও কল্প —এইগুলিকে কাল বলা হইয়াছে এবং ভূমিকে দেশ বলা হইয়া থাকে। ইহার মধ্যে দেশকে দেখা যায়; কিন্তু কালকে দেখা যায় না; সে যাহা হউক, উদ্দেশ্য সিদ্ধির জন্য যে কাল বা যে দেশকে উপযোগী বলিয়া মনে করিবে, সেইভাবে তাহাই গ্রহণ করিবে ॥২১—২২॥

ঋষিরা ধর্ম্মশাস্ত্র, অর্থশাস্ত্র ও মোক্ষশাস্ত্রে এই দেশ ও কালকেই কার্য্যসিদ্ধির প্রধান উপায় বলিয়া নির্দ্দেশ করিয়াছেন এবং মনুষ্যগণেরও কার্য্যারম্ভের সময়ে এই দুইটী প্রধান বলিয়া অভিমত হইয়া থাকে ॥২৩॥

অতএব যিনি পর্য্যালোচনাপূর্ব্বক কার্য্য করেন, তিনি প্রথমেই অবহিত হইয়া অভিপ্রেত দেশ ও কালের সম্যক্ পর্য্যালোচনা করিবেন। তাহা হইলেই তিনি দেশ ও কালের গুণে কার্য্যে ফললাভ করিতে পারিবেন' ॥২৪॥

* '...সপ্তত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ নি।

এবং প্রাপ্ততমং কালং যো মোহান্নাববুধ্যতে।
স বিনশ্যতি বৈ ক্ষিপ্রং দীর্ঘসূত্রো যথা ঝষঃ ॥১৮॥
আদৌ ন কুরুতে শ্রেয়ঃ কুশলোঽস্মীতি যঃ পুমান্।
স সংশয়মবাপ্নোতি যথা সম্প্রতিপত্তিমান্ ॥১৯॥
অনাগতবিধাতা চ প্রত্যুৎপন্নমতিশ্চ যঃ।
দ্বাবেব সুখমেধেতে দীর্ঘসূত্রো বিনশ্যতি ॥২০॥
কাষ্ঠাঃ কলা মুহূর্ত্তাশ্চ দিনরাত্র্যঃ ক্ষণা লবাঃ।
মাসাঃ পক্ষাঃ ষড়্ ঋতবঃ কল্পঃ সংবৎসরাস্তথা ॥২১॥
পৃথিবী দেশ ইত্যুক্তঃ কালঃ স চ ন দৃশ্যতে।
অভিপ্রেতার্থসিদ্ধ্যর্থং ধ্যায়তে যচ্চ তত্তথা ॥২২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এবমিতি। প্রাপ্ততমং সাক্ষাদুপস্থিতম্। ঝষো মৎস্যঃ ॥১৮॥

আদাবিতি। শ্রেয়ো বিপন্নিবারণোপায়ম্, কুশলঃ কার্য্যনিপুণঃ ॥১৯॥

ফলিতার্থপ্রতিবোধায় পুনরপ্যাহ অনেতি। প্রাগ্ ব্যাখ্যাতমেতৎ ॥২০॥

কার্য্যমাত্র এব কালদেশজ্ঞানমাবশ্যকমিতি ক্রিয়াভেদেন কালং বিভজ্য দেশমপি নিরূপয়তি কাষ্ঠা ইতি। "অষ্টাদশনিমেষাস্তু কাষ্ঠাস্ত্রিংশত্তু তাঃ কলাঃ" ইত্যমরঃ। মুহূর্ত্তশ্চাহোরাত্রস্য ত্রিংশদ্ভাগৈকভাগঃ, ত্রিংশৎ কলাঃ ক্ষণঃ, লবোঽপি সূক্ষ্মসময়বিশেষঃ। দৈবং যুগসহস্রং কল্পঃ; তস্য চাতিদীর্ঘত্বাদবহুত্বধারণা দুষ্করেতি কল্প ইত্যেকবচনম্। পৃথিবী চ দেশ ইত্যুক্তঃ, স চ দৃশ্যতে, কিন্তু স কালশ্চ ন দৃশ্যতে। অতস্তজ্জ্ঞানমনুমানরূপমেব কর্ত্তব্যমিত্যাশয়ঃ, ধ্যায়তে সাধকতয়া চিন্ত্যতে যৎ কালরূপং দেশরূপং বা বস্তু, তৎ তথৈব গ্রাহ্যমিতি শেষঃ ॥২১—২২॥

আর মূর্খ দীর্ঘসূত্রী শকুলের বুদ্ধি ছিল না; সুতরাং সে অচৈতন্যপ্রায় থাকিয়া পূর্ব্বে আত্মরক্ষার কোন চেষ্টা করে নাই বলিয়া অন্যান্য মূর্চ্ছিত মৎস্যের ন্যায় মৃত্যুমুখে পতিত হইল ॥১৭॥

এইরূপ যে লোক মোহবশতঃ সাক্ষাৎ উপস্থিত কাল বুঝিতে পারে না, সে দীর্ঘসূত্রী শকুল মৎস্যের ন্যায় সত্বরই বিনষ্ট হয় ॥১৮॥

আর যে লোক 'আমি সর্ব্বকার্য্যনিপুণ' এইরূপ মনে করিয়া, পূর্ব্বেই বিপৎপ্রতীকারের উপায় করে না, সে লোক প্রত্যুৎপন্নমতি শকুল মৎস্যের ন্যায় জীবনসংশয় প্রাপ্ত হয় ॥১৯॥

অতএব যুধিষ্ঠির! (আমি বলিয়াছি যে—) যে লোক পরিণামদর্শী এবং যে লোক প্রত্যুৎপন্নমতি, তাহারা উভয়েই অনায়াসে উন্নতিলাভ করে; আর দীর্ঘসূত্রী বিনষ্ট হয় ॥২০॥

(২১)…দিনরাত্রিস্তথা লবাঃ—পি বঙ্গ বর্দ্ধ।

বিষমস্থং হি রাজানং শত্রবঃ পরিপন্থিনঃ।
বহবোঽপ্যেকমুদ্ধর্ত্তুং যতন্তে পূর্ব্বতাপিতাঃ ॥৫॥
সর্ব্বত্র প্রার্থ্যমানেন দুর্ব্বলেন মহাবলৈঃ।
একেনৈবাসহায়েন শক্যং স্থাতুং ভবেৎ কথম্ ॥৬॥
কথং মিত্রমরিঞ্চাপি বিন্দতে ভরতর্ষভ!।
চেষ্টিতব্যং কথঞ্চাত্র শত্রোর্মিত্রস্য চান্তরে ॥৭॥
প্রজ্ঞাতলক্ষণে মিত্রে তথৈবামিত্রতাং গতে।
কথন্তু পুরুষঃ কুর্য্যাৎ কৃত্বা কিংবা সুখী ভবেৎ ॥৮॥
বিগ্রহং কেন বা কুর্য্যাৎ সন্ধিং বা কেন যোজয়েৎ।
কথং বা শত্রুমধ্যস্থো বর্ত্তেত বলবানপি ॥৯॥

ভারতকৌমুদী

নন্বেকং বহবঃ কথমাক্রামন্তীত্যাহ বিষমস্থমিতি। বিষমস্থং বিপন্নম্, পরিঃ পন্থা উপায় এষামস্তীতি পরিপন্থিনঃ। উদ্ধর্ত্তুমুত্তোলয়িতুম্ ॥৫॥

সর্ব্বত্রেতি। প্রার্থ্যমানেন উন্মূলয়িতুমিষ্যমাণেন ॥৬॥

কথমিতি। বিন্দতে লভতে। চেষ্টিতব্যং কর্ত্তব্যম্, অন্তরে মধ্যে ॥৭॥

প্রেতি। প্রকর্ষেণ জ্ঞাতং লক্ষণং মিত্রভাবো যস্য তস্মিন্। কথং কিম্ ॥৮॥

বিগ্রহমিতি। বলবানপীত্যপিশব্দেন "দুর্ব্বলেন মহাবলৈ"রিতি প্রাগুক্তো দুর্ব্বলঃ সমুচ্চীয়তে ॥৯॥

ভারতভাবদীপঃ

সর্ব্বত্রেতি ॥১—৪॥ উদ্ধর্ত্তুমুন্মূলয়িতুম্ ॥৫॥ সর্ব্বত্র সর্ব্বদিক্‌স্থৈঃ প্রার্থ্যমানেন গ্রসিতুমিতি

পূর্ব্বসন্তাপিত বহু শত্রু সকল দিক হইতে আসিয়া, সঙ্কটাপন্ন এক রাজাকে উৎখাত করিবার চেষ্টা করিয়া থাকে ॥৫॥

সর্ব্বত্রই প্রবল শত্রুরা নিঃসহায়, একাকী ও দুর্ব্বল ব্যক্তির সর্ব্বস্ব হরণ করিবার ইচ্ছা করে; সেই অবস্থায় সেই দুর্ব্বল ব্যক্তি কি করিয়া থাকিতে পারে? ॥৬॥

ভরতশ্রেষ্ঠ! রাজা কি প্রকারে মিত্র ও শত্রু লাভ করেন এবং শত্রু ও মিত্রের মধ্যে থাকিয়া কি প্রকারই বা ব্যবহার করিবেন? ॥৭॥

পূর্ব্বে যাহার মিত্রভাব জানা গিয়াছিল, সেই ব্যক্তি যদি শত্রু হইয়া পড়ে, তাহা হইলে মানুষ কি প্রকার ব্যবহার করিবে এবং কি করিয়াই বা সুখী হইবে? ॥৮॥

কাহার সহিত বিগ্রহ করিবে? কাহার সহিতই বা সন্ধি করিবে এবং বলবান্ হইয়াও শত্রুর মধ্যে কিভাবে চলিবে? ॥৯॥

(৮) প্রজ্ঞাতলক্ষণে—বর্দ্ধ, অজ্ঞাতলক্ষণে—পি নি।

এতদ্বৈ সর্ব্বকৃত্যানাং পরং কৃত্যং পরন্তপ ! ।
নৈতস্য কশ্চিদ্বক্তাস্তি শ্রোতা বাপি সুদুর্ল্লভঃ ॥১০॥
ঋতে শান্তনবাদ্‌ভীষ্মাৎ সত্যসন্ধাজ্জিতেন্দ্রিয়াৎ ।
তদন্বিষ্য মহাভাগ ! সর্ব্বমেতদ্‌ব্রবীহি মে ॥১১॥ (যুগ্মকম্)

ভীষ্ম উবাচ ।

ত্বদ্‌যুক্তোঽয়মনুপ্রশ্নো যুধিষ্ঠির ! গুণোদয়ঃ ।
শৃণু মে পুত্র ! কার্ৎস্নেন গুহ্যমাপৎসু ভারত ! ॥১২॥
অমিত্রো মিত্রতাং যাতি মিত্রঞ্চাপি প্রদুষ্যতি ।
সামর্থ্যযোগাৎ কার্য্যাণামনিত্যা বৈ সদা গতিঃ ॥১৩॥
তস্মাদ্বিশ্বসিতব্যঞ্চ বিগ্রহঞ্চ সমাচরেৎ ।
দেশং কালঞ্চ বিজ্ঞায় কার্য্যাকার্য্যবিনিশ্চয়ে ॥১৪॥

ভারতকৌমুদী

এতৎপ্রশ্নে হেতুমাহ এতদিতি । ঋতে বিনা, সত্যসন্ধাৎ সত্যপ্রতিজ্ঞাৎ । অন্বিষ্য বিবিচ্য ॥১০—১১॥

ত্বদিতি । ত্বদ্‌যুক্তস্ত্বয়ৈবোচিতঃ । গুণস্য উৎকর্ষস্য উদয়ো যস্মাৎ সঃ । গুহ্যং গোপনীয়ম্ ॥১২॥

অমিত্র ইতি । প্রদুষ্যতি শত্রুর্ভবতি । সামর্থ্যযোগাৎ প্রকারভেদাৎ, গতির্লোকানামবস্থা ॥১৩॥

তস্মাদিতি । বিশ্বসিতব্যং বিশ্বাসেন সন্ধাতব্যম্ । কার্য্যাকার্য্যবিনিশ্চয়ে কর্ত্তব্যাকর্ত্তব্যনিরূপণবিষয়ে ॥১৪॥

শত্রুসন্তাপী পিতামহ ! এই কার্য্যটী সমস্ত কার্য্যের মধ্যে শ্রেষ্ঠ ; সুতরাং শান্তনুনন্দন, সত্যপ্রতিজ্ঞ ও জিতেন্দ্রিয় একমাত্র ভীষ্ম ভিন্ন এই কার্য্যের বক্তা অপর কেহ নাই এবং ইহার শ্রোতাও অতিদুর্ল্লভ ; অতএব মহাভাগ ! আপনি বিবেচনা করিয়া এই সকল বিষয় আমার নিকট বলুন' ॥১০—১১॥

ভীষ্ম বলিলেন—'ভরতনন্দন ! পুত্র ! যুধিষ্ঠির ! ইহাতে উৎকর্ষ উৎপন্ন হয় ; সুতরাং এইরূপ প্রশ্ন করা তোমার পক্ষেই সম্ভবপর । সে যাহা হউক, এই গোপনীয় আপদ্‌ বিষয়টী তুমি আমার নিকট সমস্তই শ্রবণ কর ॥১২॥

কার্য্যের প্রকারভেদে শত্রুও মিত্র হয়, আবার মিত্রও শত্রু হইয়া উঠে ; অতএব মানুষের অবস্থা অনিত্য ॥১৩॥

অতএব রাজা কর্ত্তব্য ও অকর্ত্তব্যনিরূপণ বিষয়ে দেশ ও কাল বুঝিয়া সন্ধিও করিবেন, আবার বিগ্রহও করিবেন ॥১৪॥

সন্ধাতব্যং বুধৈর্নিত্যং ব্যবস্য চ হিতার্থিভিঃ।
অমিত্রৈরপি সন্ধেয়ং প্রাণা রক্ষ্যা হি ভারত! ॥১৫॥
যো হ্যমিত্রৈর্নরো নিত্যং ন সন্দধ্যাদপণ্ডিতঃ।
ন সোঽর্থং প্রাপ্নুয়াৎ কিঞ্চিৎ ফলান্যপি চ ভারত! ॥১৬॥
যস্ত্বমিত্রেণ সন্দধ্যাৎ মিত্রেণ চ বিরুধ্যতে।
অর্থযুক্তিং সমালোক্য সুমহদ্বিন্দতে ফলম্ ॥১৭॥
অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
মার্জ্জারস্য চ সংবাদং ন্যগ্রোধে মূষিকস্য চ ॥১৮॥
বনে মহতি কস্মিংশ্চিন্ন্যগ্রোধঃ সুমহানভূৎ।
লতাজালপরিচ্ছন্নো নানাদ্বিজগণান্বিতঃ ॥১৯॥
স্কন্ধবান্ মেঘসঙ্কাশঃ শীতচ্ছায়ো মনোরমঃ।
অরণ্যমভিতো জাতঃ স তু ব্যালমৃগাকুলঃ ॥২০॥

ভারতকৌমুদী

সন্ধাতব্যমিতি। ব্যবস্য হিতং পর্য্যালোচ্য, বুধৈর্হিতার্থিভিঃ সহ সন্ধাতব্যম্ ॥১৫॥
য ইতি। ন সন্দধ্যাৎ অমিত্রত্ববোধাদেবেতি ভাবঃ। অর্থং প্রয়োজনম্ ॥১৬॥
য ইতি। অর্থযুক্তিং স্বার্থসুবিধাম্ ॥১৭॥
অত্রেতি। নীচি মূলদেশে বহুশিখরতয়া ভূমৌ রোধো যেন স ন্যগ্রোধো বটবৃক্ষঃ ॥১৮॥
বন ইতি। লতাজালেন পরিচ্ছন্ন আবৃতঃ, নানাদ্বিজগণৈঃ পক্ষিগণৈরন্বিতঃ ॥১৯॥

ভরতনন্দন! রাজা মন্ত্রীদিগের সহিত আলোচনাপূর্ব্বক হিত নিশ্চয় করিয়া অভিজ্ঞ মিত্রদিগের সহিত সন্ধি করিবেন এবং ক্ষেত্রবিশেষে শত্রুগণের সহিতও সন্ধি করিবেন। কারণ, প্রাণ রক্ষা করিতেই হইবে ॥১৫॥

ভরতনন্দন! যে মূর্খ মানুষ শত্রুগণের সহিত কখনও সন্ধি করে না, সে কোন প্রয়োজন সাধন করিতে পারে না কিংবা কোন ফল লাভ করে না ॥১৬॥

আর যিনি স্বার্থের সুবিধা পর্য্যালোচনা করিয়া শত্রুর সহিতও সন্ধি করেন, আবার মিত্রের সহিতও বিরোধ করেন, তিনি বিশেষ ফল লাভ করিয়া থাকেন ॥১৭॥

মনস্বীরা এই বিষয়েও বটবৃক্ষে বিড়াল ও ইঁদুরের সংবাদরূপ প্রাচীন বৃত্তান্তের উল্লেখ করিয়া থাকেন ॥১৮॥

কোন মহাবনে লতাসমূহে সমাচ্ছন্ন এবং নানাবিধ পক্ষিসমূহসমন্বিত একটা বিশাল বটবৃক্ষ ছিল ॥১৯॥

তস্য মূলং সমাশ্রিত্য কৃত্বা শতমুখং বিলম্ ।
বসতি স্ম মহাপ্রাজ্ঞঃ পলিতো নাম মূষিকঃ ॥২১॥
শাখাং তস্য সমাশ্রিত্য বসতি স্ম সুখং পুরা ।
লোমশো নাম মার্জ্জারঃ পক্ষিসঙ্ঘাতখাদকঃ ॥২২॥
তত্র চাগত্য চাণ্ডালো হ্যরণ্যে কৃতকেতনঃ ।
প্রযোজয়তি চোন্মাথং নিত্যমস্তংগতে রবৌ ॥২৩॥
তত্র স্নায়ুময়ান্ পাশান্ যথাবৎ সংবিধায় সঃ ।
গৃহং গত্বা সুখং শেতে প্রভাতামেতি শর্ব্বরীম্ ॥২৪॥

ভারতকৌমুদী

স্কন্ধেতি। স্কন্ধবান্ বিশালশাখোৎপত্তিস্থানবান্। অভিত আশ্রিত্য ইত্যর্থঃ, ব্যালমৃগৈর্হিংস্র-পশুভিরাকুলো ব্যাপ্তঃ ॥২০॥

তস্যেতি। বিলং গর্ত্তম। পলিতো নাম বৃদ্ধবদ্বুদ্ধিমত্ত্বাৎ ॥২১॥

শাখামিতি। লোমশো নাম লোমবাহুল্যাৎ, পক্ষিণাং সঙ্ঘাতং সমূহং খাদতীতি সঃ ॥২২॥

তত্রেতি। কৃতকেতনো নির্ম্মিতগৃহঃ। উন্মাথং কূটযন্ত্রম্। "উন্মাথঃ কূটযন্ত্রং স্যাৎ" ইত্যমরঃ। পশুপক্ষিবন্ধনযন্ত্রমিত্যর্থঃ ॥২৩॥

তত্রেতি। স্নায়ুময়ান্ পশুশিরাময়ান্, সংবিধায় সংস্থাপ্য ॥২৪॥

ভারতভাবদীপঃ

শেষঃ। ৬—৮॥ প্রাকৃতকৃত্রিমমিত্রয়োমধ্যে কেন সন্ধিঃ কর্ত্তব্যঃ কেন বা বৈরম্ ॥৯—১৪॥ ব্যবস্থা নিশ্চিত্য ॥১৫—১৭॥ অত্র পূর্ব্বশ্লোকেঽর্থে ॥১৮—২২॥ উন্মাথং কূটযন্ত্রং পশুমৃগপক্ষিবন্ধনম্

বনমধ্যজাত সেই মনোহর বটবৃক্ষের বিশাল বিশাল শাখা ছিল এবং তাহার মেঘের ন্যায় নীলবর্ণ ও শীতল ছায়া অনুভূত হইত, আর তাহার নিকট দিয়া বহুতর হিংস্র পশু বিচরণ করিত ॥২০॥

পলিতনামে একটী অতিশয় বুদ্ধিমান্ মূষিক সেই বটবৃক্ষের মূলদেশে শতমুখ-যুক্ত একটী গর্ত্ত করিয়া তাহাতে বাস করিত ॥২১॥

আর পক্ষিসমূহভক্ষক লোমশনামে একটা বিড়াল সেই বটবৃক্ষের শাখা অবলম্বন করিয়া পূর্ব্ব হইতেই সুখে বাস করিত ॥২২॥

এমন সময়ে এক চণ্ডাল সেই বনে আসিয়া গৃহনির্ম্মাণ করিয়া বাস করিতে লাগিল এবং সে প্রত্যহ সূর্য্য অস্তাচলে গমন করিলে, পশুপক্ষী ধরার একটা যন্ত্র সেস্থানে পাতিয়া রাখিত ॥২৩॥

সেই চণ্ডাল সেই বনে পশুর নাড়ীময় বহুতর জালও পাতিয়া রাখিয়া ঘরে যাইয়া সুখে শয়ন করিত এবং রাত্রি প্রভাত হইলে সেস্থানে আসিত ॥২৪॥

তত্র স্ম নিত্যং বধ্যন্তে নক্তং বহুবিধা মৃগাঃ।
কদাচিদত্র মার্জ্জারস্ত্বপ্রমত্তোঽপ্যবধ্যত ॥২৫॥
তস্মিন্ বদ্ধে মহাপ্রাজ্ঞে শত্রৌ নিত্যাততায়িনি।
তং কালং পলিতো জ্ঞাত্বা প্রচচার সুনির্ভয়ঃ ॥২৬॥
তেনানুচরতা তস্মিন্ বনে বিশ্বস্তচারিণা।
ভক্ষ্যং মৃগয়মাণেন চিরাদ্দৃষ্টং তদামিষম্ ॥২৭॥
স তমুন্মাথমারুহ্য তদামিষমভক্ষয়ৎ।
তস্যোপরি সপত্নস্য বদ্ধস্য মনসা হসন্ ॥২৮॥
আমিষে তু প্রসক্তঃ স কদাচিদবলোকয়ন্।
অপশ্যদপরং ঘোরমাত্মনঃ শত্রুমাগতম্ ॥২৯॥
শরপ্রসূনসঙ্কাশং মহীবিবরশায়িনম্।
নকুলং হরিণং নাম চপলং তাম্রলোচনম্ ॥৩০॥
তেন মূষিকগন্ধেন ত্বরমাণমুপাগতম্।
ভক্ষ্যার্থং সংলিহানং তং ভূমাবূর্দ্ধমুখং স্থিতম্ ॥৩১॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

তত্রেতি। নক্তং রাত্রৌ। অপ্রমত্তোঽপি সাবধানোঽপি ॥২৫॥

তস্মিন্নিতি। নিত্যাততায়িনি সর্ব্বদা হিংস্ররূপে। পলিতো নাম স মূষিকঃ ॥২৬॥

তেনেতি। মৃগয়মাণেন অন্বিষ্যতা। আমিষং মাংসম্ ॥২৭॥

স ইতি। সপত্নস্য শত্রোর্মার্জ্জারস্য ॥২৮॥

আমিষ ইতি। আমিষে মাংসে তদ্ভক্ষণ ইত্যর্থঃ। শরপ্রসূনসঙ্কাশং শরাখ্যতৃণবিশেষপুষ্পবর্ণম্, মহীবিবরশায়িনং ভূমিগর্ত্তবাসিনম্। হরিণং নাম হরিদ্বর্ণত্বাৎ। সংলিহানং রসনয়াবিধুন্বন্তম্ ॥২৯—৩১॥

প্রত্যহই সেই যন্ত্রে ও জালে বহুতর পশু বদ্ধ হইত; ক্রমে কোন সময়ে সেই লোমশ নামক বিড়ালটা সাবধান থাকিয়াও সেই জালে দৈববশতঃ বদ্ধ হইয়া পড়িল ॥২৫॥

সর্ব্বদা হিংসাপরায়ণ ও মহাবুদ্ধি শত্রু মার্জ্জার জালে বদ্ধ হইলে, পলিতনামক সেই মূষিক তাহা জানিয়া সেই সময়ে নির্ভয়ে বিচরণ করিতে লাগিল ॥২৬॥

সেই মূষিক আশ্বস্তচিত্তে সেই বনে বিচরণ করতঃ খাদ্য অন্বেষণ করিতে থাকিয়া, বহুকালের পর সেই মাংস দেখিতে পাইল ॥২৭॥

তখন মূষিক মনে মনে হাস্য করিতে থাকিয়া সেই কূটযন্ত্রে আরোহণ করিয়া উপরিবদ্ধ শত্রু বিড়ালের মাংস ভক্ষণ করিতে আরম্ভ করিল ॥২৮॥

শাখাগতমরিং চান্যমপশ্যৎ কোটরালয়ম্ ।
উলূকং চন্দ্রকং নাম তীক্ষ্ণতুণ্ডং ক্ষপাচরম্ ॥৩২॥
গতস্য বিষয়ং তত্র নকুলোলূকয়োস্তথা ।
অথাস্যাসীদিয়ং চিন্তা তৎ প্রাপ্য সুমহদ্ভয়ম্ ॥৩৩॥
আপদ্যস্যাং সুকষ্টায়াং মরণে প্রত্যুপস্থিতে ।
সমন্তাদ্ভয় উৎপন্নে কথং কার্য্যং হিতৈষিণা ॥৩৪॥
স তথা সর্ব্বতো রুদ্ধঃ সর্ব্বত্র ভয়দর্শনঃ ।
অভবদ্ভয়সন্তপ্তশ্চক্রে চ পরমাং মতিম্ ॥৩৫॥
আপদ্বিনাশভূয়িষ্ঠং শঙ্কনীয়ং হি জীবিতম্ ।
সমন্তাৎ সংশয়ঃ সোঽয়ং তস্মাদাপদুপস্থিতা ॥৩৬॥

ভারতকৌমুদী

শাখেতি। কোটরালয়ং বৃক্ষবিবরবাসিনম্। উলূকং পেচকম্ ॥৩২॥
গতস্যেতি। বিষয়ম্ আক্রমণগোচরম্, গতস্য মূষিকস্য ॥৩৩॥
আপদীতি। সুকষ্টায়ামতীবকষ্টজনিকায়াম্। কথং কিম্ ॥৩৪॥
স ইতি। রুদ্ধঃ শত্রুভিঃ ॥৩৫॥

সেই মূষিক বিড়ালের মাংস ভক্ষণে প্রবৃত্ত হইয়া কখনও চারি দিকে দৃষ্টিপাত করিয়া দেখিতে পাইল—শরপুষ্পের ন্যায় হরিদ্বর্ণ, ভূমিগর্ত্তবাসী, তাম্রনয়ন ও চঞ্চল গাত্র, নিজের অপর ভয়ঙ্কর শত্রু, হরিণনামে একটা নকুল (বেজী) নিজের গন্ধ পাইয়া সত্বর উপস্থিত হইয়াছে এবং ভক্ষণ করিবার জন্য জিহ্বা বাহির করিতেছে ও উর্দ্ধমুখ হইয়া ভূতলে রহিয়াছে ॥২৯—৩১॥

আবার দেখিল—কোটরবাসী, তীক্ষ্ণচঞ্চু ও রাত্রিচারী চন্দ্রক নামে অন্য এক শত্রু পেচক আসিয়া বৃক্ষের শাখায় বসিয়াছে ॥৩২॥

তখন সেই মূষিকটী নকুল ও পেচকের আক্রমণের বিষয় হইয়া পড়িল, তাহাতে তাহার গুরুতর বিপদ উপস্থিত হইল, পরে সে এইরূপ চিন্তা করিতে লাগিল—॥৩৩॥

সকল দিক্ হইতেই ভয় আসিয়াছে, অত্যন্ত কষ্টকর বিপদ উপস্থিত হইয়াছে; এমন কি মৃত্যুই আসিয়া পড়িয়াছে, এ অবস্থায় আমি আপন হিতের জন্য কি করি ॥৩৪॥

ক্রমে মূষিকটী শত্রুকর্ত্তৃক সকল দিকে রুদ্ধ হইয়া, সকল দিকেই ভয় দেখিতে থাকিয়া এবং ভয়ে অস্থির হইয়া, এইরূপ উত্তম বুদ্ধি করিল ॥৩৫॥

(৩৫)···পরমাং গতিম্—পি বঙ্গ। (৩৬) অত্র পুস্তকভেদাদেব পাঠভেদঃ।

গতং হি সহসা ভূমিং নকুলো মামবাপ্নুয়াৎ।
উলূকশ্চেহ তিষ্ঠন্তং মার্জ্জারঃ পাশসংক্ষয়াৎ ॥৩৭॥
ন ত্বেবাস্মদ্বিধঃ প্রাজ্ঞঃ সম্মোহং গন্তুমর্হতি।
করিষ্যে জীবিতে যত্নং যাবদুচ্ছ্বাসনিগ্রহাৎ ॥৩৮॥
ন হি বুদ্ধ্যাঽন্বিতঃ প্রাজ্ঞো নীতিশাস্ত্রবিশারদঃ।
নিমজ্জত্যাপদং প্রাপ্য মহতোঽর্থানবাপ্য হ ॥৩৯॥

ভারতকৌমুদী

আপদিতি। আপৎ বিনাশশ্চ ভূয়িষ্ঠৌ বহুলৌ সম্ভাবনীয়ৌ যস্মিন্ তৎ, তাদৃশং জীবিতং জীবনম্, শঙ্কনীয়ম্ অস্তিত্ববিষয়ে আশঙ্ক্যম্। স জীবনবিষয়ঃ ॥৩৬॥

গতমিতি। নকুলো ভূমিং গতং মাং সহসৈব অবাপ্নুয়াৎ গৃহ্নীয়াৎ। অতো ভূমৌ গমনং ন যুক্তমিতি ভাবঃ। ইহ কূটযন্ত্রে তিষ্ঠন্তঞ্চ মাম্, উলূকস্তরুশাখাস্থঃ পেচকঃ, পাশসংক্ষয়াৎ মার্জ্জারশ্চ অবাপ্নুয়াৎ। তদত্রাবস্থানমপি নোচিতম্। তেনেদানীং কিং কর্ত্তব্যমিত্যাশয়ঃ ॥৩৭॥

নেতি। উচ্ছ্বাসনিগ্রহাৎ জীবনাশ্বাসপরিত্যাগাৎ ॥৩৮॥

নেতি। নিমজ্জতি সম্মুহ্যতি, অর্থান্ প্রয়োজনানি ॥৩৯॥

ভারতভাবদীপঃ

। ২৩—২৫॥ পলিতো মূষিকঃ ॥২৬—২৭॥ তদামিষং তস্য উন্মাথে ধৃতমামিষম্ ॥২৮॥ সপত্নস্য সপত্নং বদ্ধমনাদৃত্য ॥২৯॥ শরস্তৃণবিশেষঃ তৎপ্রসূতং পুষ্পম্ ॥৩০—৩৫॥ গতৈরাপদ্‌গতৈ-র্জীবিতমাপদ্বিনাশেন ভূয়িষ্ঠং প্রশস্তং কার্য্যম্ ॥৩৬॥ স্পষ্টোঽধ্যায়শেষঃ ॥৩৭—২২১॥

ইতি শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুস্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩৪॥

'অধিক পরিমাণে বিপদের বা বিনাশের সম্ভাবনা আসিয়া পড়িলে জীবনের সন্দেহই করিতে হয়। সকল দিক্ হইতেই সেই জীবনসন্দেহ আমার উপস্থিত হইয়াছে; অতএব অবশ্যই স্বীকার করিতে হইবে যে, আমার গুরুতর বিপদই আসিয়াছে ॥৩৬॥

আমি যদি ভূতলে পতিত হই, তাহা হইলে তৎক্ষণাৎ নকুল আমাকে ধরিয়া ফেলিবে, আর এখানে থাকিলে পেচক আসিয়া ধরিবে কিংবা পাশ মুক্ত হইতে পারিলে বিড়াল আমাকে ভক্ষণ করিবে ॥৩৭॥

অথ চ আমার ন্যায় বুদ্ধিমান্ ব্যক্তি বিমুগ্ধ হইতে পারে না; সুতরাং আমি জীবনের ভরসা পরিত্যক্ত হওয়ায় জীবন রক্ষার জন্যই চেষ্টা করিব ॥৩৮॥

বুদ্ধিমান্, বিদ্বান্ ও নীতিশাস্ত্রনিপুণ লোক পর্য্যাপ্ত অভীষ্টলাভের পরে বিপদ্ আসিলেও কর্ত্তব্যবিমূঢ় হন না ॥৩৯॥

ন ত্বন্যমিহ মার্জ্জারাদ্‌গতিং পশ্যামি সাম্প্রতম্ ।
বিষমস্থো হ্যয়ং শত্রুঃ কৃত্যং চাস্য মহন্ময়া ॥৪০॥
জীবিতার্থী কথং ত্বদ্য শত্রুভিঃ প্রার্থিতস্ত্রিভিঃ ।
প্রাণহেতোরিমং মিত্রং মার্জ্জারং সংশ্রয়ামি বৈ ॥৪১॥
নীতিশাস্ত্রং সমাশ্রিত্য হিতমস্যোপবর্ণয়ে ।
যেনেমং শত্রুসজ্ঘাতং মতিপূর্ব্বেণ বঞ্চয়ে ॥৪২॥
অয়মত্যন্তশত্রুর্মে বৈষম্যং পরমং গতঃ ।
মূঢ়ো গ্রাহয়িতুং স্বার্থং সঙ্গত্যা যদি শক্যতে ॥৪৩॥
কদাচিদ্ব্যসনং প্রাপ্য সন্ধিং কুর্য্যান্ময়া সহ ।
বলিনা সন্নিকৃষ্টস্য শত্রোরপি পরিগ্রহঃ ॥৪৪॥
কার্য্য ইত্যাহুরাচার্য্যা বিষমে জীবিতার্থিনা ।
শ্রেষ্ঠো হি পণ্ডিতঃ শত্রুর্ন চ মিত্রমপণ্ডিতঃ ॥৪৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

নেতি। গতিমুপায়ম্। বিষমস্থো জালবন্ধনাদ্‌বিপন্নঃ, অয়ং মার্জ্জারঃ। ময়া চাস্য মহৎ-প্রয়োজনং পাশান্মোচনমিত্যর্থঃ, কৃত্যং কর্ত্তুং শক্যম্ ॥৪০॥

জীবিতেতি। কথমিতি বিষাদে, ত্রিভির্নকুলোলূকমার্জ্জারৈঃ, শত্রুভিঃ প্রার্থিতো ভোক্তু-মিষ্টোঽহম্ অথ চ জীবিতার্থী। ততশ্চাহ প্রাণেত্যাদি ॥৪১॥

নীতীতি। মতিপূর্ব্বেণ বুদ্ধিপ্রযুক্তেন কৌশলেন, বঞ্চয়ে প্রতারয়ামি ॥৪২॥

অয়মিতি। অয়ং মার্জ্জারঃ, বৈষম্যং পাশবদ্ধতয়া বিপদম্। গ্রাহয়িতুং বোধয়িতুম্, সঙ্গত্যা কৌশলেন ॥৪৩॥

বর্ত্তমান সময়ে আমি এই মার্জ্জার ভিন্ন অন্য জীবনরক্ষার উপায় দেখিতেছি না। আমার এই শত্রু মার্জ্জার দারুণ সঙ্কটে পড়িয়াছে; অথ চ আমি উহার মহৎ উপকার সম্পাদন করিতে পারি ॥৪০॥

হায়! তিনটা শত্রু এখন আমাকে চাহিতেছে; অথ চ আমার জীবন রক্ষা করিতেই হইবে; অতএব প্রাণরক্ষার জন্য এই মার্জ্জারকেই মিত্ররূপে আশ্রয় করিব ॥৪১॥

আমি নীতিশাস্ত্র অবলম্বন করিয়া মার্জ্জারের হিতের কথা বলি, যাহাতে বুদ্ধির কৌশলে এই শত্রুগুলিকে প্রতারণা করিতে পারি ॥৪২॥

আমার মহাশত্রু এই মূর্খ বিড়ালটা অত্যন্ত বিপদে পড়িয়াছে; সুতরাং কৌশলে যদি উহাকে উহার স্বার্থ বুঝাইতে পারি ॥৪৩॥

মম ত্বমিত্রে মার্জ্জারে জীবিতং সম্প্রতিষ্ঠিতম্।
হন্তাস্মৈ সম্প্রবক্ষ্যামি হেতুমাত্মবিমোক্ষণে ॥ ৬॥
অপীদানীময়ং শত্রুঃ সঙ্গত্যা পণ্ডিতো ভবেৎ।
এবং বিচিন্তয়ামাস মূষিকঃ শত্রুবেষ্টিতঃ ॥৪৭॥
ততোঽর্থগতিতত্ত্বজ্ঞঃ সন্ধিবিগ্রহকালবিৎ।
সান্ত্বপূর্ব্বমিদং বাক্যং মার্জ্জারং মূষিকোঽব্রবীৎ ॥৪৮॥
সৌহৃদেনাভিভাষে ত্বাং কচ্চিন্মার্জার! জীবসি।
জীবিতং হি তবেচ্ছামি শ্রেয়ঃ সাধারণং হি নৌ ॥৪৯॥

ভারতকৌমুদী

কদাচিদিতি। ব্যসনং বিপদম্, বিষমে বিপদি জীবিতার্থিনা বলিনা সন্নিকৃষ্টস্থ শত্রোরপি পরিগ্রহো গ্রহণং কার্য্যঃ সন্ধিনা কর্ত্তব্য ইত্যাচার্য্যা আহুঃ। তথা চেদমাচার্য্যামতমবলম্ব্য বলবান্ মার্জ্জারো ময়া সহ সন্ধিং কুর্য্যাদপীতি ভাবঃ। শত্রুরপি পণ্ডিতত্বয়া মমায়ং গ্রাহ্য ইত্যাহ শ্রেষ্ঠ ইতি ॥৪৪—৪৫॥

নন্বস্মিন্ মার্জার এব কথং তবায়ং যত্ন ইত্যাহ মমেতি। অমিত্রে শত্রৌ। অয়ং হি প্রবলতয়া নকুলপেচকৌ নিবারয়েদিতি ভাবঃ ॥৪৬॥

নন্বয়ং মূর্খো মার্জারঃ কথং তব কৌশলং বুধ্যেতেত্যাহ অপীতি। সঙ্গত্যা মৎসংসর্গেণ ॥৪৭॥

তত ইতি। অর্থগতিতত্ত্বজ্ঞঃ লোকরীতিমর্ম্মবিৎ। সান্ত্বপূর্ব্বং মাধুর্য্যপূর্ব্বকম্ ॥৪৮॥

সৌহৃদেনেতি। নৌ আবয়োঃ, শ্রেয়ো মঙ্গলং সাধারণম্ ইদানীং সমানমেব ॥৪৯॥

ও বিপদে পড়িয়াছে বলিয়া আমার সহিত সন্ধি করিতে পারে। কেন না, আচার্য্যেরা বলেন যে—প্রবল ব্যক্তি বিপদে পতিত হইয়া জীবন রক্ষা করিবার ইচ্ছা করিয়া, নিকটবর্ত্তী শত্রুকেও আশ্রয় করিবে। কারণ, পণ্ডিত শত্রুও ভাল; কিন্তু মূর্খ মিত্রও ভাল না ॥৪৪—৪৫॥

কিন্তু অদ্য আমার জীবন এই শত্রু বিড়ালের উপরেই নির্ভর করিতেছে; অতএব আমি উহার মুক্তির বিষয়ে উপায় উহাকে বলিব ॥৪৬॥

আমার এই শত্রু মূর্খ হইলেও আমার সংসর্গে পণ্ডিত হইয়া যাইবে' শত্রুবেষ্টিত মূষিক মনে মনে এইরূপ চিন্তা করিল ॥৪৭॥

পরে লৌকিকরীতির মর্ম্মবিৎ এবং সন্ধি ও বিগ্রহের সময়াভিজ্ঞ মূষিক মার্জ্জারকে এইরূপ কোমল বাক্য বলিতে লাগিল—॥৪৮॥

'বিড়াল! আমি সৌহার্দ্দ্যবশতঃ তোমাকে বলিতেছি, তুমি বাঁচিয়া আছ ত? আমি তোমার বাঁচিয়া থাকাই ইচ্ছা করি। বর্ত্তমান সময়ে তোমার ও আমার মঙ্গল সমান ॥৪৯॥

ন তে সৌম্য ! ভয়ং কার্য্যং জীবিষ্যসি যথাসুখম্ ।
অহং ত্বামুদ্ধরিষ্যামি যদি মাং ন জিঘাংসসি ॥৫০॥
অস্তি কশ্চিদুপায়োঽত্র দুষ্করঃ প্রতিভাতি মে ।
যেন শক্যস্ত্বয়া মোক্ষঃ প্রাপ্তুং শ্রেয়স্তথা ময়া ॥৫১॥
ময়াপ্যুপায়ো দৃষ্টোঽয়ং বিচার্য্য মতিমাত্মনঃ ।
আত্মার্থঞ্চ ত্বদর্থঞ্চ শ্রেয়ঃ সাধারণং হি নৌ ॥৫২॥
ইদং হি নকুলোলূকং পাপবুদ্ধ্যাভিসংস্থিতম্ ।
ন ধর্ষয়তি মার্জ্জার ! তেন মে স্বস্তি সাম্প্রতম্ ॥৫৩॥
কূজংশ্চপলনেত্রোঽয়ং কৌশিকো মাং নিরীক্ষতে ।
নগশাখাগ্রগঃ পাপস্তস্যাহং ভৃশমুদ্বিজে ॥৫৪॥

ভারতকৌমুদী

নেতি। ত্বামুদ্ধরিষ্যামি দন্তৈঃ পাশচ্ছেদনেন। জিঘাংসসি হন্তুমিচ্ছসি ॥৫০॥

অস্তীতি। প্রতিভাতি বুদ্ধিবিষয়ো ভবতি। ময়াপি শ্রেয়ঃ প্রাপ্তুং শক্যমিত্যর্থঃ ॥৫১॥

ময়েতি। মতিং বিচার্য্য মত্যা আলোচ্যেত্যর্থঃ ॥৫২॥

ইদমিতি। নকুলোলূকমিতি ক্ষুদ্রজাতিকতয়া সমাহারদ্বন্দ্বৈকবদ্ভাবঃ। ন ধর্ষয়তি মা নাক্রামতি, স্বস্তি মঙ্গলম্ ॥৫৩॥

কূজন্নিতি। কৌশিকঃ পেচকঃ। নগশাখাগ্রগো বৃক্ষশাখাগ্রস্থিতঃ ॥৫৪॥

"সৌম্য ! তুমি ভয় করিও না, সুখে জীবনধারণ করিতে পারিবে। তুমি যদি আমাকে বধ করিবার ইচ্ছা না কর, তবে আমি তোমাকে উদ্ধার করিব ॥৫০॥

আমার মনে হয়, এ বিষয়ে কোন দুষ্কর উপায় আছে—যাহাতে তুমিও মুক্তি পাইতে পারিবে, আমিও মঙ্গললাভ করিব ॥৫১॥

আমি নিজের জন্য ও তোমার জন্য মনে মনে আলোচনা করিয়া এই উপায় নির্দ্ধারণ করিয়াছি। কেন না, বর্ত্তমান সময়ে তোমার ও আমার মঙ্গল সমান ॥৫২॥

বিড়াল ! এই পাপাত্মা বেজী ও পেচা দুরভিসন্ধি করিয়াই ঐ বসিয়া রহিয়াছে, উহারা যদি আমাকে আক্রমণ করিতে না পারে, তাহা হইলেই আমার এখন মঙ্গল হইবে ॥৫৩॥

ঐ চঞ্চলনয়ন পাপাত্মা পেচক বৃক্ষের শাখায় বসিয়া রব করতঃ আমার দিকে দৃষ্টিপাত করিতেছে। আমি উহার গুরুতর ভয় করি ॥৫৪॥

সতাং সাপ্তপদং মৈত্রং স সখা মেঽসি পণ্ডিতঃ।
সাহায্যকং করিষ্যামি নাস্তি তে প্রাণতো ভয়ম্ ॥৫৫॥
ন হি শক্তোঽসি মার্জার! পাশং ছেত্তুং ময়া বিনা।
অহং ছেৎস্যামি পাশাংস্তে যদি মাং ত্বং ন হিংসসি ॥৫৬॥
ত্বমাশ্রিতো দ্রুমস্যাগ্রং মূলং ত্বহমুপাশ্রিতঃ।
চিরোষিতাবুভাবাবাং বৃক্ষেঽস্মিন্ বিদিতঞ্চ তে ॥৫৭॥
যস্মিন্নাশ্বসতে কশ্চিদ্যশ্চ নাশ্বাসিতি কর্হিচিৎ।
ন তৌ ধীরাঃ প্রশংসন্তি নিত্যমুদ্বিগ্নমানসৌ ॥৫৮॥
তস্মাদ্বিবর্দ্ধতাং প্রীতির্নিত্যং সঙ্গতমস্তু নৌ।
কালাতীতমিহার্থন্তু ন প্রশংসন্তি পণ্ডিতাঃ ॥৫৯॥

ভারতকৌমুদী

সতামিতি। সপ্তভিঃ পদৈর্নিষ্পাদ্যমিতি সাপ্তপদং সপ্তপদগমনকালসংসর্গসম্পাদিতমিত্যর্থঃ ॥৫৫॥
নেতি। ন হি শক্তোঽসি মমেব তব তীক্ষ্ণদন্তাভাবাদিতি ভাবঃ। হিংসসি হিনস্সি ॥৫৬॥
আত্মনঃ পরিচয়ং দদাতি ত্বমিতি। দ্রুমস্য অস্য বটবৃক্ষস্য ॥৫৭॥
যস্মিন্নিতি। নাশ্বসতে ন বিশ্বসিতি, নাশ্বসিতি ন বিশ্বসিতি। উদ্বিগ্নমানসৌ অপকারাশঙ্কাবশাদ্ভীতচিত্তৌ। অসত্যবিশ্বাসকারণে পরস্পরং বিশ্বসিতব্যমেবেত্যাশয়ঃ ॥৫৮॥
তস্মাদিতি। সঙ্গতং সম্মেলনম্, নৌ আবয়োঃ। অর্থং কার্য্যম্ ॥৫৯॥

বিড়াল! সপ্তপদ গমন করিতে যতটুকু সময় লাগে, ততটুকু সময় একত্র থাকিলেই তাহাতে মিত্রতা হয়; সুতরাং তুমি আমার সখা হইয়াছ এবং তুমি পণ্ডিতও বট; অতএব আমি তোমার সাহায্য করিব, তোমার প্রাণের ভয় নাই ॥৫৫॥

বিড়াল! আমাকে ছাড়া তুমি তোমার পাশ ছেদন করিতে সমর্থ হইবে না; কিন্তু তুমি যদি আমার হিংসা না কর, তবে আমি তোমার পাশ ছেদন করিব ॥৫৬॥

বিড়াল! তোমার জানা আছে যে, তুমি এই বটবৃক্ষের উপরে থাকিতে, আর আমি ইহার মূলদেশে থাকিতাম; সুতরাং আমরা দুই জনেই এই একটী বৃক্ষে চিরকাল বাস করিতাম ॥৫৭॥

যাহার উপরে কেহই বিশ্বাস করে না এবং যে কাহারও উপরে বিশ্বাস করে না; পণ্ডিতেরা সেই দুই প্রকার লোককেই প্রশংসা করেন না এবং তাহারা সর্ব্বদাই উদ্বিগ্নচিত্ত থাকে ॥৫৮॥

(৫৮) যস্মিন্নাশ্বাসতি—বঙ্গ বর্দ্ধ, যস্মিন্নাশ্বাসতে—নি।

অর্থযুক্তিমিমাং তত্র যথাভূতাং নিশাময় ।
তব জীবিতমিচ্ছামি ত্বং মমেচ্ছসি জীবিতম্ ॥৬০॥
কশ্চিত্তরতি কাষ্ঠেন সুগম্ভীরাং মহানদীম্ ।
স তারয়তি তৎকাষ্ঠং স চ কাষ্ঠেন তার্য্যতে ॥৬১॥
ঈদৃশো নৌ সমাযোগো ভবিষ্যতি সুবিস্তরঃ ।
অহং ত্বাং তারয়িষ্যামি মাঞ্চ ত্বং তারয়িষ্যসি ॥৬২॥
এবমুক্ত্বা তু পলিতস্তমর্থমুভয়োর্হিতম্ ।
হেতুমদ্‌গ্রহণীয়ঞ্চ কালাপেক্ষী ন্যবেক্ষত ॥৬৩॥
অথ সুব্যাহৃতং শ্রুত্বা তস্য শত্রোর্বিচক্ষণঃ ।
হেতুমদ্‌গ্রহণীয়ার্থং মার্জ্জারো বাক্যমব্রবীৎ ॥৬৪॥

ভারতকৌমুদী

অর্থেতি। অর্থযুক্তিং প্রয়োজনসম্বন্ধম্, যথাভূতাং যথার্থাম্ ॥৬০॥

উভাভ্যামেবোভয়প্রয়োজনং সাধনীয়মিত্যাহ কশ্চিদিতি। কাষ্ঠেন কাষ্ঠাবলম্বনেন, সুগম্ভীরামতিগভীরাম্ ॥৬১॥

ঈদৃশ ইতি। সমাযোগঃ সম্মেলনম্, সুবিস্তরশ্চিরন্তনঃ ॥৬২॥

এবমিতি। পলিতো নাম মূষিকঃ। হেতুমান্ যুক্তিমাংশ্চাসৌ গ্রহণীয়শ্চেতি তম্, কালং মার্জারোত্তরসময়মপেক্ষত ইতি কালাপেক্ষী, ন্যবেক্ষত মার্জারমুখমপশ্যৎ ॥৬৩।

অতএব আমাদের পরস্পর প্রীতি বৃদ্ধিলাভ করুক এবং সর্ব্বদাই আমাদের সম্মেলন হইতে থাকুক; পণ্ডিতেরা কিন্তু কাল অতীত হইতে থাকিলে, কোন কার্য্যেরই প্রশংসা করেন না ॥৫৯॥

বিড়াল! তুমি আমাদের এই যথার্থ পরস্পর প্রয়োজন শ্রবণ কর। আমি তোমার বাঁচিয়া থাকা ইচ্ছা করি, আবার তুমিও আমার বাঁচিয়া থাকা ইচ্ছা কর ॥৬০॥

কোন এক ব্যক্তি একখানা কাষ্ঠ অবলম্বন করিয়া কোন অতিগভীর মহানদী পার হয়, তখন সে ব্যক্তি সেই কাষ্ঠখানাকে পার করে, আবার কাষ্ঠখানাও তাহাকে পার করে ॥৬১॥

এইরূপই চিরকাল আমাদের সম্মেলন হইবে। আমি তোমাকে উদ্ধার করিব, আবার তুমিও আমাকে উদ্ধার করিবে' ॥৬২॥

পলিত (মূষিক) এইরূপ যুক্তিযুক্ত ও গ্রহণীয় উভয়ের হিতজনক বিষয় বলিয়া, উত্তরের সময় অপেক্ষা করিয়া, বিড়ালের মুখের দিকে চাহিয়া রহিল ॥৬৩॥

(৬৩)···কালাপেক্ষী ন্যবেক্ষত—বঙ্গ।

বুদ্ধিমান্ বাক্যসম্পন্নস্তদ্বাক্যমনুবর্ত্তয়ন্।
স্বামবস্থাং সমীক্ষ্যাথ সাম্নৈব প্রত্যপূজয়ৎ ॥৬৫॥
ততস্তীক্ষ্ণাগ্রদশনো মণিবৈদূর্য্যলোচনঃ।
মূষিকং মন্দমুদ্বীক্ষ্য মার্জ্জারো লোমশোঽব্রবীৎ ॥৬৬॥
নন্দামি সৌম্য! ভদ্রং তে যো মাং জীবিতুমিচ্ছসি।
শ্রেয়শ্চ যদি জানীষে ক্রিয়তাং মা বিচারয় ॥৬৭॥
অহং হি ভৃশমাপন্নস্ত্বমাপন্নতরো মম।
দ্বয়োরাপন্নয়োঃ সন্ধিঃ ক্রিয়তাং মা চিরায় চ ॥৬৮॥
বিধাস্যে প্রাপ্তকালং যৎকার্য্যং সিদ্ধিকরং বিভো!।
ময়ি কৃচ্ছ্রাদ্বিনির্ম্মুক্তে ন বিনঙ্ক্ষ্যতি তে কৃতম্ ॥৬৯॥

ভারতকৌমুদী

অথেতি। সুন্যায়ং যুক্তং সুষ্ঠু উক্তম্। যদ্যপি দংশেন মূষিকস্যাপি মার্জারশত্রুত্বম্ ॥৬৪॥

বুদ্ধিমানিতি। বাক্যসম্পন্নঃ বাক্‌পটুঃ, অনুবর্ত্তয়ন্ অনুসরন্ ॥৬৫॥

তত ইতি। তীক্ষ্ণাগ্রা দশনা দন্তা যস্য সঃ, মণিবদ্‌বৈদূর্য্যং তদ্বল্লোচনে যস্য সঃ। লোমশো নাম ॥৬৬॥

নন্দামীতি। তে তব ভদ্রং মঙ্গলমস্ত্বিতি শেষঃ। শ্রেয়ো মঙ্গলবিধানোপায়ম্ ॥৬৭॥

অহমিতি। আপন্নঃ পাশবদ্ধত্বাদাপদং প্রাপ্তঃ, ত্বঞ্চ মম অপেক্ষয়াপি আপন্নতরঃ অধিকামাপদং প্রাপ্তঃ শত্রুবেষ্টিতত্বাৎ ॥৬৮॥

তাহার পর বিচক্ষণ বিড়াল শত্রু মূষিকের যুক্তিযুক্ত ও গ্রাহ্য সুন্দর উক্তি শুনিয়া এই কথা বলিল ॥৬৪॥

বুদ্ধিমান্ ও বাক্‌পটু বিড়াল মূষিকের বাক্যের অনুসরণ করিয়া এবং নিজের অবস্থা দেখিয়া, কোমল বাক্যেই তাহার প্রশংসা করিল ॥৬৫॥

যাহার দন্তগুলির অগ্র সকল তীক্ষ্ণ এবং যাহার নয়নযুগল বৈদূর্য্যমণির ন্যায় নীল ও উজ্জ্বল; সেই লোমশ নামক মার্জ্জার মূষিকের প্রতি অল্প দৃষ্টিপাত করিয়া বলিতে লাগিল—॥৬৬॥

'সৌম্য মূষিক! আমি আনন্দলাভ করিলাম, তোমার মঙ্গল হউক, যে তুমি আমার বাঁচিয়া থাকা ইচ্ছা করিতেছ, তুমি যদি আমার মঙ্গলবিধানের উপায় জান, তবে তাহা সত্বর কর, এ বিষয়ে কোন বিচার করিও না ॥৬৭॥

আমি অত্যন্ত বিপন্ন হইয়াছি, তুমি আমা অপেক্ষাও অধিক বিপন্ন হইয়াছ; অতএব দুই বিপন্নের সন্ধি করাই উচিত; সুতরাং তাহা কর, বিলম্ব করিও না ॥৬৮॥

ন্যস্তমানোঽস্মি ভক্তোঽস্মি শিষ্যস্তদ্ধিতকৃত্তথা।
নিদেশবশবর্ত্তী চ ভবন্তং শরণং গতঃ ॥৭০॥
ইত্যেবমুক্তঃ পলিতো মার্জ্জারং বশমাগতম্।
বাক্যং হিতমুবাচেদমভিনীতার্থমর্থবৎ ॥৭১॥
উদারং যদ্ভবানাহ নৈতচ্চিত্রং ভবদ্বিধে।
বিহিতো যস্তু মার্গো মে হিতার্থং শৃণু তং মম ॥৭২॥
অহং ত্বানুপ্রবেক্ষ্যামি নকুলান্মে মহদ্ভয়ম্।
ত্রায়স্ব ভো মা বধীস্ত্বং শক্তোঽস্মি তব রক্ষণে ॥৭৩॥
উলূকাচ্চৈব মাং রক্ষ ক্ষুদ্রঃ প্রার্থয়তে হি মাম্।
অহং ছেৎস্যামি তে পাশান্ সখে! সত্যেন তে শপে ॥৭৪॥

ভারতকৌমুদী

বিধাস্য ইতি। প্রাপ্তকালং কালোচিতম্। কৃতং কৃতোপকারঃ ॥৬৯॥

ন্যস্তেতি। ন্যস্তমানস্ত্যক্তগর্ব্বঃ। নিদেশবশবর্ত্তী আজ্ঞাধীনঃ ॥৭০॥

ইতীতি। পলিতো নাম মূষিকঃ। অভিনীতো বিনয়ান্বিতঃ অর্থো যস্য তৎ, অর্থবৎ সদর্থযুক্তম্ ॥৭১॥

উদারমিতি। উদারং মহৎ। বিহিতো বিধাতুমিষ্টঃ, মার্গঃ পন্থা তব মুক্তেরুপায় ইত্যর্থঃ ॥৭২॥

অহমিতি। ত্বা ত্বাং তব ক্রোড়মিত্যর্থঃ। মা বধীর্মামিতি শেষঃ ॥৭৩॥

প্রভাবসম্পন্ন মূষিক! যে কার্য্যটী সিদ্ধিজনক হইবে, আমি তাহা যথাকালে অবশ্যই করিব, আমি এই বিপদ্ হইতে মুক্ত হইতে পারিলে, তোমার কৃত উপকার কখনও নিষ্ফল হইবে না ॥৬৯॥

আমি গর্ব্ব পরিত্যাগ করিলাম, তোমার ভক্ত, শিষ্য, হিতকারী ও আদেশের বশবর্ত্তী হইলাম এবং তোমার শরণ লইলাম' ॥৭০॥

বিড়াল এইরূপ বলিলে, মূষিক বশীভূত বিড়ালকে এই সদর্থযুক্ত ও হিতজনক বাক্য বিনয়ের সহিত বলিল—॥৭১॥

'বিড়াল! তুমি যাহা বলিলে, তাহা প্রশংসার যোগ্য বটে; তোমার মত লোকের এইরূপ উক্তি বিচিত্র নহে। আমাদের হিতের জন্য আমি যে উপায় করিবার ইচ্ছা করিয়াছি, তাহা তুমি আমার নিকট শ্রবণ কর ॥৭২॥

বিড়াল! আমি যাইয়া তোমার ক্রোড়ের ভিতরে প্রবেশ করিব, নকুল হইতেই আমার গুরুতর ভয়; অতএব তুমি আমাকে রক্ষা কর, বধ করিও না, আমি তোমাকে রক্ষা করিতে সমর্থ হইব ॥৭৩॥

তদ্বচঃ সঙ্গতং শ্রুত্বা লোমশো যুক্তমর্থবৎ।
হর্ষাদুদ্বীক্ষ্য পলিতং স্বাগতেনাভ্যপূজয়ৎ ॥৭৫॥
তং সংপূজ্যাথ পলিতং মার্জ্জারঃ সৌহৃদে স্থিতঃ।
স বিচিন্ত্যাব্রবীদ্ধীরঃ প্রীতস্ত্বরিত এব চ ॥৭৬॥
শীঘ্রমাগচ্ছ ভদ্রং তে ত্বং মে প্রাণসমঃ সখা।
তব প্রাজ্ঞ! প্রসাদাদ্ধি প্রিয়ং প্রাপ্স্যামি জীবিতম্ ॥৭৭॥
যদ্‌যদেবংগতেনাথ শক্যং কর্ত্তুং ময়া তব।
তদাজ্ঞাপয় কর্ত্তাস্মি সন্ধিরেবাস্তু নৌ সখে! ॥৭৮॥
অস্মাত্তু সঙ্কটান্মুক্তঃ সমিত্রগণবান্ধবঃ।
সর্ব্বকার্য্যাণি কর্ত্তাহং প্রিয়াণি চ হিতানি চ ॥৭৯॥

ভারতকৌমুদী

উলূকাদিতি। ক্ষুদ্র উলূকঃ, প্রার্থয়তে মাং ভোক্তুমিচ্ছতি ॥৭৪॥

তদিতি। যুক্তং যুক্তিসম্পন্নম্, অর্থবৎ সদর্থযুক্তম্। পলিতং নাম মূষিকম্ ॥৭৫॥

তমিতি। সংপূজ্য সম্মান্য। ধীরো ধৈর্য্যবান ॥৭৬॥

শীঘ্রমিতি। তে তব ভদ্রং মঙ্গলমেব ভবিষ্যতীতি শেষঃ ॥৭৭॥

যদিতি। অথ, এবংগতেন ঈদৃশবিপদাপন্নেন, ময়া, তব, যদ্‌যৎ হিতং কর্ত্তুং শক্যম্, তৎ আজ্ঞাপয় ব্রূহি কর্ত্তাস্মি করিষ্যামি। হে সখে! নৌ আবয়োঃ, সন্ধিরেবাস্তু ॥৭৮॥

অস্মাদিতি। মিত্রগণৈঃ বান্ধবৈশ্চ সহেতি সঃ। সর্ব্বকার্য্যাণি তবেতি শেষঃ ॥৭৯॥

পেচক হইতেও আমাকে রক্ষা কর। কেন না, ঐ ক্ষুদ্র পেচকটাও আমাকে চাহে। সখে! আমি সত্য শপথ করিতেছি, আমি তোমার পাশচ্ছেদন করিব' ॥৭৪॥

মার্জ্জার মূষিকের সেই যুক্তিযুক্ত, সঙ্গত ও সদর্থসম্পন্ন বাক্য শুনিয়া, আনন্দবশতঃ তাহার দিকে দৃষ্টিপাত করিয়া স্বাগতসম্ভাষণদ্বারা তাহার সম্মান করিল ॥৭৫॥

পরে বিড়াল সৌহার্দ্দ্যসম্পন্ন হইয়া মূষিকের সম্মান করিয়া, ধৈর্য্য ও ত্বরান্বিত এবং সন্তুষ্ট হইয়া বিবেচনাপূর্ব্বক বলিল—॥৭৬॥

'প্রাজ্ঞ মূষিক! সত্বর আগমন কর, তোমার মঙ্গল হইবে, তুমি আমার প্রাণের তুল্য সখা। আমি তোমার অনুগ্রহে প্রিয় জীবন লাভ করিব ॥৭৭॥

সখে! এইরূপ বিপন্ন অবস্থায় আমি তোমার যাহা যাহা করিতে পারিব, তাহা তাহাই করিব। তুমি আদেশ কর, আমাদের সন্ধি হউক ॥৭৮॥

আমি এই বিপদ্ হইতে মুক্ত হইয়া, মিত্র ও বন্ধুবর্গকে লইয়া তোমার প্রীতিকর ও হিতজনক সমস্ত কার্য্যই করিব ॥৭৯॥

(৭৬) স বিচিন্ত্যাব্রবীদ্ধীরঃ—পি বর্দ্ধ নি। (৭৭) তব প্রাজ্ঞ! প্রসাদাদ্ধি প্রায়ঃ—পি বঙ্গ বর্দ্ধ।

মুক্তশ্চ ব্যসনাদস্মাৎ সৌম্যাহমপি নাম তে।
প্রীতিমুৎপাদয়েয়ঞ্চ প্রতিকর্ত্তুশ্চ সৎক্রিয়াম্ ॥৮০॥
প্রত্যুপকুর্ব্বন্ বহ্বপি ন ভাতি পূর্ব্বোপকারিণা তুল্যঃ।
একঃ করোতি হি কৃতে নিষ্কারণমেব কুরুতেঽন্যঃ ॥৮১॥

ভীষ্ম উবাচ।

এবমাশ্বাসিতো বিদ্বান্ মার্জ্জারেণ স মূষিকঃ।
প্রবিবেশ সুবিস্রব্ধঃ সম্যগঙ্গীচকার হ ॥৮২॥
গ্রাহয়িত্বা তু তং স্বার্থং মার্জারং মূষিকস্তথা।
মার্জ্জারোরসি বিস্রব্ধঃ সুষ্বাপ পিতৃমাতৃবৎ ॥৮৩॥
লীনন্তু তস্য গাত্রেষু মার্জ্জারস্য চ মূষিকম্।
দৃষ্ট্বা তৌ নকুলোলূকৌ নিরাশৌ প্রত্যপদ্যতাম্ ॥৮৪॥

ভারতকৌমুদী

মুক্ত ইতি। ব্যসনাদ্বিপদঃ। সৎক্রিয়ামুপকারম্, প্রতিকর্ত্তুং বিধাতুঞ্চ, প্রীতিমুৎপাদয়েয়ম্ ॥৮০॥

বিনয়ং দর্শয়তি প্রত্যীতি। একঃ করোতি জীবনরক্ষণাদ্যর্থমেব উপকরোতি, কৃতে চ তস্মিন্নুপকারে অন্যো নিষ্কারণমেব, কুরুতে ক্ষুদ্রমুপকারমেব করোতি ॥৮১॥

এবমিতি। প্রবিবেশ মার্জারস্য ক্রোড়ম্, সুবিস্রব্ধঃ অতীববিশ্বস্তঃ, অঙ্গীচকার তন্মতম্ ॥৮২॥

গ্রাহেতি। গ্রাহয়িত্বা বোধয়িত্বা। মার্জারস্য উরসি বক্ষসি, পিতৃমাত্রোরিবেতি পিতৃমাতৃবৎ ॥৮৩॥

লীনমিতি। নিরাশৌ তদ্ভক্ষণে, প্রত্যপদ্যতাং মার্জ্জারভয়াদভবতাম্ ॥৮৪॥

সৌম্য! তুমি আমার উপকার করিতেছ; সুতরাং আমিও এই বিপদ্ হইতে মুক্ত হইয়া তোমার প্রীতি উৎপাদন করিব ॥৮০॥

লোক বহুতর প্রত্যুপকার করিয়াও পূর্ব্বোপকারীর তুল্য হইতে পারে না। কারণ, পূর্ব্বোপকারী জীবনরক্ষাপ্রভৃতির জন্যই উপকার করে; সুতরাং তাহা করিলে, অন্য যে ক্ষুদ্র উপকার করে, তাহা বিনাপ্রয়োজনেই করে' ॥৮১॥

ভীষ্ম বলিলেন—'বিড়াল এইভাবে আশ্বস্ত করিলে, বুদ্ধিমান্ মূষিক, অত্যন্ত বিশ্বস্তচিত্তে বিড়ালের ক্রোড়ের ভিতর যাইয়া প্রবেশ করিল এবং তাহার সমস্ত কথাই স্বীকার করিল ॥৮২॥

ইঁদুর বিড়ালকে সেইভাবে সেই স্বার্থ বুঝাইয়া, পিতামাতার ক্রোড়ের ন্যায় বিড়ালের ক্রোড়ে যাইয়া শয়ন করিল ॥৮৩॥

ইঁদুর যাইয়া মার্জ্জারের গাত্রে লীন হইয়াছে দেখিয়া, সেই নকুল ও পেচক তাহার ভক্ষণে নিরাশ হইল ॥৮৪॥

তথৈব তৌ সুসন্ত্রস্তৌ দৃঢ়ং হরিণচন্দ্রকৌ।
দৃষ্ট্বা তয়োঃ পরাং প্রীতিং বিস্ময়ং পরমং গতৌ ॥৮৫॥
বলিনৌ মতিমন্তৌ চ সুবৃত্তৌ চাপ্যুপাশ্রিতৌ।
অশক্তৌ তু নয়াৎ তস্মাৎ সংপ্রধর্ষয়িতুং বলাৎ ॥৮৬॥
কার্য্যার্থকৃতসন্ধী তৌ দৃষ্ট্বা মার্জারমূষিকৌ।
উলূকনকুলৌ তূর্ণং জগ্মতুস্তৌ স্বমালয়ম্ ॥৮৭॥
লীনঃ স তস্য গাত্রেষু পলিতো দেশকালবিৎ।
চিচ্ছেদ পাশান্ নৃপতে! কালাপেক্ষী শনৈঃ শনৈঃ ॥৮৮॥
অথ বন্ধপরিক্লিষ্টো মার্জ্জারো বীক্ষ্য মূষিকম্।
ছিন্দন্তং বৈ তদা পাশানত্বরন্তং ত্বরান্বিতঃ ॥৮৯॥

ভারতকৌমুদী

তথেতি। তৌ নকুলোলূকৌ, হরিণচন্দ্রকৌ নাম ॥৮৫॥

বলিনাবিতি। সুবৃত্তৌ সুকৌশলৌ, উপাশ্রিতৌ সান্নিধ্যং প্রাপ্তাবপি। তস্মাৎ নয়াৎ নীতেঃ, মার্জারমূষিকয়োঃ পরস্পরং সৌহার্দ্দ্যেন সম্মেলনাদিত্যর্থঃ, বলাৎ সংপ্রধর্ষয়িতুং মূষিকমাক্রমিতুম্ অশক্তাবভবতাম্ ॥৮৬॥

কার্য্যেতি। কার্য্যার্থং স্বস্বপ্রয়োজনসাধনার্থং কৃতঃ সন্ধির্যাভ্যাং তৌ। স্বং নিজং নিজম্ ॥৮৭॥

লীন ইতি। লীনো লুক্কায়িতঃ, পলিতো নাম মূষিকঃ। কালাপেক্ষী চাণ্ডালাগমনাসময়াপেক্ষী ॥৮৮॥

অথেতি। অত্বরন্তম্ অত্বরমানং ত্বরান্বিতঃ অভবদিতি শেষঃ ॥৮৯॥

হরিণনামক নকুল ও চন্দ্রকনামক পেচক উক্ত কারণে অত্যন্ত ভীত হইল এবং মার্জার ও মূষিকের বিশেষ প্রণয় দেখিয়া নিতান্ত বিস্ময়াপন্ন হইল ॥৮৫॥

নকুল ও পেচক, বলবান্, বুদ্ধিমান্, কৌশলী ও নিকটবর্ত্তী হইলেও মার্জার ও মূষিকের সেই সম্মেলনবশতঃ বলপূর্ব্বক মূষিককে আক্রমণ করিতে সমর্থ হইল না ॥৮৬॥

মার্জার ও মূষিক আপন আপন প্রয়োজন সাধনের জন্য সন্ধি করিয়াছে দেখিয়া, নকুল ও পেচক সত্বর আপন আপন ভবনে গমন করিল ॥৮৭॥

রাজা! দেশকালজ্ঞ সেই পলিতনামক মূষিক মার্জ্জারের গাত্রের ভিতরে লুক্কায়িত থাকিয়া, চাণ্ডালের আগমনের কাল অপেক্ষা করিয়া, ধীরে ধীরে মার্জারের পাশ ছেদন করিতে লাগিল ॥৮৮॥

(৮৫)···দৃঢ়মাগতভন্দ্রিতৌ—বর্দ্ধ নি।

তমত্বরন্তং পলিতং পাশানাং ছেদনে তথা।
সঞ্চোদয়িতুমারেভে মার্জ্জারো মূষিকং তদা ॥৯০॥
কিং সৌম্য! নাতিত্বরসে কিং কৃতার্থোঽবমন্যসে।
ছিন্দি পাশানমিত্রঘ্ন! পুরা শ্বপচ এতি চ ॥৯১॥
ইত্যুক্তস্ত্বরতা তেন মতিমান্ পলিতোঽব্রবীৎ।
মার্জ্জারমকৃতপ্রজ্ঞং পথ্যমাত্মহিতং বচঃ ॥৯২॥
তূষ্ণীং ভব ন তে সৌম্য! ত্বরা কার্য্যা ন সম্ভ্রমঃ।
বয়মেবাত্র কালজ্ঞা ন কালঃ পরিহাস্যতে ॥৯৩॥
অকালে কৃত্যমারব্ধং কর্ত্তুং নার্থায় কল্পতে।
তদেব কাল আরব্ধং মহতেঽর্থায় কল্পতে ॥৯৪॥

ভারতকৌমুদী

তমিতি। সঞ্চোদয়িতুং ত্বরায়াং প্রণোদয়িতুম্ ॥৯০॥

সঞ্চোদনপ্রকারমাহ কিমিতি। কৃতার্থো নকুলোলূকয়োর্গমনেন ভয়াপগমাচ্চরিতার্থঃ, অব মন্যসে মামবজানাসি। পুরা সন্নিহিতে আগামিনি কালে, শ্বপচঃ পাশযোজকশ্চাণ্ডালঃ ॥৯১॥

ইতীতি। অকৃতপ্রজ্ঞম্ অশিক্ষিতবুদ্ধিম্, পথ্যং তৎকালোচিতম্ ॥৯২॥

তূষ্ণীমিতি। সম্ভ্রমো ব্যস্ততা। পরিহাস্যতে পরিত্যক্ষ্যতে ॥৯৩॥

অকাল ইতি। কৃত্যং যৎকিমপি কার্য্যম্, অর্থায় প্রয়োজনসাধনায়, ন কল্পতে ন শক্নোতি ॥৯৪॥

তাহার পর বন্ধনের যাতনায় পরিক্লিষ্ট মার্জার মূষিককে পাশ ছেদনে বিলম্ব করিতে দেখিয়া, ত্বরান্বিত হইল ॥৮৯॥

মূষিক পাশ ছেদনে বিলম্ব করিতে লাগিলে, মার্জার সত্বর পাশ ছেদন করিবার জন্য মূষিককে ত্বরা করিতে আরম্ভ করিল (বলিল—) ॥৯০॥

'শত্রুহন্তা সৌম্য মূষিক! তুমি কেন সত্বর পাশ ছেদন করিতেছ না? কৃতকার্য্য হইয়া আমাকে কি অবজ্ঞা করিতেছ? সত্বর পাশ ছেদন কর, চাণ্ডাল যে এখনই আসিবে' ॥৯১॥

ত্বরান্বিত মার্জার এইরূপ বলিলে, বুদ্ধিমান্ পলিতনামক মূষিক অশিক্ষিতবুদ্ধি মার্জারকে তৎকালোচিত এই হিতজনক বাক্য বলিল—॥৯২॥

'সৌম্য! তুমি চুপ কর, তোমার ত্বরা বা ব্যস্ততা করিতে হইবে না। আমি কাল বুঝি; সুতরাং আমি সে কাল পরিত্যাগ করিব না ॥৯৩॥

অসময়ে কার্য্য আরম্ভ করিলে, তাহা প্রয়োজনসাধনে সমর্থ হয় না; আর সেই কার্য্যই যথাকালে আরম্ভ করিলে, তাহা বিশেষ প্রয়োজন সাধন করিতে সমর্থ হয় ॥৯৪॥

মহাভারতম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

—ঃ*ঃ—

শান্তিপর্ব্ব

—ঃ০ঃ—

একাদশখণ্ডম্

—ঃ০ঃ—

দর্শনাচার্য্য

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-

সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়-মহাকবি-ভারতাচার্য্য-

শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যপ্রণীতয়া

ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-

বঙ্গানুবাদেন চ সহিতম্

কলিকাতা ৪১ সংখ্যক-দেবলেনাখ্যবর্ত্মস্থ-সিদ্ধান্তবিদ্যালয়াৎ

সিদ্ধান্তবাগীশেনৈব প্রকাশিতঞ্চ

(ফোন নং পার্ক ২৩৬৯)

১৩৫৬ বঙ্গাব্দে

গ্রাহকপক্ষে মূল্যম্ ১।০ সাধারণপক্ষে মূল্যম্ ২৲

কলিকাতা ৭১নং দেবলেনস্থ সিদ্ধান্তপ্রেসে

শ্রীহেমচন্দ্রভট্টাচার্য্যকর্ত্তৃক মুদ্রিত

অকালে বিপ্রমুক্তান্মে ত্বত্ত এব ভয়ং ভবেৎ।
তস্মাৎ কালং প্রতীক্ষস্ব কিমিতি ত্বরসে সখে!॥৯৫॥
যদা পশ্যামি চাণ্ডালমায়ান্তং শস্ত্রপাণিনম্।
ততশ্ছেৎস্যামি তে পাশান্ প্রাপ্তে সাধারণে ভয়ে॥৯৬॥
তস্মিন্ কালে প্রমুক্তস্ত্বং তরুমেবাধিরোক্ষ্যসে।
ন হি তে জীবিতাদন্যৎ কিঞ্চিৎ কৃত্যং ভবিষ্যতি॥৯৭॥
তস্মিন্ কালেঽপি চ তথা দিবাকীর্ত্তিভয়ার্দ্দিতঃ।
মম ন গ্রহণে শক্তঃ পলায়নপরায়ণঃ॥৯৮॥
ততো ভবত্যপক্রান্তে ত্রস্তে ভীতে চ লোমশ!।
অহং বিলং প্রবেক্ষ্যামি ভবান্ শাখাং ভজিষ্যতি॥৯৯॥

ভারতকৌমুদী

অকাল ইতি। বিপ্রমুক্তাৎ বন্ধনাৎ সর্ব্বথা মুক্তাৎ, ভয়ং ত্বদ্ভক্ষণসম্ভাবনয়া মম ভীতিঃ॥৯৫॥

যদেতি। শস্ত্রেণ পণিতুং ব্যবহর্ত্তুং শীলমস্যেতি তম্। প্রাপ্তে উপস্থিতে, সাধারণে আবয়োঃ সমানে॥৯৬॥

তস্মিন্নিতি। অধিরোক্ষ্যসে আরোক্ষ্যসি। জীবিতাৎ জীবনরক্ষণাৎ॥৯৭॥

অথ তদাপি যন্ত্বহং ত্বামাক্রমিষ্যামীত্যাহ তস্মিন্নিতি। দিবাকীর্ত্তেশ্চাণ্ডালাৎ ভয়েনার্দ্দিতস্ত্বম্। "দিবাকীর্ত্তিজনঙ্গমঃ" ইত্যমরঃ॥৯৮॥

তত ইতি। অপক্রান্তে অপসৃতে। বিলং স্বকীয়গর্ত্তম্॥৯৯॥

তুমি অসময়ে মুক্তি লাভ করিলে তোমা হইতেই আমার ভয় হইবে; অতএব সখে! তুমি সময়ের অপেক্ষা কর, ত্বরা করিতেছ কেন? ॥৯৫॥

আমি যখন দেখিতে পাইব যে, চাণ্ডাল অস্ত্রহস্তে আসিতেছে, তখন তোমার ও আমার দুই জনেরই সমান ভয় উপস্থিত হইবে; সুতরাং তখন আমি তোমার পাশ দেচ্ছন করিব॥৯৬॥

সেই সময় তুমি মুক্তি পাইলে, তখনই গাছে উঠিয়া পড়িবে; সুতরাং তখন তোমার নিজের জীবন রক্ষা ভিন্ন অন্য কোন কার্য্যই থাকিবে না॥৯৭॥

সেই সময়ে তুমি চাণ্ডালের ভয়ে ভীত হইয়া পলায়নেই প্রবৃত্ত হইবে; সুতরাং আমাকে আর ধরিতে পারিবে না॥৯৮॥

লোমশ! তাহার পর তুমি ভীত ও অস্থির হইয়া সরিয়া গেলে, আমি যাইয়া গর্ত্তে প্রবেশ করিব, আর তুমি যাইয়া বৃক্ষের উপরের শাখায় উঠিবে'॥৯৯॥

(৯৮) এষ শ্লোকঃ পি বঙ্গ বর্দ্ধ নাস্তি।

এবমুক্তস্তু মার্জ্জারো মূষিকেণাত্মনো হিতম্।
বচনং বাক্যতত্ত্বজ্ঞো জীবিতার্থী মহামতিঃ ॥১০০॥
অথাত্মকৃত্যং ত্বরিতঃ সম্যক্ প্রশ্রুতমাচরন্।
উবাচ লোমশো বাক্যং মূষিকং চিরকারিণম্ ॥১০১॥ (যুগ্মকম্)
নহ্যেবং মিত্রকার্য্যাণি প্রীত্যা কুর্ব্বন্তি সাধবঃ।
যথা ত্বং মোক্ষিতঃ কৃচ্ছ্রাৎ ত্বরমাণেন বৈ ময়া ॥১০২॥
তথা হি ত্বরমাণেন ত্বয়া কার্য্যং হিতং মম।
যত্নং কুরু মহাপ্রাজ্ঞ! যথা স্বস্ত্যাবয়োর্ভবেৎ ॥১০৩॥ (যুগ্মকম্)
অথবা পূর্ব্ববৈরং ত্বং স্মরন্ কালং জিহীর্ষসি।
পশ্য দুষ্কৃতকর্ম্মংস্ত্বং ব্যক্তমায়ুঃক্ষয়ং তব ॥১০৪॥
যদি কিঞ্চিন্ময়াজ্ঞানাৎ পুরস্তাদ্দুষ্কৃতং কৃতম্।
ন তন্মনসি কর্ত্তব্যং ক্ষাময়ে ত্বাং প্রসীদ মে ॥১০৫॥

ভারতকৌমুদী

এবমিতি। জীবিতার্থী জীবনরক্ষার্থী। আত্মকৃত্যং স্বকীয়কার্য্যং পাশচ্ছেদনম্, প্রশ্রুতং মূষিকমুখাদাকর্ণিতম্, আচরন্ শীঘ্রং কর্ত্তুমিচ্ছন্। চিরকারিণং বিলম্বকারকম্ ॥১০০—১০১।

নহীতি। এবং বিলম্বেন। মোক্ষিতঃ সম্মেলনেন মোচিতঃ, কৃচ্ছ্রাৎ নকুলোলুকভয়াৎ। কার্য্যং কর্ত্তব্যম্। স্বস্তি মঙ্গলম্ ॥১০২—১০৩।

অথবেতি। জিহীর্ষসি হর্ত্তুমিচ্ছসি। হে দুষ্কৃতকর্ম্মন্! পাপকারিন্! ॥১০৪॥

স্বস্যাশক্তিং বিচিন্ত্য প্রসাদয়তি যদীতি। পুরস্তাৎ পূর্ব্বম, দুষ্কৃতং তবাপকারঃ ॥১০৫॥

মূষিক এইরূপ নিজের হিতবাক্য বলিলে, মহামতি, ত্বরান্বিত ও জীবনার্থী মার্জার শ্রুত নিজের কার্য্য সমীচীন ভাবে সত্বর করাইবার জন্য বিলম্বকারী মূষিককে এই কথা বলিল—॥১০০—১০১॥

'সজ্জনেরা প্রীতি সত্ত্বেও এইরূপ বিলম্ব করিয়া মিত্রের কার্য্য করেন না; সুতরাং আমি যেমন ত্বরান্বিত হইয়া তোমাকে ভয় হইতে মুক্ত করিয়াছি, তুমিও তেমনই ত্বরান্বিত হইয়া আমার হিতকার্য্য কর। হে মহাপ্রাজ্ঞ! তুমি তেমন যত্ন কর, যাহাতে আমাদের দুই জনেরই মঙ্গল হয় ॥১০২—১০৩॥

অথবা দুষ্ট মূষিক! তুমি যদি পূর্ব্বের শত্রুতা স্মরণ করিয়া কালক্ষেপ করিবার ইচ্ছা কর, তবে তুমি তোমার আয়ুক্ষয় সুস্পষ্ট দর্শন কর ॥১০৪॥

সখে! আমি যদি পূর্ব্বে না জানিয়া তোমার কোন অপকার করিয়া থাকি, তবে তুমি তাহা মনে করিও না। আমি তোমার নিকট ক্ষমা প্রার্থনা করিতেছি, তুমি আমার প্রতি প্রসন্ন হও' ॥১০৫॥

তমেবংবাদিনং প্রাজ্ঞঃ শাস্ত্রবুদ্ধিসমন্বিতঃ।
শ্রুতং মে তব মার্জ্জার! স্বমর্থং পরিগৃহ্নতঃ।
উবাচেদং বচঃ শ্রেষ্ঠং মার্জ্জারং মূষিকস্তদা ॥১০৬॥
মমাপি ত্বং বিজানাসি স্বমর্থং পরিগৃহ্নতঃ ॥১০৭॥
যন্মিত্রং ভীতবৎ সাধ্যং যন্মিত্রং ভয়সংহিতম্।
সুরক্ষিতব্যং তৎ কার্য্যং পাণিঃ সর্পমুখাদিব ॥১০৮॥
কৃত্বা বলবতা সন্ধিমাত্মানং যো ন রক্ষতি।
অপথ্যমিব তদ্ভুক্তং তস্যানর্থায় কল্পতে ॥১০৯॥
ন কশ্চিৎ কস্যচিন্মিত্রং ন কশ্চিৎ কস্যচিদ্রিপুঃ।
অর্থতস্তু নিবধ্যন্তে মিত্রাণি রিপবস্তথা।
অর্থৈরর্থা নিবধ্যন্তে গজৈর্বনগজা ইব ॥১১০॥

ভারতকৌমুদী

তমিতি। শাস্ত্রবুদ্ধিসমন্বিতেনোক্তত্বাদেব বচসঃ শ্রেষ্ঠত্বমিতি ভাবঃ ॥১০৬॥

শ্রুতমিতি। শ্রুতং বাক্যমিতি শেষঃ, মে ময়া। অর্থং প্রয়োজনং পরিগৃহ্নতঃ সাধয়িতু-মিচ্ছতঃ ॥১০৭॥

ত্বমবশ্যমেব রক্ষণীয় ইত্যাহ যদিতি। যৎ মিত্রম্, ভীতবতা ভীতেন জনেন সাধ্যং গ্রাহ্যম্, যৎ মিত্রঞ্চ ভয়েন সংহিতং যুক্তং তদ্ভয়মপি মিত্রম্, সর্পমুখাৎ পাণিরিব সুরক্ষিতব্যং কার্য্যম্। অতো ভীতেন ময়া মিত্রতয়া গ্রহণাৎ ত্বমবশ্যমেব রক্ষণীয় ইত্যাশয়ঃ ॥১০৮॥

কিন্ত্বাত্মরক্ষাপি কর্ত্তব্যেত্যাহ কৃত্বেতি। ভুক্তম্ অপথ্যং বস্ত্বিব তৎসন্ধিকরণম্ ॥১০৯॥

নেতি। মিত্রং রিপুর্ব্বা স্বভাবতো ন ভবতি, অপি তু অর্থতঃ কার্য্যেণৈব নিবধ্যন্তে নিরূপ্যন্তে। অর্থৈঃ কার্য্যৈঃ, অর্থাঃ কার্য্যাণি, নিবধ্যন্তে সংবধ্যন্তে গ্রিয়ন্তে চ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১১০॥

মার্জ্জার এইরূপ বলিতে লাগিলে, তখন বুদ্ধিমান্ ও শাস্ত্রজ্ঞ মূষিক এই শ্রেষ্ঠ বাক্য তাহাকে বলিল—॥১০৬॥

'মার্জ্জার! কেবল স্বার্থ ধরিয়া তুমি যাহা বলিলে, আমি তাহা শুনিলাম। আবার স্বার্থ ধরিয়া আমি যে মত করিয়াছি, তাহাও তুমি জান ॥১০৭॥

নিজে ভীত হইয়া যাহাকে মিত্রভাবে ধরিতে হয় এবং স্বাভাবিক যে মিত্র ভয়যুক্ত হন, সর্পের মুখ হইতে হস্তের ন্যায় সেই দুই প্রকার মিত্রকেই রক্ষা করিতে হয় ॥১০৮॥

যে লোক বলবানের সহিত সন্ধি করিয়া আত্মরক্ষা না করে, তাহার পক্ষে ভুক্ত কুপথ্যের ন্যায় সেই সন্ধি করাটাই অনর্থ ঘটাইয়া থাকে ॥১০৯॥

ন হি কশ্চিৎ কৃতে কার্য্যে কর্ত্তারং সমবেক্ষতে।
তস্মাৎ সর্ব্বাণি কার্য্যাণি সাবশেষাণি কারয়েৎ ॥১১১॥
তস্মিন্ কালেঽপি চ ভবান্ দিবাকীর্ত্তিভয়ার্দ্দিতঃ।
মম ন গ্রহণে শক্তঃ পলায়নপরায়ণঃ ॥১১২॥
ছিন্নস্তু তন্তুবাহুল্যং তন্তুরেকোঽবশেষিতঃ।
ছেৎস্যাম্যহং তমপ্যাশু নির্বৃতো ভব লোমশ ! ॥১১৩॥
তয়োঃ সংবদতোরেবং তথৈবাপন্নয়োর্দ্বয়োঃ।
ক্ষয়ং জগাম সা রাত্রির্লোমশং ত্বাগমদ্ভয়ম্ ॥১১৪॥
ততঃ প্রভাতসময়ে বিকটঃ কৃষ্ণপিঙ্গলঃ।
স্থূলস্ফিগ্ বিকৃতো রূক্ষঃ শ্বযূথপরিবারিতঃ ॥১১৫॥
শঙ্কুকর্ণো মহাবক্ত্রো মলিনো ঘোরদর্শনঃ।
পরিঘো নাম চাণ্ডালঃ শস্ত্রপাণিরদৃশ্যত ॥১১৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তথাপি দয়য়া ক্রিয়তাং পাশচ্ছেদনমিত্যাহ নেতি। কারয়েৎ কুর্য্যাৎ ॥১১১॥
যুক্তিদার্ঢ্যায় উক্তমপি পুনরাহ তস্মিন্নিতি। প্রাগ্ ব্যাখ্যাতমিদম্ ॥১১২॥
ছিন্নমিতি। তন্তুবাহুল্যম্ অধিকানি সূত্রাণি। নির্বৃতো নিরুদ্বেগতয়া সুস্থঃ ॥১১৩॥
তয়োরিতি। আপন্নয়োঃ আপদং প্রাপ্তয়োঃ। ক্ষয়মবসানম্ ॥১১৪॥
তত ইতি। বিকটো ভীষণমূর্ত্তিঃ, কৃষ্ণপিঙ্গলস্তদ্বর্ণঃ। স্থূলস্ফিগ্ পীবরনিতম্বদেশঃ, শ্বযূথেন কুক্কুরসমূহেন পরিবারিতঃ পরিবেষ্টিতঃ। শঙ্কুবৎ সূক্ষ্মাগ্রৌ কর্ণৌ যস্য সঃ ॥১১৫—১১৬॥

স্বভাবতঃ কেহ কাহারই মিত্র হয় না, আবার কেহ কাহার শত্রুও হয় না ; কিন্তু কার্য্যদ্বারাই মিত্র ও শত্রু নিরূপিত হইয়া থাকে। মানুষ যেমন পালিত হস্তীদ্বারা বন্যহস্তী ধরে, তেমন কার্য্যদ্বারাই কার্য্য সাধিত করে ॥১১০॥

নিজের কার্য্য করা হইয়া গেলে আর কেহই সে কার্য্যকারকের কোন অপেক্ষা রাখে না ; অতএব সমস্ত কার্য্যেরই একটু অবশিষ্ট রাখিবে ॥১১১॥

যখন চাণ্ডাল আসিবে তখন তুমি তাহার ভয়ে ভীত হইয়া পলায়নে প্রবৃত্ত হইবে; সুতরাং আমাকে আর ধরিতে পারিবে না ॥১১২॥

লোমশ ! আমি বহুসূত্র ছেদন করিয়াছি, একটীমাত্র সূত্র অবশিষ্ট রাখিয়াছি, তাহাও শীঘ্রই ছেদন করিব ; অতএব তুমি সুস্থ হও' ॥১১৩॥

সেইরূপ বিপদাপন্ন মার্জার ও মূষিক এইরূপ কথোপকথন করিতেছিল, এমন অবস্থায় সেই রাত্রি প্রভাত হইল ; তখন লোমশ ভীত হইয়া পড়িল ॥১১৪॥

তং দৃষ্ট্বা যমদূতাভং মার্জ্জারস্ত্রস্তচেতনঃ।
উবাচ পলিতং ভীতঃ কিমিদানীং করিষ্যসি ॥১১৭॥
ততশ্চিচ্ছেদ তং তন্তুং মার্জ্জারস্য স মূষিকঃ।
বিপ্রমুক্তোঽথ মার্জ্জারস্তমেবাভ্যপতদ্দ্রুমম্ ॥১১৮॥
স তস্মাৎ সম্ভ্রমান্মুক্তো মুক্তো ঘোরেণ শত্রুণা।
বিলং বিবেশ পলিতঃ শাখাং লেভে স লোমশঃ ॥১১৯॥
উন্মাথমপ্যুপাদায় চাণ্ডালো বীক্ষ্য সর্ব্বশঃ।
বিহতাশঃ ক্ষণেনাশু তস্মাদ্দেশাদপাক্রামৎ।
জগাম স স্বভবনং চাণ্ডালো ভরতর্ষভ! ॥১২০॥
ততস্তস্মাদ্ভয়ান্মুক্তো দুর্ল্লভং প্রাপ্য জীবিতম্।
বিলস্থং পাদপাগ্রস্থঃ পলিতং লোমশোঽব্রবীৎ ॥১২১॥

ভারতকৌমুদী

তমিতি। ত্রস্তচেতনো ব্যস্তচিত্তঃ। পলিতং নাম মূষিকম্ ॥১১৭॥
তত ইতি। তন্তুমবশিষ্টং সূত্রম্। অভ্যপতৎ অভ্যগচ্ছৎ ॥১১৮॥
স ইতি। সম্ভ্রমাৎ ব্যস্তভাবাৎ। শত্রুণা মার্জ্জারেণ চ ॥১১৯॥
উন্মাথমিতি। উন্মাথং তৎকূটযন্ত্রম্। বিহতাশঃ পশ্বলাভাৎ। ষট্পাদঃ শ্লোকঃ ॥১২০॥
তত ইতি। পাদপাগ্রস্থো বটবৃক্ষাগ্রবর্ত্তী, পলিতং নাম মূষিকম্, লোমশো নাম মার্জ্জারঃ ॥১২১॥

তাহার পর প্রাতঃকালে বিকটমূর্ত্তি, কৃষ্ণপিঙ্গলবর্ণ, স্থূলনিতম্ব, বিকৃতাকৃতি, রূক্ষ, শঙ্কুর ন্যায় সূক্ষ্মাগ্র কর্ণ, বিশাল মুখ, মলিন বেশ, শস্ত্রপাণি ও ঘোরদর্শন পরিঘনামক সেই চাণ্ডাল কুক্কুরসমূহ পরিবেষ্টিত অবস্থায় দৃষ্টিগোচর হইল ॥১১৫—১১৬॥

যমদূতের ন্যায় সেই চাণ্ডালকে দেখিয়া মার্জ্জার ভীত ও ব্যস্তচিত্ত হইয়া মূষিককে বলিল—'এখন কি করিবে' ॥১১৭॥

তাহার পর মূষিক মার্জ্জারের অবশিষ্ট সূত্র ছেদন করিল। মার্জ্জার তখন পাশ মুক্ত হইয়া সেই বটবৃক্ষের দিকে বেগে গমন করিল ॥১১৮॥

পলিতনামক মূষিকও সেই উদ্বেগ হইতে মুক্তি লাভ করিয়া এবং ভয়ঙ্কর শত্রু বিড়ালকর্তৃকও পরিত্যক্ত হইয়া গর্ত্তের ভিতরে যাইয়া প্রবেশ করিল; আর লোমশ-নামক মার্জ্জারও সেই বটবৃক্ষের শাখায় যাইয়া উঠিল ॥১১৯॥

ভরতশ্রেষ্ঠ! এদিকে সেই চাণ্ডালও জাল তুলিয়া লইয়া সকল দিকে চাহিয়া, নিরাশ হইয়া তখনই সত্বর সেস্থান হইতে অপসৃত হইল এবং আপন গৃহের দিকে প্রস্থান করিল ॥১২০॥

(১১৭) ইতঃ পরং প্রাগুক্তসমানার্থকং শ্লোকত্রয়মধিকং দৃশ্যতে বঙ্গ বর্দ্ধ নি।

অকৃত্বা সংবিদং কাঞ্চিৎ সহসা সমবপ্লুতঃ।
কৃতজ্ঞং কৃতকল্যাণং কচ্চিন্মাং নাভিশঙ্কসে ॥১২২॥
গত্বা চ মম বিশ্বাসং দত্ত্বা চ মম জীবিতম্।
মিত্রোপভোগসময়ে কিং মাং ত্বং নোপসর্পসি ॥১২৩॥
কৃত্বা হি পূর্ব্বং মিত্রাণি যঃ পশ্চান্নানুতিষ্ঠতি।
ন স মিত্রাণি লভতে কৃচ্ছ্রাস্বাপৎসু দুর্ম্মতিঃ ॥১২৪॥
সৎকৃতোঽহং ত্বয়া মিত্র! সামর্থ্যাদাত্মনঃ সখে!।
স মাং মিত্রত্বমাপন্নমুপভোক্তুং ত্বমর্হসি ॥১২৫॥
যানি মে সন্তি মিত্রাণি যে চ সম্বন্ধিবান্ধবাঃ।
সর্ব্বে ত্বাং পূজয়িষ্যন্তি শিষ্যা গুরুমিব প্রিয়ম্ ॥১২৬॥

ভারতকৌমুদী

অকৃত্বেতি। সংবিদং সম্ভাষণম্, সমবপ্লুতঃ অপসৃতঃ। কৃতকল্যাণং তব ॥১২২॥
গত্বেতি। হে মিত্র। উপভোগসময়ে সৌহার্দ্দ্যানন্দভোগকালে ॥১২৩॥
কৃত্বেতি। নানুতিষ্ঠতি মিত্রকার্য্যং ন করোতি ॥১২৪॥
সদিতি। সৎকৃতঃ পাশচ্ছেদনেন মুক্তকরণাদুপকৃতঃ ॥১২৫॥
যানীতি। পূজয়িষ্যন্তি পরোপকারিত্ববোধাদিতি ভাবঃ ॥১২৬॥

তাহার পর লোমশ সেই ভয় হইতে মুক্ত হইয়া, দুর্লভ জীবন লাভ করিয়া এবং বটবৃক্ষের অগ্রে থাকিয়া গর্ত্তস্থিত মূষিককে বলিল—॥১২১॥

'সখে! মূষিক! আমি তোমার কোন সম্ভাষণ না করিয়াই সহসা চলিয়া আসিয়াছি; কিন্তু তোমার কৃত উপকার স্মরণ করিতেছি এবং তোমারও উপকার করিয়াছি; এখন তুমি আমার উপরে আশঙ্কা কর না ত? ॥১২২॥

হে মিত্র! তুমি আমার বিশ্বাস লাভ ও আমার জীবনদান করিয়া, এখন আনন্দ ভোগ করিবার সময়ে কেন আমার নিকট আসিতেছ না? ॥১২৩॥

যে লোক পূর্ব্বে মিত্রতা করিয়া, পরে মিত্রের কার্য্য না করে, সেই দুর্ম্মতি কষ্টকর বিপদে আর কখনও অন্য মিত্র লাভ করে না ॥১২৪॥

মিত্র! সখে! তুমি নিজের শক্তির প্রভাবে আমার উপকার করিয়াছ; সুতরাং আমি তোমার মিত্র হইয়াছি; অতএব তুমি এখন আমার সহিত আনন্দভোগ করিতে পার ॥১২৫॥

আমার যে সকল মিত্র আছে এবং যে সকল আত্মীয় ও বন্ধু রহিয়াছে, তাহারা সকলেই—শিষ্যেরা যেমন প্রিয় গুরুর পূজা করে, সেইরূপ তোমার পূজা করিবে ॥১২৬॥

অহঞ্চ পূজয়িষ্যে ত্বাং সমিত্রগণবান্ধবম্।
জীবিতস্য প্রদাতারং কৃতজ্ঞঃ কো ন পূজয়েৎ ॥১২৭॥
ঈশ্বরো মে ভবানস্তু স্বশরীরগৃহস্য চ।
অর্থানাং চৈব সর্ব্বেষামনুশাস্তা চ মে ভব ॥১২৮॥
অমাত্যো মে ভব প্রাজ্ঞ! পিতেবেহ প্রশাধি মাম্।
ন তেঽস্তি ভয়মস্মত্তো জীবিতেনাত্মনঃ শপে ॥১২৯॥
বুদ্ধ্যা ত্বমুশনা সাক্ষাদ্বলেনাধিকৃতা বয়ম্।
ত্বং মন্ত্রবলযুক্তো হি দত্ত্বা জীবিতমদ্য মে ॥১৩০॥
এবমুক্তঃ পরং সান্ত্বং মার্জ্জারেণ স মূষিকঃ।
উবাচ পরমার্থজ্ঞঃ শ্লক্ষ্ণমাত্মহিতং বচঃ ॥১৩১॥
যদ্ভবানাহ তৎসর্ব্বং ময়া তে লোমশ! শ্রুতম্।
মমাপি তাবদ্‌ব্রুবতঃ শৃণু তৎ প্রতিভাতি মে ॥১৩২॥

ভারতকৌমুদী

অহমিতি। মিত্রগণৈর্ব্বান্ধবৈশ্চ সহেতি তম্ ॥১২৭॥
ঈশ্বর ইতি। ঈশ্বরঃ প্রভুঃ। অনুশাস্তা উপদেষ্টা ॥১২৮॥
অমাত্য ইতি। প্রশাধি উপদিশ। জীবিতেন জীবনেন ॥১২৯॥
বুদ্ধ্যেতি। উশনা শুক্রঃ, অধিকৃতা আয়ত্তীকৃতাঃ ॥১৩০॥
এবমিতি। সান্ত্বং মধুরবচনম্। শ্লক্ষ্ণং কোমলম্ ॥১৩১॥
যদিতি। তদ্বক্তব্যং বস্তু মে প্রতিভাতি সিদ্ধান্তবুদ্ধিবেদ্যং ভবতি ॥১৩২॥

আমিও মিত্র এবং বন্ধুবর্গের সহিত তোমার পূজা করিব। কারণ, কোন্ কৃতজ্ঞ ব্যক্তি জীবনদাতার পূজা না করে? ॥১২৭॥

তুমি আমার এবং আমার শরীর ও গৃহের প্রভু হও; আর সমস্ত বিষয়েরই উপদেষ্টা হও ॥১২৮॥

অথবা হে প্রাজ্ঞ! তুমি আমার মন্ত্রী হও এবং পিতার ন্যায় আমাকে উপদেশ দিতে থাক। আমি আমার জীবনদ্বারা শপথ করিতেছি যে, আমা হইতে তোমার কোন ভয় নাই ॥১২৯॥

তুমি বুদ্ধিতে সাক্ষাৎ শুক্রাচার্য্য এবং বলদ্বারা আমাকে আয়ত্ত করিয়াছ; আর আজ তুমি আমার জীবনদান করিয়া মন্ত্রবলশালীও হইয়াছ' ॥১৩০॥

মার্জার এইরূপ পরম মধুর বাক্য বলিলে, সত্যবিষয়াভিজ্ঞ মূষিক কোমল ও নিজের হিতকর বাক্য বলিল—॥১৩১॥

বেদিতব্যানি মিত্রাণি বোদ্ধব্যাশ্চাপি শত্রবঃ।
এতৎ সুসূক্ষ্মং লোকেঽস্মিন্ দৃশ্যতে প্রাজ্ঞসম্মতম্ ॥১৩৩॥
শত্রুরূপা হি সুহৃদো মিত্ররূপাশ্চ শত্রবঃ।
সন্ধিতাস্তে ন বুধ্যন্তে কামক্রোধবশংগতাঃ ॥১৩৪॥
নাস্তি জাতু রিপুর্নাম মিত্রং নাম ন বিদ্যতে।
সামর্থ্যযোগাজ্জায়ন্তে মিত্রাণি রিপবস্তথা ॥১৩৫॥
যো যস্মিন্ জীবতি স্বার্থে পশ্যেৎ পীড়াং ন জীবতি।
স তস্য মিত্রং তাবৎ স্যাদ্যাবন্ন স্যাদ্বিপর্য্যয়ঃ ॥১৩৬॥

ভারতকৌমুদী

বেদীতি। এতৎ সুসূক্ষ্মং নিপুণবুদ্ধিবেদ্যং প্রাজ্ঞৈশ্চ সম্মতমভিমতম্ ॥১৩৩॥

ভীষ্ম বলিলেন—'যে লোক অজ্ঞানবশতঃ পাপ করে, অথচ তাহাতে যে নিজের ক্ষতি হইবে, তাহা বোঝে না এবং সচ্চরিত্র লোকদিগের উপরে বিদ্বেষ করে, সেই লোক লোকসমাজে নিন্দনীয় হয় ॥২॥

মানুষ অজ্ঞানবশতঃ নরকে গমন করে, অজ্ঞানের ফলে দুর্গতি ভোগ করে, অজ্ঞানের প্রভাবে কষ্ট পায় এবং আপৎসাগরে নিমগ্ন হয়' ॥৩॥

যুধিষ্ঠির বলিলেন—'ক্ষত্রিয়শ্রেষ্ঠ! অজ্ঞানের উৎপত্তি, স্থান, বৃদ্ধি, ক্ষয়, আবির্ভাব, মূল, সম্বন্ধ, গতি, কাল, কারণ ও যুক্তি—এইগুলি এখন আমি যথাযথভাবে শুনিতে ইচ্ছা করি। মানুষ এই যে দুঃখ ভোগ করে, তাহা অজ্ঞান হইতে উৎপন্ন হয়' ॥৪—৫॥

ভীষ্ম উবাচ।

রাগো দ্বেষস্তথা মোহো হর্ষঃ শোকোঽভিমানিতা।
কামঃ ক্রোধশ্চ দর্পশ্চ তন্দ্রা চালস্যমেব চ ॥৬॥
ইচ্ছা দ্বেষস্তথা তাপঃ পরবৃদ্ধ্যুপতাপিতা।
অজ্ঞানমেতন্নির্দ্দিষ্টং পাপানাঞ্চৈব যাঃ ক্রিয়াঃ ॥৭॥ (যুগ্মকম্)
এতস্য বা প্রবৃত্তেশ্চ বৃদ্ধ্যাদীন্ যাংশ্চ পৃচ্ছসি।
বিস্তরেণ মহারাজ! শৃণু তচ্চ বিশেষতঃ ॥৮॥
উভাবেতৌ সমফলৌ সমদোষৌ চ ভারত!।
অজ্ঞানঞ্চাতিলোভশ্চাপ্যেকং জানীহি পার্থিব! ॥৯॥
লোভপ্রভবমজ্ঞানং বৃদ্ধং ভূয়ঃ প্রবর্দ্ধতে।
স্থানং স্থানে ক্ষয়ং ক্ষীণে উপৈতি বিবিধাং গতিম্ ॥১০॥

ভারতকৌমুদী

পৃষ্টবিষয়ান্ বক্ষ্যন্ প্রথমং দ্বাভ্যামজ্ঞানস্বরূপমাহ রাগ ইতি। রাগো বিষয়েষু প্রবলভোগেচ্ছা। তন্দ্রা স্বল্পনিদ্রা। বিষয়ভোগাৎ দ্বেষপদস্থাপনশক্তিঃ। পরবৃদ্ধ্যুপতাপিতা পরোন্নতিদর্শনেন দুঃখম্। পাপানাং পাপকর্ম্মণাম্ ॥৬—৭॥

এতস্যেতি। এতস্য অজ্ঞানস্য প্রবৃত্তেরুৎপত্তেৰ্বিষয়ে যৎ ॥৮॥

উভাবিতি। এতৌ অজ্ঞানলোভৌ। একং কার্য্যকারণয়োরভেদপচারাদভিন্নম্ ॥৯॥

ভারতভাবদীপঃ

প্রশ্নাঃ ॥১—৫॥ স্বরূপমাহ দ্বাভ্যাং—রাগ ইতি ॥৬॥ কার্য্যে কারণোপচারাদ্রাগাদয় এবাজ্ঞানম্, পাপানাং ক্রিয়াঃ হিংসাদয়ঃ ॥৭॥ এতস্যৈতৎপ্রবৃত্তিং তচ্চ ত্রয়ং শৃণু ॥৮॥ মুখ্যমজ্ঞানস্বরূপমাহ—উভাবিতি। অত্রাপি পূর্ব্ববৎ কারণে কার্য্যোপচারঃ ॥৯॥ লোভপ্রভবং লোভাত্তস্য প্রবৃত্তিঃ,

ভীষ্ম বলিলেন—'রাগ, দ্বেষ, মোহ, হর্ষ, শোক, অভিমান, কাম, ক্রোধ, দর্প, তন্দ্রা, আলস্য, ইচ্ছা, দ্বেষ, তাপ ও পরশ্রীকাতরতা এবং যে সকল পাপকার্য্য—এই-গুলিই অজ্ঞানের স্বরূপ কথিত হইয়া থাকে ॥৬—৭॥

মহারাজ! তুমি এই অজ্ঞানের কিংবা তাহার উৎপত্তির বিষয়ে অথবা তাহার বৃদ্ধিপ্রভৃতির বিষয়ে যাহা জিজ্ঞাসা করিয়াছ, সে সমস্ত বিষয় বিস্তরক্রমে ও বিশেষ ভাবে শ্রবণ কর ॥৮॥

ভরতনন্দন রাজা! অজ্ঞান ও অতিলোভ এই দুইটাকেই এক বলিয়া অবগত হও। কেন না, এই দুইটারই ফল ও দোষ সমান ॥৯॥

(৬) …তন্দ্রী চালস্যমেব চ…বঙ্গ। (১০) …স্থানে স্থানং ভাবং ক্ষীণং' বঙ্গ।

মূলং লোভস্য মোহো বৈ কালাত্মগতিরেব চ।
ছিন্নে ভিন্নে তথা লোভে কারণং কাল এব চ ॥১১॥
তস্মাজ্জ্ঞানাদ্ধি লোভো হি লোভাদজ্ঞানমেব চ।
সর্বদোষাস্তথা লোভাত্তস্মাল্লোভং বিবর্জ্জয়েৎ ॥১২॥
জনকো যুবনাশ্বশ্চ বৃষাদর্ভিঃ প্রসেনজিৎ।
লোভক্ষয়াদ্দিবং প্রাপ্তাস্তথৈবান্যে জনাধিপাঃ ॥১৩॥

ভারতকৌমুদী

লোভেতি। অজ্ঞানম্, লোভাৎ প্রভবতীতি লোভপ্রভবম্, তচ্চেদজ্ঞানং বৃদ্ধম্, তদা লোভো
া ভূয়ো বহুলং প্রবর্দ্ধতে। অজ্ঞানস্য স্থানে স্থিতৌ লোভস্যাপি স্থানং স্থিতিভবেৎ, তথা অজ্ঞানে
ণে লোভোঽপি ক্ষয়মুপৈতি। তথা তদুভয়মপি দুঃখদারিদ্র্যজননাদিনা বিবিধাং গতিং প্রকার-
পতি। ইতি প্রাগপ্রমিকানাং পঞ্চানামুত্তরম্ ॥১০॥

মূলমিতি। কালাত্মনা কালরূপেণ কারণেন গতিঃ প্রসারো যস্য স, তাদৃশো মোহো লোভস্য মূলম্
দিকারণম্। তথা লোভে ছিন্নে ভিন্নে তস্য বিবৃতরূপবিষয়ে ক্ষয়ে বা, কাল এব কারণম্। এতেন
াদীনাং ষণ্ণামুত্তরমুন্নেয়ম্ ॥১১॥

নম্বপৃষ্টে লোভে কথমিদমুচ্যতে ইত্যাহ—তস্মেতি। তস্য মতস্য, অজ্ঞানাল্লোভ উৎপদ্যতে,
াভাচ্চাজ্ঞানং জায়তে। এতচ্চ কালভেদেনোপপদ্যতে ॥১২॥

ভারতভাবদীপঃ

াভবৃদ্ধৌ বৃদ্ধির্লোভস্য স্থানে সাম্যে স্থানং সমতা লোভে ক্ষীণে ক্ষীণং ভবতি, উপৈতি উদেতি
াভস্যোদয়ে উদেতীত্যর্থঃ। বিবিধাঃ গতিঃ দুঃখসন্তাপমোহাদিরূপা প্রাপয়িতুমিতি শেষঃ। তদেবং
াং প্রশ্নানামুত্তরমুক্তম্ ॥১০॥ লোভস্যাজ্ঞানাত্মকস্য মূলং মোহো বৈচিত্ত্যং কার্যাকার্যাপ্রতিপত্তি-
পম্। এতেনৈব মোহসংযোগ এবাজ্ঞানযোগ ইত্যষ্টমস্যাপ্যুত্তরম্। কালাত্মনা নিমিত্তেনাজ্ঞানস্য
তিঃ স্বর্গনরকনরসুরতির্য্যগ্রূপেতি নবমস্যোত্তরম্। লোভস্য ছেদভেদাদিস্থস্য কালো যদা লিপ্স্য-
নোঽর্থো বিঘ্নিতো ভবতি, তদৈব বৈচিত্ত্যরূপস্যাজ্ঞানস্য কাল ইতি দশমস্যোত্তরম্। কারণং নিদানম্,

অজ্ঞান লোভ হইতে উৎপন্ন হয়, অথ চ অজ্ঞান বৃদ্ধি পাইলে লোভও অত্যন্ত
দ্ধি পায়, অজ্ঞান থাকিলে লোভও থাকে এবং অজ্ঞান নষ্ট হইলে লোভও নষ্ট হয়।
এইভাবে উহারা নানাবিধ অবস্থা প্রাপ্ত হয় ॥১০॥

কালবিশেষে উৎপন্ন মোহই লোভের কারণ; আবার সেই লোভ যে ছিন্ন ভিন্ন
হইয়া যায়, তাহার প্রতি কারণও কাল ॥১১॥

মূঢ় ব্যক্তির অজ্ঞান হইতেই লোভ জন্মে, আবার কখনও লোভ হইতেও অজ্ঞান
জন্মিয়া থাকে। সেই লোভ হইতে সমস্ত দোষই উৎপন্ন হইতে পারে। অতএব
লোভ পরিত্যাগ করিবে ॥১২॥

প্রত্যক্ষস্তু কুরুশ্রেষ্ঠ ! ত্যজ লোভমিহাত্মনা ।
ত্যক্ত্বা লোভং সুখং লোকে প্রেত্য চানুচরিষ্যসি ॥১৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে অজ্ঞানমাহাত্ম্যে চতুঃপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

পঞ্চপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ

—:০:—

যুধিষ্ঠির উবাচ।
স্বাধ্যায়ে কৃতযত্নস্য নরস্য চ পিতামহ ! ।
ধর্ম্মকামস্য ধর্ম্মাত্মন্ ! কিং নু শ্রেয় ইহোচ্যতে ॥১॥

ভারতকৌমুদী

উক্তার্থে দৃষ্টার্থমাহ জনক ইতি। লোভক্ষয়াৎ অজ্ঞানক্ষয়াচ্চেতি বোধ্যম্ ॥১৩॥

প্রত্যক্ষমিতি। প্রত্যক্ষং লোভমিতি সম্বন্ধঃ। লোকে ইহলোকে, প্রেত্য পরলোকে চ অনুচরিষ্যসি প্রাপ্স্যসি ॥১৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি চতুঃপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:০:—

স্বাধ্যায় ইতি। স্বাধ্যায়ে বেদপাঠে। কিং কার্য্যং শ্রেয়ো মঙ্গলপরম্ ॥১॥

ভারতভাবদীপঃ

হেতুঃ ফলম্ ॥১১॥ তস্য কালস্য মূঢ়স্য বা। তদুভয়মাহ—অজ্ঞানকারণাল্লোভঃ কার্য্যং ফলম্ এবং লোভাদজ্ঞানমিত্যন্তয়োরুত্তরম্ ॥১২—১৪॥

ইতি শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুঃপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৫৫॥

জনক, যুবনাশ্ব, বৃষাদর্ভি, প্রসেনজিৎ এবং অন্যান্য অনেক রাজা লোভক্ষয়-বশতই স্বর্গলাভ করিয়াছেন ॥১৩॥

অতএব কৌরবশ্রেষ্ঠ ! তুমি নিজের চেষ্টায় সেই প্রত্যক্ষ লোভকে ত্যাগ কর। লোভ ত্যাগ করিয়া ইহলোকে ও পরলোকে সুখলাভ করিতে পারিবে' ॥১৪॥

—:০:—

যুধিষ্ঠির বলিলেন—'ধর্ম্মাত্মা পিতামহ ! যে মানুষ বেদপাঠে যত্ন করিয়া আসিতেছে, অথ চ অন্যান্য ধর্ম্মও করিবার কামনা করে, তাহার পক্ষে এই জগতে কোন্ কার্য্য আপনি মঙ্গলজনক বলেন ? ॥১॥

* '...একোনষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ নি।

বহুধাদর্শনে লোকে শ্রেয়ো যদিহ মন্যসে।
অস্মিল্লোঁকে পরে চৈব তন্মে ব্রূহি পিতামহ ! ॥২॥
মহানয়ং ধর্ম্মপথো বহুশাখশ্চ ভারত !।
কিংস্বিদেবেহ ধর্ম্মাণামনুষ্ঠেয়তমং মতম্ ॥৩॥
ধর্ম্মস্য মহতো রাজন্ ! বহুশাখস্য তত্ত্বতঃ।
যন্মূলং পরমং তাত ! তৎ সর্ব্বং ব্রূহি তত্ত্বতঃ ॥৪॥

ভীষ্ম উবাচ।

হন্ত তে কথয়িষ্যামি যেন শ্রেয়ো হ্যবাপ্স্যসি।
পীত্বামৃতমিব প্রাজ্ঞো জ্ঞানতৃপ্তো ভবিষ্যসি ॥৫॥
ধর্ম্মস্য বিধয়ো নৈকে যে বৈ প্রোক্তা মহর্ষিভিঃ।
স্বং স্বং বিজ্ঞানমাশ্রিত্য দমস্তেষাং পরায়ণম্ ॥৬॥

ভারতকৌমুদী

বহুধেতি। বহুধা বহুপ্রকারো ধর্ম্মমার্গো দৃশ্যতে যস্মিন্ তত্র। পরে চৈব লোকে ॥২॥

মহানিতি। মহান্ বিশালঃ। বহ্ব্যঃ শাখাঃ প্রকারা যস্য সঃ। অনুষ্ঠেয়তমং প্রাধান্যেনানুষ্ঠেয়ম্ ॥৩॥

ধর্ম্মস্যেতি। তত্ত্বতঃ সত্যতয়ৈব বহুশাখশ্চ। তত্ত্বতো যথার্থতয়া ॥৪॥

হন্তেতি। হন্তশব্দো হর্ষে। হর্ষশ্চ আশানুরূপপ্রশ্নকরণাৎ ॥৫॥

ধর্ম্মস্যেতি। বিধীয়ন্ত ইতি বিধয়ঃ প্রকারাঃ। দম ইন্দ্রিয়দমনম্, পরায়ণং শ্রেষ্ঠতমঃ ॥৬॥

পিতামহ ! এই জগতে ধর্ম্মের পথ বহুপ্রকার দেখা যায়। তাহার মধ্যে যে পথটী ইহলোকে ও পরলোকে মঙ্গলজনক বলিয়া আপনি মনে করেন, তাহা আমার নিকট বলুন ॥২॥

ভরতনন্দন ! এই ধর্ম্মপথ বিশাল ও বহুপ্রকার। তাহার মধ্যে কোন্ প্রকারটী প্রধানভাবে অনুষ্ঠেয় ? ॥৩॥

ক্ষত্রিয়শ্রেষ্ঠ পিতামহ ! বস্তুতই ধর্ম্ম বিশাল ও বহুপ্রকার। তাহার যাহা যাহা প্রধান মূল, সেই সমস্ত আপনি যথাযথভাবে বলুন' ॥৪॥

ভীষ্ম বলিলেন—'ভাল, তুমি যাহাতে মঙ্গললাভ করিবে, তাহা আমি তোমার নিকট বলিতেছি। তুমি বুদ্ধিমান্; সুতরাং মানুষ অমৃত পান করিয়া যেমন তৃপ্তি-লাভ করে, তুমিও তেমন জ্ঞান লাভ করিয়া তৃপ্তিলাভ করিবে ॥৫॥

মহর্ষিরা আপন আপন বিবেক অবলম্বন করিয়া যাহা যাহা বলিয়া গিয়াছেন, ধর্ম্মের সেই প্রকারগুলি বহুতর; সে গুলির মধ্যে ইন্দ্রিয়দমনই সর্ব্বপ্রধান ॥৬॥

(৩) ···কিঞ্চিদেবেহ···বর্দ্ধ। (৪) ·· তৎ সর্ব্বং ব্রূহ্যশেষতঃ—বঙ্গ।

দমং নিঃশ্রেয়সং প্রাহুর্বৃদ্ধা নিশ্চয়দর্শিনঃ।
ব্রাহ্মণস্য বিশেষেণ দমো ধর্ম্মঃ সনাতনঃ ॥৭॥
দমাত্তস্য ক্রিয়াসিদ্ধির্যথাবদুপলভ্যতে।
দমো দানং তথা যজ্ঞানধীতং চাতিবর্ত্ততে ॥৮॥
দমস্তেজো বর্দ্ধয়তি পবিত্রঞ্চ দমঃ পরম্।
বিপাপ্মা তেজসা যুক্তঃ পুরুষো বিন্দতে মহৎ ॥৯॥
দমেন সদৃশং ধর্ম্মং নান্যং লোকেষু শুশ্রুম।
দমো হি পরমো লোকে প্রশস্তঃ সর্ব্বকর্ম্মণাম্ ॥১০॥
প্রেত্য চাত্র মনুষ্যেন্দ্র! পরমং বিন্দতে সুখম্।
দমেন হি সমাযুক্তো মহান্তং ধর্ম্মমশ্নুতে ॥১১॥
সুখং দান্তঃ প্রস্বপিতি সুখঞ্চ প্রতিবুধ্যতে।
সুখং পর্য্যেতি লোকাংশ্চ মনশ্চাস্য প্রসীদতি ॥১২॥

ভারতকৌমুদী

দমমিতি। নিশ্চিতং শ্রেয়ো যস্মিন্ তম্, নিশ্চয়দর্শিনঃ সত্যজ্ঞাঃ ॥৭॥
দমাদিতি। তস্য ব্রাহ্মণস্য। অধীতং বেদাধ্যয়নম্, অতিবর্ত্ততে অতিক্রামতি ॥৮॥
দম ইতি। পুরুষো দমান্বিতঃ, মহৎ স্বর্গাদিকং ফলম্ ॥৯॥
দমেনেতি। ধর্ম্মং ধর্ম্মজনকম্। সর্ব্বকর্ম্মণাং মধ্যে ॥১০॥
প্রেত্যেতি। প্রেত্য পরলোকে, অত্র ইহলোকে চ। হি যস্মাৎ ॥১১॥
সুখমিতি। দান্ত ইন্দ্রিয়দমনশীলঃ। প্রতিবুধ্যতে জাগর্ত্তি। পর্য্যেতি বিচরতি ॥১২॥

সত্যদর্শী বৃদ্ধেরা বলেন—ইন্দ্রিয়দমন হইতে নিশ্চয়ই মঙ্গললাভ হয়। বিশেষতঃ, ব্রাহ্মণের পক্ষে ইন্দ্রিয়দমনই সনাতন ধর্ম্ম ॥৭॥

ব্রাহ্মণের পক্ষে ইন্দ্রিয়দমন হইতেই যথাযথভাবে কার্য্যসিদ্ধি দেখা যায় এবং এক ইন্দ্রিয়দমনই দান, যজ্ঞ ও বেদাধ্যয়নকে অতিক্রম করে ॥৮॥

ইন্দ্রিয়দমন তেজ বৃদ্ধি করে এবং ইন্দ্রিয়দমন পরম পবিত্র; আর ইন্দ্রিয়দমনশালী পুরুষ নিষ্পাপ ও তেজস্বী হইয়া মহাফল লাভ করেন ॥৯॥

আমরা শুনিয়াছি যে, জগতে ইন্দ্রিয়দমনের সমান ধর্ম্মজনক কার্য্য আর নাই এবং ইন্দ্রিয়দমন জগতে সমস্ত কার্য্যের মধ্যে পরম প্রশস্ত ॥১০॥

মানুষ ইন্দ্রিয়দমন করিতে পারিলে বিশেষ ধর্ম্ম লাভ করে; সুতরাং মনুষ্যশ্রেষ্ঠ! সেই মানুষ ইহলোকে ও পরলোকে পরম সুখ লাভ করিতে পারে ॥১১॥

(৭) দমং নিঃশ্রেয়সে প্রাহুঃ···বঙ্গ নি।

অদান্তঃ পুরুষঃ ক্লেশমভীক্ষ্ণং প্রতিপদ্যতে।
অনর্থাংশ্চ বহূনন্যান্ প্রসৃজত্যাত্মদোষজান্ ॥১৩॥
আশ্রমেষু চতুর্ষাহুর্দমমেবোত্তমং ব্রতম্।
তস্য লিঙ্গানি বক্ষ্যামি যেষাং সমুদয়ো দমঃ ॥১৪॥
ক্ষমা ধৃতিরহিংসা চ সমতা সত্যমার্জ্জবম্।
ইন্দ্রিয়াভিজয়ো দাক্ষ্যং মার্দ্দবং হ্রীরচাপলম্ ॥১৫॥
অকার্পণ্যমসংরম্ভঃ সন্তোষঃ প্রিয়বাদিতা।
অবিহিংসানসূয়া চাপ্যেষাং সমুদয়ো দমঃ ॥১৬॥ (যুগ্মকম্)
গুরুপূজা চ কৌরব্য! দয়াভূতেষ্বপৈশুনম্।
জনবাদং মৃষাবাদং স্তুতিনিন্দাবিবর্জনম্ ॥১৭॥
কামং ক্রোধঞ্চ লোভঞ্চ দর্পং স্তম্ভং বিকত্থনম্।
রোষমীর্ষ্যাবমানঞ্চ নৈব দান্তো নিষেবতে ॥১৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অদান্ত ইতি। অভীক্ষ্ণং পুনঃ পুনঃ প্রতিপদ্যতে প্রাপ্নোতি। প্রসৃজতি উৎপাদয়তি ॥১৩॥

আশ্রমেষ্বিতি। আহুর্মুনয়ঃ। লিঙ্গানি লক্ষণানি ॥১৪॥

ক্ষমেতি। ধৃতির্ধৈর্য্যম্, সমতা প্রিয়াপ্রিয়য়োস্তুল্যদৃষ্টিঃ, আর্জ্জবং সরলতা। হ্রীর্লজ্জা, অসংরম্ভঃ অক্রোধঃ। অবিহিংসা বিশেষহিংসাত্যাগঃ। এতচ্চ পূর্ব্বোক্তায়া অহিংসায়া ব্যাখ্যানমুক্তম্। তেন চ জীবৎকুশকাশাদিহরণে ন দোষ ইতি সূচিতম্ ॥১৫ ১৬॥

ইন্দ্রিয়দমনশীল মানুষ সুখে নিদ্রা যায়, সুখে জাগরিত হয় এবং সুখে সমস্ত লোকে বিচরণ করে; আর উহার মনও প্রসন্ন থাকে ॥১২॥

অজিতেন্দ্রিয় লোক বার বার কষ্ট পায় এবং নিজের দোষে অন্যান্য বহুতর অনর্থ সৃষ্টি করে ॥১৩॥

ব্রহ্মচর্য্যপ্রভৃতি চারিটী আশ্রমেই ইন্দ্রিয়দমনকে মুনিরা উত্তম ব্রত বলিয়াছেন। সেই ইন্দ্রিয়দমনের লক্ষণ সকল বলিতেছি, যে গুলির সমুদয়কে ইন্দ্রিয়দমন বলা হয় ॥১৪॥

ক্ষমা, ধৈর্য্য, অহিংসা, সমদর্শিতা, সত্য, সরলতা, ইন্দ্রিয়জয়, দক্ষতা, কোমলতা, লজ্জা, অচাঞ্চল্য, অকার্পণ্য, অক্রোধ, সন্তোষ, প্রিয়বাদিতা, অবিহিংসা এবং অনসূয়া—এইগুলির সমুদয়কে দম বলা হয় ॥১৫—১৬॥

(১৭) ...ভূতেষু পৈশুনম্...বঙ্গ বৰ্দ্ধ, ...স্তুতিনিন্দা বিসর্জ্জনম্—বঙ্গ।

অনিন্দিতো হ্যকামাত্মা নাল্পেম্বর্থ্যনসূয়কঃ।
সমুদ্রকল্পঃ স নরো ন কথঞ্চন পূর্য্যতে ॥১৯॥
অহং ত্বয়ি মম ত্বঞ্চ ময়ি তে তেষু চাপ্যহম্।
পূর্ব্বসম্বন্ধিসংযোগান্নৈতদ্দান্তো নিষেবতে ॥২০॥
সর্ব্বা গ্রাম্যাস্তথারণ্যা যাশ্চ লোকে প্রবৃত্তয়ঃ।
নিন্দাঞ্চৈব প্রশংসাঞ্চ যো নাশ্রয়তি মুচ্যতে ॥২১॥

ভারতকৌমুদী

গুর্ব্বিতি। অপৈশুনম্ অখলতা, এতে দান্তস্য ধর্ম্মা ইতি শেষঃ। জনবাদং লোকনিন্দাম্, মৃষাবাদং মিথ্যাবাক্যম্, স্তুতিঃ প্রশংসা চ নিন্দা চ বিবর্জনমাত্মীয়ত্যাগশ্চ তৎ। স্তম্ভং জড়তাম্, বিকত্থনম্ আত্মশ্লাঘাম্। রোষমাক্রোশম্, ক্রোধস্য পৃথগুক্তত্বাৎ ॥১৭—১৮॥

অনিন্দিত ইতি। অল্পেষু ঐহিকসুখেষু নার্থী ন স্পৃহী। ন পূর্য্যতে ধর্ম্মসঞ্চয়েনেতি শেষঃ ॥১৯॥

অহমিতি। অহং ত্বয়ি পিত্রাদিনা সংযুক্ত ইতি শেষঃ। এবমন্যত্র। তে ভাগিনেয়াদয়ঃ ॥২০॥

সর্ব্বা ইতি। গ্রাম্যাঃ প্রবৃত্তয়োধ নজনাদৌ, আরণ্যাঃ প্রবৃত্তয়শ্চ ফলমূলাদৌ, তাঃ। মুচ্যতে স মুক্তিং লভতে ॥২১॥

ভারতভাবদীপঃ

স্বাধ্যায় ইতি ॥১—৫॥ দম ইন্দ্রিয়নিয়মঃ, পরায়ণং পরাকাষ্ঠা; অত্রৈব সর্ব্বে ধর্ম্মা অন্তর্ভূতা ইত্যর্থঃ ॥৬—১৬॥ পৈশুনং দান্তো নৈব নিষেবতে ইত্যুত্তরেণান্বয়ঃ। স্তুতিনিন্দয়োরবিসর্জ্জনম্ ॥১৭॥ দর্পং গর্ব্বম্, স্তম্ভমবিনয়ম্ ॥১৮॥ অল্পেষ্বনিত্যসুখেষু কথঞ্চন ব্রহ্মলোকলাভেঽপি ন পূর্য্যতে ন তৃপ্তো

কৌরবনন্দন! গুরুজনের সম্মান এবং প্রাণিগণের উপরে দয়া করা অথ চ খলতা না করা, এইগুলি জিতেন্দ্রিয় লোকের স্বাভাবিক ধর্ম্ম। আর লোকনিন্দা, মিথ্যাবাক্য, পরের প্রশংসা বা নিন্দা, আত্মীয়ত্যাগ, কাম, ক্রোধ, লোভ, দর্প, জড়তা, আত্মশ্লাঘা, আক্রোশ, ঈর্ষ্যা ও অপমান—এইগুলি জিতেন্দ্রিয়লোক করেন না ॥১৭—১৮॥

জিতেন্দ্রিয় লোকের নিন্দা কেহই করে না, জিতেন্দ্রিয় লোকও কোন কামনা করেন না এবং তিনি অল্পসুখের প্রার্থীও হন না, আর কাহারও প্রতি অসূয়া করেন না। তারপর সমুদ্র যেমন কোন প্রকার জলেই পূর্ণ হয় না, জিতেন্দ্রিয় লোকও তেমন ধর্ম্ম-সঞ্চয়ে পূর্ণ হন না ॥১৯॥

'আমি তোমার' 'তুমিও আমার' এবং 'তাহারা আমার' 'আমিও তাহাদের' পূর্ব্বসম্পর্ক নিবন্ধন এইরূপ ধারণা জিতেন্দ্রিয় লোক করেন না ॥২০॥

গ্রাম্যলোকের ধনজনপ্রভৃতির উপরে যে সকল প্রবৃত্তি হয়, আর বনবাসী লোকের ফলমূলাদিসম্বন্ধে যে সকল প্রবৃত্তি জন্মে, সেই সকল প্রবৃত্তির এবং নিন্দা ও প্রশংসার আশ্রয় যিনি না করেন, তিনি মুক্তিলাভ করিয়া থাকেন ॥২১॥

মৈত্রোঽথ শীলসম্পন্নঃ প্রসন্নাত্মাত্মবিচ্চ যঃ।
মুক্তশ্চ বিবিধৈঃ সঙ্গৈস্তস্য প্রেত্য ফলং মহৎ ॥২২॥
সুবৃত্তঃ শীলসম্পন্নঃ প্রসন্নাত্মাত্মবিদ্‌বুধঃ।
প্রাপ্যেহ লোকে সৎকারং সুগতিং প্রতিপদ্যতে ॥২৩॥
কর্ম্ম যচ্ছুভমেবেহ সদ্ভিরাচরিতঞ্চ যৎ।
তদেব জ্ঞানযুক্তস্য মুনের্ব্বর্ত্ম ন হীয়তে ॥২৪॥
নিষ্ক্রম্য বনমাস্থায় জ্ঞানযুক্তো জিতেন্দ্রিয়ঃ।
কালাকাঙ্ক্ষী চরত্যেবং ব্রহ্মভূয়ায় কল্পতে ॥২৫॥
অভয়ং যস্য ভূতেভ্যো ভূতানামভয়ং যতঃ।
তস্য দেহাদ্বিমুক্তস্য ভয়ং নাস্তি কুতশ্চন ॥২৬॥

ভারতকৌমুদী

মৈত্র ইতি। মৈত্রঃ সর্ব্বভূতেষু মিত্রভাবশালী। বিবিধৈঃ সঙ্গৈঃ পুত্রকলত্রাদিসংসর্গৈঃ, মুক্তশ্চ বিরহিতশ্চ, তস্য জনস্য প্রেত্য পরলোকে মহৎ ফলং ব্রহ্মলোকগমনাদিকং স্যাৎ ॥২২॥

সুবৃত্ত ইতি। সুবৃত্তঃ সৎকর্ম্মা। প্রতিপদ্যতে লভতে ॥২৩॥

কর্ম্মেতি। তদেব বর্ত্ম ন হীয়তে ন বিচ্যুতং ভবতি ॥২৪॥

নিষ্ক্রম্যেতি। নিষ্ক্রম্য গৃহান্নির্গত্য। কালাকাঙ্ক্ষী দেহত্যাগসময়প্রতীক্ষী, ব্রহ্মভূয়ায় মোক্ষায় কল্পতে স জনঃ শক্নোতি ॥২৫॥

অভয়মিতি। ভূতেভ্যঃ প্রাণিভ্যঃ। কুতশ্চন নরকাদেঃ ॥২৬॥

যিনি সর্ব্বভূতের হিতৈষী, সচ্চরিত্র, প্রসন্নচিত্ত, আত্মজ্ঞানসম্পন্ন ও নানাবিধ সংসর্গমুক্ত হন, তিনি পরলোকে যাইয়া মহাফল লাভ করেন ॥২২॥

যিনি সৎকর্ম্ম করেন, সচ্চরিত্র হন, প্রসন্নচিত্ত থাকেন এবং ব্রহ্মজ্ঞানী হইতে পারেন, সেই বিদ্বান্ লোক ইহলোকে সম্মান লাভ করিয়া পরলোকে সদ্‌গতি প্রাপ্ত হন ॥২৩॥

এই জগতে যাহা সৎকার্য্য এবং যাহা সজ্জনেরা করিয়া থাকেন, সেই কর্ম্মমার্গ জ্ঞানী মুনির কখনও বিচ্যুত হয় না ॥২৪॥

যিনি গৃহ হইতে নির্গত হইয়া বনে যাইয়া জ্ঞানী ও জিতেন্দ্রিয় থাকিয়া দেহত্যাগের সময় প্রতীক্ষা করিয়া বিচরণ করেন, তিনি মুক্তিলাভ করিতে সমর্থ হন ॥২৫॥

যাঁহা হইতে প্রাণিগণের ভয় হয় না এবং যিনি কোন প্রাণীরই ভয় করেন না, দেহত্যাগের পরে তাঁহার কোথা হইতেও ভয় হয় না ॥২৬॥

অবাচিনোতি কর্ম্মাণি ন চ সম্প্রচিনোতি হ।
সমঃ সর্ব্বেষু ভূতেষু মৈত্রায়ণগতিশ্চরেৎ ॥২৭॥
শকুনীনামিবাকাশে জলে বারিচরস্য চ।
যথা গতির্ন দৃশ্যেত তথা তস্য ন সংশয়ঃ ॥২৮॥
গৃহানুৎসৃজ্য যো রাজন্! মোক্ষমেবাভিপদ্যতে।
লোকাস্তেজোময়াস্তস্য কল্পন্তে শাশ্বতীঃ সমাঃ ॥২৯॥
সন্ন্যস্য সর্ব্বকর্ম্মাণি সন্ন্যস্য বিধিবত্তপঃ।
সন্ন্যস্য বিবিধা বিদ্যাঃ সর্বং সন্ন্যস্য চৈব হ ॥৩০॥
কামে শুচিরনাবৃত্তঃ প্রসন্নাত্মাত্মবিচ্ছুচিঃ।
প্রাপ্যেহ লোকে সৎকারং স্বর্গং সমভিপদ্যতে ॥৩১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অবেতি। দান্তো জনঃ প্রাক্তনানি কর্ম্মাণি অবাচিনোতি ভোগেন কেবলং ক্ষপয়ত্যেব, ন চ তানি কর্ম্মাণি পুনঃ সম্প্রচিনোতি করোতি বন্ধভয়াৎ। তথা সমঃ সমদর্শী সন্, সর্ব্বেষু ভূতেষু মৈত্রায়ণো নাম কশ্চিদভয়দাতা মুনিঃ তস্য গতিরিব গতির্যস্য স তাদৃশঃ সন্, চরেৎ অভয়মেব দদ্যাদিত্যর্থঃ ॥২৭॥

শকুনীনামিতি। ইবশব্দঃ সম্ভাবনায়াম্। যথা আকাশে শকুনীনাং পক্ষিণাম্, যথা বা জলে বারিচরস্য জলচরস্য মৎস্যাদেঃ গতির্ন দৃশ্যেত; তথা তস্য দান্তস্য গতিরুদ্দেশ্যমার্গঃ কেনাপি ন দৃশ্যেত। অত্র সংশয়ো নাস্তি ॥২৮॥

গৃহানিতি। মোক্ষং মোক্ষমার্গমেব। তেজোময়া লোকাঃ শাশ্বতীঃ সমাঃ চিরমেব কালং কল্পন্তে সম্ভবন্তি ॥২৯॥

ভারতভাবদীপঃ

ভবতি ॥১৯—২৩॥ বর্ত্ম স্বাভাবিকঃ পন্থাঃ যদন্যেষাং বিহিতং তজ্জ্ঞানিনঃ স্বভাবসিদ্ধমিত্যর্থঃ ॥২৪॥ নিষ্ক্রম্য গৃহাদিতি শেষঃ। সন্ন্যস্যেত্যর্থঃ ॥২৫—২৬॥ অবাচিনোতি ভোগেন ব্যস্তীকরোতি, ন চ সম্প্রচিনোতি ন সংগৃহ্ণাতি, তত্ত্বজ্ঞস্য কর্ম্মাশ্লেষস্মরণাৎ; মৈত্রায়ণং সর্ব্বভূতেভ্যোঽভয়দানম্ ॥২৭॥

জিতেন্দ্রিয় মানুষ ভোগ করিয়া কর্ম্মক্ষয়ই করেন; কিন্তু নূতন করিয়া আবার কর্ম্ম করেন না এবং সর্ব্বত্র সমদর্শী হইয়া মৈত্রায়ণ মুনির ন্যায় সর্ব্বভূতে অভয় দান করিতে থাকিয়া বিচরণ করেন ॥২৭॥

আকাশে পক্ষিগণের গতি কিংবা জলে জলচরগণের বিচরণ যেমন দেখা যায় না, তেমন জিতেন্দ্রিয় লোকের উদ্দেশ্যের গতিও দেখা যায় না, এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥২৮॥

রাজা! যিনি গৃহ পরিত্যাগ করিয়া মোক্ষমার্গে চলিতে থাকেন, তাঁহার জন্য চিরস্থায়ী তেজোময় লোক সকল কল্পিত হইয়া থাকে ॥২৯॥

যচ্চ পৈতামহং স্থানং ব্রহ্মরাশিসমুদ্ভবম্।
গুহায়াং পিহিতং নিত্যং তদ্দমেনাভিগম্যতে ॥৩২॥
জ্ঞানারামস্য বুদ্ধস্য সর্ব্বভূতাবিরোধিনঃ।
নাবৃত্তিভয়মস্তীহ পরলোকভয়ং কুতঃ ॥৩৩॥
এক এব দমে দোষো দ্বিতীয়ো নোপপদ্যতে।
যদেনং ক্ষময়া যুক্তমশক্তং মন্যতে জনঃ ॥৩৪॥

ভারতকৌমুদী

সন্ন্যস্তেতি। সন্ন্যস্য সম্যক্ পরিত্যজ্য। সর্ব্বং ভোগাদিকম্। কামে কামনায়ামপি শুচিঃ পবিত্রঃ অপবিত্রকামনারহিত ইত্যর্থঃ, অনাবৃত্তঃ সর্ব্বদা ভোগপরাঙ্মুখঃ। সর্ব্বং ব্রহ্মলোকাদিকম্ ॥৩০—৩১॥

যদিতি। ব্রহ্মরাশিনা ব্রহ্মণ এব তপঃসমূহেন সমুদ্ভবতীতি তৎ, গুহায়াং নিভৃতদেশে পিহিতং বিমলতেজসৈবাবৃতং পিতামহস্য ব্রহ্মণ ইদমিতি পৈতামহম্, যচ্চ স্থানং বিদ্যতে, দমেন তদভিগম্যতে পুরুষেণ ॥৩২॥

জ্ঞানেতি। জ্ঞানেনৈব আরাম আনন্দো যস্য তস্য, বুদ্ধস্য অবগততত্ত্বস্য, সর্ব্বভূতেষু অবিরোধিনঃ অবিদ্বেষিণঃ পুরুষস্য, ইহলোকে আবৃত্তিভয়ং পুনরাগমনভয়ং নাস্তি চিরস্থায়িলোকাদিলাভাৎ, পরলোকভয়ং নরকপাতভীতিস্তু কুতঃ কুতোঽপি নেত্যর্থঃ, পাপাভাবাৎ ॥৩৩॥

এক ইতি। নোপপদ্যতে ন সম্ভবতি। এনং দান্তং পুরুষম্ ॥৩৪॥

ভারতভাবদীপঃ

অনেন দেবযানেনান্যেন বা পথা গত ইতি ন জ্ঞায়তে উৎক্রমণাভাবাৎ। "ন তস্য প্রাণা উৎক্রামন্ত্যত্রৈব সমবনীয়ন্তে ব্রহ্মৈব সন্ ব্রহ্মাপ্যেতি" ইতি শ্রুতেরিতি ভাবঃ ॥২৮—৩০॥ কামে শুচিঃ সত্যকাম ইত্যর্থঃ। অনাবৃত্তঃ সর্ব্বত্র কামাচারভাক্। "তস্য সর্ব্বেষু লোকেষু কামচারো ভবতি" ইতি শ্রুতেঃ।

জিতেন্দ্রিয় লোক সমস্ত কর্ম্ম, তপস্যা, নানাবিধ বিদ্যা এবং সকল ভোগ যথাবিধানে ত্যাগ করিয়া, পবিত্র কাম, ভোগপরাঙ্মুখ, প্রসন্নচিত্ত, আত্মজ্ঞানী ও পবিত্র হইয়া ইহলোকে সম্মান লাভ করিয়া অন্তিমে স্বর্গ লাভ করেন ॥৩০—৩১॥

ব্রহ্মারই তপস্যার প্রভাবে উৎপন্ন এবং তাঁহারই সুশীতল তেজে সর্ব্বদা আবৃত যে ব্রহ্মলোক আছে, ইন্দ্রিয়দমনের গুণে মানুষ সেই লোকে গমন করে ॥৩২॥

জ্ঞানের গুণে নিত্য সন্তুষ্ট, তত্ত্বজ্ঞ ও সর্ব্বভূতের অবিদ্বেষী মানুষের ইহলোকে ফিরিয়া আসিবার ভয় নাই, নরকের ভয় আর হইবে কেন? ॥৩৩॥

ইন্দ্রিয়দমনের একটী মাত্র দোষ, দ্বিতীয় দোষ হইতে পারে না। যে হেতু ক্ষমাশীল জিতেন্দ্রিয় পুরুষকে সকলেই অসমর্থ বলিয়া মনে করে ॥৩৪॥

একোঽস্য সুমহাপ্রাজ্ঞ ! দোষঃ স্যাৎ সুমহান্ গুণঃ ।
ক্ষময়া বিপুলা লোকাঃ সুলভা হি সহিষ্ণুতা ॥৩৫॥
দান্তস্য কিমরণ্যেন তথাদান্তস্য ভারত ! ।
যত্রৈব নিবসেদ্দান্তস্তদরণ্যং স চাশ্রমঃ ॥৩৬॥

বৈশম্পায়ন উবাচ ।

এতদ্ভীষ্মস্য বচনং শ্রুত্বা রাজা যুধিষ্ঠিরঃ ।
অমৃতেনেব সংতৃপ্তঃ প্রহৃষ্টঃ সমপদ্যত ॥৩৭॥
পুনশ্চ পরিপপ্রচ্ছ ভীষ্মং ধর্ম্মভৃতাংবরম্ ।
ততঃ প্রীতঃ স চোবাচ তস্মৈ সর্ব্বং কুরূদ্বহঃ ॥৩৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে দমপ্রশংসায়াং পঞ্চপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

এক ইতি। অস্য দান্তস্য পুরুষস্য। লোকাঃ স্বর্গাঃ, সহিষ্ণুতা অশক্ততয়া লোকাবজ্ঞায়াঃ ॥৩৫॥

দান্তস্যেতি। অরণ্যেন তপোবনেন, তথা দান্তস্য কিমাশ্রমেণেতি শেষঃ ॥৩৬॥

এতদিতি। অমৃতেনেব অমৃতপানেনেব। সমপদ্যত সম্যগভবৎ ॥৩৭॥

পুনরিতি। পরিপপ্রচ্ছ যুধিষ্ঠির এব। কুরূদ্বহঃ কুরুকুলধুরন্ধরঃ ॥৩৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি পঞ্চপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

শুচিস্ত্যক্তকামঃ, সংকারঃ সত্যসংস্কারত্বাদিগুণযোগেন সম্মানমিহ প্রাপ্য স্বর্গমভিপদ্যতে বিদেহকৈবল্য-কালে ॥৩১॥ গুহায়াং হৃৎপুণ্ডরীকে, পৈতামহং ব্রহ্মলোকাখ্যম্ ॥৩২—৩৮॥

ইতি শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৫৫॥

মহাপ্রাজ্ঞ যুধিষ্ঠির! জিতেন্দ্রিয় পুরুষের পক্ষে ঐ একটী মাত্রই দোষ, আর সমস্তই মহাগুণ; বিশেষতঃ এক ক্ষমাগুণের ফলে বিপুল স্বর্গলাভ হইয়া থাকে। তারপর অশক্ত বলিয়া লোকে যে অবজ্ঞা করে, তাহা সহ্য করাও দুষ্কর নহে ॥৩৫॥

ভরতনন্দন! জিতেন্দ্রিয় পুরুষের তপোবন বা আশ্রমদ্বারা কি হইবে? কারণ, 'জিতেন্দ্রিয় পুরুষ যে স্থানেই বাস করুন না কেন, সেই স্থানই তপোবন ও আশ্রম হইয়া পড়ে' ॥৩৬॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা যুধিষ্ঠির ভীষ্মের এই সকল কথা শুনিয়া অমৃত-পানেই যেন সম্যক্ তৃপ্ত হইয়া পরম প্রীত হইলেন ॥৩৭॥

* ···ষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ—বঙ্গ বর্দ্ধ নি।

ষট্পঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ০ঃ—

ভীষ্ম উবাচ।

সর্বমেতত্তপোমূলং কবয়ঃ পরিচক্ষতে।
ন হ্যতপ্ততপা মূঢ়ঃ ক্রিয়াফলমবাপ্নুতে ॥১॥
প্রজাপতিরিদং সর্বং তপসৈবাসৃজৎ প্রভুঃ।
তথৈব বেদানৃষয়স্তপসা প্রতিপেদিরে ॥২॥
তপসৈব সসর্জ্জান্নং ফলমূলানি যানি চ।
ত্রীল্লোঁকাংস্তপসা সিদ্ধাঃ পশ্যন্তি সুসমাহিতাঃ ॥৩॥
ঔষধান্যগদাদীনি ক্রিয়াশ্চ বিবিধাস্তথা।
তপসৈব হি সিধ্যন্তি তপোমূলং হি সাধনম্ ॥৪॥

ভারতকৌমুদী

ন খলু দমমাত্রমেবোক্তফলমূলম্, অপি তু দমপূর্ব্বকতপোমূলমেবেত্যাশয়েন প্রশ্নান্তরমনপেক্ষ্যৈবাহ সর্ব্বমিতি। এতৎ উক্তং ফলম্। অতপ্তম্ অননুষ্ঠিতং তপো যেন সঃ। "তপো নাম বৈধক্লেশঃ" ইতি স্মার্ত্তাঃ ॥১॥

প্রজেতি। "ঋতঞ্চ সত্যঞ্চাভিদ্ধ্যাত্তপসোঽধ্যজায়ত" ইত্যাদিশ্রুতেঃ। প্রতিপেদিরে প্রাপুঃ ॥২॥

তপসেতি। সসর্জ্জ প্রজাপতিরেব। সিদ্ধাস্তপঃসিদ্ধাঃ ॥৩॥

যুধিষ্ঠির পুনরায় সর্ব্বধর্ম্মজ্ঞশ্রেষ্ঠ ভীষ্মকে জিজ্ঞাসা করিতে লাগিলেন এবং কুরুকুলধুরন্ধর ভীষ্মও সন্তুষ্ট হইয়া তাঁহার নিকট সমস্ত বলিতে থাকিলেন ॥৩৮॥

—ঃ০ঃ—

ভীষ্ম বলিলেন—'যুধিষ্ঠির! এই যে সমস্ত ফল বলিলাম, ইহার মূল তপস্যা, ইহা পণ্ডিতেরা বলেন। যে লোক জিতেন্দ্রিয় হইয়াও মোহবশতঃ তপস্যা করে না, সে ক্রিয়ার ফল পায় না ॥১॥

ভগবান্ ব্রহ্মা তপস্যার গুণেই এই সমস্ত সৃষ্টি করিয়াছেন এবং ঋষিরাও তপোবলেই বেদ লাভ করিয়াছিলেন ॥২॥

প্রজাপতি তপস্যার প্রভাবেই অন্ন ও যে সকল ফল-মূল আছে, তাহা সৃষ্টি করিয়াছিলেন এবং সিদ্ধেরা সমাহিতচিত্ত হইয়া তপোবলেই ত্রিভুবন দেখিতে পান ॥৩॥

যদ্দুরাপং ভবেৎ কিঞ্চিৎ তৎ সর্বং তপসো ভবেৎ।
ঐশ্বর্য্যমৃষয়ঃ প্রাপ্তাস্তপসৈব ন সংশয়ঃ ॥৫॥
সুরাপোঽসম্মতাদায়ী ভ্রূণহা গুরুতল্পগঃ।
তপসৈব সুতপ্তেন নরঃ পাপাদ্বিমুচ্যতে ॥৬॥
তপসো বহুরূপস্য তৈস্তৈর্দ্বারৈঃ প্রবর্ত্ততঃ।
নিবৃত্ত্যা বর্ত্তমানস্য তপো নানশনাৎ পরম্ ॥৭॥
অহিংসা সত্যবচনং দানমিন্দ্রিয়নিগ্রহঃ।
এতেভ্যো হি মহারাজ ! তপো নানশনাৎ পরম্ ॥৮।
ন দুষ্করতরং দানান্নাতিমাতরমাশ্রমঃ।
ত্রৈবিদ্যেভ্যঃ পরং নাস্তি সন্ন্যাসঃ পরমং তপঃ ॥৯॥

ভারতকৌমুদী

ঔষধানীতি। গদানামভাবঃ অগদম্ আরোগ্যম্। সাধনং কার্য্যসিদ্ধিঃ ॥৪॥

যদিতি। দুরাপং দুর্ল্লভম্। ঐশ্বর্য্যম্ অণিমাদিসিদ্ধিম্ ॥৫॥

সুরাপ ইতি। অসম্মতম্ অননুমতম্ আদত্ত ইতি অসম্মতাদায়ী চৌরঃ। গুরুতল্পগো গুরুভার্য্যাগামী ॥৬॥

তপস ইতি। বহুরূপস্য অনেকপ্রকারস্য, দ্বারৈঃ প্রকারৈঃ প্রবর্ত্ততস্তপসি প্রবর্ত্তমানস্য। নিবৃত্ত্যা নিবৃত্তিমার্গেণ, অনশনাৎ বৈধোপবাসাৎ পরমধিকং তপো নাস্তি ॥৭॥

অহিংসেতি। তপ এতেভ্যঃ পরমমুত্তমম্, তদপি চ তপঃ অনশনাৎ বৈধোপবাসাৎ পরমুত্তমং নাস্তি। অগত্যা ঈদৃশীকষ্টকল্পনা কার্য্যা ॥৮॥

ঔষধ, আরোগ্য ও নানাবিধ ক্রিয়া একমাত্র তপস্যার গুণেই সিদ্ধি লাভ করে। এমন কি, সমস্ত কার্য্যসিদ্ধির মূলই তপস্যা ॥৪॥

এই জগতে যে কিছু দুর্ল্লভ আছে, সে সমস্তই একমাত্র তপস্যার ফলে হইতে পারে এবং ঋষিরাও তপস্যার প্রভাবেই অণিমাদি ঐশ্বর্য্য লাভ করিয়াছেন, এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৫॥

সুরাপায়ী, চৌর, ভ্রূণহত্যাকারী ও গুরুভার্য্যাগামী মানুষ যথানিয়মে তপস্যা করিয়াই সেই সকল পাপ হইতে মুক্ত হইতে পারে ॥৬॥

তপস্যা বহুপ্রকার। তাহার ভিন্ন ভিন্ন প্রকারে যিনি প্রবৃত্ত হন এবং নিবৃত্তিমার্গে চলেন, তাঁহার পক্ষে বৈধ উপবাস অপেক্ষা প্রধান তপস্যা নাই ॥৭॥

মহারাজ! অহিংসা, সত্যবাক্য, দান ও ইন্দ্রিয়দমন—এইগুলি হইতেও তপস্যা প্রধান; আবার সে তপস্যার মধ্যেও বৈধোপবাস অপেক্ষা প্রধান তপস্যা নাই ॥৮॥

ইন্দ্রিয়াণীহ রক্ষন্তি স্বর্গধর্ম্মাভিগুপ্তয়ে।
তস্মাদর্থে চ ধর্ম্মে চ তপো নানশনাৎ পরম্ ॥১০॥
ঋষয়ঃ পিতরো দেবা মনুষ্যা মৃগপক্ষিণঃ।
যানি চান্যানি ভূতানি স্থাবরাণি চরাণি চ ॥১১॥
তপঃপরায়ণাঃ সর্ব্বে সিধ্যন্তি তপসা চ তে।
ইত্যেবং তপসা দেবা মহত্ত্বং প্রতিপেদিরে ॥১২॥ (যুগ্মকম্)
ইমানীষ্টবিভাগানি ফলানি তপসঃ সদা।
তপসা শক্যতে প্রাপ্তুং দেবত্বমপি নিশ্চয়াৎ ॥১৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে তপঃপ্রশংসায়াং ষট্পঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

নেতি। দানাৎ দুষ্করতরং তপো নাস্তি, মাতরং জননীম্, অতি অতিক্রম্য আশ্রমো না; ব্রহ্মচর্য্যাদিষু সর্ব্বেষ্বেবাশ্রমেষু মাতা পালনীয়েত্যর্থঃ। ত্রৈবিদ্যেভ্যো বেদত্রয়বিদ্ভ্যঃ পরং সম্মানভাজনং নাস্তি, সন্ন্যাসশ্চ পরমং তপঃ ॥৯॥

ইন্দ্রিয়াণীতি। ইহ জগতি ধর্ম্মার্থিনঃ, স্বর্গজনকো ধর্ম্মঃ স্বর্গধর্ম্মঃ তস্য অভিগুপ্তয়ে সম্যক্ রক্ষণায়, ইন্দ্রিয়াণি স্বস্ববিষয়েভ্যো রক্ষন্তি নিবারয়ন্তি দমপরায়ণাঃ। তস্মাৎ ইন্দ্রিয়রক্ষণাদপি অর্থে চ ধর্ম্মে চ বিষয়ে অনশনাৎ বৈধোপবাসাৎ পরং তপো নাস্তি ॥১০॥

ঋষয় ইতি। স্থাবরাণি ভূতানি বৃহৎসর্পাদীনি, চরাণি চ ভূতানি মনুষ্যাদীনি। মহত্ত্বং মনুষ্যাদিভ্যঃ প্রাধান্যম্, প্রতিপেদিরে প্রাপুঃ ॥১১—১২॥

দান অপেক্ষা দুষ্কর তপস্যা নাই, মাতাকে ত্যাগ করিয়া কোন আশ্রম হইতে পারে না, সকল আশ্রমেই মাতাকে পালন করিতে হইবে এবং ত্রিবেদবিৎ বিদ্বান অপেক্ষা অধিক সম্মানভাজন নাই, আর সন্ন্যাসই পরম তপস্যা ॥৯॥

এই জগতে ধার্ম্মিকেরা স্বর্গজনক ধর্ম্মরক্ষার জন্য ইন্দ্রিয়দমন করেন, সেই ইন্দ্রিয়-দমন অপেক্ষাও ধর্ম্ম এবং অর্থ বিষয়ে তপস্যাই প্রধান সাধক। আবার সেই তপস্যার মধ্যে বৈধোপবাস অপেক্ষা প্রধান তপস্যা নাই ॥১০॥

ঋষিগণ, পিতৃগণ, দেবগণ, মনুষ্যগণ ও পশুপক্ষিগণ এবং জগতে অন্যান্য যে সকল স্থাবর ও জঙ্গম প্রাণী আছে, তাঁহারা সকলেই তপস্যায় প্রবৃত্ত হইয়া তাহারই ফলে সিদ্ধিলাভ করিয়া থাকেন; আর দেবতারাও এইভাবে তপস্যার ফলেই প্রাধান্য লাভ করিয়াছেন ॥১১—১২॥

---

(১৩)···দেবত্বমপি নিশ্চয়ঃ—নি। * ···ঃকনষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ—বঙ্গ বন্ধ নি।

সপ্তপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

যুধিষ্ঠির উবাচ।

সত্যং ধর্ম্মং প্রশংসন্তি বিপ্রর্ষিপিতৃদেবতাঃ।
সত্যমিচ্ছাম্যহং শ্রোতুং তন্মে ব্রূহি পিতামহ! ॥১॥
সত্যং কিংলক্ষণং রাজন্! কথং বা তদবাপ্যতে।
সত্যং প্রাপ্য ভবেৎ কিঞ্চ কথঞ্চৈব তদুচ্যতাম্ ॥২॥

ভারতকৌমুদী

ইমানীতি। ইষ্টানাং বিভাগো বিশেষো যেষু তানি। শক্যতে নন্দীশ্বরেণেবেতি ভাবঃ।১২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি ষট্‌পঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ০ঃ—

সত্যমিতি। সত্যং ধর্ম্মং সত্যস্বরূপধর্ম্মম্। তৎ সত্যম্ ॥১॥

সত্যমিতি। কিঞ্চ ফলম্, কথঞ্চ কেন প্রকারেণ চ ॥২॥

ভারতভাবদীপঃ

সর্ব্বমিতি ॥১—৮॥ নেতি। মাতরমতিক্রম্যাশ্রমো ন সর্ব্বেষ্বপ্যাশ্রমেষু মাতা পালনীয়ৈব, তত্ত্যাগস্য সন্ন্যাসিনোঽপ্যযোগাৎ। নাস্তি দানসমা গতিরিতি পাঠান্তরে স্পষ্ট এবার্থঃ ॥৯—১২॥ ইমানি নক্ষত্রাদীনি, "সুকৃতাং বা এতানি জ্যোতীংষি যন্নক্ষত্রাণি" ইতি শ্রুতেঃ ॥১৩॥

ইতি শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্‌পঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৫৬॥

সর্বদাই তপস্যার এই সকল বিশেষ বিশেষ ফল দেখা যায় এবং তপস্যার প্রভাবে মানুষ নিশ্চয়ই দেবত্বও লাভ করিতে পারে' ॥১৩॥

—ঃ০ঃ—

যুধিষ্ঠির বলিলেন—'পিতামহ! দেবগণ, ঋষিগণ, পিতৃগণ ও ব্রাহ্মণগণ সত্যধর্ম্মের প্রশংসা করেন; আমি সেই সত্যধর্ম্ম শুনিতে ইচ্ছা করি। অতএব আপনি তাহা আমার নিকট বলুন ॥১॥

ক্ষত্রিয়শ্রেষ্ঠ! সত্যের লক্ষণ কি? কি করিয়াই বা তাহা লাভ করা যায় এবং সত্যধর্ম্ম লাভ করিয়া কোন্ প্রকারে কি ফল হয়, তাহাও বলুন' ॥২॥

ভীষ্ম উবাচ।

চাতুর্বর্ণ্যস্য ধর্ম্মাণাং সঙ্করো ন প্রশস্যতে।
অবিকারিতমং সত্যং সর্ববর্ণেষু ভারত! ॥৩॥
সত্যং সৎসু সদা ধর্ম্মঃ সত্যং ধর্ম্মঃ সনাতনঃ।
সত্যমেব নমস্যেত সত্যং হি পরমা গতিঃ ॥৪॥
সত্যং ধর্ম্মস্তপো যোগঃ সত্যং ব্রহ্ম সনাতনম্।
সত্যং যজ্ঞঃ পরঃ প্রোক্তঃ সর্বং সত্যে প্রতিষ্ঠিতম্ ॥৫॥
আকারানিহ সত্যস্য যথাবদনুপূর্বশঃ।
লক্ষণঞ্চ প্রবক্ষ্যামি সত্যস্যেহ যথাক্রমম্ ॥৬॥
প্রাপ্যতে চ যথা সত্যং তচ্চ শ্রোতুমিহার্হসি।
সত্যং ত্রয়োদশবিধং সর্বলোকেষু ভারত! ॥৭॥
সত্যঞ্চ সমতা চৈব দমশ্চৈব ন সংশয়ঃ।
অমাৎসর্য্যং ক্ষমা চৈব হ্রীস্তিতিক্ষানসূয়তা ॥৮॥

ভারতকৌমুদী

চাতুরিতি। চত্বারো বর্ণা এবেতি চাতুর্বর্ণ্যং তস্য, স্বার্থে ষ্যন্, ব্রাহ্মণাদীনাং চতুর্ণাং বর্ণানামিত্যর্থঃ, ধর্ম্মাণাং যাজনাদীনাং সঙ্করো মিশ্রীভাবঃ। অবিকারিতম্ অবিকৃতেষু শ্রেষ্ঠং চিরমেবৈকরূপমিত্যর্থঃ, সর্ব্ববর্ণেষু সাধারণমিত্যাশয়ঃ ॥৩॥

সত্যমিতি। সৎসু সাধুজনেষু ॥৪॥

সত্যস্য প্রকারানাহ সত্যমিতি। সর্ব্বং ফলম্, সত্যে প্রতিষ্ঠিতং জন্যজনকসম্বন্ধেন ॥৫॥

আকারানিতি। আকারান্ প্রকারান্। লক্ষণং স্বরূপঞ্চ ॥৬॥

প্রাপ্যত ইতি। সত্যং সত্যধর্ম্মঃ। অতএব তস্য ত্রয়োদশবিধত্বমুপপদ্যতে ॥৭॥

ভীষ্ম বলিলেন—'ভরতনন্দন! ব্রাহ্মণাদি চারিবর্ণেরই ধর্ম্মসঙ্কর প্রশস্ত নহে; কিন্তু, চিরকাল একভাবে স্থায়ী, সত্য সকল বর্ণেরই সাধারণ ধর্ম্ম ॥৩॥

সত্য সজ্জনের সর্ব্বদা ব্যবহার্য্য ধর্ম্ম, এমন কি, সত্য সকলের পক্ষেই সনাতন ধর্ম্ম। অতএব সর্ব্বদাই সত্যের গৌরব করিবে। যে হেতু, সত্যই মানবের প্রধান গতি ॥৪॥

ধর্ম্ম সত্য, তপস্যা সত্য, যোগ সত্য, সনাতন ব্রহ্ম সত্য এবং যজ্ঞ পরম সত্য। অতএব সমস্ত ফলই সত্যে প্রতিষ্ঠিত আছে ॥৫॥

যুধিষ্ঠির! আমি যথানিয়মে ও যথাক্রমে সত্যের সকল প্রকার ও লক্ষণ বলিতেছি ॥৬॥

ভরতনন্দন! মানুষ যাহাতে সত্যলাভ করিতে পারে, তাহা তুমি শ্রবণ কর। সমগ্র জগতে সত্যধর্ম্ম ত্রয়োদশপ্রকার ॥৭॥

ত্যাগো ধ্যানমথার্য্যত্বং ধৃতিশ্চ সততং দয়া।
অহিংসা চৈব রাজেন্দ্র ! সত্যাকারাস্ত্রয়োদশ ॥৯॥ (যুগ্মকম্)
সত্যং নামাব্যয়ং নিত্যমবিকারি তথৈব চ।
সর্ব্বধর্ম্মাবিরুদ্ধেন যোগেনৈতদবাপ্যতে ॥১০॥
আত্মনীষ্টে তথানিষ্টে রিপৌ চ সমতা তথা।
ইচ্ছাদ্বেষক্ষয়ং প্রাপ্য কামক্রোধক্ষয়ং তথা ॥১১॥
দমো নান্যস্পৃহা নিত্যং গাম্ভীর্য্যং ধৈর্য্যমেব চ।
অভয়ং রোগশমনং জ্ঞানেনৈতদবাপ্যতে ॥১২॥

ভারতকৌমুদী

উদ্দিষ্টং সত্যধর্ম্মং বিভজতে যুগ্মকেন সত্যমিতি। সমতা সর্ব্বত্র সমদর্শিতা, দম ইন্দ্রিয়দমনম্, অমাৎসর্য্যং দ্বেষরাহিত্যম্, ইদমন্যথা বক্ষ্যতি। ক্ষমা অপকারিণঃ প্রত্যপকারসামর্থ্যে সত্যপি তদ্বৈমুখ্যম্, হ্রীর্লজ্জা, তিতিক্ষা সহিষ্ণুতা, অনসূয়তা পরদোষাবিষ্কাররাহিত্যম্, ত্যাগো দানম্, ধ্যানমিষ্টচিন্তা, আর্য্যত্বং সৌজন্যম্, ধৃতির্ধৈর্য্যঞ্চ। এষাং লক্ষণানি অন্যথা বক্ষ্যতি। সত্যাকারাঃ সত্যধর্ম্ম-প্রকারাঃ ॥৮—৯॥

সত্যলক্ষণমাহ সত্যমিতি। অব্যয়ম্ অবিনশ্বরম্, নিত্যং সর্ব্বদোপলভ্যম্, অবিকারি চিরৈকরূপম্। যোগেন উপায়েন যথাবদ্ব্যবহারেণেত্যর্থঃ, এতৎ সত্যম্ ॥১০॥

সমতাদীন্ ক্রমেণ বিবৃণোতি আত্মনীতি। ইচ্ছাদ্বেষকামক্রোধানাং নিবৃত্ত্যনন্তরম্ আত্মীয়াদৌ তথা যা সমদর্শিতা সা সমতা ॥১১॥

দম ইতি। নিত্যং নান্যস্পৃহা ব্রহ্মব্যতিরিক্তবিষয়েষু যা অস্পৃহা সা দমঃ। এতৎ দমফলভূতং গাম্ভীর্য্যাদিকং জ্ঞানেনাবাপ্যতে ॥১২॥

রাজশ্রেষ্ঠ ! সেই সত্যধর্ম্মের প্রকারগুলি এই—সর্ব্বত্র সমদর্শিতা, ইন্দ্রিয়দমন, বিদ্বেষহীনতা, ক্ষমা, লজ্জা, সহিষ্ণুতা, অসূয়াশূন্যতা, ত্যাগ, ধ্যান, সৌজন্য, ধৈর্য্য, নিরন্তর দয়া ও অহিংসা—এই সত্যধর্ম্মের ত্রয়োদশপ্রকার কথিত হইল ॥৮—৯॥

সত্য অবিনাশী, সর্ব্বদানুভবনীয় ও বিকারশূন্য ; আর সমস্ত ধর্ম্মের অবিরোধে যে যথাযথ ব্যবহার করা হয়, তাহাদ্বারা এই সত্যধর্ম্ম লাভ করা যায় ॥১০॥

ইচ্ছা, দ্বেষ, কাম ও ক্রোধ না থাকা অবস্থায় মিত্র, শত্রু, প্রিয় ও অপ্রিয়ের উপরে যে সমান জ্ঞান, তাহার নাম সমতা ॥১১॥

ব্রহ্ম ভিন্ন অন্য বিষয়ে যে অনুভব করিবার ইচ্ছা না করা, তাহার নাম দম। এই দমের ফলে মানুষের গাম্ভীর্য্য, ধৈর্য্য, নির্ভয়তা ও রোগের নিবৃত্তি হইয়া থাকে—এইগুলি জ্ঞানের দ্বারা লাভ করা যায় ॥১২॥

অমাৎসর্য্যং বুধাঃ প্রাহুর্দ্দানে ধর্ম্মে চ সংযমঃ।
অবস্থিতেন নিত্যঞ্চ সত্যেনামৎসরী ভবেৎ ॥১৩॥
অক্ষমায়াঃ ক্ষমায়াশ্চ প্রিয়াণীহাপ্রিয়াণি চ।
ক্ষমতে সম্মতঃ সাধুঃ সাধ্বাপ্নোতি চ সত্যবাক্ ॥১৪॥
কল্যাণং কুরুতে বাঢ়ং ধীমান্ন গ্লায়তে ক্বচিৎ।
প্রশান্তবাঙ্মনা নিত্যং হ্রীস্তু ধর্ম্মাদবাপ্যতে ॥১৫॥
ধর্ম্মার্থহেতোঃ ক্ষমতে তিতিক্ষা ক্ষান্তিরুচ্যতে।
লোকসংগ্রহণার্থং বৈ সা তু ধৈর্য্যেণ লভ্যতে ॥১৬॥

ভারতকৌমুদী

অমাৎসর্য্যমিতি। দানে ধর্ম্মে চ সংযমঃ শ্লাঘা নিবৃত্তিঃ, অমাৎসর্য্যম্, ইতি বুধাঃ প্রাহুঃ। সত্যমেব তন্মূলমিত্যাহ অবেতি। নিত্যমবস্থিতেন চ সত্যেন পুরুষঃ অমৎসরী ভবেৎ ॥১৩॥

ক্ষমাপ্রকারমাহ অক্ষমায়া ইতি। সম্মতঃ সর্ব্বজনপ্রিয়ঃ সাধুজনঃ ক্ষমায়া বিষয়ভূতানি পুত্রাদীনি প্রিয়াণি বস্তূনি, অক্ষমায়া বিষয়ভূতানি শত্রুপ্রভৃতীনি অপ্রিয়াণি বস্তূনি চ যৎ ক্ষমতে অপরাধে সত্যপি উপেক্ষতে সা ক্ষমেতি শেষঃ। সত্যবাক্ পুরুষশ্চ সাধু সম্যক্ তাং ক্ষমা-মাপ্নোতি ॥১৪॥

হ্রিয়ং লক্ষয়তি কল্যাণমিতি। প্রশান্তে অন্তরে বাঙ্মনসী যস্য স তাদৃশো ধীমান্, যয়া বৃত্ত্যা নিত্যং বাঢ়ং দৃঢ়ম্ আত্মনঃ কল্যাণং কুরুতে তথা কদাচিদপি ন গ্লায়তে ধর্ম্মফলমাপ্নোতি, সা বৃত্তিস্তু হ্রীর্লজ্জা। সা চ পুরুষেণ ধর্ম্মাদেবাবাপ্যতে ॥১৫॥

তিতিক্ষাং ব্যাচষ্টে ধর্ম্মেতি। পুরুষো ধর্ম্মার্থহেতোঃ লোকসংগ্রহার্থম্ আত্মনঃ প্রতি লোকানা-মনুরাগাকর্ষণার্থঞ্চ অপরাধিনঃ যৎ ক্ষমতে, সা ক্ষান্তিঃ সহিষ্ণুতা তিতিক্ষোচ্যতে। সা তু পুরুষেণ ধৈর্য্যেণ লভ্যতে ॥১৬॥

নিজের দান ও ধর্ম্মকার্য্যে যে আত্মশ্লাঘা না করা, তাহার নাম অমাৎসর্য্য—ইহা পণ্ডিতেরা বলেন। মানুষ নিত্যস্থিত সত্যের গুণে অমাৎসর্য্যশালী হইতে পারে ॥১৩॥

সর্বজনপ্রিয় সাধু ব্যক্তি ক্ষমার বিষয় প্রিয়বস্তু ও অক্ষমার বিষয় অপ্রিয়বস্তুর উপরে যে উপেক্ষা করেন, তাহার নাম ক্ষমা। সত্যবাদী পুরুষই সম্পূর্ণরূপে এই ক্ষমাগুণ লাভ করিয়া থাকেন ॥১৪॥

শান্তবাক্য ও শান্তচিত্ত বুদ্ধিমান্ মানুষ যে বৃত্তির গুণে সর্বদা দৃঢ়ভাবে নিজের মঙ্গল সাধন করেন এবং কখনও গ্লানি অনুভব করেন না, তাহার নাম হ্রী বা লজ্জা। মানুষ ধর্ম্মের ফলে ইহা লাভ করে ॥১৫॥

ত্যাগঃ স্নেহস্য যত্ত্যাগো বিষয়াণাং তথৈব চ।
রাগদ্বেষপ্রহীণস্য ত্যাগো ভবতি নান্যথা ॥১৭॥
আর্য্যতা নাম ভূতানাং যঃ করোতি প্রযত্নতঃ।
শুভং কর্ম্ম নিরাকারো বীতরাগস্তথৈব চ ॥১৮॥
ধৃতির্নাম সুখে দুঃখে যথা নাপ্নোতি বিক্রিয়াম্।
তাং ভজেত সদা প্রাজ্ঞো য ইচ্ছেদ্ভূতিমাত্মনঃ ॥১৯॥
সর্ব্বথা ক্ষমিণা ভাব্যং তথা সত্যপরেণ চ।
বীতহর্ষভয়ক্রোধো ধৃতিমাপ্নোতি পণ্ডিতঃ ॥২০॥

ভারতকৌমুদী

ত্যাগং লক্ষয়তি ত্যাগ ইতি। পুত্রাদৌ স্নেহস্য বিষয়াণাং রূপাদীনাঞ্চ যত্ত্যাগো হানং স ত্যাগঃ ॥১৭॥

আর্য্যতাং লক্ষয়তি আর্য্যতেতি। নির্গ বিগ্যতে আকারঃ প্রতারণেঙ্গিতং যস্য সঃ অচ্ছল ইত্যর্থঃ। "আকারাবিঙ্গিতা কৃতীঃ" ইত্যমরঃ, বীতরাগশ্চ যঃ পুরুষঃ প্রযত্নতঃ ভূতানাং প্রাণিনাং যৎ শুভং কর্ম্ম করোতি সা নাম তস্য পুরুষস্য আর্য্যতা ॥১৮॥

ধৃতিং বিবৃণোতি ধৃতিরিতি। বিক্রিয়াং বিকারম্। ভূতিং সম্পদম্ ॥১৯॥

সর্ব্বথেতি। ক্ষমিণা ক্ষমাশালিনা, ভাব্যং ভবিতব্যম্ ॥২০॥

ভারতভাবদীপঃ

সত্যমিতি ॥১—৯॥ সত্যাদীনাং পদানাং ত্রয়োদশানামর্থান্ ব্যাচষ্টে—সত্যং নামেত্যাদিনা ॥১০—১৩॥ অক্ষমায়া বিষয়ে, তথা ক্ষমায়া ইতি দৃষ্টান্তার্থম্ ॥১৪—১৬॥ অসূয়া পরগুণেষু দোষদর্শনম্, তদ্বত্তিতিক্ষায়া অসন্তবাত্তিতিক্ষাব্যাখ্যানেনৈব তদ্ব্যাখ্যানং সিদ্ধমিতি ন সা পৃথগুক্তা, তদ্ব্যাখ্যানশ্লোকো লুপ্ত ইতি বা তাং ব্যাখ্যায় ত্যাগং ব্যাখ্যাতি ত্যাগ ইতি। সূত্রশ্লোকে

মানুষ ধর্ম্ম, অর্থ ও লোকের অনুরাগ আকর্ষণের জন্য অপরাধীকে যে সহ্য করে, তাহার নাম ক্ষান্তি এবং তাহাকেই তিতিক্ষা বলে। তাহা ধৈর্য্যদ্বারা লাভ করা যায় ॥১৬॥

স্নেহ ও রূপাদি বিষয়ের যে পরিত্যাগ, তাহার নামই ত্যাগ। এই ত্যাগ রাগদ্বেষশূন্য পুরুষেরই হইয়া থাকে, অন্যের নহে ॥১৭॥

যে মানুষ ছল ও রাগ পরিত্যাগ করিয়া যত্নপূর্ব্বক প্রাণিগণের যে শুভকার্য্য করে, তাহার নাম আর্য্যতা ॥১৮॥

মানুষ সুখে বা দুঃখে যাহার গুণে বিকার প্রাপ্ত না হয়, তাহার নাম ধৃতি। যিনি নিজের সম্পদ্ কামনা করেন, সেই প্রাজ্ঞ ব্যক্তি সর্ব্বদাই সেই ধৃতিমান্ হইবেন ॥১৯॥

অদ্রোহঃ সর্ব্বভূতেষু কর্ম্মণা মনসা গিরা ।
অনুগ্রহশ্চ দানঞ্চ সতাং ধর্ম্মঃ সনাতনঃ ॥২১॥
এতে ত্রয়োদশাকারাঃ পৃথক্ সত্যৈকলক্ষণাঃ ।
ভজন্তে সত্যমেবেহ বৃংহয়ন্তে চ ভারত ! ॥২২॥
নান্তঃ শক্যো গুণানাঞ্চ বক্তুং সত্যস্য পার্থিব ! ।
অতঃ সত্যং প্রশংসন্তি বিপ্রাঃ সপিতৃদেবতাঃ ॥২৩॥
নাস্তি সত্যাৎ পরো ধর্ম্মো নানৃতাৎ পাতকং পরম্ ।
স্থিতির্হি সত্যং ধর্ম্মস্য তস্মাৎ সত্যং ন লোপয়েৎ ॥২৪॥
উপৈতি সত্যাদ্দানং হি তথা যজ্ঞাঃ সদক্ষিণাঃ ।
ত্রেতাগ্নিহোত্রং বেদাশ্চ যে চান্যে ধর্ম্মনিশ্চয়াঃ ॥২৫॥

ভারতকৌমুদী

অহিংসাং ব্যাচষ্টে অদ্রোহ ইতি । অদ্রোহঃ অজিঘাংসা অহিংসা ॥২১॥

এত ইতি । অনসূয়তা ধ্যানং দয়া চাতিপ্রসিদ্ধা ইতি ন লক্ষিতাঃ । পৃথক্ পৃথক্ উক্তা ইতি শেষঃ । সত্যমেব একং লক্ষণং চিহ্নং যেষাং তে তাদৃশাঃ পুরুষাঃ সত্যমেব ভজন্তে । তথা সতি এতে সত্যস্য ত্রয়োদশাকারাঃ তান্ বৃংহয়ন্তে বর্দ্ধয়ন্তি ॥২২॥

নেতি । সত্যস্য গুণানামন্তো বক্তুং ন শক্যঃ অসীমত্বাৎ ॥২৩॥

নেতি । অনৃতাৎ মিথ্যাতঃ । স্থিতিঃ স্থানমাশ্রয় ইতি যাবৎ ॥২৪॥

উপৈতীতি । উপৈতি উৎপদ্যতে । ত্রেতয়া অগ্নিত্রয়েণ সাধ্যমগ্নিহোত্রং ত্রেতাগ্নিহোত্রম ॥২৫॥

মানুষ সর্ব্বপ্রকারে ক্ষমাশীল ও সত্যপরায়ণ হইবে ; আর পণ্ডিত ব্যক্তি হর্ষ, ভয় ও ক্রোধ ত্যাগ করিয়া ধৃতিলাভ করিতে পারেন ॥২০॥

কার্য্য, মন ও বাক্যদ্বারা সমস্ত প্রাণীর প্রতি যে জিঘাংসা না করা, তাহার নাম অহিংসা। সেই অহিংসা, অনুগ্রহ ও দান এইগুলিই সজ্জনের সনাতন ধর্ম্ম ॥২১॥

ভরতনন্দন ! আমি এই সত্যের তেরটী প্রকার পৃথক্ পৃথক্ ভাবে বলিলাম। এই জগতে সত্যপরায়ণ মহাত্মারা একমাত্র সত্যেরই সেবা করেন এবং তাহাতে তাঁহারা উন্নতিও লাভ করিয়া থাকেন ॥২২॥

রাজা ! সত্যের গুণের শেষ কেহই বলিতে সমর্থ হয় না। অতএব দেবগণ, পিতৃগণ ও ব্রাহ্মণগণ সত্যের প্রশংসা করিয়া থাকেন ॥২৩॥

সত্য অপেক্ষা প্রধান ধর্ম্ম নাই, আবার মিথ্যা অপেক্ষাও প্রধান পাতক নাই। সত্যই ধর্ম্মের আশ্রয়। অতএব সত্য লোপ করিবে না ॥২৪॥

এক সত্য হইতে দান, দক্ষিণাযুক্ত যজ্ঞ, অগ্নিহোত্রযাগ, বেদ এবং অন্যান্য যে সকল ধর্ম্ম নির্দ্দিষ্ট আছে, সে সমস্তই এক সত্য হইতে উৎপন্ন হয় ॥২৫॥

অশ্বমেধসহস্রঞ্চ সত্যঞ্চ তুলয়া ধৃতম্ ।
অশ্বমেধসহস্রাদ্ধি সত্যমেব বিশিষ্যতে ॥২৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে সত্যকথনে সপ্তপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

অষ্টপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ।

—:*:—

যুধিষ্ঠির উবাচ ।
যতঃ প্রভবতি ক্রোধঃ কামো বা ভরতর্ষভ ! ।
শোকমোহৌ বিধিৎসা চ পরাসুত্বঞ্চ তদ্বদ ॥১॥
মাৎসর্য্যং মদ ঈর্ষ্যা চ কুৎসাসূয়া কৃপা ভয়ম্ ।
এতৎ সর্ব্বং মহাপ্রাজ্ঞ ! যাথাতথ্যেন মে বদ ॥২॥

ভারতকৌমুদী

ধর্ম্মসাধনে সত্যস্য সর্ব্বশ্রেষ্ঠতামাহ অশ্বেতি । ধৃতং মুনিভিঃ । বিশিষ্যতে অতিরিচ্যতে স্ম ॥২৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি সপ্তপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:০:—

যত ইতি । প্রভবতি উৎপদ্যতে । বিধাতুং কর্ত্তুমিচ্ছা বিধিৎসা, পরস্মিন্ অধিকে অকার্য্যে অসবঃ প্রাণা আগ্রহাধিক্যং যস্য তস্য ভাবঃ সা ॥১॥

মাৎসর্য্যমিতি । মাৎসর্য্যং পরশুভদ্বেষঃ, মদো মত্ততা, অসূয়া পরদোষাবিষ্কারঃ ॥২॥

ভারতভাবদীপঃ

ত্যাগো ধ্যানমিতি ত্যাগানুসন্ধানাখ্যঃ পদদ্বয়োপাত্ত একঃ পদার্থঃ ॥১৭—১৯॥ সর্ব্বথেতি শ্লোকে ধৃতিশব্দেনোদ্দেশক্রমপ্রাপ্তা দয়া গ্রাহ্যা ॥২০—২৬॥

ইতি শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৫৭॥

মুনিরা একদিকে সহস্র অশ্বমেধযজ্ঞ এবং অপর দিকে একমাত্র সত্যকে তুলাদণ্ডে তুলিয়াছিলেন, তাহাতে সহস্র অশ্বমেধযজ্ঞ হইতে এক সত্যই অতিরিক্ত (অধিক ভারী) হইয়াছিল ॥২৬॥

—০—

যুধিষ্ঠির বলিলেন—'ভরতশ্রেষ্ঠ ! কাম, ক্রোধ, শোক, মোহ, কার্য্য করিবার ইচ্ছা ও অকার্য্য করিবার ইচ্ছা যাহা হইতে উৎপন্ন হয়, তাহা আপনি বলুন ॥১॥

* …'দ্বিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ নি । (২) লোভো মাৎসর্য্যমীর্ষ্যা চ…বঙ্গ ।

ভীষ্ম উবাচ।

ত্রয়োদশৈতেঽতিবলাঃ শত্রবঃ প্রাণিনাং স্মৃতাঃ।
উপাসতে মহারাজ! সমন্তাৎ পুরুষানিহ ॥৩॥
এতে প্রমত্তং পুরুষমপ্রমত্তাস্তুদন্তি চ।
বৃকা ইব বিলুম্পন্তি দৃষ্ট্বৈব পুরুষং বলাৎ ॥৪॥
এভ্যঃ প্রবর্ত্ততে দুঃখমেভ্যঃ পাপং প্রবর্ত্ততে।
ইতি মর্ত্ত্যো বিজানীয়াৎ সততং পুরুষর্ষভ! ॥৫॥
এতেষামুদয়ং স্থানং ক্ষয়ঞ্চ পৃথিবীপতে!।
হন্ত তে কীর্ত্তয়িষ্যামি ক্রোধস্যোৎপত্তিমাদিতঃ।
যথাতত্ত্বং ক্ষিতিপতে! তদিহৈকমনাঃ শৃণু ॥৬॥
লোভাৎ ক্রোধঃ প্রভবতি পরদোষৈরুদীর্য্যতে।
ক্ষময়া তিষ্ঠতে রাজন্! ক্ষময়া বিনিবর্ত্ততে ॥৭॥

ভারতকৌমুদী

ত্রয়োদশেতি। উপাসতে আশ্রয়ন্তি, সমন্তাৎ সর্ব্বাভ্যো দিগ্‌ভ্য আগত্য ॥৩॥

এত ইতি। প্রমত্তম্ অসাবধানম্, অপ্রমত্তাঃ সাবধানা ইব, তুদন্তি ব্যথয়ন্তি। বৃকা ব্যাঘ্রবিশেষাঃ, বিলুম্পন্তি আক্রমন্তি ॥৪॥

এভ্য ইতি। মর্ত্ত্যো মরণধর্ম্মা মানুষঃ ॥৫॥

এতেষামিতি। উদয়মুৎপত্তিম্, স্থানমাশ্রয়ম্। ষট্‌পাদোঽয় শ্লোকঃ ॥৬॥

মহাপ্রাজ্ঞ পিতামহ! বিদ্বেষ, মত্ততা, ঈর্ষ্যা, কুৎসা, অসূয়া, কৃপা এবং ভয়—এগুলিও যাহা হইতে উৎপন্ন হয়, তাহা আপনি আমার নিকট যথাযথভাবে বলুন' ॥২॥

ভীষ্ম বলিলেন—'মহারাজ! প্রাণিগণের এই তেরটা অতিপ্রবল শত্রু; ইহারা সকল দিক হইতে আসিয়া মানুষকে আশ্রয় করে ॥৩॥

এই তেরটা দোষ সাবধান হইয়াই যেন আসিয়া অসাবধান মানুষের দুঃখ উৎপাদন করে এবং দেখিয়াই ক্ষুদ্র ব্যাঘ্রের ন্যায় এই দোষগুলি বলপূর্ব্বক মানুষকে আক্রমণ করে ॥৪॥

পুরুষশ্রেষ্ঠ! এই দোষগুলি হইতে মানুষের দুঃখ উৎপন্ন হয় এবং পাপ জন্মিয়া থাকে, ইহা মানুষ সর্বদাই মনে রাখিবে ॥৫॥

রাজা! এই দোষগুলির উৎপত্তি, আশ্রয় ও বিনাশের বিষয় আমি তোমার নিকট বলিতেছি। নরনাথ! প্রথমে ক্রোধের উৎপত্তির কথা যথাযথভাবে বলিব, তাহা তুমি একাগ্রচিত্তে শ্রবণ কর ॥৬॥

সঙ্কল্পাজ্জায়তে কামঃ সেব্যমানো বিবর্দ্ধতে।
যদা প্রাজ্ঞো বিরমতে তদা সদ্যঃ প্রণশ্যতি ॥৮॥
পরাসূয়া ক্রোধলোভাবন্তরা প্রতিমুচ্যতে।
দয়য়া সর্ব্বভূতানাং নির্ব্বেদাদ্বিনিবর্ত্ততে।
অবদ্যদর্শনাদেতি তত্ত্বজ্ঞানাচ্চ ধীমতাম্ ॥৯॥
অজ্ঞানপ্রভবো মোহঃ পাপাভ্যাগাৎ প্রবর্ত্ততে।
যদা প্রাজ্ঞেষু রমতে তদা সদ্যঃ প্রণশ্যতি ॥১০॥

ভারতকৌমুদী

লোভাদিতি। উদীর্য্যতে বর্দ্ধতে, তিষ্ঠতে স্থগতে ॥৭॥

সঙ্কল্পাদিতি। সঙ্কল্পাৎ অহমেতৎ করোমীতি মনোবৃত্তেঃ। বিরমতে সঙ্কল্পাদিত্যনুবৃত্তিঃ ॥৮॥

পরেতি। পরা অন্যা অসূয়া, ক্রোধলোভাবন্তরা ক্রোধলোভয়োর্ম্মধ্যে তদন্যতরকারণাদিত্যর্থঃ প্রতিমুচ্যতে আবির্ভবতি। নির্ব্বেদাৎ আত্মগ্লানিতঃ। অবদ্যস্য নিন্দনীয়বস্তুনো দর্শনাৎ, এতি অসূয়া উৎপদ্যতে, তত্ত্বজ্ঞানাচ্চ নিবর্ত্তত ইত্যনুবৃত্তিঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৯॥

অজ্ঞানেতি। অজ্ঞানাৎ প্রভবতীতি সঃ, পাপস্য অভ্যাসাৎ পৌনঃপুন্যেন করণাৎ। রমতে সংসর্গাদানন্দতি ॥১০॥

ভারতভাবদীপঃ

যত ইতি। যতোঽজ্ঞানাৎ ॥১॥ রূপাভর্য্যমিত্যন্তাস্ত্রয়োদশ ॥২—৫॥ ক্রোধাদীনামুৎপত্তিস্থিতিলক্ষণানি ব্যাখ্যাতি—লোভাদিত্যাদিনা। লোভাৎ কেনচিন্নিমিত্তেনোপহতাৎ, ক্রোধো ভবতি স চ পরদোষৈ-র্দৃষ্টৈরুদীর্য্যতে উদ্দীপ্তো ভবতি ॥৬॥ স ক্ষময়া তিষ্ঠতে নিরুধ্যতে বিনিবর্ত্ততে চেতি; এবং সর্ব্বত্র দ্রষ্টব্যম্ ॥৭—৮॥ পরস্মিন্নসূয়া দোষদর্শনম্, তৎ ক্রোধাল্লোভাদ্বা ভবতি দয়য়া নিবর্ত্ততে; অত্র ক্রোধাদীনাং ব্যুৎপাদনপ্রসঙ্গে উদ্দেশক্রমো নাদর্ত্তব্যঃ। অসূয়া চাবদ্যদর্শনাৎ পরস্মিন্ দোষদর্শনা-দেতি উদেতি। তত্ত্বজ্ঞানাদ্বস্তুনো নির্দোষত্বজ্ঞানাদসূয়া ধীমতাং নিবর্ত্তত ইত্যনুষঙ্গঃ। সার্দ্ধশ্লোকো-

রাজা! লোভ হইতে ক্রোধ উৎপন্ন হয়, পরের দোষে তাহা বৃদ্ধি পায়; আবার ক্ষমার গুণে থামে এবং ক্ষমাতে নিবৃত্তিও পায় ॥৭॥

সঙ্কল্প হইতে কাম উৎপন্ন হয়, তাহার সেবা করিলে তাহা বৃদ্ধি পায়, বুদ্ধিমান্ যখন বিরত হন, তখন সদ্যই তাহা বিনষ্ট হয় ॥৮॥

অসূয়া ক্রোধ ও লোভ এই দুই হইতেই জন্মে, নিন্দিত বস্তু দর্শনেও উৎপন্ন হয়; আবার সর্বভূতে দয়া, আত্মগ্লানি ও জ্ঞানিগণের তত্ত্বজ্ঞান হইতে তাহা নিবৃত্তি পায় ॥৯॥

অজ্ঞান হইতে মানুষের মোহ জন্মে, বার বার পাপ করায় তাহা বৃদ্ধি পায়; কিন্তু মানুষ যখন জ্ঞানিগণের সংসর্গ করে, তখন তাহা তৎক্ষণাৎ বিনষ্ট হয় ॥১০॥

বিরুদ্ধানীহ শাস্ত্রাণি যে পশ্যন্তি কুরূদ্বহ !।
বিধিৎসা জায়তে তেষাং তত্ত্বজ্ঞানান্নিবর্ত্ততে ॥১১॥
প্রীত্যা শোকঃ প্রভবতি বিয়োগাত্তস্য দেহিনঃ।
যদা নিবর্ত্তকং বেত্তি তদা সদ্যঃ প্রণশ্যতি ॥১২॥
পরাসুতা ক্রোধলোভাদভ্যাসাচ্চ প্রবর্ত্ততে।
দয়ায়াঃ সর্ব্বভূতানাং নির্ব্বেদাৎ সা নিবর্ত্ততে ॥১৩॥
সত্যত্যাগাত্তু মাৎসর্য্যমহিতানাঞ্চ সেবয়া।
এতত্তু ক্ষীয়তে তাত ! সাধূনামুপসেবনাৎ ॥১৪॥

ভারতকৌমুদী

বিরুদ্ধানীতি। হে কুরূদ্বহ ! যে জনাঃ, স্তেনো ন কথ্যাঃ পরদারান্ ন গচ্ছেৎ ইত্যাদীনি শাস্ত্রাণি বিরুদ্ধানি স্বেচ্ছাপ্রতিবন্ধকানি পশ্যন্তি তেষাং বিধিৎসা স্বেচ্ছয়া বিধানেচ্ছা জায়তে। সা তু তত্ত্বজ্ঞানাৎ ইদমকার্য্যমিতি সত্যবোধাৎ নিবর্ত্ততে ॥১১॥

প্রীত্যেতি। তস্য পুত্রাদের্বিয়োগাৎ। নিবর্ত্তকম্ "অনর্থকোঽয়ং শোকঃ" ইতি তত্ত্বম্ ॥১২॥

পরেতি। পরাসুতা হত্যাদিদুষ্কার্য্যকরণপ্রবৃত্তিঃ, অভ্যাসাৎ পৌনঃপুন্যাৎ। দয়ায়াঃ ইতি পঞ্চম্যেকবচনম্, নির্ব্বেদাৎ আত্মগ্লানিতঃ ॥১৩॥

সত্যেতি। সত্যত্যাগাৎ ইদমনর্থকমিতি যথার্থজ্ঞানত্যাগাৎ, মাৎসর্য্যমন্যশুভদ্বেষ, অহিতানাং শত্রূণাম্ ॥১৪॥

ভারতভাবদীপঃ

হয়ম্ ॥৯॥ মোহো বিপরীতবুদ্ধিঃ ॥১০॥ মোহ ইত্যাকস্মাৎ। বিধিৎসা অবৈধপ্রবৃত্তিঃ। ইদমুভয়ং বিরুদ্ধানি কৌশিকাদিশাস্ত্রাণি যে পশ্যন্তি তেষাং জায়তে তত্ত্বজ্ঞানাৎ সম্যগ্‌বৈদিকার্থজ্ঞানা তত্র বিশ্বাসাচ্চ নিবর্ত্ততে ॥১১॥ পুত্রাদিপ্রিয়বস্তুনাশে শোকো জায়তে স চ শোচিতোঽপি পুনর্নৈতি ইতি নিরর্থকা ইতি জ্ঞানানুবৃত্তা প্রীত্যেতি ॥১২॥ পরাসুতা অন্যাসুমর্পণেচ্ছা,

কুরুকুলশ্রেষ্ঠ ! যাহারা 'চুরি করিবে না' এইরূপ শাস্ত্রসমূহকে আপন মতের বিরুদ্ধ বলিয়া মনে করে, তাহাদের বিধিৎসা (অকার্য্যকরণের ইচ্ছা) উৎপন্ন হয়, তাহা আবার তত্ত্বজ্ঞানে নিবৃত্তি পায় ॥১১॥

পুত্রপ্রভৃতির বিয়োগবশতঃ স্নেহনিবন্ধন মানুষের শোক উপস্থিত হয়। যখন সেই মানুষ বুঝিতে পারে যে, এই শোক অনর্থক, তখন সেই শোক তৎক্ষণাৎ বিনষ্ট হইয়া যায় ॥১২॥

ক্রোধ, লোভ ও অভ্যাসবশতঃ হত্যাপ্রভৃতি দুষ্কার্য্য করিবার ইচ্ছা জন্মে, তাহা আবার সর্বভূতে দয়া ও আত্মগ্লানি হইতে নিবৃত্তি পায় ॥১৩॥

(১১)···পশ্যন্তীহ কুরূদ্বহ ! জায়তে তত্র বন্ধ।

কুলাজ্‌জ্ঞানাত্তথৈশ্বর্য্যান্মদো ভবতি দেহিনাম্ ।
এভিরেব তু বিজ্ঞাতৈঃ স চ সদ্যঃ প্রণশ্যতি ॥১৫॥
ঈর্ষ্যা কামাৎ প্রভবতি সংহর্ষাচ্চৈব জায়তে ।
ইতরেষাস্তু সত্ত্বানাং প্রজ্ঞয়া সা প্রণশ্যতি ॥১৬॥
বিভ্রমাল্লোকবাহ্যানাং দ্বেষৈর্বাক্যৈরসম্মতৈঃ ।
কুৎসা সঞ্জায়তে রাজন্! লোকান্ প্রেক্ষ্যাভিশাম্যতি ॥১৭॥
প্রতিকর্ত্তুং ন শক্তা যে বলস্থায়াপকারিণে ।
অসূয়া জায়তে তীব্রা কারুণ্যাদ্বিনিবর্ত্ততে ॥১৮॥
কৃপণান্ সন্ততং দৃষ্ট্বা ততঃ সঞ্জায়তে কৃপা ।
ধর্ম্মনিষ্ঠাং যদা বেত্তি তদা শাম্যতি সা কৃপা ॥১৯॥

ভারতকৌমুদী

কুলাদিতি। কুলাৎ উচ্চবংশবশাৎ, ঐশ্বর্য্যাৎ ধনসম্পত্তেঃ। বিজ্ঞাতৈঃ অনিত্যতয়া অবগতৈঃ ॥১৫॥

ঈর্ষ্যেতি। সত্ত্বানাং প্রাণিনাম্, প্রজ্ঞয়া বুদ্ধ্যা বুদ্ধিনিবন্ধনব্যবহারদর্শনেনেত্যর্থঃ ॥১৬॥

বিভ্রমাদিতি। বিভ্রমাৎ বিশেষভ্রমেণ দুষ্কার্য্যকরণাৎ, লোকবাহ্যানাং লোকসমাজাৎ বহির্ভূতানাং জনানাম্, অসম্মতৈঃ অতএব দ্বেষ্যৈঃ দ্বেষবিষয়ীভূতৈর্বাক্যৈঃ কুৎসা নিন্দা সঞ্জায়তে। সা চ লোকান্ তথাবিধান্ অন্যান্ জনান্ প্রেক্ষ্য অভিশাম্যতি নিবর্ত্ততে ॥১৭॥

প্রতীতি। বলস্থায় বলবতে। অসূয়া দোষাবিষ্কারঃ। কারুণ্যাদ্দয়াতঃ ॥১৮॥

সত্য, ত্যাগ ও শক্রসেবা হইতে মাৎসর্য্য জন্মে। বৎস! ইহা আবার সৎসংসর্গ করিলে বিনষ্ট হয় ॥১৪॥

বংশমর্য্যাদা, বিদ্যা ও ধনসম্পত্তি হইতে মানুষের মত্ততা জন্মে। তারপর 'এগুলি অনিত্য' এইরূপ বুঝিতে পারিলে সে মত্ততা তৎক্ষণাৎ বিনষ্ট হয় ॥১৫॥

কাম ও আনন্দ হইতে ঈর্ষ্যা জন্মে; অন্যান্য প্রাণীর বুদ্ধি ব্যবহার দর্শনে তাহা বিনষ্ট হয় ॥১৬॥

রাজা! যাহারা বিশেষ ভ্রমবশতঃ দুষ্কার্য্য করায় সমাজচ্যুত হয়, তাহাদের অসম্মত ও বিদ্বেষবিষয়ীভূত বাক্যে কুৎসা উৎপন্ন হয়—আবার সেই জাতীয় অন্যান্য লোক দেখায়, তাহা নিবৃত্তি পায় ॥১৭॥

প্রবল লোক অপকার করিয়াছে, যাহারা তাহার প্রতীকার করিতে সমর্থ হয় না, তাহাদের তীব্র অসূয়া উৎপন্ন হয়, আবার দয়াবশতঃ তাহা বিনষ্ট হইয়া থাকে ॥১৮॥

(১৮) ইতি কর্ত্তুং ন শক্তা যে···বঙ্গ।
(১৯) কৃপণান্ সততং দৃষ্ট্বা···বঙ্গ।

অজ্ঞানপ্রভবো লোভো ভূতানাং দৃশ্যতে সদা।
অস্থিরত্বঞ্চ ভোগানাং দৃষ্ট্বা জ্ঞাত্বা নিবর্ত্ততে ॥২০॥
এতান্যেব জিতান্যাহুঃ প্রশমাচ্চ ত্রয়োদশ।
এতে হি ধার্ত্তরাষ্ট্রাণাং সর্বে দোষাস্ত্রয়োদশ।
ত্বয়া সত্যার্থিনা নিত্যং বিজিতা জ্যেষ্ঠসেবনাৎ ॥২১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে লোভোপাখ্যানে অষ্টপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ ✱

—:০:—

ভারতকৌমুদী

কৃপণানিতি। কৃপণান্ ব্যয়কুণ্ঠিতান্। কৃপা ঘৃণা ॥১৯॥

অজ্ঞানেতি। ভোগানাং ভোগসুখানাম্ ॥২০॥

এতানীতি। প্রশমাৎ বৈরাগ্যাৎ। সত্যার্থিনা সত্যধর্ম্মলিপ্সুনা। ষট্পাদঃ শ্লোকঃ ॥২১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি অষ্টপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

অভ্যাসাদসকৃদাবৃত্তেঃ। দয়য়া ক্রোধপরাসুতা নিবর্ত্ততে, নির্ব্বেদাদ্বৈরাগ্যাল্লোভাদির্নেতি ভেদঃ ॥১৪—১৮॥ ইতিকর্ত্তুং যথাযোগ্যং প্রতীকারং কর্ত্তুম্ ॥১৯॥ কৃপাপি চিত্তোন্মাথকরীতি দ্বেষবদ্ধৈর্য্যেত্যভিপ্রেত্যাহ—কৃপণানিতি ॥২০॥ অজ্ঞানপ্রভবো লোভ ইত্যত্র লোভপদেন ভয়ং গ্রাহ্যম্, লোভস্য প্রাগ্ব্যাখ্যাতত্বাৎ। কৃপা ভয়মিতি ভয়স্যাপি প্রাগুদ্দিষ্টত্বাচ্চ ॥২১—২২॥

ইতি শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৫৮॥

—:০:—

সর্বদা ব্যয়কুণ্ঠিত লোকদিগকে দেখিয়া তাহাদের উপরে ঘৃণা জন্মে, তাহার পর যখন তাহাদের ধর্ম্মনিষ্ঠা আছে, ইহা জানিতে পারা যায়, তখন সেই ঘৃণা নিবৃত্তি পায় ॥১৯॥

প্রাণিগণের অজ্ঞান হইতেই সর্বদা লোভ উৎপন্ন হইতে দেখা যায়। তাহার পর ভোগসুখের অস্থায়িতা দেখিতে ও জানিতে পারায় সে লোভ বিলুপ্ত হয় ॥২০॥

মুনিরা বলেন—এই তেরটা দোষকেই এক বৈরাগ্যের গুণে জয় করা যায়। যুধিষ্ঠির! এই তেরটা দোষই ধৃতরাষ্ট্রের পুত্রগণের ছিল। তুমিও সর্বদাই সত্যধর্ম্মার্থী; সুতরাং তুমি বৃদ্ধগণের সেবা করিয়া তাহাদিগকে জয় করিতে পারিয়াছ ॥২১॥

—:০:—

✱ …ত্রিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ বঙ্গ বঙ্গ মি।

ঊনষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ✱ঃ—

যুধিষ্ঠির উবাচ।

আনৃশংস্যং বিজানামি দর্শনেন সতাং সদা।
নৃশংসান্ ন বিজানামি তেষাং কর্ম্ম চ ভারত!॥১॥
কণ্টকান্ কূপমগ্নিঞ্চ বর্জ্জয়ন্তি যথা নরাঃ।
তথা নৃশংসকর্ম্মাণং বর্জ্জয়ন্তি নরা নরম্ ॥২॥
নৃশংসো হি দহেদ্ব্যক্তং প্রেত্য চেহ চ ভারত!।
তস্মাত্ত্বং ব্রূহি কৌরব্য! তস্য কর্ম্মবিনিশ্চয়ম্ ॥৩॥

ভীষ্ম উবাচ।

স্পৃহা স্যাদ্গর্হিতা চৈব বিধিৎসা চৈব কর্ম্মণাম্।
আক্রোষ্টাক্রুশ্যতে চৈব বঞ্চিতো বুধ্যতে স চ ॥৪॥

ভারতকৌমুদী

আনৃশংস্যমিতি। হে ভারত! সদা সতাং জনানাং দর্শনেন আনৃশংস্যং সাধুত্বং বিজানামি। অতএব তত্র ন জিজ্ঞাসেতি ভাবঃ। কিন্তু নৃশংসান্ ক্রূরান্ জনান্ তেষাং কর্ম্ম চ ন বিজানামি। অতএব তত্র জিজ্ঞাসেত্যাশয়ঃ ॥১॥

নৃশংসানাং হেয়ত্বমাহ কণ্টকানিতি। বর্জ্জয়ন্তি অনিষ্টাশঙ্কয়েত্যভিপ্রায়ঃ ॥২॥

